







৩ নমো ভগবতে বাহুদেবার।

# ভক্তিচৈতন্যচন্দ্রিকা ।



[ অর্থাৎ চৈতন্যের জীবন ও ধর্ম । ]

উত্তর বিভাগ ।

দ্বিতীয় সংস্করণ ।

“যে মে ভক্তজন্যঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ ।  
মহক্তানাঞ্চ যে ভক্তান্তে মে ভক্ততমা মতাঃ ॥”  
[ আদি পুরাণ । ]



শ্রীচিরঞ্জীব শর্মা কর্তৃক

বিরচিত ।

কলিকাতা ।

বিধান যন্ত্রে শ্রীপূর্ণচন্দ্র দে-দ্বারা মুদ্রিত এবং প্রকাশিত ।  
৬নং কলেজ স্কয়ার ।

শকাব্দা ১৮০২ । ১০ই মাঘ ।

মূল্য ১ এক টাকা ।

[ All rights reserved. ]





## সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
চৈতন্যের নীলাচলগমন ... ..	১
সার্বভৌমের ভক্তিগ্রহণ ... ..	৮
তীর্থভ্রমণ ও রামানন্দের সহিত মিলন ... ..	১৬
নীলাচলে প্রত্যাগমন ... ..	২৭
বৃন্দাবনযাত্রা এবং গোড়দর্শন ... ..	৪০
নিত্যানন্দের ধর্মপ্রচার ... ..	৫০
নীলাদ্রি হইয়া চৈতন্যের বৃন্দাবন গমন ... ..	৫৩
রূপ সনাতনের বৈরাগ্য ... ..	৫৮
কাশীধামে দণ্ডাদিগের সঙ্গে বিচার ... ..	৬৭
নীলাচলে প্রভুর শেখাবস্থান ... ..	৭২
মহাপ্রভুর লীলা সমাপ্তি ... ..	১০৮
উপসংহার ... ..	১১৪
গৌরান্দ্র দেবের পরবর্ত্তী সময়ের সংক্ষিপ্ত বিবরণ ... ..	১২৫







# ভক্তিচৈতন্যচন্দ্রিকা ।

[ উত্তর বিভাগ ]

## চৈতন্যের নীলাচলগমন ।

\*\*\*\*\*

অনন্তর হে যুবক বন্ধুগণ ! গায়ক মুকুন্দের প্রমুখাৎ প্রভুর উৎকল দেশ-  
গমনের বৃত্তান্ত আমি বাহা বাহা শুনিয়াছি বলিতেছি শ্রবণ কর । সেই  
তেজস্বী প্রেমোন্মত্ত মহাপুরুষ এইরূপে স্নেহময়ী জননী, পত্নীপ্রাণা  
সহধর্ম্মিণী, এবং অল্পগত প্রাণতুল্য পারিষদ ধর্ম্মবন্ধু ও সংসারের যাবতীয়  
সুখ স্বচ্ছন্দতা পরিত্যাগ করিয়া কতিপয় ভক্ত সমভিব্যাহারে ভিখারীর  
বেশে বনপথে নীলাচল যাত্রা করিলেন । তৎকালে বঙ্গদেশের নবাব  
সৈয়দ হুসেন সাহার সঙ্গে উড়িষ্যানুপতির মহাসংগ্রাম চলিতেছিল ।  
একে পথ অতি দুর্গম, তাহাতে দস্যুভয়ে আরও দুর্গম হইয়া উঠিয়াছিল ।  
ইহারা গঙ্গার ধারে ধারে দক্ষিণাভিমুখে চলিতে লাগিলেন । পথে এক  
স্থানে মহাপ্রভু আপনার সঙ্গীদিগকে পরীক্ষা করিবার জন্য জিজ্ঞাসা  
করিলেন, তোমরা সঙ্গে কে কি সম্বল লইয়া আসিয়াছ নিষ্কপটে বল ।  
বখন শুনিলেন তাঁহার বিনা অহুমতিতে কাহারো নিকট কিছু লইবার  
তাঁহাদের ক্ষমতা নাই, তখন গৌরচন্দ্র নিরতিশয় সন্তুষ্ট চিত্তে বলিতে  
লাগিলেন দেখ, ভক্ষ্য বস্তু ভগবান্ যে দিন দিবেন অরণ্যে বসিয়া  
থাকিলেও সে দিন তাহা মিলিবে । কিন্তু তিনি যে দিন না দেন, রাজপুর  
হইলেও তাঁহাকে সে দিন উপবাস করিতে হয় । এক জনের অঙ্গ

প্রস্তুত আছে, হয়ত অকস্মাৎ কাহারো সঙ্গে বিবাদ করিয়া সে ক্রোধ ভরে এইরূপ প্রতিজ্ঞা করিয়া ফেলিল যে আজ আমি ভাত খাইব না। কিংবা আহারের সমস্ত আয়োজন হইয়াছে এমন সময় দেহে হঠাৎ জ্বরের সঞ্চার হইল। অতএব জানিবে, সকলই ঈশ্বরের ইচ্ছা। সেই দয়াময় অন্নদাতা সমস্ত ভূমণ্ডলে অন্নসত্র স্থাপন করিয়া রাখিয়াছেন, তাঁহার যে দিন আদেশ থাকিবে সে দিন সর্বত্র অন্ন মিলিবে।

হরিকথা কহিতে কহিতে এবং হরিগুণ গাইতে গাইতে ক্রমে হইঁরা আঠিসারা নামক গ্রামে উপস্থিত হন এবং অনন্ত নামক এক গৃহস্থত্ববনে এক রাজি বাস করেন। পব দিন প্রাতে হরিশ্মরণপূর্বক বাহির হইয়া ছত্র-ভোগে সকলে উপস্থিত হইলেন। এই স্থানে ভাগীরথীশ্রোত শতধা বিভিন্ন হইয়া বঙ্গোপসাগরের দিকে ধাবিত হইয়াছে। সেই তরঙ্গাকুলিত সুবিস্তীর্ণ জলরাশি দর্শনে চৈতন্যের মন আক্সাদে পূর্ণ হইয়াছিল। স্থানীয় ভূম্যধিকারী রামচন্দ্র খাঁ এক জন পরম ভক্ত, তিনি বহু সমাদরে সাধু-দিগকে আপনার আলয়ে রাখিলেন এবং বহু সহকারে উড়িয়া প্রদেশে পাঠাইয়া দিলেন। রজনীতে মহানন্দে ভক্তগণ তথায় সঙ্কীৰ্ত্তন করিলেন। হরিনামরসে রামচন্দ্রের ভবন আনন্দময় হইল। প্রতিবাদী শত শত নর নারী সেখানে সমবেত হইয়াছিল। রাজি তৃতীয় শ্রহর পর্য্যন্ত সঙ্কীৰ্ত্তন ও ধর্ম্মালাপ করিয়া নিশাবসানে তাঁহারা নৌকারোহণ করিলেন। নদীর সলিলসিক্ত স্নিগ্ধ সমীপে সেবনে এবং লহরীলীলা সন্দর্শনে তাঁহাদের হৃদয় পুলকিত হইল, চৈতন্যের আদেশে মুকুন্দ গান ধরিলেন। নাবিক সঙ্গীত ধ্বনি শুনিয়া ভয়ে অস্থির হইয়া বলিল, “ওগো ঠাকুর! যে পর্য্যন্ত উড়িয়া দেশে না যাই তাবৎ কাল তোমরা একটু নীরব হইয়া থাক; এখানে জলে কুমীর, উপরে বাঘ, নৌকাযোগে দক্ষাদল স্থানে স্থানে ভ্রমণ করে, তাঁহারা জানিতে পারিলে এখনই সকলের প্রাণ নষ্ট করিবে।” নাবিকের বাক্যে সঙ্গিগণকে ভীত ও সঙ্কুচিত হইতে দেখিয়া গৌরসিংহ হরি! হরি! বলিয়া হুকার করিতে লাগিলেন। নাবিক ভাবিল কি বিপদ! সাবধান করিতে গিয়া যে আবও গোল বাধিল দেখিতেছি! চৈতন্য সকলকে সাহস দিয়া বলিলেন, “কেন? তোমরা কাহার জন্য এত ভয় কর? বৈষ্ণবগণের বিঘ্নহারী

দয়াময় প্রচুর স্মদর্শন চক্র এই না সম্মুখে ফিরিতেছে ? কিছু চিন্তা নাই, সঙ্গী-  
 র্ত্তন কর, তোমরা কি স্মদর্শন চক্র দেখিতে পাইতেছ না ? হরিতক্ৰজ্ঞনকে  
 কে সংহার করিতে পারে ? বিষ্ণুর চক্র তাহাদিগকে রক্ষা করিবার নিমিত্ত  
 নিরন্তর ঘুরিতেছে।” বিশ্বাসী ভক্তগণ স্বীয় অভীষ্টদেবের দৃষ্টিক্রম অভয়-  
 প্রদ কবচে সদাকাল আবৃত থাকিয়া সর্বদ্য তন্ময় দর্শন করেন, ভীক  
 নাবিকের বাক্য কি তাঁহাদিগকে ভীত করিতে পারে ? গৌরের অগ্নিময়  
 জীবন্ত বাক্য শ্রবণে সকলে অভয় প্রাপ্ত হইলেন । তখন সকলে নির্ভয়  
 চিত্তে আনন্দ মনে গান করিতে করিতে চলিলেন এবং নিরাপদে যথাসময়ে  
 উৎকল দেশে গিয়া উপনীত হইলেন। তাঁহাদের সমাগমবার্ত্তা শ্রবণ করিয়া  
 তদেশীয় বৈষ্ণব ভক্তগণ পথে স্থানে স্থানে দেখা করিতে আসিয়াছিলেন ।

এক দিন গৌরসুন্দর সঙ্গীদিগকে এক দেবালয়ের নিকট রাখিয়া  
 একাকী পল্লীমধ্যে ভিক্ষা করিতে গান । তাঁহার অনুপম দেহলাভ্য দেখিয়া  
 গৃহস্থ নরনারীগণ বিবিধ উপাদেয় ফল শস্য এবং তণ্ডুল আনিয়া দিতে  
 লাগিল । সর্বলোকপূজ্য ভক্তাবতার মহাপুরুষ স্বয়ং ভিক্ষার ঝুলি ঝঙ্কে  
 লইয়া দ্বারে দ্বারে মুষ্টি ভিক্ষা করিতেছেন, সর্বদ্য ছাড়িয়া তরুতল আশ্রয়  
 করিয়াছেন, চিরবৈরাগ্যত্রত অবলম্বন করিয়া সকল স্মুখে জলাঞ্জলি দিয়াছেন  
 পৃথিবীতে এ দৃশ্য কি মসৌহর ! সকলের উপযুক্ত ভিক্ষা আনিয়া তিনি  
 পুনর্বার বন্ধুবর্গের নিকট উপস্থিত হইলেন । তাঁহারা প্রচুর আহাৰ্য্য সামগ্রী  
 দেখিয়া হাসিতে হাসিতে বলিলেন, “বুঝিলাম ঠাকুর তুমি আমাদিগকে  
 পৃথিতে পারিবে !” গদাধর এই তণ্ডুল রন্ধন করিয়া ভক্তবৃন্দের সেবা কবেন ।

পথে এক স্থানে নদী পার হইতে হইবে, পাবের নাবিক জিজ্ঞাসা করিল,  
 ঠাকুর ! তোমার সঙ্গে কয় জন লোক আছে ? চৈতন্য বলিলেন  
 আমার সঙ্গে কেহ নাই, আমি একাকী, এবং সকলি আমারই । এই কথা  
 বলিতে বলিতে তাঁহার চক্ষে প্রেমধারা বহিতে লাগিল । নাবিক বলিল  
 ঠাকুর, তুমি পার হইয়া যাও, কিন্তু দাঁন না লইয়া এ সকল লোককে আমি  
 ছাড়িয়া দিব না । প্রথমে তিনি একাকী পার হইয়া পবপারে এক স্থানে  
 নিশ্চিন্ত মনে বসিয়া রহিলেন দেখিয়া সঙ্গিগণের চিত্তে যুগপৎ বিবাদ এবং  
 কৌতুহলের উদয় হইল । তাঁহারা কিছু বিস্মিত হইলেন, এবং গুরুদেবের



নিরপেক্ষ ভাব দর্শনে তাঁহাদের কিছু আমোদও বোধ হইল। নিত্যানন্দ সকলকে প্রবোধ দিয়া বলিলেন, প্রভু আমাদেরকে ফেলিয়া কখন যাইবেন না। নাবিক কছিল, তোমরাত সন্ন্যাসীর লোক নহ, তবে আমাকে দান দিয়া পার হইয়া চলিয়া যাও। এ দিকে তৈতন্য অধোমুখে বসিয়া এমনি রোদন আরম্ভ করিয়াছেন যে তাহা শ্রবণে পাষণ বিগলিত হইয়া যায়। নাবিক এই অদ্ভুত ভাব দেখিয়া অবাচ্ হইয়া কৌতুহলাক্রান্ত চিত্তে সঙ্কীর্ষিতগকে প্রভুর পরিচয় জিজ্ঞাসা করিল। ভক্তগণ তাহার নিকট আপনাদের এবং গৌবের পরিচয় দিতে গিয়া কাঁদিয়া কেলিলেন। তখন নাবিকের মোহাসক্ত কঠিন হৃদয় বিগলিত হইল, এবং সে সকলকে বিনামূল্যে পার করিয়া দিয়া তৈতন্যের পদতলে লুটাইতে লাগিল।

এইরূপে তাঁহারা আনন্দ মনে হরিগুণ গান করিতে করিতে অগ্রসর হইলেন। স্নবর্ণরেখা নদীতে স্নান করিয়া ক্রমাগত চলিতে লাগিলেন। গৌরের প্রেমের বেগ এমনি প্রবল যে, শত শত ক্রোশ পথ পরিভ্রমণ করিতেছেন তথাপি কিছু মাত্র শ্রান্তিবোধ নাই। ধর্মের জন্য সে সময় তাঁহারা কত কষ্টই সহ করিয়া গিয়াছেন! ক্ষুধা তৃষ্ণা হৃৎক্লেশ অনিদ্ভায় তাঁহাদের হৃদয়ের শাস্তি স্নখ উদ্যম হরণ করিতে পারিত না। এক দিন জগদানন্দ নিত্যানন্দের নিকট মহাপ্রভুর দণ্ড রাখিয়া ভিক্ষা করিতে যান, আসিয়া দেখেন যে নিতাই দণ্ড গাছটি ভগ্ন করিয়া বসিয়া আছেন, ইহাতে জগদানন্দের মনে ভয় ও বিস্ময় উপস্থিত হইল। “আমি ষাঁহাকে হৃদয়ে বহন করি, সেই প্রাণাধিক গৌরচন্দ্র দণ্ড বহন করিবেন,” এই ভাবিয়া নিতাই তাহা ভগ্ন করিয়াছিলেন। তৈতন্য এ কথা শুনিয়া বলিলেন নিতাই, কেন তুমি আমার দণ্ড ভগ্ন করিলে? অবধূত উত্তর করিলেন, বাঁশখান ভাঙ্গিয়াছি, যদি ক্ষমা করিতে না পার শাস্তি দাও। গৌরচন্দ্র বলিলেন, যে দণ্ড সর্বদেবের অধিষ্ঠান স্থান তাহা কি তোমার মতে এক খান বাঁশ হইল? তৈতন্যের গভীর আত্মা, স্নেহপূর্ণ হৃদয় কখন কঠোর হইতে জানে না, যাহাকে তিনি প্রহার করেন সে ব্যক্তিও প্রেমে একবারে মুগ্ধ হইয়া পড়ে, প্রাণতুল্য শিষ্যদিগের প্রতিও তাঁহার নিতান্ত নিরপেক্ষ ব্যবহার ছিল। তখন মহাপ্রভু হৃৎখিত হইয়া বলিতে লাগিলেন, একমাত্র

দণ্ড আমার সঙ্গী ছিল, ঈশ্বর প্রসাদে তাহাও ভাঙ্কিয়া গেল ; যাউক, আর আমার সঙ্গী কেহ নাই, এক্ষণে হয় তোমরা অগ্রসর হও, না হয় বল আমি আপে চলিয়া যাই। শিশুর ন্যায় সরল ব্যবহার, অতিমান রাগের মধ্যেও যেন প্রেমরস পরিপূর্ণ। মুকুল বলিলেন তবে তুমিই আগে যাও, আমরা পশ্চাতে যাইতেছি। এই স্থান হইতে জলেস্বরের দেবমন্দির পর্যন্ত গৌরসুন্দর একাকী আপনার ভাবে মগ্ন হইয়া চলিয়া গেলেন। ক্ষণকাল পরে অল্পগামী সঙ্গিগণের সহিত পুনরায় মিলিত হইয়া ঐ স্থানে নৃত্য গীতাদি আরম্ভ করেন। অল্প কাল বিচ্ছেদের পর গৌরের ভ্রাতৃপ্রেমানল যেন আরও জলিয়া উঠিয়াছিল। তখন তিনি নিতাইকে কোলে লইয়া বলিলেন নিতাই, কোথায় তুমি আমার সন্ন্যাসব্রতের সাহায্য করিবে, তাহা না করিয়া তুমি আমাকে আরও পাগল করিতে চাও ? আমার মাথা খাও আর এমন কৰ্ম করিও না। তদনন্তর নিতাইয়ের অনেক প্রশংসা করিলেন, তাহা শুনিয়া অবধূতের মহা লজ্জা বোধ হইল। পথে এক স্থানে পঞ্চমকারের সেবক এক জন মদ্যপায়ী সন্ন্যাসীর সঙ্গে দেখা হয়, সে ইহাঁদিগকে আপনার মঠে লইয়া আনন্দ করিতে চাহিয়াছিল। পুরীর পথে অনেক সুরমা দেবালয় এবং রমণীয় স্থান আছে, প্রায় প্রত্যেক স্থানেই মহাপ্রভু নৃত্য গীত সঙ্কীৰ্ত্তন বিহার করিয়াছিলেন। দেবমূর্তি দেখিলে তাঁহার আনন্দের সীমা থাকিত না। হরিভক্তিরসে সর্বক্ষণ জীবন অভিভুক্ত, প্রাকৃতিক বাহু শোভা দেখিয়াই মনে কত আনন্দ, দেবালয় বিগ্রহ মূর্তি দেখিলেত হইবেই, কারণ তাহার সঙ্গে তিনি চির দিন পবিত্র ভাবধোগে দৃঢ়রূপে সম্বন্ধ ছিলেন। বাজপুর, কটক, ভুবনেশ্বর অতিক্রম করিয়া কমলপুর নামক স্থানে তাঁহার সকলে উত্তীর্ণ হইলেন। সেখান হইতে জগন্নাথের ধ্বজা নগ্ননগেচর হয়। ধ্বজা দেখিয়াই চৈতন্যদেব ভাবে একবারে হতচেতন হইয়া পড়িলেন। এ স্থান হইতে পুরী চারি দণ্ডের পথ, কিন্তু পুনঃ পুনঃ দণ্ডবৎ করিয়া আসিতে তাঁহার তিন প্রহর সময় লাগিয়াছিল। মহা ভাবরসে মগ্নিত গৌরতনু দর্শনে তীর্থবাসী সাধু এবং অপর যাত্রিগণ এককালে মুগ্ধ হইয়া গেল। সে রূপ যাহারা এক বার দেখিল তাহার। আর ভুলিতে পারিল না। জগন্নাথক্ষেত্রে আসিয়া গৌরচন্দ্র আপনার সমভি-

ব্যাহারী ভক্তগণের নিকট প্রমুগ্ধ হৃদয়ে বার বার কৃতজ্ঞতা প্রকাশ করিতে লাগিলেন ।

জগন্নাথ দেবের অপরূপ শ্রীমূর্তি দর্শনের জন্য তৈতন্যের এত দূর ব্যগ্রতা জন্মিয়াছিল যে, শেষোক্ত স্থানে তিনি সঙ্গিগণকে পশ্চাতে ফেলিয়া একাকী পুরীর মধ্যে চলিয়া যান । দুই চক্ষু নিরন্তর প্রেমের অগ্নি জ্বলিতেছে, যাহা কিছু দেখেন তাহাতেই ভাবোদয় হয়, বিশেষতঃ তখন জগন্নাথের দর্শনপিপাসা তাঁহার মনে অতিশয় বনীভূত হইয়াছিল ; শ্রীমন্দিরে পৌঁছিয়া যাই সেই স্নন্দর বিগ্রহ মূর্তি দেখিলেন, অমনি অনুরাগের আবেশে উন্মত্ত হইয়া ঠাকুরকে কোলে করিবার জন্য সেই দিকে ধাবিত হইলেন । ঠাকুরের নিকট পর্য্যন্ত আর যাইতে হইল না, মন্দিরমধ্যে তৎক্ষণাৎ মুচ্ছিত হইয়া মৃতের ন্যায় পড়িয়া রহিলেন । তৎকালে সার্কর্ভৌম ভট্টাচার্য্য তথায় উপস্থিত ছিলেন, তিনি তাঁহাকে পাণ্ডাদিগের বেত্রাঘাত হইতে রক্ষা করিয়া নিজ শিষ্য দ্বারা আপন ভবনে পাঠাইয়া দেন । নবীন সন্ন্যাসীর অসাধারণ প্রেমবিকার, তেজঃপুঞ্জ দেহকান্তি অবলোকনে ভট্টাচার্য্যের মন বিশ্বয়রসে পরিপূর্ণ হইল । গৌরাজ্ঞের সে দিনকার মুচ্ছা অতি গাঢ় এবং দীর্ঘকাল স্থায়ী হয় । এমন প্রগাঢ় মুচ্ছা যে, তিনি জীবিত কি মৃত তাহা জানিবার জন্য তাঁহার নাসিকার নিকট তুলা রাখিয়া পরীক্ষা করিতে হইয়াছিল । তদনন্তর রাজপণ্ডিত স্থির হইয়া মনে মনে বিচার করিতে লাগিলেন, এত দেখিতেছি নিত্যসিদ্ধ ব্যক্তিদিগের জীবনে যে স্নদীপ্ত মহাভাব লক্ষিত হয় সেই প্রেমের সাত্ত্বিক বিকার ! এই আশ্চর্য্য অদ্ভুত ভাব দর্শনান্তর সুবিজ্ঞ ভট্টাচার্য্য মহাশয় ক্ষণকাল স্থাগুর ন্যায় স্তম্ভিত হইয়া রহিলেন ।

এ দিকে নিতাই মুকুন্দ প্রভৃতি ভক্তগণ সিংহদ্বারে আসিয়া পথিকদিগের মুখে শুনিলেন, এক জন গোসাঞী মন্দিরে এইরূপ অবস্থাপন্ন হইয়াছিলেন, সার্কর্ভৌম ভট্টাচার্য্য তাঁহাকে আর্পণ গৃহে লইয়া গিয়াছেন । ইত্যবসরে হঠাৎ সেই স্থানে গোসীনাথ আচার্য্য আসিয়া উপস্থিত হইলেন । ইনি নবদ্বীপবাসী বিশারদের জামাতা, সার্কর্ভৌমের ভগ্নীপতি, এবং গৌরের এক জন অনুর্ত্তা প্রেমিক বৈষ্ণব । গোসীনাথকে

পাঠিয়া তাঁহাবা বড় আশ্লাদিত হইলেন। পরে তাঁহার সঙ্গে সকলে উক্ত ভট্টাচার্যের আলয়ে উপনীত হন। সার্বভৌম ভট্টাচার্য্য এক জন প্রসিদ্ধ তত্ত্বজ্ঞানপরায়ণ পণ্ডিত, নিবাস পূর্বে নবদ্বীপে ছিল, এফণে পুরীর রাজা প্রতাপ কুন্দের সভাপণ্ডিত এবং জগন্নাথমন্দিরের তত্ত্বাবধায়ক। চৈতন্য সেই যে ভাবাবেশে মুচ্ছিত হইয়া পড়িয়াছেন আর সংজ্ঞামাত্র নাই, তৃতীয় প্রহর পর্যন্ত অচৈতন্যাবস্থাতে অতিবাহিত হইল। নিত্যানন্দ প্রভৃতি পঞ্চ জন প্রভুকে তদবস্থায় রাখিয়া জগন্নাথদর্শনে চলিয়া গেলেন। গোঁরের অদ্বুত ভাবাবেশ দেখিয়া সার্বভৌমের মনে শঙ্কা হইয়াছিল যে পাছে নিত্যানন্দাদি সঙ্কিগণও মন্দিরমণ্ডো গিয়া বেসামাল হইয়া পড়েন, তজ্জন্য তিনি আবার সকলকে সাবধান করিয়া দিলেন। তদনন্তর সার্বভৌম ভট্টাচার্য্য স্বীয় ভগ্নীপতি এবং আগন্তুক মুকুন্দকে নিকটে রাখিয়া সন্ন্যাসীর পরিচয় জিজ্ঞাসা করত জানিলেন যে তিনি বিশারদের বন্ধু নীলাম্বর চক্রবর্তীর দৌহিত্র। এত অল্প বয়সে সন্ন্যাসী হইয়াছেন শুনিরা ভট্টাচার্যের মনে বড় আশ্চর্য্য ভাব উদয় হইল। কিছু কাল পরে নিত্যানন্দ ফিরিয়া আসিয়া হরিসঙ্কীর্তন দ্বারা চৈতন্যের মুচ্ছাপনোদন করেন। চৈতন্য লাভ করিয়া মহাপ্রভু সমুদ্রে স্নান করিতে গেলেন, পরে একত্র সকলের সঙ্গে জগন্নাথের প্রসাদ ভক্ষণ করিলেন। প্রসাদের মধ্যে লাফরাঘণ্ট তাঁহার নিকট বড় উপাদেয় বোধ হইয়াছিল। আর আর সমস্ত স্নানাদ্য বস্তু পরিত্যাগ করিয়া তিনি কেবল লাফরা (ভূতঘণ্ট) আর ভাত খাইলেন। সার্বভৌম স্বহস্তে তাঁহাদিগকে প্রসাদ পরিবেশন করিয়াছিলেন। এই প্রেমোন্মত্ত যুবক সন্ন্যাসীকে দেখিয়া অবধি তাঁহার চিত্ত ভাবাস্তুরিত হইয়াছিল। অতঃপর গোপীনাথ আপনান্নর মাসীর ভবনে আগন্তুক ভক্তদিগের জন্য বাসা স্থির করিয়া দিলেন।



## সার্বভৌমের ভক্তিগ্রহণ



মত্ততার অবশানে গৌরাক্ষ প্রভু উঠিয়া বসিলে সার্বভৌম “নমো নাথায়ণ” বলিয়া তাঁহাকে প্রণাম করিলেন, শচীতনয় তাঁহাকে আশীর্বাদ করিলেন, তোমার “কৃষ্ণভক্তি হউক !” তিনি যে বৈষ্ণব সন্ন্যাসী ইহা তখন ভট্টাচার্যের বোধগম্য হইল। সার্বভৌম জ্ঞানেতে অদ্বৈতবাদী, কিন্তু বিশ্বাস এবং অল্পুঠানে কিয়ৎ পরিমাণে বৈষ্ণবের ন্যায় ছিলেন। এই কারণে তিনি পণ্ডিত হইয়াও জগন্নাথের সেবাকার্যে নিযুক্ত থাকিতেন? পণ্ডিত মাহুয কি না, ভারতী ইত্যাদি ক্ষুদ্র সম্প্রদায়কে অতি নিকৃষ্ট মনে করিতেন। তিনি অল্পুঠানে পৌরাণিক, কিন্তু বৈজ্ঞানিক মতেতে বৈদাস্তিক দর্শনবিদ ছিলেন, এই জন্য উভয় ভাবের আভাস তাঁহার ব্যবহারে লক্ষিত হইয়াছিল। অনন্তর তিনি গৌরাক্ষকে বলিলেন, সহজেই তুমি পূজ্য তাহাতে আবার সন্ন্যাসী, অতএব আমি তোমার দাস হইলাম। ইহা শুনিয়া চৈতন্য বিষ্ণু স্মরণ করত বলিলেন, আমি বালক, কিছুই জানি না, তুমি গুরুতুল্য ব্যক্তি, তোমার আশ্রয় লইয়াছি, আমার প্রতি দয়া রাখিবে। অদ্য তোমারই কৃপায় আমি শ্রীমন্দিরে রক্ষা পাইয়াছি, আর আমি ভিতরে যাইব না, বাহিরে থাকিয়া ঠাকুর দর্শন করিব। যাহাতে আমি ভাল থাকি, সংসাররূপে না পড়ি, এমন উপদেশ তুমি আমাকে দাও, তোমার কৃপায় উপর আমার সমস্ত নির্ভর করিতেছে। পণ্ডিত বলিলেন তুমি এক অল্প বয়সে সন্ন্যাসী হইয়া ভাল কর নাই। যদিও মাধবপুরী প্রভৃতি বৈষ্ণবগণ ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়াছিলেন, কিন্তু তাঁহারা সমস্ত বিষয়স্বখ ভোগ করিয়া শেষ বয়সে সন্ন্যাসী হন। সার্বভৌমের সহিত আলাপ করিয়া গৌরচন্দ্র গোপীনাথের সঙ্গে নূতন বাসায় চলিয়া গেলেন, এবং সন্ধ্যাকালে ঠাকুরের আরতি দেখিলেন।

এইরূপে তাঁহারা পুরিতে থাকেন, এক দিন মুকুন্দ এবং গোপীনাথ সার্বভৌমের নিকট উপস্থিত হইলে তিনি তাঁহাদিগকে বলিলেন দেখ, এই

বিনীতস্বভাব প্রেমিক সন্ন্যাসীর প্রতি । আমার অন্তঃস্থ ভালবাসা সঞ্চারিত হইয়াছে, এমন ঘৌরম বয়সে ইঁহার সন্ন্যাসধর্ম ক্রিয়ণে রক্ষা পাইবে তাহাই ভাবিতেছি, আমি তাঁহাকে দেখিয়া অতিশয় মুগ্ধ হইয়াছি, ইনি কাহার নিকট দীক্ষিত হইলেন, ইঁহার উপদেশকে, বল দেখি শুনি ? যখন শুনিলেম ভারতীসম্প্রদায়ের কেশব ভারতী নামক দণ্ডীর নিকট চৈতন্য দীক্ষিত হইয়াছেন, তখন ভট্টাচার্য্যের মন বড় ক্ষুব্ধ হইল । তাঁহাকে ক্ষুব্ধ হইতে দেখিয়া গোপীনাথ আচার্য্য বলিলেন, সংসার পরিত্যাগ করিয়া বৈরাগী হওয়াই উদ্দেশ্য, অমুক সম্প্রদায় ভাল কি অমুক সম্প্রদায় মন্দ তদ্বিষয়ে প্রভুব দৃষ্টি নাই, সে সব কেবল লোকগোরব বাহ্য ভাব মাত্র । ভট্টাচার্য্য এ কথা প্রতীবাদ করিলেন । তিনি বুঝাইয়া বলিলেন, লৌকিক বাহ্যভঙ্গুর ইহাতে লিপ্ত আছে বলিয়া কোন আশ্রমকে উজ্জ্বল করা এই ব্যবহারটি সামান্য মনে করিবে না । তাঁহার মতে গিরি, পুৰী, তীর্থ প্রভৃতি সম্প্রদায় শ্রেষ্ঠ । আশ্রম বা সম্প্রদায়-নিষ্ঠা বৈষ্ণবদিগের মধ্যে যে এত প্রবল দেখা যায় ইহার ভিতরে একটি গভীর অর্থ আছে । “সম্প্রদায়বিহীনা যে মন্ত্রান্তে নিফলা মতাঃ” ইত্যাদি পদ্ম-পুরাণোক্ত শ্লোকের দ্বারা প্রমাণ করা হইয়াছে যে, সম্প্রদায়বর্জিত ব্যক্তি-দিগের মন্ত্র নিফল হয় । এই জন্য বৈষ্ণবগণ সর্বত্রই সম্প্রদায়, শ্রীপাট, গুরু ইত্যাদি বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করেন । সম্প্রদায় যে বিধিপ্রেমিত মুক্তির বিধান এতদ্বারা এই গুরুতর সত্যই সপ্রমাণ করিতেছে । বিধানে অর্থাৎ সম্প্রদায়ে অবিখ্যাসী ব্যক্তিকে ধর্মদ্রোহী যথেষ্টাচারী বলিয়া যে তাঁহারা মনে করিতেন ইহা আমার ভাল লাগিত না । কাবণ ভগবান্ সকল ঘটেই বিরাজ করেন, তিনি পতিতপাবন অগতির গতি ; তবে বিধানবিরোধী ব্যক্তি যে কঠোরহৃদয় বোদ্ধ, ভক্তিরসহীন অন্তবিখ্যাসী এ সংস্কার আমার এখনও আছে এবং ইঁহার প্রত্যক্ষ প্রমাণও আমি স্বচক্ষে দেখিয়াছি । পরে সম্প্রদায়ের গুরু লবু বিষয়ে কিঞ্চিৎ বিচার করিয়া ভট্টাচার্য্য মহাশয় বলিলেন, যদি আমি ইঁহাকে পাই, তাহা হইলে বেদান্ত সুনাইয়া যোগপট পরাইয়া পুনরায় অবৈতমার্গে আনয়ন করি । এ কথা শ্রবণে গোপীনাথ নিতান্ত দুঃখিত অন্তঃস্করণে কহিতে লাগিলেন, তুমি ইঁহার মহিমা জান না, স্বয়ং

ভগবান্ চৈতন্যরূপে পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। তুমি অধিতীর পণ্ডিত, ভূরি শাস্ত্র অধ্যয়ন করিয়াছ সত্য, কিন্তু ভগবদুগ্রহ ব্যতীত গৌরের তত্ত্ব কেহ বুঝিতে পারে না। সার্কভৌমের ছাত্রগণ গোপীনাথের কথা শুনিয়া উপহাস করিল, এবং অহুমান ভিন্ন ঈশ্বরতত্ত্ব নিরূপণের কোন প্রত্যক্ষ প্রমাণ নাই এইরূপ বলিতে লাগিল। ভট্টাচার্য্য নিজেও, কলিতে যুগাবতার হওয়া সন্দেহে শাস্ত্রে কোন উল্লেখ নাই, ইহা অপ্রামাণ্য কথা গ্রাহ্য হইতে পারে না, ইত্যাদি অনেক কথার বাদানুবাদ করিলেন। গোপীনাথ বলিলেন, জ্ঞানেতে বস্তুতত্ত্ব কেবল জানা যায় মাত্র, কিন্তু ঈশ্বররূপা ভিন্ন সে বস্তুর প্রমাণসিদ্ধ প্রত্যক্ষ জ্ঞান লাভ হয় না। অতএব ভট্টাচার্য্য, তুমি প্রত্যক্ষ লক্ষণ দেখিয়াও বস্তু চিনিতে পারিলে না? শ্যালক ভগ্নীপতি সন্দেহ, তর্কের সঙ্কে উভয়ের মধ্যে কিছু কিছু উপহাস বিজ্ঞপও চলিয়াছিল। কিন্তু মুখে তর্ক বিতর্ক করিলে কি হইবে, ও দিকে গৌরপ্রেমের স্মৃতি বড়শীতে সার্কভৌমের হৃৎপিণ্ড বিদ্ধ হইয়া গিয়াছে। অদ্বৈত এবং দ্বৈতবাদ, জ্ঞান এবং ভক্তিপথসম্বন্ধে উভয়েই বহুল শাস্ত্রপ্রমাণ প্রদর্শন করিলেন। সে সময় প্রধান প্রধান ভক্ত বৈষ্ণবদিগের মধ্যে অনেক বিচক্ষণ পণ্ডিত ছিলেন। লিখিত শাস্ত্রসকল পণ্ডিতদিগের আস্তরিক মত বিশ্বাস ও অভিপ্রায়ের অধীন, ভাষার উপর সমধিক অধিকার থাকিলে একই শাস্ত্র দ্বারা তাঁহার পরস্পরবিরোধী মতকে সমর্থন করিতে পারেন। তৎকালে মায়াবাদী পণ্ডিত হিন্দু শাস্ত্রগণ এবং ভক্তিপথাবলম্বী বৈষ্ণবদিগের মধ্যে এ প্রকার তর্কবিবাদের অল্পতা ছিল না। গোপীনাথ বিতণ্ডা করিতে করিতে ক্রমে উত্তেজিত হইয়া দুই একটা শব্দ কথাও বলিয়া ফেলিলেন। তদনন্তর সার্কভৌম বলিলেন, তুমি এখন বাসায় যাও, গোসাঞীজীকে আমার নিমন্ত্রণ বলিবে, কল্যা সশিব্য তিনি আমার গৃহে যেন ভিক্ষা করেন।

চৈতন্য গোপীনাথের প্রমুখ্যৎ ঐ সমস্ত বাদানুবাদের কথা শুনিলেন, কিন্তু সার্কভৌমের প্রতি অপ্রসন্ন হইলেন না, বরং তাঁহার বিষয়ে অহুরাগ শ্রদ্ধা প্রকাশ করিলেন। পরিশেষে সেই রাজপণ্ডিত দিগ্গজ্ঞ জ্ঞানীকে তিনি বিনয় ভক্তির জ্বালে একবারে বাধিয়া ফেলিয়াছিলেন। সার্কভৌমের বয়ঃক্রমও অধিক, অন্তরে জ্ঞানের ঘণ্টে গরিমাও আছে, গৌরকে আশনার

মতে আনিবেন, বেদান্ত শুনাইবেন, এই বড় অভিলাষ । বিচারে পরাজয় করিয়া তাঁহার উপর যে স্বীয় প্রতিপত্তি বিস্তার করিবেন এরূপ ইচ্ছা নহে, কেন না মহাপ্রভুর স্বাভাবিক আকর্ষণশক্তিতে তিনি ইতিপূর্বেই মুগ্ধ হইয়াছিলেন, সেই জন্য তাঁহাকে শাস্ত্রানুযায়ী প্রকৃত সন্ন্যাসী করিতে তাঁহার মনে বড় ঔৎসুক্য জন্মে । এক দিন শ্রীমন্দিরে প্রভুর দেখা পাইয়া ভট্টাচার্য্য মহাশয় বেদান্ত পড়িতে লাগিলেন, এবং তাঁহাকে স্নেহসম্বোধন পুরঃসর বলিলেন, দেখ বাপু! বেদান্ত শ্রবণ করা সন্ন্যাসীর ধর্ম, অতএব আমি পাঠ করিতেছি তুমি শ্রবণ কর । ক্রমাগত উপযু্যপরি সাত দিন তিনি পড়িয়া যান, চৈতন্যের মুখে হাঁ, কি না, কোন কথাই নাই, বিনব্রভাবে অল্পগত শিষ্যের ন্যায় কেবল শুনিয়াই যাইতেছেন । অষ্টম দিবসে সার্বভৌম জিজ্ঞাসা করিলেন, তুমি ক্রমাগত সাত দিন কেবল শুনিয়াই যাইতেছ, ভাল মন্দ কিছুই বল না, বুঝিতেছ কি না, তাহাও জানি না, এ বিষয়ে তোমার বক্তব্য কিছু প্রকাশ কর ? সন্ন্যাসী বলিলেন, “ আমি মূর্থ, কি জানি, কিই বা বলিব, তোমার আশ্রয় এবং সন্ন্যাসধর্মের অল্পরোধে কেবল মাত্র শুনিতেছি, কিন্তু তোমার কৃত অর্থ আমার বোধগম্য হইতেছে না । সূত্রের অর্থ বেশ পরিষ্কার বুঝিতেছি, কিন্তু ব্যাখ্যা শুনিয়া আমার চিত্ত বিকল হইতেছে । ভাষ্যের দ্বারা সূত্রের অর্থ প্রকাশিত হয়, কিন্তু তুমি সেই ভাষ্য দ্বারা সূত্রের মুখ্যার্থ আচ্ছাদন করিয়া কল্পিত গৌণার্থ ব্যাখ্যা করিতেছ । ব্যাসসূত্রে উপনিষদের ষথার্থ অর্থ প্রকাশিত আছে, কিন্তু তোমার স্বকল্পিত ভাষ্য মেঘের ন্যায় সূর্য্যাকিরণতুল্য সেই মূলার্থকে প্রচ্ছন্ন করিয়া ফেলিতেছে । বেদ এবং পুরাণে ব্রহ্মতত্ত্ব নিরূপিত হইয়াছে । সেই ব্রহ্ম বৃহস্পতি, ঐশ্বর্য্য লক্ষণে ভূষিত হইয়া তিনি ঈশ্বর হইয়াছেন । যিনি সর্বৈশ্বর্য্য-পরিপূর্ণ ভগবান্ তাঁহাকে তুমি নিরাকার বলিয়া ব্যাখ্যা করিতেছ ? শ্রুতি সকল তাঁহাকে এই জ্ঞান্য নির্কিংশেব নিগুণ বলিয়াছে যে সৃষ্ট পদার্থের লক্ষণ তাঁহাতে নাই । তাঁহা হইতে বিষ্ণু উৎপন্ন হইয়া তাঁহা দ্বারা জীবিত থাকে এবং তাঁহাতেই বিলীন হয়, তিনি স্বয়ং অপাদান, করণ এবং অধিকরণ কারক, ইহাই তাঁহার বিশেষ চিহ্ন । তিনি বহু হইতে ইচ্ছা করিয়া প্রাকৃত শক্তি অর্থাৎ মায়াকে অবলোকন করিলেন,—প্রাকৃত চক্ষে নহে,



অপ্রাকৃত নয়নে তিনি অবলোকন করিলেন। বেদেতে যে নিগূঢ় অর্থ নিশ্চিত হয় নাই তাহা পুরাণদ্বারা হইয়াছে। শ্রুতিতে বলে তাঁহার হস্ত পদ নাই, অথচ তিনি চলেন, গ্রহণ করেন। অতএব সুখ্যার্থে শ্রুতিতে তাঁহাকে সবিদেষ্য বলে, কল্পিত অর্থে নিরীক্শেষ বলিয়া ব্যাখ্যা করে। ষড়ৈশ্বর্যপূর্ণ পূর্ণানন্দ বিগ্রহ যিনি, যে ব্রহ্মেতে স্বাভাবিক সৎ, চিৎ, আনন্দ এই তিন শক্তি বিরাজ করে, তাঁহাকে তুমি নিঃশক্তি বলিতেছ? ঈশ্বরের স্বরূপ সচ্চিদানন্দময়। অন্তরঙ্গা, বহিরঙ্গা, তটস্থা এই তিন শক্তিতে মিলিত হইয়া পরাশক্তিবোগে ভগবান্ ষড়ৈশ্বর্যপূর্ণ হইয়াছেন। এই পরাশক্তি হলাদিনী সন্ধিনী এবং সংবিৎ \* ভেদে ত্রিবিধ। অন্তরঙ্গাপরাশক্তি এবং ঈশ্বর, অতিম্ন ও অদ্বিতীয়। বহিরঙ্গামায়াশক্তি এবং তটস্থাজীবশক্তি উপাদান, এবং পরাশক্তি নিমিত্তকারণ। এই উপাদান এবং নিমিত্ত কারণে চরাচর সৃষ্ট হইয়াছে।<sup>১</sup> এই শক্তিব্রহ্মবিশিষ্ট ঈশ্বরকেই চৈতন্য কৃষ্ণ বলিতেন। অমূর্ত ঈশ্বরের আশ্রয়ীভূত মূর্ত ঈশ্বর, যথাস্বচ্ছ স্ফাটিকমণি এবং তাহার আভা, অর্থাৎ নিত্য এবং লীলা এই উভয় স্বরূপে তাঁহার বিশ্বাস ছিল। উন্নত শ্রেণীর ভক্তগণ প্রাকৃত মূর্তি স্বীকার করেন না, কিন্তু উহাকে ঘনচিদানন্দরূপে গ্রহণ করেন। তদনন্তর প্রভু বলিলেন, এমন যে মায়াধীশ ভগবান্, মায়াবশ জীবের সঙ্গে তাঁহাকে এক করিতেছ? শুদ্ধস্ব-ময় এই যে ঈশ্বরের সচ্চিদানন্দ বিগ্রহ, ইহা যাহারা না মানে তাহারা বেদ মানিয়াও বৌদ্ধের ন্যায় নাস্তিক। জীবের নিস্তার জন্য বাসদেব যে সূত্র করিয়াছেন, মায়াবাদীর ভাষ্যে তাহার বিপরীত অর্থ হয়: জীবের আত্মবুদ্ধি মিথ্যা, কিন্তু জগৎ মিথ্যা নহে, নশ্বর।

চৈতন্যের এই সকল কথা শুনিয়া সার্কভৌম অবাক হইলেন, তথাপি সাধামুসারে কুতর্ক করিতে ছাড়িলেন না। কিন্তু শেষে একবারেই তাঁহাকে পরাস্ত হইতে হইল। পণ্ডিতকে নির্বাক ও বিস্ময়াপন্ন দেখিয়া চৈতন্য বলিলেন,

\* ঈশ্বর সত্যস্বরূপ, চৈতন্ত্যস্বরূপ এবং আনন্দস্বরূপ, অর্থাৎ যে শক্তি-যোগে তিনি সমুদায় দেশকালের সঙ্গে সংযুক্ত হন তাহাকে সন্ধিনী বলে। যে শক্তিবোগে তিনি সমুদায় জানেন তাহাকে সংবিৎ, এবং যে শক্তিবোগে আনন্দ অনুভব করেন তাহাকে হলাদিনী শক্তি বলে।

ডট্টাচার্য্য! তুমি বিস্মিত হইও না, ভগবানেতে যে ভক্তি ইহাই পরম পুরুষার্থ জানিবে। আত্মারাম মুনিগণ তাঁহাকেই ভজনা করেন। ভাগবতে সৌন্দর্য্যাদির প্রতি স্মৃত এইরূপ বলিয়াছেন, “আত্মারামাশ্চ মুনয়ো নিগ্রহা অপ্যক্ক্রমে। কুর্কস্ত্যৈতুকৌং ভক্তি মিখংভূতগুণো হরিঃ”। হরির এমনি গুণ যে, বিমুক্ত চিত্ত আত্মারাম মুনিগণও সেই মহিমাযিত দেবতাকে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন। ডট্টাচার্য্য এই শ্লোকের অর্থ শুনিবার ইচ্ছা প্রকাশ করাত্তে তৈতন্য বলিলেন, অগ্রে তুমি ব্যাখ্যা কর তাহার পর আমি যাহা জানি বলিতেছি। সার্কর্ভৌম তর্কশাস্ত্র অনুসারে নয় প্রকার ব্যাখ্যা করিলেন। তখন প্রভু ঈষদ্বাস্য করিল্লা বলিলেন, ডট্টাচার্য্য! তুমি সাক্ষাৎ বৃহস্পতি, একরূপে শাস্ত্রব্যাখ্যা করিবার আর কাহারো ক্ষমতা নাই, কিন্তু তুমি কেবল পাণ্ডিত্যের প্রতিভা ব্যাখ্যা করিলে; ইহা ব্যতীত শ্লোকের আরও অভিপ্রায় আছে। পরে তিনি ইহার আঠার প্রকার নূতন অর্থ করিয়া তাঁহাকে শুনাইলেন। তখন সার্কর্ভৌম কেবল পরাজয় স্বীকার করিলেন তাহা নহে, উক্ত শ্লোকের ভাবরসে মত্ত হইয়া গৌড়েশ শত শ্লোক দ্বারা স্তব স্তুতি বন্দনা করিতে লাগিলেন, এবং ভক্তি প্রেমের লক্ষণ সকল তাহার শরীরে প্রকাশ পাইতে লাগিল। এক জন সুবিখ্যাত রাজপণ্ডিত এইরূপে তৈতন্যের অনুবর্তী হন, এবং ভক্তিরসে মাতিয়া উঠেন। তাঁহার এই পরিবর্তনে পুরীমধ্যে মহা আন্দোলন উপস্থিত হইল, উৎকল প্রদেশের শত শত লোক গৌরান্দের অলৌকিক মহত্ব বুঝিতে পারিল। শেষ এমনি হইল যে, যেখানে যখন তিনি উপস্থিত হন সেখানে চারিদিক্ হইতে হরিধ্বনি উঠে। নগরময় প্রচারিত হইল যে, গৌড়দেশ হইতে একজন পরম ভাগবত প্রেমিক সন্ন্যাসী আসিয়া সার্কর্ভৌম পণ্ডিতকে বিচারে পরাভূত করত হরিভক্তিতে তাঁহাকে দীক্ষিত করিয়াছেন। বিচারের পর দিন অতি প্রভুাবে জগন্নাথের প্রসাদ হস্তে লইয়া তৈতন্যদেব একবারে সার্কর্ভৌমের গৃহে গিয়া উপস্থিত হইলেন। প্রাতঃকৃত্যের পূর্বেই বৈদিক আচার লঙ্ঘন করিয়া তাঁহাকে সেই প্রসাদ ভক্ষণ করিতে হইল। অনন্তর দুই জনে ভাবে প্রেমত্ব হইয়া সঙ্কীর্ণন করিলেন। অল্প দিনের মধ্যে সার্কর্ভৌম ডট্টাচার্য্য তৈতন্যের প্রতি এতদূর আসক্ত হইয়া পড়িলেন যে, দিবা নিশি ঐ ধ্যান ঐ

জ্ঞান, গৌর ভিন্ন আর কোন কথা নাই। ভাগবত পাঠ করেন, তাহাতেও মুক্তির স্থানে ভক্তি অর্থ করেন। মুক্তিতে ত্রাস এবং ঘৃণা, ভক্তিতে ক্রটি এবং উল্লাস সন্নিতে লাগিল। ঘোর মায়াবাদী গম্ভীরপ্রকৃতি পণ্ডিতের মুখে এ প্রকার ব্যাখ্যা শুনিয়া চৈতন্য নিরতিশয় প্রীত হইলেন, তাঁহার ভক্তিপ্রলাপ দর্শনে অপর ভক্তগণও হাসিতে লাগিলেন। তখন কোথায় বা রহিল তাঁহার জ্ঞানগর্ভ, কোথায় বা সে বিজ্ঞতা গাম্ভীৰ্য, বালকের ন্যায় নাচিতে গাটতে এবং হাসিতে কাঁদিতে লাগিলেন। কতদূর তাঁহার মত্ততা জন্মিয়াছিল তাহা এই শ্লোকদ্বারা বিশদরূপে পরিস্ফুটিত হইয়াছে। “পরিবদন্তু জনো যথা তথাহয়ং নহু মুখারা বয়ং ন বিচারয়াম। হরিরসমদিরামদাতিমত্তা ভুবি লুঠামনটাম নিৰ্কীশাম ॥” যেখানে সেখানে লোকে পরিবাদ করুক না কেন, মুখর বলিয়া তাহাদিগকে আমরা বিচার করিব না। হরিরসমদিরাপানে মত্ত হইয়া আমরা ভূমিতে লুষ্ঠিত হইব, নৃত্য করিব এবং সম্ভোগ কবিব। ভট্টাচার্য্য ভাবে মোহিত হইয়া এই শ্লোকটি দ্বারা চৈতন্যের মহিমা বর্ণন করিয়াছিলেন। “কালানুষ্ঠে ভক্তিযোগং নিজং যঃ; প্রাহুর্ভুক্তুং কৃষ্ণচৈতন্যনামা। আবিভূতস্তস্য পাদারবিন্দে, গাঢ়ং গাঢ়ং লীয়াতাং চিত্তভূষণং ॥” বৃহন্নারদীয় পুরাণোক্ত “হরেনার্ম হরেনার্ম হরেনার্মৈব কেবলং। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্তথা ॥” এই বচনদ্বারা চৈতন্য সার্বভৌমকে উপদেশ প্রদান করত সর্বদা তাঁহাকে সঙ্কীৰ্ত্তন করিতে বলিলেন। ক্রমে সেখানেও জুই একটি করিয়া ভক্ত দল বৃদ্ধি হইতে লাগিল।

কিছু দিন পরে মাধবপুত্রীর শিষ্য পরমানন্দ পুত্রী এবং দামোদর নামক এক জন ভক্ত ও প্রচ্যন্ন ব্রহ্মচারী প্রেমানন্দ, শঙ্কর পণ্ডিত, ভগবান্ আচার্য্য, প্রভৃতি অনেকে সেখানে একত্রিত হইলেন। ভক্তসমাগমে অল্পকালমধ্যে নীলাচলস্থান দ্বিতীয় নবদ্বীপ হইয়া উঠিল। তদনন্তর কয়েক দিবস পরে গৌরঙ্গ প্রভু সমুদ্রতীরে গিয়া বাস করিতে লাগিলেন। তথায় চন্দ্রের শুভ কিরণ, দক্ষিণ মলয়বায়ু, কেনময় উত্তাল তরঙ্গশ্রেণী এবং দিগন্তব্যাপ্ত প্রশস্ত জলরাশির শোভা তাঁহার চিরপ্রমত্ত হৃদয়কে আরও উদ্ভাদ করিয়া তুলিল। সেই সমীর্জন সুরমা প্রদেশে কিছু দিন পর্য্যন্ত বৈষ্ণবগণের সঙ্গে তিনি

সৎপ্রসঙ্গ এবং নামসঙ্কীর্ণনে মগ্ন ছিলেন। দিবা নিশি ঘননৌল বিশালবক্ষ  
জলনিধির গাভীর্য্য দর্শন করিয়া মহাপ্রভুর প্রাণ নিরন্তর আনন্দমাগবে  
ভাসমান থাকিত। গদাধর সদা সর্ব্বক্ষণ তাঁহার পরিচর্যা কবিহেন ও  
ভাগবত পড়িয়া শুনাইতেন। সমুদ্র উপকূলে কিছু দিন এইরূপে ভক্তগণ  
সঙ্গে বিহার করিয়া তিনি তীর্থ ভ্রমণোপলক্ষে দাক্ষিণাত্য প্রদেশে চলিয়া  
যান।



## তীর্থভ্রমণ ও রামানন্দের সহিত মিলন

চৈতন্য পঞ্চবিংশতি বৎসর বয়ঃক্রমের প্রারম্ভে মাঘ মাসের শুক্লপক্ষে সন্ন্যাসব্রত গ্রহণ করিয়া ফাস্তন মাসে নীলাচলে গমন করেন, ফাস্তনের দোলযাত্রা দেওয়া, চৈত্র মাসে সার্বভৌমকে ভক্তি প্রদান করিয়া বৈশাখের প্রথমে তীর্থ যাত্রায় বহির্গত হন। সিদ্ধহৃটে সাধুসঙ্গে বিহার করিতে করিতে একদা তিনি সকলের নিকট এই ভিক্ষা চাহিলেন যে, তোমরা এক্ষণে আমাকে কিছু দিনের জন্য বিদায় দাও, আমি দাক্ষিণাত্য প্রদেশে বিশ্বরূপের অন্বেষণে যাইব, কাহাকেও সঙ্গে লইব না। যাবৎ আমি প্রত্যাগমন না করি তাবৎ কাল তোমরা আমার জন্য এই স্থানে প্রার্থীক্য করিয়া থাক। এ কথা শুনিয়া তাঁহাদের মুখ স্নান হইল। নিতাই বলিলেন, এমন কথা তুমি কিরূপে বলিলে যে একাকী যাইব? ইহা কে সহ করিতে পারে? যাহাকে ইচ্ছা কর আমার জুই এক জন সঙ্গে যাই, বিশেষতঃ দক্ষিণের তীর্থ স্থান আমি অবগত আছি, আমাকে সঙ্গে লইয়া চল। চৈতন্য বলিলেন, তোমাদের ভালবাসাতে আমার ব্রতভঙ্গ হয়। একবারতু তুমি আমার দণ্ড ভঙ্গ করিয়া ফেলিলে। জগদানন্দের ইচ্ছা যে আমি বেশ সুখে স্বচ্ছন্দে থাকি। তাঁহার কথা যদি না শুনি, তিনি রাগ করিয়া তিন দিন ত্বরিত কথাই কহিবেন না। আমি সন্ন্যাসী হইয়া প্রতি দিন তিন বার স্নান করি, মাটিতে শুই, মুকুন্দের প্রাণে ইহা সহ হয় না; তাঁহার বিষয় মুখ দেখিয়া আমার কষ্ট বোধ হয়। আমি ত সন্ন্যাসী, দামোদর আবাব আমার উপর স্নেহচাষী হইয়া সর্বদা উপদেশের দণ্ড ধরিয়া আছেন। ঈশ্বররূপায় ইনি কোন লোকের মুখাপেক্ষা করেন না, কিন্তু আমি তাহা না করিয়া পাবি না। অভিযোগহে এইরূপে বন্ধুগণের প্রতি প্রগাঢ় ভালবাসা প্রকাশ করিলেন। নিত্যানন্দ বলিলেন, তোমার দুইটি হাতত সর্বদা নামজপেই বদ্ধ, প্রেমাবেশে কোথায় কখন অচেতন হইয়া পড়িবে তাহার স্থিরতা নাই, অতএব ইএ কৃষ্ণদাস নামক সরল হৃদয় ব্রাহ্মণটি

তোমার কোপীম, বহির্কাস, জলপাত্র লইয়া সঙ্গে যাউবেন, কোন কথা বার্তা কহিবেন না, যাহা তুমি বলিবে, তাহাই কহিবেন, অতএব তুমি ইহাকে সঙ্গে লইয়া যাও । অনন্তর চৈতন্য সার্কভৌমের নিকট বিদায় প্রার্থনা করিলে তিনি অত্যন্ত হুঃখিত হইয়া অনেক কাকুতি মিনতি করিতে লাগিলেন । ভট্টাচার্যের অহুরোধে আরো চারি পাঁচ দিন তাঁহাকে থাকিতে হইল । বিদায়কালে সার্কভৌম বলিয়া দিলেন, গোদাবরী নদী-তীরে পরমজ্ঞানী এবং ভক্ত রামানন্দ রায় আছেন, তাঁহার সঙ্গে অবশ্য অবশ্য দেখা করিয়া যাউবে, বিষয়ী দেখিয়া তাঁহাকে উপেক্ষা করিবে না, তাঁহাতে পাণ্ডিত্য এবং ভক্তিরস . উভয়ের সামঞ্জস্য হইয়াছে । রামানন্দের মহত্ব আমি এত দিন না বুঝিয়া তাঁহাকে কত পরিহাস করিয়াছি, এখন তোমার চরণপ্রসাদে তাঁহাকেও চিনিতে পারিলাম । সার্কভৌমের বচন অঙ্গীকার করিয়া বিদায় লইবার সময় চৈতন্য তাঁহাকে এই উপদেশ দিলেন যে, তুমি ঘরে বসিয়া কৃষ্ণনাম ভজনা করিতে থাক, আমাকে আশীর্বাদ কর যেন তোমার প্রসাদে পুনরায় আমি নীলাচলে ফিরিয়া আসি । এই কথা বলিয়া তিনি প্রস্থান করিলে, ভট্টাচার্য্য শোকে মুগ্ধ হইয়া ভূতলে পড়িলেন, চৈতন্য তাঁহার প্রতি একবার ফিরিয়াও চাহিলেন না । মহাপুরুষদিগের লৌকিক ব্যবহার অচিস্তনীয় । এক দিকে যেমন তাঁহাদের হৃদয় পুষ্পর ন্যায় সুকোমল, তেমনি অপর দিকে বজ্র রন্যায় কঠিন । এই জন্য ভবভূতি বলিয়াছেন, “ বজ্রাদপি কঠোরাণি মুহূনি কুসুমাদপি । লোকোক্তরাণ্যং চেতাংসি কোহি বিজ্ঞাতুমীশ্বরঃ ॥ ” বজ্রতুল্য কঠিন, কুসুমতুল্য কোমল যে মহৎ ব্যক্তিদিগের চরিত্র তাহা কে জামিতে সক্ষম ? গৌরচন্দ্র আলালনাথ নামক স্থানে উপনীত হইলে ভক্তগণ তাঁহার সঙ্গে মিলিত হইয়া সে রাত্রি তথায় বাস করিলেন ; পরদিন সেই স্থানে নৃত্য সঙ্কীৰ্ত্তন হইল, চতুর্দিক্ হইতে লোক আসিতে লাগিল । এত লোকের সমাগম হইল যে তাঁহারা আহ্বার করিতে অবসর পান না ; পরিশেষে দেবালয়ের দ্বার বন্ধ করিয়া সকলে আহ্বারাদি করেন । দ্বিতীয় রজনীও এই স্থানে অতি-ব্যাহিত হয় । তৎপর দিবস চৈতন্য দক্ষিণাভিমুখে চলিলেন, তাঁহার বিরহে সঙ্গী ভক্ত পঞ্চজন মুচ্ছিত হইয়া ভূতলে পড়িয়া রহিলেন ; সে দিকে প্রভু

আঁর নাচাহিয়া একাকী উদাগীনভাবে চলিয়া গেলেন, কৃষ্ণদাস কমণ্ডলু হস্তে লইয়া যোগীবরের পশ্চাৎ অনুসরণ করিল। নিতাই প্রভৃতি কয়েক জন সঙ্গী সে দিন আলালনাথে সমস্ত সময় উপবাসী থাকিয়া পর দিনে পুরীতে ফিরিয়া আসেন। তীর্থভ্রমণের বিবরণ কৃষ্ণদাস ব্রাহ্মণের মুখে বাহা আমি শুনিয়াছি তাহা নিম্নে প্রকাশিত হইল।

মহাত্মা চৈতন্য উচ্চ নিনাদে হরিনাম গান করিতে করিতে পথে চলিতে লাগিলেন। গোদাবরী নদী পর্য্যন্ত সার্কভোমের প্রেরিত কয়েকটি ব্রাহ্মণ সঙ্গে গিয়াছিল। গৌর যেখানে যে দিন বাস করিতেন সেখানে বহু লোক একত্রিত হইয়া তাঁহার উপদেশ শ্রবণ করিত, এবং বৈষ্ণব হইয়া বাইত। অনেকে আবার তাঁহার সঙ্গে যাঁহবার জন্যও প্রার্থী হইত। ইহা কেবল তীর্থভ্রমণ নহে, এই উপলক্ষে একাকী দেশে দেশে হরিভক্তিও তিনি প্রচার করিয়াছিলেন। নবদ্বীপে বাহা করেন নাই, তীর্থে বাহির হইয়া তাহা করিয়াছিলেন। দক্ষিণের শৈব ও রামাইৎ সম্প্রদায়স্থ অনেক লোককে কৃষ্ণমন্ত্রে দীক্ষিত করেন। কর্ণাটরাজ্যে গিয়াছিলেন, তথাকার লোকেরা তাঁহার অভূতপূর্ব স্বর্গীয় ধর্ম্মভাব দর্শনে ভক্তিপথ আশ্রয় করে। ক্রমে বহু দেশ গ্রাম নগর নদী পর্য্যন্ত অতিক্রম করিয়া তিনি গোদাবরী নদীতীরে উপস্থিত হইলেন। নদীতে স্নান করিয়া তত্তীরবর্ত্তী এক নির্জ্জন স্থানে বসিয়া নাম সঙ্কীর্্তন করিতেছেন, এমন সময় বহু লোক জন সঙ্গে লইয়া দোলারোহণে রায় রামানন্দ তথায় স্নান করিতে আসিলেন। তাঁহার সঙ্গে বাদ্য বাজিতেছে, বৈদিক ব্রাহ্মণগণ দলবদ্ধ হইয়া আসিতেছে ইহা দেখিয়াই চৈতন্য বুঝিলেন যে ইনিই সেই রামানন্দ। এমনি তাঁহার প্রেমের উত্তেজনা যে, তখনি ইচ্ছা হইল দৌড়িয়া গিয়া তাঁহাকে আলিঙ্গন করেন। অনন্তর বেগ সঞ্চরণ করিয়া কিছু ক্ষণ অপেক্ষা করিতে লাগিলেন, পরে সন্ন্যাসী দেখিয়া রামানন্দ আপনাই তাঁহার নিকট উপস্থিত হইলেন। যোগীবরের প্রীদীপ্ত মুখশ্রী, সুকোমল পদ্মাক্ষ দর্শন করিয়া ভক্তি সহকারে রায় তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলেন। পরিচয়ের পূর্বেই উভয় উভয়কে চিনিতে পারিলেন। সঙ্গের লোক জন ইহাদের ভাব ভক্তি দেখিয়া স্তম্ভিত হইয়া রহিল। তদনন্তর নামবিধি ইষ্টালাপ এবং সার্কভোমের বিষয় আলোচনা করিয়া রামানন্দ গৃহে

প্রত্যাগমন করিলেন । সেই দিন সন্ধ্যার সময় তাঁহার সহিত চৈতন্যের ভক্তির নিগূঢ় তত্ত্বসম্বন্ধে যে সুদীর্ঘ আলোচনা হয় তাহার সার এখানে বিবৃত হইতেছে । চৈতন্য প্রসন্ন করেন, রামানন্দ রায় তাহার উত্তর দেন ।

গৌরীকৃষ্ণ গোসাঞী সন্ধ্যাকালে স্নান করিয়া এক সন্ন্যাসীর আশ্রমে বসিয়া আছেন, অতি দীনবেশে রামানন্দ তথায় উপনীত হইলেন । প্রভু জিজ্ঞাসা করিলেন, ভক্তি প্রেম এবং তাহার সাধনসম্বন্ধে কিছু বল আমি শ্রবণ করি ।

রায় কহিলেন বিষ্ণুভক্তিই সার । বিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে, বর্ণাশ্রম-চারী পুরুষ কর্তৃক কেবল সেই পরমপুরুষ বিষ্ণু আরাধিত হন, তাঁহার সন্তোষের অন্য পন্থা নাই । চৈতন্য বলিলেন, ইহা বাহিরের কথা, তদপেক্ষা শ্রেষ্ঠ উপায় কি বল । ঈশ্বরেতে সর্বদ্বয় অর্পণ করাই সার । ভাগবতে অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণ বলিয়াছেন, আহার পান দান বস্ত্র তপস্যা যাহা কিছু কর হে অর্জুন ! সে সমস্ত আমাতেই অর্পণ করিবে ।” ইহাও বাহ্য, তাহার পর কি বল । শাস্ত্রোক্ত ধর্মাধর্ম ক্রিয়া সমুদায় পরিত্যাগপূর্বক ভক্তিসাধন করাই সার । শ্রীকৃষ্ণ বলিয়াছেন, আমার আদিষ্ট ধর্মাধর্ম জানিয়াও তাহা পরিত্যাগ করত যে ব্যক্তি সর্বান্তঃকরণে আমাকে ভজন্য করে সেট ব্যক্তি সর্বশ্রেষ্ঠ । গীতায় উক্ত হইয়াছে “ সর্ব ধর্মান্ পরিত্যজ্য মামেক শরণং ব্রজ । অহং হ্যং সর্বপাপেভো মোক্ষয়িষ্যামি মাগুচ ।” ইহাও বাহিরের কথা, তাহার উপরে কি আছে বল । জ্ঞানমিশ্রা যে ভক্তি তাহাই সার সাধন । গীতায় বলিয়াছেন, “ ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি । সমঃ সর্বেষু ভূতেষু মন্তজিং লভতে পরাং ।” সর্বভূতে সমদর্শী নিস্পৃহ প্রসন্নাত্মা ব্রহ্ম-নিষ্ঠ ব্যক্তি আমাতে পরাভক্তি লাভ করে । ইহাও বাহ্য, পরে বল । তবে জ্ঞানশূন্য ভক্তিই সার । ভাগবতে কথিত আছে, “ জ্ঞানাহুশীলন পরিত্যাগ করিয়া যাহারা তোমার গুণ কীর্তনকে বহু মনে করে, তাহারাই ত্রিলোক জয়ী হয় ।” ইহাও বাহ্য, তাহার পর বল । প্রেমভক্তি উত্তম । “ কুণা তুষা না থাকিলে আহার পানে যেমন সুখবোধ হয় না, হৃদয়ে প্রেম না থাকিলে তেমনি নানা উপচার দ্বারা ভগবানের পূজা করিয়াও ভক্তের হৃদয় সুখবিগলিত হয় না ।” “ ভক্তিরসবিক্র চিত্ত যদি কোথাও পাওয়া



যার ক্রয় কর; এক মাত্র লোভই উহার মূল্য, কোটি জন্মের পুণ্য দ্বারাও তাহা লাভ করা যায় না।” ইহা সত্য, আরো আগে বল। দাস্যপ্রেম ইহা অপেক্ষা উচ্চ। ভাগবতে হুর্বালা অধরীষকে বলিয়াছেন, “বাহার নাম শ্রবণমাত্র জীবের পরিজ্ঞাণ হয় তাঁহার দাসদিগের আর কি অবশিষ্ট থাকে ?” চৈতন্য বলিলেন ইহা বটে, আর একটু আগে বল। তবে সখ্যাপ্রেম। সখ্যাপ্রেম সকল সাধনের সার। ইহাও উত্তম বটে, আরো আগে বল। বাৎসল্যাপ্রেম। ইহাও উত্তম, তাহার পর বল। কান্ত্যভাবপ্রেম সাধনের সার। ইহা মাধুর্য রস; শাস্ত দাস্য সখ্য বাৎসল্যাদি রসচতুষ্টয় ইহার মধ্যে সন্নিবিষ্ট থাকে। শ্রীকৃষ্ণ গোপীদিগকে বলিয়াছেন, “আমার প্রতি ভক্তি জন্মিলে জীবের অমৃতত্ব লাভ হয়, ভাগ্য বশতঃ আমার প্রতি তোমাদের ভক্তি হইয়াছে।” ইহা চরম সাধন, আমি নিশ্চয় বুক্খিলাম, এক্ষণে আর যদি কিছু থাকে তাহা বল। রামানন্দ বলিলেন, ইহার উপরের সাধন জানিতে চার এমন লোক পৃথিবীতে আছে অগ্রে আমি জানিতাম না। মহাভাব প্রেমের পরাকাষ্ঠা, ইহার উপর আর সাধন নাই।

চৈতন্য প্রভু মহা আফ্লাদিত হইয়া রামানন্দকে বলিলেন, যে জন্য আমার তোমার নিকট আগমন তাহা সফল হইল; এক্ষণে আমি সাধনতত্ত্ব সমুদায় অবগত হইলাম; কিন্তু তোমার মুখে আরো শুনিতে আমার বাসনা হইতেছে; রাধাকৃষ্ণের স্বরূপ এবং কাহাকে কোন্ রস বলে তাহা সবিশেষ বল, শুনিয়া সুখী হই। রামানন্দ কহিলেন, সৎ, চিত্ত, আনন্দ ইহাই শ্রীকৃষ্ণের স্বরূপ। তিনি আদিপুরুষ, সর্বরস ও সর্বৈর্ষ্য-পূর্ণ অনন্তশক্তিশালী সচ্ছিদানন্দ বিগ্রহ। ফ্লাদিনী, সন্ধিনী, এবং সংবিৎ এই তিন শক্তি দ্বারা তাঁহার পরমাশক্তিকে বিভাগ করা যায়। ভক্তচিত্ত-সুখ-প্রদায়িনী এই ফ্লাদিনী শক্তির নাম প্রেম, প্রেমের সার মহাভাব, এই মহাভাবই শ্রীরাধিকার স্বরূপ। সেই মহাভাবরূপা যে রাধিকা তাঁহার প্রতি ভগবানের যে প্রেম জাহা সুগন্ধি দ্রব্যের স্থায়, তাহার সুস্রাণ রাধিকার অঙ্গকাস্তি সদৃশ। এই সুগন্ধ মুক্ত উজ্জল দেহ দৈবরকরণামৃতে প্রথম অভিষিক্ত হয়, তাঁহার নিত্য নূতন ভাবরসে তাহার দ্বিতীয় অভিষেক হয়, পরে হরির লাবণ্যামৃত রস তরুপরি বর্ষিত হইতে থাকে। এই রূপে মহাভাব বধন সেই সচ্ছিদানন্দ রূপরসে স্নাত

হইল, অর্থাৎ পরস্পরের সঙ্গে যখন প্রথম সাক্ষাৎ হইল, তখন লজ্জা আশ্রিয়া মহাভাবে অধিকার করিল। এই লজ্জা রাধিকার পটুভবন, অমুরাগ তাঁহার অধরের তাহুলরাগ, কুটিল প্রেম নব্বনের অঙ্গন, প্রণয়ের অভিমান কাঁচুলি, প্রচ্ছন্ন মান মস্তকের ধর্মিল, হরিপ্রেম যুগমদ, শ্বেদ কম্প পুলক হাস্ত ক্রন্দন ক্রোধ অভিমানাদি সাত্ত্বিক ও সঞ্চারী গুণ সকল অঙ্গাভরণ, সৌভাগ্য তিলক, এই সমস্ত প্রেম লক্ষণে ভূষিত রাধিকা-দেবী কৃষ্ণলীলার অমুকুল মনোবৃত্তিরূপভখীগণের সমভিব্যাহারে বিরাজ করেন। তিনি নিজ অঙ্গের সৌরভালয়ে প্রেমগর্বেের পর্য্যঙ্কে বসিয়া কিক্রমে কৃষ্ণসঙ্গ (হরিপাদপদ্ম লাভ) হইবে তাহাই সর্বদা ভাবেন। প্রাণসংহার যশঃ ও গুণের কথা শ্রবণ কখন ভিন্ন আর তাঁহার কোন কার্য্য নাই। তিনি বিলুপ্ত প্রেমরত্নাকর অমুগম গুণে ভূষিত সেই জীবিতেশ্বরকে প্রেমরূপ সোমরস পান করাইয়া তাঁহার সকল কামনা পূর্ণ করেন। রামানন্দের উপদেশে প্রকাশ পাইতেছে, ব্রজগোপীগণ আর কেহ নহেন, কেবল এই মহাতাবরণা প্রেমপ্রতিমা রাধিকার বিভিন্ন ক্রিয়া মাত্র। এ সমস্ত অবশ্য তত্ত্বপক্ষীয় কথা, বৃন্দাবনের ঐতিহাসিক প্রকৃত ঘটনা এই প্রেমতত্ত্বের দৃশ্যমান প্রতিকৃতি বলিয়া বৈষ্ণবসমাজে পরিগৃহীত হইয়া থাকে।

শৈতন্য গোসাঞী বলিলেন, রাধাকৃষ্ণের তত্ত্ব বুঝিলাম, এক্ষণে ইহীদের বিলাসের মহত্ত্ব বর্ণন কর গুনি। অতঃপর রায় কহিতে লাগিলেন, এবস্তুত যে শ্রীরাধাকৃষ্ণ তাঁহার উভয়ে প্রেমরসে মত্ত হইয়া নিরন্তর কুঞ্জকাননে জৌড়া করত কৈশোর কাল অতিবাহিত করিয়াছিলেন। গৌর পুনরায় বলিলেন, ইহা ঠিক বটে, কিন্তু আরো আগে বল। রায় তখন কহিলেন, আরত আমার বুদ্ধি চলে না, আর যে এক প্রেমবিলাস বিবর্ত আছে তাহা তোমার ভাল লাগিবে কি না জানি না। তদনন্তর তিনি ধিরহৃদয় একটি গান করিলেন। শৈতন্য তাহার ভাব সহ্য করিতে না পারিয়া রামানন্দের মুখ চাপিয়া ধরিলেন, এবং বলিলেন, সাধনতত্ত্ব সমুদায়ত বুঝিলাম, এক্ষণে সাধনের উপায় কি তাহা বলিয়া দাও। রামানন্দ ধীনীতভাবে কুণ্ঠিত মনে কহিতে লাগিলেন, সখীভাব না হইলে রাধাকৃষ্ণের ভজন্য হয় না। সখীদিগের প্রেম নিস্বার্থ, তাহার রাধিকার

সঙ্গে শ্রীকৃষ্ণের প্রেমসম্মিলন করাটয়া তাঁহাদের উভয়ের সুখে সুখী হইত, নানা ছল কৌশল করিয়া সখীরা এই প্রেমযোগ সম্পাদন করিত। ইহা তাহাদের নিজের ভোগ সুখ অপেক্ষা অধিকতর সুখকর বোধ ছিল। মনোবৃত্তিরূপা সেই সখীগণ এইরূপে প্রেমাধার হৃদয়কে হৃদয়নাথকে সন্তোষ করিতে দিয়া আপনারা পরম্পরের বিস্তৃত প্রেমে পুষ্টিতা লাভ করে, তাহা দেখিয়া সচ্চিদানন্দ শ্রীকৃষ্ণ আঙ্কাদিত হন। গোপীদিগের প্রেম অপ্রাকৃত, তাহা শারীরিক ইঞ্জিয়বিকার জনিত নহে, প্রাকৃত প্রেমের লক্ষণ সকল ইহাতে বর্ণিত আছে বলিয়া এই রূপ রূপক ভাবায় উহা বর্ণিত হইয়াছে। প্রাক্তীন কালের ধর্মবিষয়ক উদাহরণের মধ্যে এই প্রকার রূপক বর্ণনার বিশেষ প্রাধান্য দেখা যায়। রামানন্দের কথার আধ্যাত্মিক অর্থ এই, চিত্ত-বৃন্দাবনে হৃদয়রাধিকা পরমাখ্যতে রমণ করেন, তাহা দেখিয়া বুদ্ধি, দয়া, প্রজ্ঞা, প্রেম অনুরাগ ইত্যাদি মনোবৃত্তি নিচর সুখী হয় এবং তাহার রাধাকৃষ্ণ উভয়ের পরিচর্যা করে। যদিও তাহাদের সেবা নিস্বার্থ, কিন্তু হৃদয় পরি-ভূপ হইলে তাহাতে সকলেই তৃপ্তানুভব করে, স্তবরাং তন্দ্বারা সকলেরই যথেষ্ট আনন্দ লাভ হয়। ইহাতে অবিগুঢ় কামগন্ধ থাকিবার কোন প্রয়োজন দেখা যায় না। পরসুখে সুখী হওয়া সখীগণের ধর্ম, বৈধী ভক্তিতে তাহাদের সে ধর্ম লাভ করা যায় না, রাগানুগা ভক্তি অর্থাৎ প্রেমমূলক ভক্তির প্রয়োজন। কোমল স্বভাবা মধুর প্রকৃতি স্ত্রী জাতির সঙ্গে ভক্তির অত্যন্ত সৌন্দর্য আছে। এই জন্য জ্ঞান ও ভক্তিসম্বন্ধে এই প্রকার রূপক ভাব ব্যক্ত হইয়াছে যে, জ্ঞানপুরুষ, সে কেবল দীক্ষার বাহির মহলের সংবাদ বলিতে পারে; কিন্তু ভক্তি স্ত্রীলোক, সে ঠাকুরের অন্তঃপুরে প্রবেশ করিয়া তথাকার নিগূঢ় তত্ত্ব অবগত হয়, অন্ধর মহলে জ্ঞানের প্রবেশ নিষেধ।

রামানন্দ রায়ের মুখে গভীর ভক্তি ও প্রেমতত্ত্ব শ্রবণ করিয়া চৈতন্য পরমাঙ্কাদিত মনে তাঁহাকে প্রেমালিঙ্গন দান করিলেন, এবং বিদায় চাহিলেন। রায়ের অনুরোধে তাঁহাকে আরো দশ দিন কাল সেখানে থাকিতে হইল। প্রতিদিন সন্ধ্যার সময় দুই জনে অনেক কথা বার্তা হইত। আর এক দিন গৌরান্দ্র জিজ্ঞাস হইলে রায় বলিলেন, কৃষ্ণভক্তি বিনা আর কিছু

বিদ্যা নাই। প্রেমভক্তিতে খ্যাতি লাভ করাই শ্রেষ্ঠ কীর্তি। প্রেমই অমূল্য সম্পত্তি। ভক্তিবিরহ সর্বাপেক্ষা দুঃখের অবস্থা। প্রেমিক ব্যক্তিই মুক্ত পুরুষ। প্রেমলীলার সঙ্গীতই সর্বোৎকৃষ্ট সঙ্গীত। ভক্তসঙ্গ বিনা শ্রেয়ঃ কিছু নাই। হরি স্মরণীয়, হরি উপাস্য, মুক্তি অপেক্ষা ভক্তি শ্রেষ্ঠ, এইরূপ অনেক বিষয় আলোচিত হইয়াছিল। তদনন্তর গৌরান্দ্র সে স্থান হইতে বিদায় হইয়া সেতুবন্ধ প্রভৃতি তীর্থপর্যটনে গমন করেন। বিদায়কালে রামানন্দকে বলিলেন, তুমি বিষয়কার্য ত্যাগ করিয়া নীলাচলবাসী হও, আমি শীঘ্র ফিরিয়া আসিতেছি, একত্র হরিপ্রসঙ্গে তথায় দুই জনে অবস্থান করিব।

নানা তীর্থ পরিভ্রমণ করিয়া, বিভিন্ন সম্প্রদায়ের লোকদিগকে হরিনাম শুনাইয়া, মহাপ্রভু ক্রমে মাল্লাঙ্গ অঞ্চলে গিয়া উপস্থিত হইলেন। পথে স্থানে স্থানে পণ্ডিতদিগের সঙ্গে তর্ক বিতর্কও হইত। তাঁহার জ্যোতিষ্ময়ী ভক্তি-প্রভা অবলোকন করত বহুলোক ভক্তিপথ অবলম্বন করে। দক্ষিণাঞ্চলে রামানুজ ও রামাইং বৈষ্ণবগণ তাঁহাকে সাদরে অভিবাদন করিত। একস্থানে কতকগুলি বৌদ্ধমতাবলম্বী লোক ছিল। তাহাদের প্রধান আচার্য্য চৈতন্যের সন্ধে বিচারে পরাস্ত হইয়া পণ্ডিতমণ্ডলীর মধ্যে অত্যন্ত অপমানিত হয়। এই কারণে তাহারা প্রতিহিংসাপরবশ হইয়া এক পাত্র অশুদ্ধান্ন প্রসাদ বলিয়া তাঁহাকে দিতে আইসে। এমন সময় উপর হইতে এক চিল সেই অন্নপাত্র তুলিয়া লইয়া ভূতলে নিক্ষেপ করিল, এবং বৌদ্ধাচার্য্যের মস্তকেব উপর তাহা পড়িয়া গেল। তাহাতে সে ব্যক্তি মুচ্ছিত হইল। তাহার এইরূপ দুর্ভবস্থা দর্শনে আর সকলে শেষে চৈতন্যের নিকট ক্ষমা প্রার্থনা করে। তিনি বলিলেন, তাহার কর্ণে উচ্চরবে হরিনাম শ্রবণ করাও, তাহা হইলে সে এখন জাগিয়া উঠিবে।

এইরূপে নানা স্থান দর্শন করিতে করিতে চলিলেন। কত পথই হাঁটিতে পারিলেন! দীন কৃষ্ণদাস ব্রাহ্মণ, মুখে কথা নাই, ক্রমাগত ছাত্রের ন্যায় গুরুদেবের পশ্চাৎ অহুসরণ করিতেছে। অতঃপর গৌরচন্দ্র কাবেরী নদীতে উপস্থিত হইলেন। নদীতে অবগাহন করিয়া শ্রীরঙ্গক্ষেত্রে দেবালয় দর্শন করিলেন। তথায় বেঙ্কট ভট্ট নামে এক জন ভক্তিপথাবলম্বী বিপ্র থাকি-

তেন, তিনি যত্নপূৰ্ব্বক গোসাঞীকে নিজগৃহে রাখিলেন। গৌপালী ভট্ট নামক এক জন পণ্ডিত এবং ভক্ত শ্রেষ্ঠ যিনি বৃন্দাবনে রূপ-সনাতনের সঙ্গে একত্র অবস্থান করিতেন তিনি এই বেক্ট ভট্টের পুত্র। গৌরের প্রেমের ছায়া যার পরিবারে পড়িত তাহার ভাবী-বংশগণ পর্যন্ত ভক্তিমান্ বৈষ্ণব হইত। সেই স্থানে গাছ চাতু-র্মান্ত করেন : শ্রীকৃষ্ণবাসী ব্রাহ্মণেরা এক এক দিন সকলেই তাঁহাকে নিমন্ত্রণ করিয়াছিলেন। এখানে একজন জ্ঞানহীন ভক্ত ব্রাহ্মণ প্রতি দিন ভগবদগীতার অষ্টাদশ অধ্যায় পড়িতেন আর তাঁহার দুই চক্ষে জলধাৰা বহিত। তাঁহার ভাষাবোধ নাই, উচ্চারণ শুদ্ধ হয় না, অথচ গীতা পাঠ করেন, জ্ঞানাক্ষ পণ্ডিতাভিমাত্রীদিগের ইহা সহ হয় না। কিন্তু তাহাদের উপহাস নিন্দা না শুনিয়া ব্রাহ্মণ প্রতি দিন প্রেমাভিষ্ট চিত্তে গীতা পাঠ করিতেন। এক দিন মহাপ্রভু ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিলেন, কোন্ অর্থ পড়িয়া তোমার এত সুখ হয় আমাকে বলিতে পার ? বিপ্র বলিল, আমি মূৰ্খ, শুদ্ধাশুদ্ধ শব্দার্থ কিছুই বুঝি না, শুক্লর আজ্ঞায় গীতা পাঠ করি। যখন আমি পড়িতে বসি, তখন অর্জুনের রথে বসিয়া ঠাকুর তাঁহাকে হিতোপদেশ দিতেছেন সেই অপরূপ দৃশ্য আমার চক্ষের সম্মুখে প্রতিভাত হয়, আর মনের মধ্যে আনন্দ-রস উথলিয়া উঠে; যতক্ষণ পাঠ করি ততক্ষণ সেই ছবি আমি দেখিতে পাই, এই জন্য আমার মন ইহা ছাড়িতে চায় না। ব্রাহ্মণের বাক্যে ভক্তরাজ গৌরান্ন অতিশয় সন্তুষ্ট হইয়া বলিলেন, তুমিই ইহার সার অর্থ বুঝিয়া থাক। তদনন্তর তিনি ব্রাহ্মণকে আলিঙ্গন দান করিলেন। শৈতন্যের পবিত্র অঙ্গ-সংস্পর্শে ব্রাহ্মণের এক গুণ ভাব ভক্তি দশ গুণ হইল, সে বিনয় প্রেম কৃতজ্ঞতারসে ডুবিয়া গেল। এই স্থানে বাসুদেব নামক এক জন গলিতকুষ্ঠ রোগীকে গোবান্দ কোল দিয়াছিলেন। অনন্তর ঋষভ পর্বতে পরমানন্দ পুরীর সহিত সাক্ষাৎ করিয়া কামকোষ্ঠী দক্ষিণমথুরা, মহেন্দ্রশৈল, সেতুবন্ধ, মহেন্দ্রশৈল, পাণ্ডুদেশ, মলয় পর্বত, কন্যা-কুমারী ভ্রমণ করিয়া মল্লার দেশে তিনি উপস্থিত হইলেন। এই স্থানে ভট্টমারি সন্ন্যাসী সম্প্রদায় বাস করিত। তাহারা গৌরের সঙ্গী কৃষ্ণ-দাসকে একটি জীলে ক দ্বারা প্রলোভিত করে, এবং নিরোধ ব্রাহ্মণেরও

তাহাতে চিত্ত বিচলিত হয় । নে এক দিন প্রাতে উঠিয়া দৃশ্যতি বশত গুরুসঙ্গ ত্যাগ করিয়া ভট্টনারির ঘরে চলিয়া যায় । তাহাকে বাহির করিয়া আনিতে চৈতন্যকে অনেক কষ্ট যন্ত্রণা সহিতে হইয়াছিল । যেখানে কোন ভাল গ্রন্থ কিম্বা গ্রন্থের অংশবিশেষ তিনি পাইতেন তাহা সংগ্রহ করিয়া লইতেন । পরশ্বিনী নদীতীরে এক দেবালয়ে “ব্রহ্মসংহিতা” পুস্তকের কয়েক অধ্যায় প্রাপ্ত হন । ইহার শ্লোক সকল তাঁহার বড় প্রিয় ছিল । ক্রমে মাদ্রাজ হইতে চৈতন্য প্রভু বোম্বাই দেশস্থ কোলাপুর প্রভৃতি স্থানে পৌঁছিলেন । সেখানে বিঠল নামক বিগ্রহ মূর্তি দর্শনে তাঁহার বশেষ্ট আনন্দোদয় হয় । তন্ময় তাঁহার গুরুগোষ্ঠী মাধবপুরীর শিষ্য শ্রীরঙ্গপুরী ছিলেন, তাঁহার সহিত আলাপ করিয়া চৈতন্য অতিশয় স্তুতী হইলেন । শ্রীরঙ্গপুরী বলিলেন, “আমি নবদ্বীপ দেখিয়াছি, জগন্নাথ মিশ্রের গৃহে শটীর হাতের রঞ্জন উপাদেয় মোচার ঘণ্ট খাইয়াছি, তাঁহার এক যোগ্য পুত্র শঙ্করারণ্যের সঙ্গে সন্ন্যাসী হইয়া গিয়াছেন, এই তীর্থে শঙ্করারণ্য সিদ্ধ হইয়া প্রাপ্ত হন ।” গৌর বলিলেন, পূর্বাশ্রমে তিনি আমার ভ্রাতা এবং জগন্নাথ মিশ্র পিতা ছিলেন । দুই জন পরস্পরের প্রেমে বিগলিত হইয়া দ্বারকাতীর্থ দর্শনে গমন করিয়া এবং একত্র কয়েক দিবস অবস্থান করেন । তথায় চৈতন্যদেব ব্রাহ্মণদিগের মুখে বিধ্বমঙ্গলকৃত “কৃষ্ণ-কর্ণামৃত” গ্রন্থের মাধুর্য্যরস আন্বাদন করত মুগ্ধ হইয়া তাহা সংগ্রহ করিয়া লইয়াছিলেন । উক্ত দুই খানি পুস্তক পাইয়া তাঁহার মহা আনন্দ বোধ হয় । পরে পম্পা সরোবর, তাপী ও নন্দী নদীতে স্নান করিয়া, ধর্ম্মমুখ, দশুকারণ্য হইয়া পঞ্চখটীতে উপনীত হইলেন । নাসিক, ত্র্যম্বক কুশাবর্ত পর্ষাটনাস্তর রামানন্দের বাসস্থান বিদ্যানগরে আগমন করিলেন । রামানন্দকে প্রভু বলিলেন, তুমি যে তত্ত্বকথা শুনাইয়াছিলে, এই দুই পুস্তক তাহার সাক্ষ্য দান করিতেছে । পুনরায় চৈতন্যকে পাঠের রামানন্দ প্রেম সাগরে ভাসিতে লাগিলেন । ইহাঁকে নীলাচলে লইয়া যাইবার জন্যই প্রভুর পুনর্বার এ স্থানে আগমন । কয়েক দিন একত্র বাসের পর রায় বলিলেন, আপনি অগ্রসর হউন, আমার সঙ্গে অনেক লোক জন হস্তী অশ্ব সৈন্য সামন্ত যাইবে, স্ততরাং কিছু বিলম্ব হইবে, কিন্তু আমি শীঘ্রই আপনার পশ্চাদগামী

হইতেছি । বীরের ন্যায় নির্ভয় ও সদানন্দ মনে শত শত যোজন পথ, পর্বত, অরণ্য, প্রান্তর পরিভ্রমণ করিয়া আবার সেই পথে নীলাচলাভিমুখে গৌরাঙ্গ যাত্রা করিলেন । পরিচিত পথের পরিচিত হরিভক্তগণেরা তাঁহাকে দেখিয়া হরিশ্বনিসহকারে আনন্দ প্রকাশ করিতে লাগিল । প্রভু আলালনাথে আসিয়া সমভিব্যাহারী কৃষ্ণদাস দ্বারা নিত্যানন্দাদি বন্ধুবর্গের নিকট সংবাদ পঠাইয়া দেন ।



## নীলাচলে প্রত্যাগমন।



তৃপ্ত চাতকের ন্যায় ভক্তগণ আশাপথ চাহিয়াছিলেন, সংবাদ-  
পাইবামাত্র প্রফুল্ল মনে নাচিতে নাচিতে সকলে আলালনাথে আসিয়া,  
গৌরপ্রেমসিক্তে প্রবেশ করিলেন। বহু দিনের অদর্শনের পর মিলন,  
আনন্দের আর অবধি রহিল না। সকলের নয়নে আনন্দধারা বহিতে  
লাগিল। ক্ষণকাল পরে সমুদ্রতটে সার্কর্ভৌম আসিয়া উপস্থিত হইলেন।  
তিনি প্রভুকে সে দিন পথ হইতে অমনি নিজগৃহে লইয়া যান এবং বিধিমতে  
সেবা শুশ্রূষা করেন। ভক্তপরিবারমধ্যে মিলিত হইয়া গৌরচন্দ্র পূর্বের  
ন্যায় নৃত্য কীর্তন আরম্ভ করিলেন, পুরাতন এবং নূতন বৈষ্ণব সাধুগণের  
সমাগম হইল, আবার নীলাচলে আনন্দের মেলা বসিল।

সার্কর্ভৌমের মন পরিবর্তনের পর চৈতন্যদেব তীর্থযাত্রার গমন করিলে,  
রাজা প্রতাপরুদ্র তাঁহার গুণে নিতান্ত আসক্ত হইয়া পড়েন। কিরূপে  
তাঁহাকে দেখিবেন, কোন্ উপায়ে তাঁহার প্রসাদ লাভ করিবেন, এই  
কেবল তাঁহার ভাবনা ছিল। এক দিন ভট্টাচার্য্যাকে আহ্বান করিয়া  
অত্যন্ত বাগ্রতা সহকারে তিনি অহুরোধ করেন যে, একবার তুমি  
আমাকে তাঁহার সঙ্গে দেখা করাও, আমার নয়ন সফল হউক, আমি  
শুনিয়াছি সেই গৌড়দেশবাসী সাধু পরম ভাগবত। সার্কর্ভৌম বলিলেন,  
তুমি যাহা শুনিয়াছ সকলই সত্য, কিন্তু তিনি বিরক্ত সন্ন্যাসী, সর্বদা  
নির্জনে থাকেন, অকিঞ্চন প্রেমিকদিগের সঙ্গে তাঁহার সর্বদা সহবাস, স্বপ্নেও  
তিনি রাজদর্শন করেন না, তবে তোমার সঙ্গে কিরূপে তাঁহার দেখা  
হইবে? সম্প্রতি তিনি তীর্থযাত্রার গমন করিয়াছেন। শ্রীক্ষেত্রের ন্যায়  
তীর্থস্থান পরিভ্রমণ করিয়া প্রভু অন্য তীর্থে গমন করিলেন কেন, রাজা  
এই কথা জিজ্ঞাসা করাতে ভট্টাচার্য্য বলিয়াছিলেন, পৃথিবীর তীর্থস্থান  
সকল পাপীদিগের পুনঃ পুনঃ সমাগমে কলঙ্কিত হয়, এই জন্য সাধুরা



তীর্থে গিয়া তাহাকে পুনরায় পবিত্র কবেন, কেন না তাঁহাদের অস্তরে ভগবান্ সর্বদা বিরাজিত থাকেন। সামান্য সাধুর পদার্পণেই এইরূপ হয়, চৈতন্যত স্বয়ং ভগবান্। শেযোক্ত বাক্যে রাজা কিছু বিশ্বয় প্রকাশ করত মুগ্ধ হইয়া পড়েন, এবং কবে প্রভুর প্রত্যাগমন হইবে এই ভাবনায় দিন যাপন করিতে থাকেন। কর্ণাট রাজার মন্ত্রী মল্লভট্ট এবং গোদাবরী হইতে প্রত্যাগত ব্রাহ্মণদিগের মুখে তাঁহার তীর্থভ্রমণ-বৃত্তান্ত অতি আগ্রহের সহিত তিনি শুনিয়াছিলেন। সার্কর্ভোমের মন পরিবর্তনের কথা শুনিয়া কেবল রাজা নহেন, আরও অনেক বড় বড় লোক চৈতন্যের পুনরাগমন প্রতীক্ষা করিতেছিলেন। তীর্থ হইতে ফিরিয়া প্রভূ কাশীমিশ্রের ভবনে বাসা করেন। তথায় সার্কর্ভোম তাঁহার সঙ্গে আর সকলের পরিচয় করিয়া দিলেন। রামানন্দের পিতা ভবানন্দ রায় দেখা করিতে আসিয়াছিলেন। চৈতন্য তাঁহাকে যথাযোগ্য সমাদর প্রদর্শন করেন। ভবানন্দ বাণীনাথ নামক আপনায় আর এক পুত্রকে প্রভুর সেবার্থ সমর্পণ করিয়া বলিলেন, যখন যাহা প্রয়োজন হইবে বলিয়া পাঠাইবেন, আমাকে পর ভাবিবেন না! তালাপ পরিচয়ের পর সকলে বিদায় হইলে চৈতন্য সার্কর্ভোমকে কৃষ্ণদাসের পতনের কথা উল্লেখ করিয়া বলিলেন, এ বাড়ি আমাকে চাড়িয়া ভট্টমারিদিগের সঙ্গে মিশিয়াছিল, অনেক কষ্টে উদ্ধার করিয়া আনিয়াছি। এক্ষণে আমি আর দারী নহি, উহাকে আমি বিদায় করিলাম। ইহা শুনিয়া দরিদ্র ব্রাহ্মণ কাঁদিয়া আকুল হইল। কৃষ্ণদাস নিত্যানন্দের পরিচিত লোক, তিনি গদাধর মুকুন্দ প্রভৃতির সঙ্গে পরামর্শ করিয়া তাহাকে আশ্বাস দিয়া কহিলেন তুমি থাক, নিরাশ হইও না, প্রভুর পৌছাসংবাদ দিবার জন্য তোমাকে শান্তিপুর ও নবদ্বীপে পাঠান যাইবে। পরে গৌরের মন্ত লইয়া তাহাকে গৌড়দেশে পাঠান হয়।

কৃষ্ণদাস নবদ্বীপে আসিয়া শচীমাতা এবং ভক্তবৃন্দকে চৈতন্যের নীলাচলপ্রত্যাগমন-বার্তা প্রদান করিল, অদৈতের নিকটও সংবাদ প্রেরিত হইল। শ্রীধর, কুলীনগ্রাম, শান্তিপুর, নবদ্বীপবাসী বৈষ্ণবগণ আনন্দের সহিত শ্রীক্ষেত্রে যাইবার জন্য আয়োজন করিতে লাগিলেন, মহা আনন্দধ্বনি উঠিল, আমিও এই সঙ্গে শ্রীক্ষেত্রে গিয়াছিলাম।

চৈতন্য প্রভু নীলাদ্রি গমন করিলে আমরা তাঁহার বিরহে এবার তাদৃশ খিদ্যমান বা ত্রিয়মাণ হই নাই । কেন না, তিনি বিদায়কালে যে বলিয়াছিলেন, তোমরা হরিকে ভজনা কর, তাহা হইলে আমাকে সর্বদা নিকটে পাইবে, যেখানে হরিভক্তি আমি সেইখানে জানিবে, বাস্তবিক এ কথা অর্থ আমরা অহুভব করিয়াছিলাম । হরিভক্তি এবং হরিভক্ত এক স্থানেই অবস্থিতি করেন । আমরা সঙ্কীৰ্তনের মধ্যে গৌরের প্রেমময় ছবি দেখিতে পাইতাম । তাঁহার উজ্জল দৃষ্টান্ত আমাদের সাধন ভজন কীর্তনকে পোষণ করিয়াছিল । কেহ কেহ সন্ন্যাসী হইয়া বাহির হইয়াও যান । পুরুষোত্তম পরে যিনি দামোদর নাম ধারণ করিয়া নীলাচলে ভক্তসমাজে গৌরপ্রিয় হইয়া অবস্থিতি কবেন, তিনি গৌরসন্ন্যাসের কিছুকাল পরে কানীধামে গিয়া দণ্ড গ্রহণ করত তথায় বেদ বেদান্ত পাঠ করিয়া মহা পণ্ডিত হন । কিন্তু তাঁহার পাণ্ডিত্য ভক্তিভূমির উপর স্থাপিত হইয়াছিল । দামোদর সময়বিশেষে চৈতন্যকেও উপদেশ দিতেন, এই জন্য তিনি স্পষ্টবক্তা বলিয়া পরিগণিত ছিলেন । সন্ন্যাসী পরমানন্দপুরী নবদ্বীপ হইতে অগ্রে গিয়া চৈতন্যকে গৌড়ভক্তগণের আগমনবার্তা অবগত করেন ।

এক দিন ভক্তগণসঙ্গে চৈতন্য বসিয়া আছেন, এমন সময় গোবিন্দ নামক ঈশ্বরপুরীর ভৃত্য নিকটে উপস্থিত হইয়া প্রণামপূর্বক বলিল, পুরী গোনাঞী সিদ্ধি লাভ করিয়াছেন, তিনি আপনার চরণ সেবার জন্য আমাকে পাঠাইলেন, তাই আমি আসিয়াছি । সার্কভৌম প্রভুকে হিজ্ঞাসা করিলেন, পুরী গোনাঞী শূদ্র ভৃত্য কেমন করিয়া রাখিতেন ? শচীনন্দন বলিলেন, ঈশ্বরের রূপা বেদের অধীন নয়, তাঁহার রূপার ভক্ত জাতি কুল মানে না, সন্ত্রমাকাঙ্ক্ষা হইতে স্নেহদান কোটি গুণে সুখকর ; এই বলিয়া তিনি সসম্মে গোবিন্দকে আলিঙ্গন করিলেন । গুরুদেবের ভৃত্য বলিয়া প্রথমে তাহাকে সেবার নিযুক্ত করিতে তিনি কুঞ্জিত হন, পরে গুরু আজ্ঞা শিরোধার্য করিলেন । গোবিন্দ এক জন ভক্তভৃত্য । ব্রহ্মানন্দ ভারতী নামক জনৈক নিরাকারবাদী ব্রহ্মচারী এই স্থানে আসিয়া চৈতন্যপ্রভাবে ভক্তিপথ অবলম্বন করেন, ব্যাঘ্র-চৰ্ম্ম ত্যাগ করিয়া কৌপীন বহির্বাস করেন । তাঁহার ভক্তি দেখিয়া প্রভু

এক দিন বলিলেন, তুমি হরিকে সৰ্ব্বত্র দেখিতে পাও। সার্কর্ভৌম চৈতন্যকে লক্ষ্য করিয়া ভারতীকে কহিলেন “ইহাঁর রূপাতে ইহাঁর দর্শন হয়।” চৈতন্য বিষ্ণু! বিষ্ণু! করিয়া উঠিলেন এবং ভট্টাচার্য্যাকে স্পষ্টই বলিলেন; “অতিস্তুতি নিন্দায় পরিণত হয়।” প্রবল বন্যার কালে যেমন উচ্চ ভূমিতে শত শত নদী বহিয়া যায়, গৌরপ্রেম-বন্যায় তেমনি শত শত ভক্ত সে সময় চারিদিকে জন্মিয়াছিলেন। তাঁহাদের বিশেষ আশা ও আঞ্জ্ঞাদের বিষয় এই ছিল যে, সকলে মনে করিতেন আমরা স্বয়ং ভগবান্কে লইয়া বিহার করিতেছি। মনুষ্যকে ঈশ্বর বলিয়া বিশ্বাস করাতে যে কত সুখ শাস্তি আনন্দ তাহা বর্তমান কালের শিক্ষিত লোকেরা বুঝিতে পারেন না। স্বর্গের ঈশ্বরকে স্থানে পাইলে কে আর তাহা পরিভ্যাগ করে? অতি সহজে ধরিতে এবং স্পর্শ করিতে পারা যায়, চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন হয়, জন্মের আশা ব্যাকুলতার নিবৃত্তি হয়, এমন সুবিধা ত্যাগ করিয়া যোগ তপস্যাদি লোকে কেনই বা করিবে? এই জন্য চৈতন্যের পুনঃ পুনঃ প্রতিবাদ সত্ত্বেও অদ্বৈত সার্কর্ভৌম প্রভৃতি বিজ্ঞ ভক্তগণও তাঁহাকে স্বয়ং ভগবান্ বলিয়া বিশ্বাস করিতেন; সুতরাং অনিচ্ছার সহিত দশচক্রে পতিত হইয়া তাঁহাকে ভগবান্ হইতে হইয়াছিল। ভক্ত বৈষ্ণবগণ পরস্পরসম্বন্ধেও অতি উচ্চ ভাব পোষণ করিতেন। কারণ তাঁহাদের সংকার ছিল যে প্রত্যেকেই নিত্যসিদ্ধ জীবের অবতারণা। এই বিশ্বাস হেতু বহু লোক ভক্তিপথ আশ্রয় করে।

এক দিন সার্কর্ভৌম অতি সঙ্কুচিতভাবে সভয় অন্তঃকরণে চৈতন্যকে নিবেদন করিলেন, প্রতাপরুদ্র রাজা আপনার সঙ্গে সাক্ষাৎ করিবার জন্য অতিশয় উৎকণ্ঠিত হইয়াছেন। এ কথায় তিনি কাণে হাত দিয়া নারায়ণঃ স্বরণপূর্বক কহিলেন, সার্কর্ভৌম! কেন এরূপ অযোগ্য কথা তুমি বলিতেছ? আমি সন্ন্যাসী, আমার পক্ষে রাজদর্শন স্ত্রীদর্শন তুল্য বিষতক্ষণ। ভট্টাচার্য্য বলিলেন তিনি জগন্নাথের সেবক এবং ভক্তোত্তম। চৈতন্য বলিলেন তথাপি রাজা কালসর্প সদৃশ। দারুপুত্তলিকাসংস্পর্শেও চিকিৎসিকার উপস্থিত হয়। এরূপ কথা পুনরায় বলিলে আর আমাকে তুমি এখানে দেখিতে পাইবে না। সার্কর্ভৌম ভয় পাইয়া গৃহে গমন করিলেন এবং কি করিবেন

তদ্বিবরে চিন্তায় মগ্ন রহিলেন। এই সময় রামানন্দের সঙ্গে প্রতাপরুদ্র জগন্নাথদর্শনে নীলাচলে আগমন করেন। চৈতন্য রামানন্দের নিকটেও রাজার ভক্তি অনুরাগ বৈরাগ্যের কথা সমস্ত শুনিলেন। ও দিকে রাজা সার্বভৌমের মুখে গৌরচন্দ্রের দৃঢ় প্রতিজ্ঞার কথা শ্রবণে বহু বেদ করত বলিতে লাগিলেন, তাঁহার দেখা না পাইলে আমি এ প্রাণ আর রাখিব না, রাজা ধন মানে আমার কি প্রয়োজন? ভট্টাচার্য্য তাঁহাকে বুঝাইয়া বলিলেন, রথ যাত্রার দিনে সঙ্কীর্ণনের পর প্রভু যখন একাকী বিশ্রাম করিবেন তখন তুমি দীনবেশে তাঁহার চরণ ধারণ করিও, প্রভু তোমাকে বৈষ্ণব জ্ঞানে প্রেমাবেশে আলিঙ্গন দান করিবেন। তচ্ছ্রু বণে রাজা কথঞ্চিৎ আশ্বস্ত হইয়া গৃহে চলিয়া গেলেন এবং সেই দিনের জন্য প্রতীক্ষা করিয়া রহিলেন।

চৈতন্য ভক্তসঙ্গে বিহার করিতে করিতে বিরহজ্বালায় অস্থির হইয়া এই সময় এক দিন আলালনাথে পলাইয়া যান। পরে গোড়ের বৈষ্ণবগণ শ্রীক্ষেত্রে আনিতেন এই সংবাদ পাইয়া সার্বভৌম তাঁহাকে পুরীতে আনয়ন করিলেন। বঙ্গদেশের দুই শত ভক্ত বৈষ্ণব বহু লোক জন সঙ্গে লইয়া ক্রমে সমুদ্রতটে গিয়া উপনীত হইলেন। পথে চলিবার সময় সমস্ত দিন রাত্রি সঙ্কীর্ণন আর সদালাপ ইহা ভিন্ন অন্য কথা ছিল না। একে ভক্তির উচ্ছ্বাস তাহার উপর গৌরদর্শনস্পৃহা বলবতী, উৎসাহে অগ্নিময় হইয়া ভক্তগণ নামসঙ্কীর্ণন করিতে করিতে পুরীর অভিমুখে চলিলেন। শুল্ক করতাল সহ হরিক্ষনির গভীর নিনাদে সাগরতট প্রতিধ্বনিত হইতে লাগিল। তৎকালে প্রতাপরুদ্র গৃহে থাকিয়া অষ্টালিকার ছাদে উপবেশন করত অদূরবর্তী সেই আশ্চর্য্য দৃশ্য দেখিতেছিলেন, এবং গোপীনাথ তাঁহাকে এক এক করিয়া প্রতি জনের পরিচয় দিয়া দিতেছিলেন। যাত্রিদল জগন্নাথ না দেখিয়া অগ্রে চৈতন্যের আশ্রমের দিকে চলিলেন। তাঁহাদের আগমনসংবাদ পাইয়া মহাপ্রভুও ভক্তসহ প্রত্যাগমনার্থ পথে বাহির হইলেন। পথিমধ্যে যে স্থানে উভয়ের মিলন হইল, সে স্থান উভয় পক্ষের গাত্রসংঘর্ষণে এবং পদদলনে আলেপ্তিত হইয়া গেল। প্রতি জনকে গৌরচন্দ্র

আলিঙ্গন দিয়া কুশল জিজ্ঞাসা করিলেন, সহস্বে প্রভ্যেককে মালা ও প্রসাদ বিতরণ করিলেন। কে কেমন আছেন, কি বৃত্তান্ত সমস্ত বিশেষ করিয়া প্রতি জনকে জিজ্ঞাসা করা হইল। অপরিচিত নবাগত ব্যক্তিদিগের সহিতও আলাপ পরিচয় হইল। বাসুদেব দত্তকে তীর্থ হইতে আনীত সেই পুস্তক ছই ধানি প্রভু দেখাইলেন, পরে হাতে হাতে অমূল্যিপি দ্বারা ক্রমে তাহা বুদ্ধি হইয়া যায়। দলের মধ্যে হরিদাসকে না দেখিয়া চৈতন্য কিছু দুঃখিত হইলেন। বুদ্ধ হরিদাস দীনভাবে পথপ্রান্তে পড়িয়া রহিয়াছেন, অস্পৃশ্য যবনজাতি কেমন করিয়া সাধুস্পর্শ করিব এই কেবল তাঁহার আশঙ্কা। অপর সকলের স্নানাহারের আরোজন করিয়া দিয়া গোসাঞী নিজেই হরিদাসকে আনিতে গেলেন। তখন রাজা প্রতাপরুদ্রের ধন জন ঐশ্বর্য্য সমস্ত যেন তাঁহার করতলস্থ। রাজার আদেশ আছে, ইঙ্গিতমাত্র যাবতীয় বস্তুর আরোজন করিয়া দিবে। সেই বনচারী দণ্ডধারী পথের ভিখারী গৌরাজ এখানে রাজার রাজা হইয়া বাসিয়া আছেন। বৈরাগ্যের যে কি মহোচ্চ অধিকার তাহা আমরা এই স্থলে স্পষ্ট দেখিতে পাইয়াছি। অনন্ত ঐশ্বর্য্যের স্বামী ভগবানের চরণাশ্রয় করিলে পৃথিবীর যাবতীয় ধন সম্পদ তাঁহার পদচূষনের জন্য আপনা হইতে গিয়া উপস্থিত হয়। মহাপ্রতাপাধিত রাজস্রবর্গ সর্বত্যাগী বৈরাগীর কৃপাকটাক লাভ করিতে পারিলে আপনাদিগকে কৃতকৃতার্থ বোধ করে। চৈতন্যদেব হরিদাসের জগ্ন রাজকর্মচারী হইতে স্বীয় বাসস্থানের নিকটে একটি ক্ষুদ্র পুষ্পোদ্যান এবং তদাধ্যাক্ষিত এক কুটার চাহিয়া লইলেন। গৃহিণী হরিদাস তৃণশুচ দস্তে করিয়া ভূতলে পড়িয়া আছেন, কিছুতেই আর প্রভুর নিকট আসিতে চাহেন না। আমি নরাধম অস্পর্শীয়, এই বলিয়া বার বার কৃতজ্ঞলিপুটে মিনতি করিতে লাগিলেন। চৈতন্য বলিলেন, তোমার স্পর্শে আমি পবিত্র হইব, তুমি পরম পবিত্র যোগী, বেদ এবং তপস্বী। অতঃপর তাহাকে ঐ কুটারে বাসা দিয়া প্রভু নিজভৃত্য গোবিন্দের দ্বারা প্রতি দিন প্রসাদ পাঠাইতেন। অত্যাশ্র বন্ধুগণের সঙ্গে আলাপের সময় আমার প্রতিও দয়াল গৌরাজ একবার করুণা কটাক্ষপাত করিয়াছিলেন। সে দৃষ্টি কি হৃদয়ানন্দকর! হরিগত প্রাণ ভক্তের অপাস্তভঙ্গীতেই সমস্তপরিচি

দীনজনের প্রাণ শীতল হয় । শ্রীগৌরদেবের প্রেমবিগলিত কমলময়ন স্বাস্থ্য-বিকট পাপদন্ধ তপস্যাাদিগের পরম শাস্তির আলয় ছিল । বাহার দৃষ্টি হরিপদ-দারবিন্দে সদাকাল নিবন্ধ তাঁহার একবারের সন্নেহ প্রেমদৃষ্টি আমার ন্যায় পাপীর পক্ষে যথেষ্ট বলিতে হইবে । পরে আমরা সকলে সমুজ্জ্বল হইয়া ত্তোজনে বসিলাম, মহাপ্রভু নিজহস্তে পরিবেশন করিতে লাগিলেন । এক এক পাতে তিন তিন জনের ভোজ্য সামগ্রী দিলেন; হৃদয় যেমন প্রসন্ন, হস্তও তেমনি দরাজ । তাঁহার হাতের গুণেই জগন্নাথের প্রসাদ খাইতে ভাল লাগিল, নতুবা তাহাতে তৃপ্তিবোধ হইবার সম্ভাবনা ছিল না । সকলে হাত তুলিয়া বসিয়া রহিলেন, গুরুদেবের সেবা নী হইলে কেহ মসিতে পারেন না, প্রভু তাহা বুঝিয়া আপনিও তৎসঙ্গে ভোজন করিলেন । আহ্নারের সঙ্গে সঙ্গে উৎসাহকর হরিধ্বনি আকাশ ভেদ করিতে লাগিল । আমরা বে সময় পুরীতে গিয়া পৌঁছিলাম তাহার পূর্বেই চৈতন্যের সঙ্গে আরম্ভ করেক জন দণ্ডী সন্ন্যাসী একত্রিত হইয়া জাতিবিনাশের কার্য্য অনেক দূর অগ্রণর করিয়া রাখিয়াছিলেন । হরিধ্বনি কেবল নিজের বিনয়গুণে পংক্তিভোজনে সে দিন বসেন নাই, নতুবা মহাপ্রভুর তাহাতে সম্পূর্ণ ইচ্ছা ছিল । কিন্তু ইহঁার জাতিনাশচেষ্টা স্নেহাচার কিম্বা অসার সামাজিক ব্যবহার নহে, ব্রাহ্মতাবমূলক এবং সম্পূর্ণ ধর্ম্মানুগত । আমি একে ব্রাহ্মণ তাহাতে কুলীনের ঘরের মুখ, প্রথমে কিছু দিন পর্য্যন্ত যার তার হাতে অন্ন খাইতে রুচি হইত না । আরও অনেক গুলি ব্রাহ্মণ ছিলেন তাঁহারাও এ বিষয়ে তত অনুরাগী ছিলেন না । কিন্তু গৌরপ্রেমের স্রোতে পড়িয়া সে সব স্বর্ণা অভিমান ক্রমে লোপ হইয়া গেল । তিনি স্বয়ং যাহা করিতেছেন আমরা কি আর তাহার বিরুদ্ধাচরণ করিতে পারি ? তবে শেষটা বড় রাড়াবাড়ি হইল উত্তীর্ণাছিল । সন্দের ছুত্যাগ পর্য্যন্ত একত্র খাইত এবং পরস্পরের মুখে ভাত তুলিয়া দিত । সামান্য জাতির লোকেরা ব্রাহ্মণকে স্বহস্তে অন্ন খাওয়াইতে পারিলে যেন আপনাদিগকে কৃতার্থ মনে করে, কিন্তু সে কেবল শ্রেষ্ঠ জাতির মধ্যে গণ্য হইবার ইচ্ছা ভিন্ন আর কিছুই নহে । গৌর-চন্দ্রেই অধানে ছত্রিশ জাতির মধ্যে অন্ন প্রচলিত করেন এ কথা আমি আরও কোন্ কোন্ ব্যক্তির মুখে শুনিয়াছি । কেহ কেহ বলেন ইহঁার পূর্বে

বৃদ্ধদেবের সময় এই প্রথা প্রচলিত হয়। কিন্তু তাহা হইলে কেবল পুরীর সীমায় কেন টহা বন্ধ থাকিবে? চৈতন্যের সময় হইতে শ্রীক্ষেত্র বিশেষরূপে বাদ্রালীদেবের নিকট পরিচিত হইয়াছে। এবং যথেষ্ট সম্ভব যে তাঁহারই প্রেমভক্তির তরঙ্গাঘাতে জাত্যভিমানের বন্ধুরতা সমতল হইয়া গিয়াছে। বৌদ্ধদিগের বিচার তর্ক এ পক্ষে অলুকুল বটে, কিন্তু তদ্বারা এককালে সাধারণ জাতীয় প্রথার উচ্ছেদ হওয়া সম্ভব নহে, তবে বলিতে পারি না, কিন্তু গৌরের মত্ততার ধর্ম যে জাতিনাশের এক প্রধান কারণ হইয়াছিল তাহা আমি জানি।

অনন্তর সন্ধ্যাকালে আরতির সময় মহা সমারোহের সহিত সঙ্কীর্তন আরম্ভ হইল। তাহা দেখিয়া রাজা এবং উৎকলবাসিগণ মোহিত হইয়া গেলেন। সে দেশে ইহার পূর্বে কেহ আর এ প্রকার প্রণালীতে কীর্তন করে নাই। প্রতিসন্ধ্যাতে কীর্তনানন্দ হইত, আর তাহার মধ্যে মিশিবার জন্য রাজার মন হাকুলি বিকুলি করিয়া উঠিত। ভক্তদলে প্রবেশের জন্য তিনি কত সাধ্য সাধনা করিলেন, কিছুতেই গৌরাদেবের অভিমত হইল না। রাজার আর্তনাদ ও বিলাপপূর্ণ ছই তিন খানি পত্র নিত্যানন্দাদি ভক্তগণ দোষিয়া তদ্বিষয়ে শ্রুতকে অনুরোধ করিতে সঙ্কল্প করিলেন। কিন্তু হঠাৎ সে কথা সাহস করিয়া কেহ তাঁহাকে বলিতে পারিলেন না। আভাসে তাঁহাদের মনের ভাব বুঝিতে পারিয়া চৈতন্য বলিলেন, “দামোদর এ বিষয়ে কি বলেন?” তিনি বলিলেন, “উভয়েরই যখন প্রেমাকর্ষণ হইয়াছে তখন আপনিই শেষে তুমি গিয়া মিলিবে, আমি আর কি বিধান দিব?” নিতাইয়ের অনেক অনুরোধে রাজাকে এক খণ্ড বহির্কাস দেওয়া হইল, রাজা তাহাতেই অতুল আনন্দ লাভ করিলেন। অবশেষে রামানন্দ অনেক উপরোধ অনুরোধ করিতে এই পর্যন্ত হইল যে রাজার পুত্রকে তিনি দেখা দিবেন এই অঙ্গীকার করিলেন। যদিও রাজা অতি সংলোক এবং একজন হরিভক্ত, তথাপি রাজা নাম থাকাতেই সাধুদর্শনে তাঁহাকে বঞ্চিত থাকিতে হইল। চৈতন্য বলিলেন, শুভ্র বস্ত্রে এক বিন্দু মসী, এবং এক কলসী ছুঁকে এক বিন্দু সুরা পড়িলে যেমন হয়, সন্ন্যাসীর পক্ষে এ সব তেমনি জানিবে; অন্ন ছিদ্র পাইলে লোকে তাহাই অগ্রে ঘোষণা করে। অতএব “আম্মা বৈ জায়তে

শুভ্রঃ" রাজশুভ্রকে আমার নিকট আসিতে বল । কিশোরবয়স্ক সুন্দর রাজ-  
তনয়কে দেখিয়া তাঁহার অপূৰ্ণ ভাবোদয় হইল । তাঁহাকে আলিঙ্গন দানে  
কুণ্ঠাৰ্ধ করিলেন । ইহাতে রাজাও কতক পরিমাণে সন্তুষ্ট হন ।

চৈতন্য পুরীধামে এক এক দিন এক একটি নূতন উৎসব আরম্ভ  
করিলেন । এক্ষণে জগন্নাথের সেবা উৎসব সমস্ত তাঁহার ইচ্ছামত হইতে  
লাগিল । এক দিন শশিষ্য শত শত সম্ভার্জুনী ও জলপূর্ণ ঘট লইয়া জগ-  
ন্নাথের মন্দির পরিষ্কার করিয়াছিলেন । - কোন গোড়ীয় বৈষ্ণব মন্দিরমধ্যে  
সেই ব্যস্ততার ভিতর তাঁহার পায়ে জল ঢালিয়া দেয় তাহাতে তিনি মহা  
বিরক্ত হন । মন্দির ধৌত করিয়া হরিদাসের আশ্রমে সে দিন সকলে  
ভোজন করিলেন । একত্র ভোজন করিবার জন্য হরিদাসকে প্রভু বার বার  
ডাকিলেন, কিন্তু তিনি কিছুতেই সম্মত হইলেন না, নিতান্ত কাতর এবং  
কুণ্ঠিত দেখিয়া শেষে আর তাঁহাকে সে জন্য অহুরোধ করা হইল না ।  
আহারের সময় গোরের পাতে জগদানন্দ নানা কৌশল করিয়া ভাল ভাল  
দ্রব্য ফেলিয়া দেন, তদর্শনে প্রভুর মনে লজ্জা ও রাগ হয় । পাছে জগদানন্দ  
অভিমান উপবাস করে সেই ভয়ে তিনি কিছু কিছু খাইতেও কাধ্য হই-  
লেন । ভালবাসার নানা অবস্থা, বিচিত্র ক্রিয়া হর্ষাদের মধ্যে দৃষ্টিগোচর  
হইত । এ বৎসর রথযাত্রার দিনে অতিশয় সমারোহ হইয়াছিল । চৈতন্য  
ভক্তসঙ্গে দলে দলে বিভক্ত হইয়া সঙ্কীৰ্তন করিয়া লোকদিগকে মত্ত করিয়া  
তুলিয়াছিলেন । রথের অগ্রে রাজা প্রতাপরুদ্র স্বর্ণসম্ভার্জুনী এবং সচন্দন  
মলিল দ্বারা পথ পরিষ্কার করিতেছেন, তাহা দর্শন করিয়া তাঁহার প্রতি  
চৈতন্যের প্রেম সঞ্চারিত হইল । তখন উৎকলবাসীরা কীৰ্তন করিতে  
জানিত না, পরে বাঙ্গালীদের নিকট শিক্ষা করিয়াছে । বঙ্গদেশের এক এক  
স্থানের বৈষ্ণবেরা এক একটি স্বতন্ত্র দল হইয়া সাত দশ গায়ক চতুর্দশ মুদ্রক  
সহ হরিসঙ্কীৰ্তন করেন, গৌর সকল দলেই এক একবার যোগ দিয়া গান ও  
নৃত্য করিয়াছিলেন । এমনি তাঁহার প্রেমের উজ্জ্বল প্রভাব, বোধ হইতে  
লাগিল যেন তিনি এক সময়েই সাত দলে নাচিতেছেন । অবশেষে সাত  
দল একত্রিত করিয়া মহা উদ্যমের সহিত গৌরানু নৃত্য আরম্ভ করিলেন ।  
মহাতারঙ্গী ভক্তির অত্যন্ত অষ্ট সাত্বিক বিকার তাঁহার শ্রীমুখে দর্শন



করিয়া লোকসকল মোহিত ও বিস্মিত হইয়া গেল। ভাবাবেশে মুচ্ছিত হইয়া তিনি বারম্বার ধরাশায়ী হইতে লাগিলেন, যেন সোণার পর্কত ধূলায় নুটাইতে লাগিল। তাঁহাকে ধরিয়া তুলিবার জন্য নিতাই ক্রমাগত হস্ত প্রসারণ করিয়া রহিলেন। এই উন্মত্ততা, তথাপি রাজা একবার যাই তাঁহার অঙ্গস্পর্শ করিয়া ধরিয়া তুলিতে গিয়াছেন, অমনি চৈতন্ত্যোদয় হইয়াছে। রাজাকে নিকটে দেখিয়া আর কিছু বলিলেন না, কিন্তু “ছি! ছি! বিষয়ীর অঙ্গস্পর্শ হইল” এই মনে করিয়া দুঃখ প্রকাশ করিলেন। তাহা শুনিয়া রাজার মনে ভয় হইল, পরে সার্বভৌমের প্রবোধ বাক্যে তিনি সাস্ত্য লাভ করিলেন। রথান্ত্রে মহাপ্রভুর নৃত্য এবং কীর্তন একটি অদ্ভুত ব্যাপার। তাঁহার রোমহর্ষণ, কেনউদাসীরণ, দন্তদর্ষণ, অশ্রুদর্ষণ, হস্ত পদ সঞ্চালন ইত্যাদি একটি আশ্চর্য্য দৃশ্য। বহুক্ষণ নৃত্য গীতের পর শ্রান্ত গলদর্শন হইয়া সমীপস্থ এক পুষ্পোদ্যানের বিশ্রামার্থ গমন করেন। উপবনের প্রত্যেক বৃক্ষমূলে ভক্তগণ উপবেশন করিলেন। কুমুদিত সুরমা পাদপশ্রেণীর মধ্যে ভক্তকুসুম বিকসিত হইয়া উদ্যানের রমণীয়তা পরিবর্দ্ধিত করিল। এই স্থানে রাজা প্রতাপরুদ্র দীন ভক্তবেশে যাবতীয় ভক্তগণের ইঙ্গিতক্রমে চৈতন্যের পদযুগল আলিঙ্গন করেন। ঠাকুর ভাবে প্রেমে বিভোর হইয়া মুদ্রিত নয়নে বসিয়া আছেন, চতুর্দিকে ভক্তমণ্ডলী, এমন সময় নরপতি প্রতাপরুদ্র তথায় উপস্থিত হইলেন। বৈষ্ণব জ্ঞানে রাজাকে তৎক্ষণাৎ তিনি আলিঙ্গন দান করিলেন। নৃপতির অমৃতায়মান প্রীতিপ্রদ বচনাবলী শ্রবণে গৌরের মন উল্লসিত হইল। পরে এই উপবনমধ্যে বৃক্ষছায়ায় বসিয়া সে দিন সকলে নানা রসযুক্ত প্রসাদাদি ভক্ষণ করেন। হরিসকীর্তনের যে কি ভয়ানক পরিশ্রম তাহা কেবল গৌর রায়ই জানিতেন, তথাপি তিনি শ্রান্ত ক্লান্ত ভক্তদিগকে নিজহস্তে পরিবেশন করিয়া ধাওয়াইলেন।

স্বরূপ দামোদরের মুখে চৈতন্ত্যপ্রভু ভাগবতব্যাখ্যা শুনিতে বড় ভাঙ্গ-বাসিতেন। একদা তিনি বৃন্দাবনের বিশুদ্ধ প্রেমদীলা বিবরে এই শ্লোকটি ব্যাখ্যা করেন। “এবং শশাঙ্কান্তুবিরাজিতা নিশাঃ, সসত্যকা-মোহনতাবলাগণঃ। সিবেব আশ্বন্যবক্ষুসৌরতঃ সর্বাঃ শরৎকান্যকথা

রসাত্ত্রয়াঃ ॥” এইরূপে সত্যকাম ভগবান্ এবং অম্বরক্কা অবলাপণ ইন্দ্রিয়-  
বিকার নিরোধ করিয়া শরৎকালীয় কাব্যরসাম্রিত বাক্য সেবনে লশাক-  
বিরাগিতা নিশা বাপন করিলেন । এইটি রাসলীলার শেষ এবং সারকথা ।

প্রায় এক বৎসর কাল এইরূপে শৌভ্রীয় ভক্তগণসঙ্গে নানা লীলা  
করিয়া এক দিন গৌরচন্দ্র অদ্বৈত এবং নিতাইকে বলিলেন, তোমরা  
বঙ্গদেশে গিয়া আচণ্ডালে হরিভক্তি বিতরণ কর, মধ্যে মধ্যে আমিও  
তথায় যাইব । শ্রীবাসের হাতে একখানি বস্ত্র এবং মহাপ্রসাদ দিয়া  
বলিলেন, জননীকে এই সকল দিয়া আমার প্রণাম জানাইবে এবং বলিবে  
যেন তিনি আমার অপরাধ ক্ষমা করেন, পাগল সম্ভানেদ্র দোষ মায়ে  
গ্রহণ করেন না । বন্ধুগণকে বিদায় দিবার কালে তিনি ক্রন্দন সম্বরণ  
করিতে পারিলেন না । কাঁচড়াপাড়াবাসী শিবানন্দ সেনকে বলিলেন,  
তুমি এই উদারচরিত্র বৈরাগী বাসুদেব দত্তের পরিবারের প্রতি দৃষ্টি  
রাখিও, কারণ ইনি পর দ্বিবসের জন্য কিছু সঞ্চয় করেন না । আর  
তুমি বর্ষে বর্ষে দেশের যাত্রী লইয়া রথযাত্রায় এখানে আসিবে । কুলীন-  
প্রাণের রামানন্দ ও সত্যরাজ খাঁ প্রণাম করিয়া বলিলেন, প্রভো ! গৃহী  
বিষয়ী লোক আমরা, আমাদিগকে কিরূপে সাধন ভজন করিতে হইবে ?  
গৌর অহুমতি করিলেন, তোমরা সাধুসেবা এবং হরিসঙ্কীর্ণন করিও,  
ইহাই পরম সাধন । সত্যরাজ বলিলেন, বৈষ্ণব চিনিব কিরূপে ?  
“বাহার মুখে একবার হরিনাম শুনিবে তাহাকেই বৈষ্ণব বলিয়া জানিও”  
তিনি এই আদেশ করিলেন । মুরারি গুপ্ত বলিলেন, জীবগণের দুর্গতি  
দেখিরা আমার হৃদয় বিদীর্ণ হয়, সকলের পাপস্তর আমাকে দিয়া স্তাছা-  
দিগকে আপনি উদ্ধার করুন । চৈতন্য এই কথায় বিগলিতহৃদয় হইয়া  
বলিলেন, ক্রমের ইচ্ছার সকলেই মুক্ত হইবে, কাহারো অস্ত্র তোমাকে নরক-  
ভোপ করিতে হইবে না, তিনিই সকলকে উদ্ধার করিবেন । এইরূপে একে  
একে বিদায় লইয়া সকলে দেশে চলিয়া গেলেন, আমি তথায় রহি-  
লাম । সঙ্গিগণ আমাকে ভয় দেখাইয়া তাড়না করিতে লাগিল । চৈতন্য  
আমার পানে চাহিয়া রেহভরে একটু মূহ হাস্য করিয়া বলিলেন,  
আচ্ছা তোমরা যাও, আমি উহাকে সবে লইয়া যাইব । আমি জগন্নাথের

প্রসাদ ভক্ষণ করিতাম, আর আমোদ আহ্লাদে দিবা নিশি প্রভুর আনন্দ-  
র সহবাসে কাল যাপন করিতাম। হরিদাস ঠাকুর, গদাধর, জগদানন্দ  
প্রভৃতি আরও কয়েক জন প্রভুর সঙ্গে রহিয়া গেলেন।

বঙ্গদেশের বৈষ্ণবগণ রিদায় হইলে সার্বভৌম অবসর পাইয়া গোসা-  
ঞীকে পাঁচ দিন ষটা করিয়া নিজবাটীতে নিব্রজ্য খাওয়ান। তাঁহার এক পৃহ-  
পালিত কুলীন জামাতা ছিল, তাহার ষাইটী স্ত্রী, সে বড় নিশ্চক স্বভাবের  
লোক। ভোজনের সময় পাছে প্রভুকে সে কোন মন্দ কথা বলে এই জন্য  
ভট্টাচার্য্য স্বয়ং লাঠি হাতে করিয়া ধারে বসিয়া রহিলেন। উহারই মধ্যে  
যাই একটু স্লষণ পাইয়াছে, অমনি সে ঘরে প্রবেশ করিয়া বলিতে লাগিল,  
“দশ জনের খাদ্য একজন সন্ন্যাসী খাইতেছে?” ভট্টাচার্য্য তৎক্ষণাৎ  
তাহাকে লাঠি লইয়া তাড়া করিলেন, তাঁহার গৃহিণী শাঠীর মাতা বন্ধে করা-  
ঘাত করিয়া “ওরে তোর ষাইটী স্ত্রী বিধবা হউকরে” এই বলিয়া গালি  
পাড়িতে লাগিলেন। গৃহজামাতার মান্য সকল কালেই সমান। আমি এ  
সকল ব্যাপার দেখিয়া কিছুতেই আর হাস্য সম্বরণ করিতে পারিলাম না।  
ভট্টাচার্য্য মহাশয়ের ক্রোধাঙ্কলন, তাঁহার ব্রাহ্মণীর আর্তনাদ ক্রন্দন,  
জামাই বাবুর উর্দ্ধ্বাসে প্রস্থান এ সমস্ত অতিশয় কৌতুকজনক। অনন্তর  
চৈতন্য মিষ্ট বাক্যে উভয়কে সান্ত্বনা প্রদান করেন, তবে সে বিবাদ মীমাংসা  
হয়। ভট্টাচার্য্যের অত্যন্ত রাগ হইয়াছিল, কিছুতেই আর তাঁহার ক্রোধ নিবৃত্ত  
হইল না; ব্রাহ্মণীকে বলিলেন শাঠীকে বল, তাহার স্বামী পতিত হইয়াছে,  
তাহাকে যেন সে আর গ্রহণ না করে! জামাতাটি বিধিমতে বিড়ম্বিত ও  
লাঞ্ছিত হইয়া শেষে শাস্ত শিষ্ট হয় এবং গৌরের পথ অনুসরণ করে।

দেখিতে দেখিতে আবার বৎসর ফুরিয়া আসিল, নিতাই অর্ধৈত সকলে  
রথ দেখিতে আসিলেন। পুনর্ব্বার তাঁহাদের সঙ্গে পূর্ব্ববৎ নৃত্য কীর্ত্তন  
হইল। এবার শিবানন্দ, অর্ধৈত, শ্রীবাসাদির পরিবারেরাও আসিয়া-  
ছিলেন। ভক্তসহবাসে কয়েক মাস পান ভোজন নৃত্য কীর্ত্তন মধোৎসব  
ইত্যাদি আমোদে পরম সুখে সকলে অবস্থান করিতেন। চৈতন্য এ  
অবস্থাতেও মধ্যে মধ্যে বন্ধুবর্গের সঙ্গে জলে সাঁতার খেলিতেন। জল-  
কেলী ভক্তিপথের অঙ্গরূপ ক্রীড়া। প্রেম ভক্তিরদে সস্তরণ এবং

ক্রীড়া উভয়ের মধ্যে সাদৃশ্য আছে । দেশে বিদায় দিবার সময় প্রভু নিত্য্য-  
নন্দের হাতে ধরিয়া বিনয়পূর্বক বলিলেন, প্রতি বৎসর তোমার এখানে  
আসিলে চলিবে না, দেশে থাকিয়া আমার ইচ্ছা সফল করিবে, তুমি তির  
আমার কার্য্য করে সেখানে এমন কেহ নাই । কুলীনগ্রামবাসীরা পূর্বের  
ন্যায় বৈষ্ণবের লক্ষণ কিরূপ জানিতে ইচ্ছুক হওয়ার পুনরায় গৌর হাসিয়া  
বলিলেন, “বাহার দর্শনে মুখে হরিনাম আইসে তাহাকেই বৈষ্ণব বলিয়া  
জান ।” এ বড় সহজ লক্ষণ নয় । এইরূপে চাপ্লি বৎসর কাল গৌরচন্দ্র  
এখানে রহিলেন, তীর্থ ভ্রমণে দুই বৎসর গত হয় । তদনন্তর বৃন্দাবন গম-  
নের জন্য প্রস্তুত হইলেন ।



## বন্দাবনযাত্রা এবং গৌড়দর্শন ।

গৌড়দেশ হইয়া বন্দাবন যাইবেন মনে করিয়া পুৰীধাম পরিত্যাগ করত চৈতন্য প্রভু প্রথমে কটকে আসিয়া উপস্থিত হন। তথায় রাজা প্রতাপরুদ্র মহাবীর সহ তাঁহার চরণ বন্দনা করেন এবং বিশেষরূপে তাঁহার প্রসাদ লাভ করিয়া কৃতার্থ হইন। রামানন্দ রায় রাজার এক জন প্রধান কৰ্মচারী ছিলেন; রাজা বহু সমাদরে তাঁহাকে এবং অন্য লোক জন সঙ্গে দিয়া গোসাঞীকে বন্দাবন পাঠাইয়া দিলেন, আমরা কয়েক জন সঙ্গে চলিয়া আসিলাম, কেহ কেহ পুৰীতেও রহিলেন। প্রভু কিছু দূর গিয়া রাজার লোক জন সমস্ত বিদায় দিলেন, কেবল রাজকৰ্মচারী একজন মহাপাত্র সঙ্গে রহিল। পথের মধ্যে একস্থানে এক ছুট্ট ববনের অধিকাব ছিল। তাহার সীমায় পৌঁছিয়া উক্ত মহাপাত্র তাহাকে আহ্বান করিলেন। সে ব্যক্তি গৌরাক্ষের ঐশ্বর্য বীর্য দেখিয়া মুগ্ধ হওত নৌকা সংগ্রহ পূৰ্বক নিজের লোক সঙ্গে দিয়া তাঁহাকে বঙ্গদেশে প্রেরণ করিল। আপনিও কতক দূর পর্যন্ত আসিয়াছিল। প্রথমে মহাপ্রভু পাণিহাটা গ্রামে সার্কভৌমের ভ্রাতা বিদ্যাবাচস্পতির গৃহে আসিয়া উপস্থিত হন। মনে ইচ্ছা ছিল এইখানে কয়েক দিন নিৰ্জনে থাকিয়া গঙ্গাস্নান করিবেন, কিন্তু লোক-পরম্পরায় তাঁহার স্বদেশপুনরাগমনবার্তা অল্প কাল মধ্যে চারিদিকে এমনি বিস্তার হইয়া পড়িল যে, নিৰ্জনতা আর রহিল না। নবদ্বীপ শাস্তি-পুর সকল স্থানেই সংবাদ গেল। গৌরদর্শনের জন্য আপামর সাধারণ স্ত্রী উৰ্দ্ধ্বশালে দৌড়িতে লাগিল, মহা হরিক্ষনিতে গ্রাম পরিপূর্ণ হইল, লোকের ব্যাকুলতা আঁর্ষি দেখিয়া বাচস্পতি কি করিবেন ঠিক করিতে পারিলেন না, পাণিহাটা গ্রাম লোকে লোকারণ্য হইল। লোকদিগের জনতা দেখিয়া দীনের বন্ধু গৌরচন্দ্র আর ঘরে লুকাইয়া থাকিতে পারিলেন না। তথাপি স্বাক্ষিগণ তাঁহাকে ছাড়িয়া ঘরে বাইতে চাহে না, বিষম সমারোহ হইয়া

উঠিল ইহা দেখিয়া তিনি তথা হইতে রাত্রিযোগে প্রস্থান করিলেন এবং কুমার-  
হটে (হালিসহর) আসিলেন । লোকের আর বিশ্রাম নাই, এক দল যাইতেছে  
আবার দলে দলে আসিতেছে । চৈতন্য সেই গোলযোগের মধ্যে প্রস্থান  
করিয়াছেন, বাচস্পতি তাঁহাকে না দেখিয়া কঁাদিতে লাগিলেন, লোকেরা  
মিরাশ হইয়া পড়িল । তাহারা বাচস্পতিকে বলে, “ঐ ব্রাহ্মণ প্রভুকে  
কোথায় লুকাইয়া রাখিয়া ভান করিতেছে । উনি আপনি উদ্ধার হইবেন  
কেবল এই চেষ্টা !” সে ব্রাহ্মণ একে নিজের হুঃখে কঁাদিতেছে, তাহার উপর  
আবার ঐ সকল বাকাযন্ত্রণা । এমন সময় এক জন লোক আসিয়া সংবাদ দিল  
যে ঠাকুর কুলিয়া গ্রামে গিয়াছেন । শুনিবামাত্র সকলে তথায় দৌড়িল ।  
এদিকে চৈতন্য কুমারহট্ট হইতে কাঁচড়াপাড়ার শিবানন্দের সঙ্গে সাক্ষাৎ  
করিয়া এবং বাসুদেব দত্তের বাড়ী হইয়া কুলিয়াগ্রামে উপস্থিত হইলেন ।  
তথায় মাধব দাসের গৃহে সপ্তাহ কাল অবস্থিত করেন । এই স্থানে এখনও  
একটি বার্ষিক মেলা হইয়া থাকে । গৌরকে দেখিবার জন্য নবদ্বীপ অঞ্চলের  
অনেক লোক কুলিয়াগ্রামে আসিয়াছিল । ন্যায়শাস্ত্রের টীকাকার বাসুদেব  
সার্বভৌমকে চৈতন্য ভক্তিপথে আনিয়াছেন ইহা শুনিয়া নবদ্বীপের অধ্যাপক  
ছাত্র, পণ্ডিতেরা পর্য্যন্ত আশ্চর্য্যাব্বিত হন এবং কুলিয়াগ্রামে তাঁহাকে দেখিতে  
আসেন । ষত দিন নবদ্বীপে তিনি ছিলেন তত দিন তাঁহাদের নিজা ভক্ত হয়  
নাই, এক্ষণে বড় লোকের নামে চৈতন্যোদয় হইল । যেখানে গৌরচন্দ্র  
সেইখানে মহাজনকোলাহল । কুলিয়াগ্রামে বহুলোক সমবেত হইয়া চারি-  
দিকে সঙ্কীর্ণন আরম্ভ করিল ; তাহারা মাধবদাসের ঘর বাড়ী ভাঙ্গিয়া  
ফেলিতে লাগিল । প্রত্যেক দলের সঙ্গে গৌর একবার করিয়া নাচিলেন ।  
নানা স্থানে হাট বাজার বসিল, অদ্বৈত নিতাই প্রভৃতি শাস্ত্রিগুর ও নবদ্বী-  
পের ভক্তগণ তথায় আসিলেন ; লোকের সমারোহ, হরিনামের কোলাহল,  
ধর্ম্মের আন্দোলন দেখিয়া শুনিয়া চৈতন্যের আনন্দের আর সীমা রহিল না ।

এক ব্রাহ্মণ অহুতপ্ত হইয়া বলিল ঠাকুর ! আমি বৈষ্ণবের অনেক নিন্দা  
করিয়াছি ইহার প্রারম্ভিকবিধান কি হইবে ? ঠাকুর বলিলেন সেই পাপ  
ছাড়িয়া বিষ্ণুপূজা এবং ভক্তদিগের গুণ গান কর, ইগাই শ্রেষ্ঠ বিধি । পরে  
নবদ্বীপস্থ সেই ভাগবত পাঠক দেবানন্দ ভিক্ষাসা করিলেন, কিরূপে ভাগবত

পাঠ করিতে হয় তাহা আমাকে বলিয়া দিউন । প্রভু বলিলেন ভক্তি সর্বোপরি ইহাই কেবল বাপ্যা করিও । তদনন্তর তিনি শান্তিপুরে অদ্বৈত-ভবনে সচীদেবীর সঙ্গে সাক্ষাৎ করিয়া রামকেলী গ্রামে উপস্থিত হন ।

গঙ্গার ছই ধারের লোক শ্রোতের ন্যায় তাঁহার সঙ্গে সঙ্গে চলিতে লাগিল । কোন সময় যে তিনি নিরুজ্জনে বসিয়া একাকী আপনার হৃদয়স্থ দেহভঙ্গর সহবাসস্বখসন্তোষ করিবেন এমন অবসর ছিল না । যেখানে যান সেই খানেই সহস্র সহস্র লোক একত্রিত হয় । তাহা দর্শনে অবশ্য পৌরের মনে উল্লাস জন্মিত, কিন্তু সর্বদাই প্রজ্জলিত উৎসাহাগ্নির মধ্যে বাস করিতে হইত, বিশ্রামের সময় পাইতেন না । এক প্রকাণ্ড ধর্মবিধানশ্রোতে সমস্ত বঙ্গদেশ যেন তৎকালে ভাসিতেছিল; তাহার উপর নিতাই অদ্বৈত হরিনাম প্রচার দ্বারা ঐ সকল স্থানকে উজ্জ্বলিত করিয়া রাখিয়াছিলেন, স্মরণ্য চৈতন্যের পুনরাগমনে লোকের আনন্দোৎসাহ আরও পরিবর্দ্ধিত হইল । এই সময় পৃথিবীর অন্যান্য স্থানেও ধর্মসংস্কার আরম্ভ হয় । ইয়োয়রোপে স্যার্টিন লুথার খ্রীষ্টধর্মসংস্কারে প্রবৃত্ত হইয়া প্রটেস্ট্যান্ট ধর্মসম্প্রদায় স্থাপন করেন, এবং পঞ্জাবে গুরু নানক হরিতন্ত্রের শ্রোত খুলিয়া দেন । তাঁহার প্রেরিত্তি ধর্ম চৈতন্যের ধর্মের অনুরূপ । বাবা নানকের ভক্তিপ্রভাব অদ্যাপি সময়কুশল পরাক্রমশালী শিখ জাতির মধ্যে দৃষ্টিগোচর হয় । ঐক্যবধর্মের ন্যায় শিখধর্মের ইতিহাস অতি বিস্তীর্ণ, বিবিধ শাখা প্রশাখায় বিভক্ত এবং অতিশয় মনোহর । নানক এই পবিত্র হরিসঙ্কীর্তনকেই সার বলিয়া প্রচার করিয়া যান । তথায় সেই মহাবলশালী বীরধর্মাক্রান্ত শিখ-দিগের মধ্যে এখনও বিনয় ভক্তি নব্রতা এবং সাধুভক্তি দেখিয়া হৃদয় গলিয়া যায় । “সাধুসঙ্গ নানক বুধ পাই, হরিকীর্তন জাম্বাবার” শিখধর্মীর অদ্যাবধি এই ভজন গান করে ।

অন্তঃপর চৈতন্যদেব ভাগীরথীর শ্রোতের প্রতিকূলে তন্নদীযোগে বহু-দূরব্যাপী জনশ্রোতকে পশ্চাতে এবং পার্শ্বে লইয়া রামকেলী গ্রামে উপস্থিত হইলেন । এই স্থান পুণ্ড্রন রাজধানী গোড় নগরের নামান্তর মাত্র । এখানে অদ্যাপি বর্ষে বর্ষে ঐক্যবদিগের একটি প্রকাণ্ড মেলা বসিয়া থাকে । তৎকালে রামকেলী অতীব সমৃদ্ধিশালী নগর ছিল । নৈয়দ্ হসেন্ সাহা

যাহার কথা ইতঃপূর্বে কয়েক বার উল্লেখ করা হইয়াছে তিনি এখানকার সিংহাসনে তখন রাজত্ব করেন । হসেন সাহা এক জন উপযুক্ত কার্যদক্ষ এবং অপেক্ষাকৃত ন্যায়বান রাজা ছিলেন ; প্রায় চব্বিশ বৎসর মহা-গৌরবের সহিত স্বাধীনভাবে তিনি বঙ্গ বেহার উড়িষ্যা আসাম দেশকে আপনার অধীনে রাখেন । মিশর দেশীয় ঘোর অভ্যাচারী কাফ্রিদিগকে তিনিই ডেকান্ অঞ্চলে বিদায় করিয়া দেন, তথায় তাহার সিদ্ধি নামে খ্যাত হয় । পুণ্ড্রাচল হুট্ট পাইকদিগকেও কর্ণচ্যুত করিয়া তিনি রাজকার্যের উন্নতি বিধান করেন । গৌরাজের সমাগমে নগরমধ্যে ভয়ানক আন্দোলন সম্পূর্ণ হইল ; এবং নগররক্ষকপ্রমুখাৎ সন্ন্যাসীর অলৌলিক মহিমার কথা শুনিয়া হসেনের চিন্তা একবারে জ্বীভূত হইয়া গেল । তিনি শুনিলেন যে সন্ন্যাসী কাহারো নিকট কিছু গ্রহণ করেন না, হরিনাম ভিন্ন আর তাঁহার মুখে অন্য কথা নাই ; এবং তাঁহাকে দেখিবার জন্য নগর মধ্যে বহু লোকের সমাগম হইয়াছে । ফলতঃ এ যাত্রা গৌরচন্দ্র বে কয় দিন বঙ্গদেশে ছিলেন পর্য্যপ্রচার ভিন্ন তাঁহার আর অন্য কার্য কিছুই ছিল না । অবিশ্রান্ত লোকের জনতা এবং তাহাদের আগ্রহ দেখিয়া কেমন করিয়াই বা নিশ্চিত মনে তিনি বিশ্রাম করিবেন ? দূতমুখে সমস্ত বিবরণ আদ্যোপান্ত শ্রবণ করিয়া রাজার হৃদয় গৌরপ্রেমে সজিয়া গেল । তিনি কেশব বস্থ নামক জনৈক কর্ণচারীকে এই বিষয় জিজ্ঞাসা করিলেন । সে ব্যক্তি ভয়ে আন্তে আন্তে বলিতে লাগিল “মহারাজ ! কে বলে এ ব্যক্তি বৃক্ষভঙ্গবাসী গরিব সন্ন্যাসী” ? চৈতন্য যে এক জন দেববলধারী মহাপুরুষ হসেনের তাহা দৃঢ় প্রতীতি জন্মিল । তিনি বলিলেন, সন্ন্যাসী আপনার রাজ্যে থাকিয়াও আমার আজ্ঞা পালন করেন, তাঁহার আদেশ সকল রাজ্যের শিরোধার্য্য । দেখ, আমার এই নিজরাজ্যের মধ্যেই কত লোক এখন আছে যাহারা আমার মন্দ তামনা করে ; বিনা বেতনে আমি এত লোক এক জায়গার কখনই করিতে পারি না ; আমি যদি বেতন দিতে বিলম্ব করি, তৎক্ষণাৎ সমস্ত ভৃত্যগণ আমার বিরুদ্ধে বড়বন্দ করিবে । আর দেখ, ইহার কথা সর্বদেশের লোক কেমন কায়মনোবাক্যে প্রতিপালন করে, আপনার ঘরের খাইয়া ইহার সেবার নিযুক্ত থাকে, তাহাও ভালরূপে করিতে পায় না বলিয়া তাহাদের কত আক্ষেপ ! অত-



এষ তাঁহাকে আর গরিব বলিও না । এখানে তাঁহার যাহা ইচ্ছা হয় করুন, ভবিষ্যে কেহ প্রতিরোধ করিলে আমি তাহার মস্তক লইব । এই হুসেন্ সাহা ইহার কিছু দিন পূর্বে উড়িষ্যা রাজ্যের সঙ্গে সংগ্রাম করিয়া সে দেশের অনেক হিন্দুকীর্্তি দেবমন্দির চূর্ণ করিয়া আসিয়াছেন, এখন দেখ কি আশ্চর্য্য পরিবর্তন ! লোকের অত্যন্ত সমারোহ দর্শনে তত্রতা গৌরভঙ্কগণ যুকি করিয়া স্থির করিলেন, রাজ্যের মতিস্থির নাই, কাহার কুমন্ত্রণার বশীভূত হইয়া কোন সময় আবার বিপদ ঘটাইবে, অতএব ঠাকুরকে রাজধানী পরিত্যাগ করিতে বলা যাউক । এক ব্রাহ্মণ দ্বারা তাঁহারা এই বিষয় তৈতন্যকে বলিয়া পাঠাইলেন । সে বিপ্র বলিবে কি, ভাবে মস্ত গৌরচন্দ্ৰের নিকট অগ্রসর হইতেই পারিল না । লোকের ভয়ানক জনতা দর্শনে ব্রাহ্মণ নিকটে যাইতে অসমর্থ হইয়া শেষে তাঁহার সঙ্গিগণকে সংবাদ দিয়া আসিল । তাঁহারা ইহা শুনিয়া কিঞ্চিৎ ভীত হইলেন । ধোপাঞীজীও আভাসে তাহা বৃত্তিতে পারিলেন যে ইহাদের ভয় হইয়াছে ; তিনি সে দিকে আর কর্ণপাত না করিয়া প্রভূত উদ্যমেব সহিত নির্ভয়ে নাচিতে গাইতে লাগিলেন । গৌরান্দ্র প্রেমরস পান করাইয়া সকলকে এমনি প্রমত্ত করিয়া দিয়াছিলেন যে, তিনিত তিনি, অন্য সাধারণ লোকেরও লজ্জা ভয় চিন্তা বিনষ্ট হইয়াছিল । মহাপ্রভু বৈষ্ণবদিগকে বলিলেন “ কেন তোমরা ভয় পাও ! রাজ্য যদি ভাকে আমি আগে যাইব । এ যুগে স্ত্রী শূদ্র যবন চণ্ডাল রাখাল সকলেই হরিভক্তিতে কাঁদিবে, কেবল জাতি কুল বিদ্যা ধন তপস্যাভিমानी ভক্তদেবীরাই বঞ্চিত থাকিবে । রাজ্য আমাকে ডাকিবে, আমিও ত তাহাই চাই ! ” তাঁহার জীবন্ত আশাবাক্য শ্রবণে সকলে নির্ভয় চিত্ত হইলেন ।

রূপ সনাতনের সঙ্গে এই স্থানে প্রথম গৌরান্দের মিশন হয় । এই বিখ্যাত প্রেমিক বৈরাগী ভ্রাতৃস্বরকে তৎকালে তৈতন্য এই বলিয়া আশীর্বাদ করেন যে, তোমরা যেমন উত্তম হইয়া আপনাদিগকে হীন করিয়া মানিতেছ, কেমনি আচিরে হরি তোমাদিগকে উদ্ধার করিবেক ; বিধর ভাকিয়া নিশ্চিন্ত মানস হও, পশ্চাতে আমি সমুদায় বিশেষ করিয়া বলিব । ভ্রাতৃস্বর গৌরকে নানামতে শ্রব জ্ঞপ্তি করিতে তিনি বলিয়াছিলেন, তোমরা

পরম বৈষ্ণব দুই ভাই ধন্য, কিন্তু আমাকে এক্ষেপে স্তব করিও না, আমি জীব, তোমরা আমাকে আশীর্বাদ কর যেন আমার বৃন্দাবনদর্শন হয়, যেন আমার অন্তরে কৃষ্ণভক্তি স্ফূর্তি পায়। তদনন্তর বহুলোকসমারোহ দেখিয়া সনাতন বলিলেন, এত লোক বাঁচার সঙ্গে তাঁহার কি কখন বৃন্দাবনযাত্রা সম্ভব? তথাপি চৈতন্য কানাইয়ের নাটশালা পর্য্যন্ত গমন করিলেন, কিন্তু লোক আর কিছুতেই সঙ্গ ছাড়ে না। শেষ সনাতনের কথাহুসারে তাঁহাকে পুনরায় শাস্তিপুত্র হইয়া নীলাচলে প্রত্যাগমন করিতে হইল।

শাস্তিপুত্র নগবে প্রভুর পুনরাগমন হইলে তৎক্ষণাৎ সচীদেবীকে আনিবার জন্য অদ্বৈত গোস্বামী লোক পাঠাইলেন। কতিপয় ভক্তসঙ্গে সচীমাতা যখনময়ে তথায় উপস্থিত হইলে চৈতন্য তাঁহার চরণে প্রণিপাতপূর্ব্বক প্রবেশ করিলেন। সন্ন্যাসী হইয়া তাঁহার মাতৃভক্তির বিন্দুমাত্রও হ্রাস তন্ন নাই। বহু দিনান্তে আবার সচীদেবী স্বহস্তে রক্ষন করিয়া বিবিধ বাস্তবসম্বন্ধ সহিত পুত্রকে ভোজন করাইলেন। জননী র পবিত্র হস্তের অন্ন ব্যঞ্জন দর্শনে গৌরের ভাবসিন্ধু উথলিয়া উঠিল। অন্ন প্রদক্ষিণপূর্ব্বক আহ্বারে বসিয়া শাকের গুণ ও মহিমা বর্ণনা করিলেন। বেতোর শাক তাঁহার অত্যন্ত প্রিয় ছিল। তাঁহার মুখে শ্রীশাকের মহিমা শুনিলে কঠোর চিত্তও ভাবুকতায় পূর্ণ হয়। সামান্য উদ্ভিদ ভোজনে তাঁহার এত অল্পরাগ হইল! গুরুদেবের প্রসাদ পাইবার জন্য ব্রাহ্মণ শূদ্র সকলে মহাগুণগোল আহ্বোধ পরিহাস করিতেন। পত্রাবশিষ্ট অন্ন ব্যঞ্জন লইয়া প্রেমের বিবাদ উশস্থিত হইত।

ভক্তদলের মধ্যে সে সময় প্রাচীন মহাপুরুষদিগের পূজা মহোৎসবের জন্য এক একটি দিন নিদ্ধারিত ছিল। “আবিভূয় মনোবৃত্তৌ ব্রজস্তি ১৩৫-স্বরূপতাং” ইত্যাদি শ্লোক হরিভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থে উক্ত হইয়াছে। মহাপুরুষদিগকে ভক্তির সহিত ভাবনা ও অর্চনা করিলে মহুয়া তৎস্বরূপ লাভ করে। নবদ্বীপে শ্রীবাসগৃহে বাসপূজার কথা আমি পূর্ব্বকই উল্লেখ করিয়াছি। চৈতন্য শাস্তিপুত্রে থাকিতে থাকিতে প্রাচীন ভক্ত সাধবেষ্ণু-পুরীর উৎসবকিথি উপস্থিত হয়। মাধবেষ্ণু অদ্বৈতের গুরু ছিলেন। অদ্বৈতেরও পূর্ব্ব বাস শ্রীহট্টের নিকট নবগ্রামে ছিল। ইহার পিতার নাম

কুবের, তিনি শান্তিপুরে বাস করেন। যখন এ দেশে ভক্তির কিছুমাত্র লক্ষণ দৃষ্টিগোচর হইত না তখন নাপবপুরী একা ভক্তিরসে মাতিয়া বেড়াইতেন। তিনি অদ্বৈতকে দীক্ষিত করেন। এই মহোৎসব উপলক্ষে মহা ধুম ধামের সহিত আহাৰাদি ও নৃত্য সঙ্গীর্জন হয়। এইরূপ এক একটি ক্রিয়া কর্মে মহোৎসবে যথেষ্ট আনন্দ হইত। এক জন অপরকে সেবা করিবার জন্য কত আগ্রহ প্রকাশ করিতেন। কেহ বা সমাগত বৈষ্ণবগণের চরণধৌত-কর্মেই নিযুক্ত থাকিতেন। দ্রব্যাদি আহরণ রন্ধন পরিবেশন ইত্যাদি গুরুতর পরিশ্রমের কার্যে সকলেরই বিশেষ অতুরাগ ছিল। চাপাল গোপাল নামক নবদ্বীপের সেই ছুঁট ব্রাহ্মণ কিছু দিন পরে কুষ্ঠ ব্যাধিতে আক্রান্ত হয়। সে এই স্থানে আসিয়া অনেক আর্জনা করায় চৈতন্য তাহাকে শ্রী বাসের নিকট ক্ষমা চাহিতে বলেন।

এই শান্তিপুর নগরে রঘুনাথ দাসের সঙ্গে চৈতন্যের পূর্বে একবার পরিচয় হইয়াছিল। রঘুনাথ সপ্তগ্রামবাসী প্রসিদ্ধ ধনী ও বদান্য গোবর্দ্ধন দাসের পুত্র। গোবর্দ্ধন বার লক্ষ মুদ্রার অধিনায়ী ছিলেন। তাঁহার প্রদত্ত ভূমি এবং অর্থ দ্বারা নবদ্বীপস্থ অনেক ব্রাহ্মণের জীবিকা নির্বাহ হইত। চৈতন্যের মাতামহ এবং পিতাকে তিনি যথেষ্ট সম্মান করিতেন, সেই কারণে প্রভু ইহাঁদিগকে ভালরূপে জানিতেন। রঘুনাথ বালক কাল হইতেই ধর্মাত্মরাগী ছিলেন। গৌর যখন সন্ন্যাসী হইয়া শান্তিপুরে আসেন তখন অদ্বৈতভবনে বহু লোক সমাগত হয়, রঘুনাথও তন্মধ্যে ছিলেন, সেই সময় বুদ্ধ আচার্য্যের সহায়তায় তিনি চৈতন্যের প্রসাদ লাভ করেন। তাহার পর রঘুনাথ গৃহে প্রত্যাগমন করিয়া প্রেমে উন্মাদপ্রায় হইয়া অবস্থিতি করিতেন। বার বার নীলাচলে বাইবার জন্য পলায়ন করিতেন এবং বার বার তাঁহার পিতা তাঁহাকে ধরিয়া, রাখিতেন। দশ বার জন লোক নিরুক্ত তাঁহার নিকট প্রহরী নিযুক্ত থাকিত। কত ধন রত্ন ভোগ-বিলাসের সাধন্থী দেখাইয়া গোবর্দ্ধন তাঁহাকে প্রলুব্ধ করিতে চেষ্টা করিয়াছিলেন, কিন্তু কিছুতেই সন্তানের মন ফিরাইতে পারেন নাই। পরে এই যাত্রায় গৌর-চন্দ্র শান্তিপুরে আসিলে রঘুনাথ তাঁহার পিতাকে বলিলেন, আমি গৌরচরণ

দর্শনে যাইব বিদায় দাও, অন্যথা আমি প্রাণত্যাগ করিব। গোবর্দ্ধন স্নেহপরবশ হইয়া বহু লোক জন সামগ্রী পত্র সঙ্গে দিয়া সন্তানকে পাঠাইয়া দেন। রঘুনাথ কিরূপে বন্ধনমুক্ত হইয়া উদাসীন বেশে গৌরাজের সঙ্গে নীলাচলে চির দিন বাস করিবেন এই কেবল সর্বদা ভাবিতেন। প্রভু তাঁহার আন্তরিক ভাব অবগত হইয়া বলিলেন, তুমি স্থির হইয়া গৃহে অবস্থিতি কর, বাতুল হইও না, ক্রমে ক্রমে লোকে ভবসিদ্ধি পাব হয়। লোক দেখাইবার জন্য মর্কট বৈরাগ্যের কিছু মাত্র প্রয়োজন নাই, অন্যসত্ত্ব হইয়া যথাযোগ্য বিষয় ভোগ কর, বাহিরে লৌকিক ব্যবহার রক্ষা করিয়া অন্তরে নিষ্ঠায়ুক্ত হও, অচিরে সেই ভগবান্ হরি তোমাকে উদ্ধার করিবেন। আমি বন্ধাবন হইতে পুনরায় নীলাচলে প্রত্যাগত হইলে তুমি তথায় যাইবে। কোন্ সময় কি ভাবে যাইবে, হরি তাহা তোমাকে বসিয়া দিবেন। তাঁহার রূপা যাহার উপর হইয়াছে তাহাকে কে ধরিয়া রাখিতে পারে? তখন রঘুনাথ এই উপদেশানুসারে কার্য্য করিতে লাগিলেন, তাহা দেখিয়া তাঁহার পিতা মাতার মন সন্তুষ্ট হইল।

শান্তিপুত্র হটতে চৈতন্য গোস্বামী কুমারহট্ট আসেন, তথায় শিবানন্দ, বাসুদেব দত্ত, শ্রীনিবাসাদি তাঁহার সঙ্গে মিলিত হন। শ্রীনিবাস নামক এক জন ভক্ত ভ্রাতৃগণ সহ তখন এই স্থানে থাকিতেন। ঠাকুর এক দিন তাঁহাকে নিম্নোক্তে ডাকিয়া লিঙ্কাসা করিলেন শ্রীনিবাস! তুমি কোথাও যাও না, ভিক্ষাও কর না, এত পরিবার তোমার, কিরূপে দিন চলে? তিনি বলিলেন কোথাও বাইতে আমার ইচ্ছা হয় না। অদৃষ্টে যাহা আছে তাহাই হইবে, কোন রূপে দিন চলিয়া যাইবে। তবে তুমি সন্ন্যাস কর না কেন? না, তাহা আমি পারিব না। সন্ন্যাসীও হইবে না ভিক্ষাও কবিবে না, তবে কিরূপে পরিবার পালন করিবে, তোমার কথার ভাবত আমি কিছ দুখিত্তে পারিলাম না? একালে কোথাও না গেলে এক-কালেও পারব না। যদি আপনা হইতে দ্বারে কিছু উপস্থিত না হয়, তবে কিসে দিন তুমি কি করিবে? শ্রীনিবাস এক, দুই, তিন বার হাততালি দিয়া বলিলেন এই আমার প্রতিজ্ঞা, তিন উপবাসের পর যদি আহার না মিলে তবে গলায় কলসী বাঁধিয়া গঙ্গাজলে ঝাপ দিব। তখন গৌরচন্দ্র যার পর নাই আত্মনাস্তিত হইয়া ভগবৎসী-

জ্ঞান এই শ্লোকটি পাঠ করিলেন । “অনন্যাশ্চিত্তমস্তোমাং যে জনাঃ পর্যু-  
পসতে । তেষাং নিত্যাত্মিকানাং যোগক্ষেমং বহামহং ।” যে সকল  
নিবিশ্চিত্ত ব্যক্তি অনন্য ভাবে চিন্তা করত আমার উপাসনা করে, তাহা-  
বিগের অভাবের বস্তু আমি বহন করিয়া আনি এবং তাহা নিজেই রক্ষণ-  
বেক্ষণ করি ।

অনন্তর গৌরচন্দ্র কুমারহট্ট হইতে পাণীহাটা গ্রামে রাখব পণ্ডিতের  
গৃহে উপস্থিত হইলেন । তথায় করেক দিন অবস্থিতির পর এক দিন রাখ-  
বকে নিরুদ্ধনে ডাকিয়া বলিলেন, এই যে নিত্যানন্দকে দেখিতেছ ইহার দ্বারা  
সমস্ত কার্য্য হইবে, ইহাকে আমা হইতে অভেদ জ্ঞান করিও । পরে নিত্যান-  
ন্দের ধর্ম্ম প্রচারের প্রধান স্থান এইটিকে নির্দিষ্ট করিয়া দিয়া তিনি বরাহ-  
নগরে উপস্থিত হন । এখানে এক ব্রাহ্মণ অতি মিষ্টমুখে ভাগবত পড়িতেন ;  
তাঁহার পাঠে সন্তুষ্ট হইয়া চৈতন্য প্রভু ভাগবত আচার্য্য এই নাম তাঁহাকে  
প্রদান করেন । এইরূপে গঙ্গার উভয় কূলবাসী গ্রাম সমস্ত প্রেম ভক্তিতে  
প্রাণিত করিয়া তিনি পুনর্বার নীলাজি চলিলেন । শান্তিপুর পরিত্যাগকালে  
স্বাতন্ত্র্য প্রণাম করিয়া আর সকলকে বলিয়া আসেন যে, এ বৎসর  
তোমরা কেহ শ্রীক্ষেত্রে যাইবে না, আমি বৃন্দাবন গমন করিব, তোমরা  
অক্ষয়তি দাও যেন তথা হইতে নীলাচলে পুনরায় নির্বিঘ্নে আমি ফিরিয়া  
আসিতে পারি । বলা বাহুল্য যে প্রত্যেক স্থানে তন্ত্রসম্মিলন ও বিচ্ছে-  
দের সময় হর্ষ বিষাদ শ্রীতি অহুরাগ ইত্যাদি ভাবের ভীষণ তরঙ্গ উখিত  
হইত । পুনর্কল্পের ভয়ে তাহার বিস্তারিত বিবরণ আমি লিপিলাম না ।  
আমার মেধা কেবল ঘটনা লিপিবদ্ধ করা মাত্র, কিন্তু কোন ঘটনায় তাঁহাদের  
জ্ঞানের বিরাম ছিল না, ভাদ্রমাসের গঙ্গানদীর ন্যায় ভক্তবৃন্দের প্রেমের  
প্রবাহ অবিচ্ছিন্ন প্রধাবিত হইত । তাবশ্য জীবন, নিরন্তর সেই প্রোতেই  
সকলে ভাসিতেন । হ্রাস না হইয়া বরং উত্তোরোত্তর আরও ঘনীভূত  
এবং প্রবদ্ধ হইয়াছিল । এক বিষয় বাবংবার গুণিতে গুণিতে হরত অনে-  
কের নিকট ইহা পুৰাতন হইয়া আসিল, কিন্তু তাঁহাদের ভাবতত্ত্বি প্রেম স্থান  
কাল অবস্থা বিশেষে বিচিত্র এবং নবীনরূপে প্রকাশিত হইত । সকল রসে-  
শ্রীক্ষেত্রের ভাটা ওয়া স্বাভাবিক, কিন্তু গৌরভক্তবৃন্দের প্রেমোন্মত্ততা

এক মাত্র জীবিকা ছিল, শুকতা নিষ্কর্জীবতা রসহীনতা তাঁহাদের পক্ষে মৃত্যু বলিয়া বোধ হইত । গৌবের আবার ষোল আনার উপর আঠার আনা না হইলে কুলাইত না । প্রবল বন্যাহত পদ্মানদীর ন্যায় তাঁহার জীবনপ্রবাহ ভাবভরে সর্বদাই টলমল করিত । তাঁহার জীবন আর ভক্তি প্রমত্ততা এক অখণ্ড স্নিগ্ধ, একটি হইতে অপরটিকে নিমেষের জন্যও পৃথক্ করা যায় না । হয় ভাবের বিষম উত্তেজনা, আনন্দোল্লাসের প্রবল উচ্ছ্বাস, বা হয় পাষণ্ডভেদী ক্রন্দন ব্যাকুলতা, বিরহ যন্ত্রণা, দুঃসহ ক্রেশাম্ভুতি, পর্ণায়ক্রমে প্রধানতঃ এই দুইটি ভাব গত্যায়ত করিত । আমাদের মত লোকের এক দিন একটু উৎসাহ প্রমত্ততা হইলে, দশ দিন উপবাস শুকতা নিষ্কর্জীবতার গত হয় । প্রেমসাগর গৌরচন্দ্র যে পর্বাস্ত পৃথিবীতে ছিলেন এক দিনের জন্য, এক ঘণ্টার জন্যও তাঁহার মত্ততার বিরাম দেখা যায় নাই ! যাহার চক্ষের সম্মুখে তাঁহার ভাবময়ী শ্রীমূর্তি একবার আবির্ভূত হইয়াছে, যে দেশ যে গ্রাম দিয়া তিনি একবার চলিয়া গিয়াছেন, সে সকল স্থান এবং মনুষ্যের অন্তস্তল পর্যাস্ত একেবারে বিপর্যাস্ত হইয়া গিয়াছে । জীবন্ত মনুষ্যের কোন ক্রিয়া উদ্যমশূন্য নীরস হয় না ।



## নিত্যানন্দের ধর্মপ্রচার



চৈতন্য কর্তৃক আদিষ্ট হইয়া নিতাই পাণিহাটা গ্রামে প্রথমে প্রচার-ক্ষেত্র প্রতিষ্ঠা করিলেন। গৌরের ভক্তিভাব তাঁহাতে বিশেষরূপে সংক্রামিত হইয়াছিল। ভক্তিনিষ্ঠ বৈষ্ণবদিগকে লইয়া মজা উৎসাহের সহিত প্রচারকার্যে ব্রতী হইত তিনি নানা জাতীয় লোকদিগকে ভক্তিপথে আনিয়া ফেলিলেন। তাঁহার সঙ্গিগণও এক এক জন গুরুত্বল্য উন্নত চরিত্রের লোক, অনেক বিষয়ে তাঁহার সমকক্ষ ছিলেন। তিন মাস কাল প্রভূত উৎসাহ সহকারে হরিনাম প্রচার করিয়া গঙ্গার উভয় পাশ্বের গ্রামসকলকে ইহার প্রমত্ত করিয়া তুলিলেন। অবশুত এ সময় প্রেমাভিষ্ট হইয়া আর এক অভিনব মূর্তি পরিগ্রহ করেন। পূর্বের যোগিবেশ পরি-ত্যাগ কাঁচা পট্টবস্ত্র এবং স্বর্ণ রোপা হীরকাদি খচিত নানা অলঙ্কারে ভূষিত হন। অল্পকাল মধ্যে বঙ্গদেশে তাঁহার এক প্রকাণ্ড ভক্ত এবং প্রচারক দল প্রস্তুত হইল। গঙ্গার উভয় কূলে যত যত গ্রাম ছিল, সমস্ত গ্রামে তাঁহার সঙ্গীর্জন করিয়া বেড়াইতে লাগিলেন। পাণিহাটিতে ক্রমাগত কিছু দিন ধরিয়া নৃত্য সঙ্গীর্জন মহোৎসব হইয়াছিল এবং বহু শত লোক বৈষ্ণবপথ আশ্রয় করিয়াছিল। কয়েক মাস পরে শচীনাতাকে দেখিবার জন্য নিতাই ক্রমে উত্তরাভিমুখে চলিলেন। কয়েক দিন খড়দহে থাকিয়া সপ্তগ্রামে উপনীত হইলেন। সপ্তগ্রাম তৎকালে এ দেশের মধ্যে প্রধান বাণিজ্য স্থান এবং অগ্রিশয় বিখ্যাত নগর ছিল। ত্রিবেণীর ঘাটে গঙ্গাস্নান করিয়া ঐ নগরে উদ্ধরণ দত্ত নামক এক জন সম্ভ্রান্ত ধনবান্ সুবর্ণবর্ণিগৃহে তিনি উপস্থিত হন। এই উদ্ধরণ দত্ত হইতে সুবর্ণবর্ণিগৃহসমাজে বৈষ্ণবধর্ম বিশেষরূপে বিস্তারিত হইয়াছে। ঐ স্থানে এখনও উদ্ধরণ দত্তের স্থাপিত এক আখড়া আছে। ত্রিষবিধা নামক ষ্টেসনের নিকট এই সপ্তগ্রাম। এখানে প্রাচীন কালের গৃহাদির ভগ্নাবশিষ্ট চিহ্ন

অদ্যাপি কিছু কিছু নয়নগোচর হয় । চৈতন্তের অবস্থান কালে নবদ্বীপের মধ্যে যেমন হরিনাম পরিঘোষিত হয়, তেমনই সপ্তগ্রামের প্রত্যেক বর্ণিকের ঘরে নিতাই সঙ্ঘীর্ষন প্রচার করেন । সে সময় স্মরণবর্ণিগুণ ব্রাহ্মণদিগের নিকট অত্যন্ত ঘৃণিত জাতি বলিয়া পরিগণিত ছিলেন, এই জন্য তাঁহাদের উন্নতিসম্বন্ধে লোকে বিশ্বয় প্রকাশ করিয়া বলিত যে, নিত্যানন্দের কুপায় ইহারা তরিয়া গেল । ফলে নিতাই সপ্তগ্রামে হরিনাম প্রচার করিয়া বহু লোককে স্বদলভূক্ত করেন । তদনন্তর তিনি শান্তিপুরে অষ্টমতের সঙ্গে সাক্ষাৎ করিয়া নবদ্বীপধামে চালিয়া যান । শচীদেবী ইহাকে পাইয়া অতুল আনন্দ লাভ করিয়াছিলেন । তিনি ইদানীন্তন কেবল ধর্ম্মকর্মেতে নিযুক্ত থাকিতেন । নিত্যানন্দের সঙ্গে অপরাপর ভক্তগণ মিলিত হইয়া নবদ্বীপকে পুনরায় হরিনামরসে সঙ্ঘীষিত করিয়া তুলেন । ইহার নিকটবর্তী বড়গাছি, দোগাছিয়া প্রভৃতি গণ্ডগ্রাম সকলেও সে সময় হরিভক্তি প্রচারিত হয় । নিতাইয়ের নৃত্যবিধ বেশ ভূষা আচার ব্যবহার দর্শনে সন্দিহান হইয়া এক ব্রাহ্মণ শ্রীক্ষেত্র গিয়া চৈতন্তকে ইহার কারণ জিজ্ঞাসা করে, তিনি তাহাতে এই রূপ উত্তর দেন যে, পদ্মপত্রের জলের ন্যায় তাঁহার চরিত্র নিলিপ্ত, তাঁহাতে হরি সর্বদা বিরাজ করেন, নিকটে অধিকারীর পক্ষে বাহা পাপ তাহা নিত্যানন্দে সম্ভবে না । রুদ্ধ হলাহল পান করিতে পারেন, অস্ত্রে করিতে গেলে প্রাণে বিনষ্ট হয় । তাঁহার জীবন বিধিনিষেধের অগ্নীত জানিবে । তাঁহাকে আদর করিলে পরিব্রাজ হয় ।

নিত্যানন্দ প্রথম বয়সে সন্ন্যাসীর বেশ তীর্থ পর্য্যটন করেন এবং তদবস্থায় বোম্বাই প্রদেশের অর্গত পাণ্ডরপুর নামক তীর্থ স্থানে মধ্বাচার্য্য সম্প্রদায়প্রিত লক্ষ্মীপতির নিকট মন্ত্র গ্রহণ করেন । এই লক্ষ্মীপতি মাধবেন্দ্র পুরীরও মন্ত্রদাতা গুরু । অবধূত নিতাই বহু তীর্থ ভ্রমণ করিয়া কিছু কাল বৃন্দাবনে থাকিয়া পদে নবদ্বীপে চৈতন্তের সঙ্গে মিলিত হন । গৌর সন্ন্যাসী হইলে ইনি পূর্ব আচার ব্যবহার পরিত্যাগ করত নানাবিধ বসন ভূষণ পরিধান করিতেন । স্মরণবর্ণিগুণ, মাজ ইহার শিষ্য । গোবর্দ্ধন নামক এক ব্যক্তির ইচ্ছায় নিত্যানন্দ গোসাঞী নববিধ



বেশ ভূষা ধারণ করিয়াছিলেন এইরূপ শুনা যায়। এই অবস্থার তিনি বঙ্গদেশের গ্রামে গ্রামে বৈষ্ণবধর্ম প্রচার করিয়া শত শত নর নারীকে দল ভুক্ত করিলেন। নবদ্বীপে তখন শ্রীবাসাদি ভক্তগণ অনেকে ছিলেন, অদ্বৈত গোসাঞী আসিয়া তথায় মিলিলেন, সকলের সহিত একত্রিত হইয়া নিত্যানন্দ নবদ্বীপ এবং তৎপার্শ্ববর্তী গ্রাম সমূহের মধ্যে প্রচার করিতে লাগিলেন। এই উপলক্ষে অবধূত নবদ্বীপ ধামে কিছু দিন অবস্থিতি করেন, এবং এই সময় তাঁহার বিবাহ করিবার ইচ্ছা হয়। বিবাহের ইচ্ছা শুনিয়া অদ্বৈত শ্রীবাস সকলেই মহা আফ্লাদিত হইলেন এবং তদ্বিবয়ে উৎসাহ প্রদর্শন করিলেন। বিবাহের কথা উত্থাপিত হইলে নিতাই মৃদু মৃদু হাস্য করিতেন। তাঁহার অচিন্ত্য প্রভাব দর্শনে ভক্তগোষ্ঠী সকলে মুগ্ধ হইলেন। একে তিনি চৈতন্তের বিশেষ আদরের পাত্র তাহাতে প্রধান ধর্মপ্রচারক, যাহা করেন তাহাতেই লোকের উন্নয়ন হয়। এক দিন সকলে শ্রীবাসের ভবনে সভা করিয়া বসিয়া আছেন এমন সময় এক বৃদ্ধ ব্রাহ্মণ তথায় উপস্থিত হইয়া পণ্ডিতকে ইঙ্গিতে জানাইল বিবাহের সম্বন্ধ স্থির হইয়াছে। পরে উভয়ে নিভৃত্তে কথা বর্ত্তা করিয়া দিন স্থির করিলেন। নবদ্বীপের উত্তর বড়গাছি গ্রাম, তাহার নিকট সালিগ্রামে পণ্ডিত সূর্য্যদাস সরখেল নামে এক জন প্রসিদ্ধ ব্যক্তি আছেন তাঁহার বস্তু ও জাহ্নবা নাম্নী দুই পরমা সুন্দরী কন্যা আছে, সূর্য্যদাস উক্ত কন্যাদ্বয় নিতাইকে অর্পণ করিতে চাহে। শ্রীবাস এই প্রস্তাব শুনিয়া মহা আফ্লাদ প্রকাশ করত সভামধ্যে তাহা ব্যক্ত করিলেন, তাহা শ্রবণে সকলেরই আনন্দ বৃদ্ধি হইল, নিতাইও হাস্য করিলেন। পর দিন প্রাতে সকলে দলবদ্ধ হইয়া সালিগ্রামে যাত্রা করেন এবং যথাসময়ে উক্ত কন্যাদ্বয়ের সহিত নিত্যানন্দের বিবাহ প্রদান করিয়া পুনরায় নবদ্বীপে ফিরিয়া আসেন। শচীদেবী নব বধূদ্বয়কে পাইয়া যথোচিত সমাদর করিয়াছিলেন। নিত্যানন্দ ঠাকুরের বীরভদ্র নামে এক পুত্র এবং গঙ্গা নামে এক কন্যা জন্মে।

## নীলাদ্রি হইয়া চৈতন্যের বৃন্দাবনগমন ।



কতিপয় দিবসান্তে পুনরায় গৌরচন্দ্র নীলাচলে উপস্থিত হইলেন, তাঁহার সমাগমে উৎকলবাসিগণের মধ্যে মহোৎসব আরম্ভ হইল, রাজা গজপতি আফ্লাদে পূজিত হইলেন ! এ যাবৎ চারি মাস কালমাত্র তাঁহার এখানে অবস্থিতি হয় । তদন্ত্য ভক্তদলে প্রবেশ করিয়া গোড়দেণের অদ্ভুত ব্যাপার সমস্ত তিনি বলিলেন । রূপ সনাতনের পরিচয় দিলেন, তাঁহারা এত লোক জন সঙ্গে লইয়া বৃন্দাবন বাইতে নিবেদন করেন তাহা উল্লেখ করিয়া বলিতে লাগিলেন, কোথায় আমি ভাবিলাম মাতার সঙ্গে দেখা করিয়া গোড়ভক্তগণসঙ্গে বৃন্দাবনে যাইব, দেখি যে লোকের জনতার পথে চলিতে পারি না । নিৰ্জ্জনে বৃন্দাবন সম্ভোগ করিব, তাহা না হইয়া বহু সহস্র নৈন্যসঙ্গে যেন ঢাক বাজাইয়া চলিলাম । ইহাতে মনে দিকার উপস্থিত হইল, তাই আবার এখানে আনিতে বাধ্য হইয়াছি । মাধবপুত্রী যেমন একাকী বৃন্দাবন গিয়াছিলেন, আমি তেমনি করিয়া যাইব, নিতান্ত পক্ষে এক জনমাত্র লোক না হয় সঙ্গে যাইবে । দামোদর এবং রামানন্দ রায়-সমীপে এই কথা বলিয়া প্রভু বিদায় চাহিলেন এবং তাঁহাদিগকে অনু-রোধ করিলেন, কেহ যদি আমার সঙ্গে যায় তাহাকে তোমরা নিবেদন করিও । তোমরা প্রসন্ন হইয়া বিদায় দাও, তোমাদের স্মৃথেই আমার স্মৃথ । বলভদ্র ভট্টাচার্য্য নামক এক সাধুচরিত্র ব্রাহ্মণকে সঙ্গে লইয়া চৈতন্য গোস্বামী বনপথে গোপনভাবে বৃন্দাবনযাত্রা করিলেন । বিহঙ্গকৃষ্ণিত, ঋষ্যপদবন্য-জন্তু সমূহ বিস্তীর্ণ অরণ্যানী নদী নিৰ্ধার পৰ্ব্বতরাজি অতিক্রম করিয়া হরিগুণ গাইতে গাইতে তিনি চলিতে লাগিলেন । প্রেমের আবেশে কত পথই পরিভ্রমণ করিতেন ! ভয়ও নাই, শ্রান্তিও নাই, মধুর স্বরে হরিনাম কীর্ত্তন করিতে করিতে চলিলেন । যেখানে নিৰ্ম্মল জলপ্রবাহ, গিরিচূড়া, এবং সুরম্য কাননকুঞ্জ অবলোকন করেন সেই স্থানকেই বৃন্দাবন বলিয়া

মনে হয় । এমনি তাঁহার গাঢ় প্রেমাত্মরাগ, বোধ হইতেছিল যেন মুগ শক্ষী বৃক্ষলতা শৈলকন্দর তটিনী নির্ঝর, হিংস্র জন্তুনিচয় সকলেই তদীয় মুখার-বিন্দু-বিগলিত হরিনামামৃত পানে প্রেমস্ত হইয়া সেই নাম প্রতিধ্বনিত করিতেছে । বৃক্ষশাখায় বিচিত্র দৃশ্য ময়ূরগণ বসিয়া কেকারব করিতেছে, মুগকুল ইতস্ততঃ দৌড়িতেছে, জলশ্রোতঃ বহিতেছে; এই সমস্ত দেখিয়া তাঁহার মন নিরতিশয় সুখানুভব করিল । এক দিন আহ্লাদিত হইয়া সঙ্গী ব্রাহ্মণকে বলিলেন, আমি অনেক দেশ ভ্রমণ করিয়াছি, কিন্তু এমন আনন্দ কোথাও পাই নাই । দয়াময় কৃষ্ণ আমাকে বনপথে আনিয়া বড় সুখ দিলেন । সনাতন দ্বারা তিনি আমাকে শিক্ষা দিয়া গৌড়ের পথ হইতে ফিরাইয়া এই পথে আনিলেন, তিনি রূপাসাগর দীনবন্ধু তাঁহার দয়া ব্যতীত কোন সুখ হয় না; এষ্ট বলিয়া কৃতজ্ঞতাভরে ব্রাহ্মণকে আলিঙ্গন করিলেন । যদিও গৌর এক্ষণে নির্জনবাসী সন্ন্যাসী, কিন্তু তাঁহার ভ্রমণ দ্বারা আপনাপনি ধন্দ্র প্রচার হইতে লাগিল । মহাপুরুষ-দিগের অস্তিত্বই প্রচারের কার্য্য করিয়া থাকে । তিনি যে ভাবে যে দেশ দিয়া চলিয়া গিয়াছেন, সেই ভাব দাঁধিয়া সে দেশের লোক ভক্তি শিক্ষা করিয়াছে । বিজ্ঞাপন বোষণাও নাই, বড়ুতা করাও নাই, সহজে বিচার তর্ক করাও নাই, তথাপি তাঁহার দর্শনমাত্র লোকের চিত্ত পরিবর্তিত হইত । পথে ঝারিখণ্ড নামক স্থানে অসভ্য ভিল্দিগের উপরেও তাঁহার রূপা-বারি বর্ষিত হইয়াছিল । এইরূপে নানা দেশ ভ্রমণ করিয়া তিনি কাশী-ধামে আসিয়া উপনীত হন ।

কাশীর মণিকর্ণিকার ঘাটে স্নান করিয়া প্রভু বসিয়া আছেন এমন সময় সেই পূর্বপরিচিত ভূপন মিশ্র আসিয়া তাঁহাকে নিমন্ত্রণ করিয়া গৃহে লইয়া গেল । চন্দ্রশেখর আচার্য্য তখন এখানে পুঁথিলেখার কাজ করিয়া দিন নির্বাহ করিতেন । সহসা ইহারা প্রভুর দর্শন পাইয়া অতিশয় আহ্লাদিত হইলেন । কাশীধামে মারাবাদী সন্ন্যাসী পণ্ডিত-দিগের বিষম প্রাজ্জ্বল, নিষ্ঠুর ব্রহ্ম, মায়া, অবিদ্যা ভিন্ন আর অন্য কথা নাই । পুরাতন ধর্ম্মবন্ধুত্বের আগ্রহে তাঁহাকে দিন দশেক কাল তথায় থাকিতে হইয়াছিল । এক দিন মহারাজীষ কোন ব্রাহ্মণ ইহার

কৈজোময় দিব্য রূপলাবণ্য ও ভক্তির অলৌকিক ভাণ সন্দর্শনে বিমুগ্ধ হইয়া তত্রত্য প্রসিদ্ধ বৈদাস্তিক পণ্ডিত প্রকাশানন্দকে এই সংবাদ জানাইলেন। পণ্ডিত ইহা শুনিয়া গর্বিতভাবে হাস্য করিলেন এবং উপহাসপূর্ণক বলিতে লাগিলেন, ইঁা শুনিয়াছি, কেশব ভারতীর শিষ্য গৌড় দেশীর চৈতন্য নামক এক ভাবুক সন্ন্যাসী দেশে দেশে লোক নাচাইয়া বেড়ায়, তাহার ঐন্দ্রজালিক মোহে পতিত হইয়া তাহাকে সকলে ঈশ্বর বলে, সার্ক্সভৌম ভট্টাচার্য্য তাহার সঙ্গে পাগল হইয়াছে, সে সন্ন্যাসী কেবল নামমাত্র, এখানে তাহার ভাবুকালী বিক্রয় হইবে না, তুমি বেদান্ত শ্রবণ কর, একরূপ উচ্ছ্রাজলচরিত্র লোকের সঙ্গে মিশিলে ইহঁ পরকাল বিনষ্ট হয়। পণ্ডিতের কঠোর শ্লেষ বচনে সে ব্রাহ্মণ নিতান্ত ব্যথিত হইয়া সে কথা চৈতন্যকে বিদিত করিল এবং বলিল, প্রকাশানন্দ একবারও কৃষ্ণনাম না লইয়া তিন বার চৈতন্য নাম উচ্চারণ করিল। ঠাকুর বলিলেন, মায়াবাদীর মুখে ব্রহ্ম, আত্মা, চৈতন্য ব্যতীত কৃষ্ণনাম আসে না। কৃষ্ণের নাম ও স্বরূপ দুই অভেদ্য। নাম, বিগ্রহ, স্বরূপ তিনি একই বিষয়, তিনিই অভেদ্য চিদানন্দময়। জীবের ধর্ম, নাম দেহ, স্বরূপ সকল ভিন্ন ভিন্ন। কৃষ্ণের নাম, গুণ, লীলা, সমস্তই চিদানন্দময়, স্বপ্রকাশ, তিনি প্রাকৃতেন্দ্রিয়ের গ্রাহ্য নহেন। আম ভাবুকালী বিক্রয় করিতে আসিয়াছি বটে! বড় ভারি বোঝা! অন্ন খন্ন যাহা পাই এইখানে বিক্রয় করিয়া যাইব।

তদনন্তর ভক্তনিধি গৌরাজ প্রয়াগে তিন দিবস থাকিয়া বৃন্দাবনে উপস্থিত হন। পথে যেখানে যমুনা দেখিতেন সেইখানেই জলে গিয়া পড়িতেন। যাইবার সময় স্থানে স্থানে অনেক লোক তাঁহার ধর্ম গ্রহণ করে। বৃন্দাবনে গিয়া তিনি সকলই কৃষ্ণময় দেখিতে লাগিলেন, তাঁহার ভক্তি প্রমত্ততা দেখিয়া লোকসকল মুগ্ধ হইয়া গেল। এখানে মাধবপুরীর শিষ্য এক সনোড়িয়া ব্রাহ্মণের সঙ্গে প্রভুর প্রথমে আলাপ হয়, তাহাকে সঙ্গে করিয়া তিনি বৃন্দাবন প্রদক্ষিণ করিতে লাগিলেন। বৃন্দাবনধাম চৌরাশি ক্রোশ বিস্তৃত। এখন যে স্থান বৃন্দাবনতীর্থ বলিয়া নির্দিষ্ট হইয়াছে, শুনা যায়, চৈতন্তের সময় হইতে ইহার আরম্ভ, তৎপূর্বে লোকে নানা স্থান ভ্রমণ করিত। যথায় গোবিন্দজীর মন্দির প্রতিষ্ঠিত আছে সে স্থান

তাহারই আবিষ্কৃত বলিয়া প্রতীত হয় । শ্রীকৃষ্ণের ভক্তির ধর্মকে চৈতন্যই বিশেষরূপে পুনর্জীবন দান করিয়া তাহা প্রচার করেন, এই মন্ত্র তাঁহার আগমনের সময় হইতে বৃন্দাবন একটী বিখ্যাত তীর্থ হইয়াছে । অনেক বাঙ্গালী বৈষ্ণব বৈষ্ণবী এই স্থানকে এখন পূর্ণ করিয়া ফেলিয়াছে । সমভিব্যাহারী, বলভদ্রের মুখে শুনিয়াছি, চৈতন্য প্রভুর বৃন্দাবনভ্রমণকালে তথাকার গাভীগণ আহার পরিত্যাগপূর্বক হৃদয়বে তাঁহার সমীপে উপস্থিত হয়, মৃগীগণ তাঁহার অঙ্গলেহন করে, বিহঙ্গগণ বিচিত্র মধুরস্বরে গান করিতে থাকে, শিখীকুল তাঁহার অগ্রে অগ্রে নাচিতে নাচিতে যায়, এবং বৃক্ষলতা ফল ফুল বর্ষণ করে, কিস্ত এ কথা আমরা গৌরের নিজ-মুখে কখন শুনি নাই; তবে এই পর্য্যন্ত শুনিয়াছি যে, বৃন্দাবনের প্রাকৃতিক শোভা দেখিয়া তাঁহার মন অত্যন্ত আফ্লাদিত হইয়াছিল । তাঁহাকে দেখিয়া তদ্রত্য অধিবাসিগণের অন্তঃকরণে কৃষ্ণলীলার ভাব পুনরুদিত হয় । কোন কোন ব্যক্তি চৈতন্যকে কৃষ্ণ বলিয়া প্রশংসা করিতে তিনি বিষ্ণুঃ ! বিষ্ণুঃ ! বলিয়া কর্ণে হস্তার্পণ করেন এবং তাহাদিগকে বলেন, এমন কথা তোমরা কহিও না, জীবাধমে কৃষ্ণজ্ঞান কখন করিও না, ঈশ্বরের সহিত জীবের তুলনা, জলদাগিরামির সহিত অগ্নিস্কুলিঙ্গের ন্যায় বিসদৃশ; এখানে কৃষ্ণদাস নামক এক জন রাজপুত্র গৌরপ্রেমে মজিয়া তাঁহার সঙ্গে বৈরাগ্যপথ অবলম্বন করে এবং তাঁহার সেবায় নিযুক্ত থাকে । বৃন্দাবনে ক্রমশঃ এত জনতা বৃদ্ধি হইতে লাগিল যে প্রভুকে নিমন্ত্রণ করিয়া ভিক্ষা করাইতেও সকলে অবসর পাইল না । লোকের কোলাহল, নিমন্ত্রণের আতিশয্য, গুরুদেবের নিরন্তর ভাবাবেশ উদ্ভাদ লক্ষণ দেখিয়া, কৃষ্ণদাস এবং বলভদ্র তাঁহাকে প্রয়াগে বাইতে পরামর্শ দিলেন । তিনি কৃষ্ণদাসকে বলিলেন, তোমার অনুগ্রহে আমি বৃন্দাবন দেখিলাম, তুমি যেখানে লইয়া য়াইতে চাও যাইব । পরে তিন জনে প্রয়াগে প্রস্থান করিলেন ।

পশ্চিমধ্যে এক বৃক্ষতলে গৌরচন্দ্র ভাবাবিষ্ট হইয়া অচেতনপ্রায় পড়িয়া আছেন, মুখে কেন উদ্বীর্ণিত হইতেছে, ইত্যবসরে দশ জন পাঠান স্বাতীয় অধারোহী সৈন্য বিশ্রামার্থ তথায় অবতরণ করিল । গৌরের

জঙ্ঘত প্রেমবিকার দর্শনে তাহার মনে করিল, সঙ্গের এই দুই ব্যক্তি সন্ন্যাসীর ধন রত্ন হরণ করিয়া হাঁকান মানক সেবন দ্বারা ইহাঁকে অজ্ঞান করিয়াছে। এই সন্দেহে তাহার উহাদিগকে বাঁধিয়া মারিতে উদ্যত হইল। কৃষ্ণদাস রাজপুত্র, তাহার সাহস ছিল, স্বরূপ কথা সে প্রকাশ করিয়া বলিল। উভয়ের মধ্যে ঘোরতর বচসা চলিতেছে, বঙ্গবাসী বিপ্র বলভদ্র ভয়ে কাঁপিতেছেন, এমন সময় গৌরসিংহ হরি হরি বলিয়া গাত্ৰোত্থান করিলেন। তাঁহার প্রেমময় রূপ দেখিয়া পাঠানদল মোহিত হইয়া গেল। তন্মধ্যে এক জন বে সর্বপ্রধান, সে বৈষ্ণব হইল, চৈতন্য তাঁহার নাম রামদাস রাখিলেন। বিজুলি খাঁ তাহাদের যে মনিব, সেও মহাপ্রভুর শরণাগত হয়, ইহাদিগকে পাঠান বৈরাগী বলিয়া সকলে জানিত। চৈতন্য প্রয়াগে উপস্থিত হইলে কিছু দিন পর শ্রীরূপ গোস্বামী তদীয় কনিষ্ঠ ভ্রাতা অল্পমকে সঙ্গে লইয়া তথায় আসিয়া মিলিত হইলেন।



## রূপসনাতনের বৈরাগ্য ।

শ্রীজীব গোস্বামীকৃত লঘুতোষিণী গ্রন্থে বর্ণিত আছে, যজ্ঞকৌরবী  
বিপ্র ধর্মাত্মা কর্ণাটরাজ সর্কজের পুত্র অনিকঙ্কের রূপেশ্বর ও হরিহর নামে  
দুই পুত্র ছিল। রূপেশ্বর রাজ্যচ্যুত হইলে তাঁহার তনয় পদ্মনাভ নবহট্ট  
(নৈমছাটী) নামক গ্রামে গঙ্গাতীরে আসিয়া বাস করেন। পদ্মনাভের  
পুত্র মুকুন্দ, তাঁহার পুত্র কুমার, তাঁহারই পুত্র সনাতন, রূপ, বলভ  
(চৈতন্য ইহঁাকে অল্পম বলিয়া ডাকিতেন) এই তিন ভাই। সনা-  
তন এবং রূপ বৈষ্ণব হওয়ার পূর্বে গৌড়রাজধানীতে প্রধান মন্ত্রীপদে  
নিযুক্ত ছিলেন, সেই অবস্থায় “হংসদূত” এবং “পদ্যাবলী” গ্রন্থ রচনা  
করেন। ইহঁারা রাজার ন্যায় ঐশ্বর্যশালী ছিলেন, পণ্ডিতদিগের সঙ্গে  
বিবিধ শাস্ত্র আলোচনা করিয়া তাঁহাদিগকে প্রচুর ধন দান করিতেন।  
দাক্ষিণাত্য প্রদেশের ভট্ট উপাধিধারী ব্রাহ্মণ পণ্ডিতগণকে ইহঁারা আন-  
য়ন করেন এবং রামকেলী গ্রামের নিকট স্থাপন করেন, সে স্থানের  
নাম ভট্টগ্রাম। রূপ সনাতন উচ্চকুলোদ্ভব ব্রাহ্মণতনয়, যখন রাজার গৃহে  
বিষয় কার্য করিয়া আপনাদিগকে স্নেহসংস্পর্শজনিত দোষে দোষী  
মনে করিতেন। পূর্ব হইতেই ভ্রাতৃদয় বিদ্যা বিনয়সম্পন্ন ধার্মিক লোক  
ছিলেন। রূপের দরিদ্রতাস, এবং সনাতনের সাকরমল্লিক এই দুই বাব-  
নিক উপাধি ছিল। চৈতন্যদেবের অনুগ্রহে ইহঁারা ধন সম্বন্ধ উজিরি পদ  
ত্যাগ করিয়া এমন বৈরাগ্যের দৃষ্টান্ত প্রদর্শন করিয়া গিয়াছেন যে তাহা  
শুনিলে ঘোর বিবয়ী লোকেরও চিত্ত চমকিত হয়। এই দুই জন কানাই-  
নাটশাল হইতে প্রভুর নিকট বিদায় লইয়া গৃহে প্রত্যাগমন করত কিছু  
দিবসের পর তাঁহার অনুসন্ধানার্থ নীলাচলে লোক পাঠাইয়া দেন। যখন  
শুনিলেন গোরাজ বুদ্ধাবনে গিয়াছেন, তখন শ্রীরূপ সমস্ত ধন সম্পত্তি  
ব্রাহ্মণ বৈষ্ণব কুটুম্বগণকে বিভাগ করিয়া দিয়া অল্পম সমতিবাহারে  
প্রয়াগে চলিয়া আসিলেন, এবং সনাতনকে তৎস্বাস্ত্র লিখিলেন।

সনাতনের বিষয়বন্ধন তখনও বিস্মৃত হয় নাই । তিনি ভাবিলেন রাজা যদি আমার প্রতি বিরক্ত হন তাহা হইলেই এ যাত্রা আমি অব্যাহতি পাই । এই মনে করিয়া আপন ভবনে পশ্চিমতীরের সঙ্গে ভাগবত আলোচনার প্রবৃত্তি রহিলেন । রাজার লোক আসিলে বলেন শরীর অসুস্থ হইয়াছে । রাজ-ঐষ্য পরীক্ষা করিয়া জানিলেন সর্বের মিথ্যা । ও দিকে মন্ত্রী অভাবে রাজকর্ম অচল হইয়া উঠিল, বিশেষতঃ তখন উড়িষ্যাদেশে যুদ্ধ উপস্থিত, রাজাকে তথায় যাইতে হইবে । এক দিন গৌড়েশ্বর নিজের সনাতনের গৃহে উপস্থিত হইয়া বলিলেন, তোমাকে লইয়াই আমার সমস্ত কার্য, এক ভাইত তোমার ফকীর হইয়া গেল, তুমি ঘরে বসিয়া থাকিলে আমার সর্বনাশ হয়, অতএব চল আমার সঙ্গে তোমাকে যাইতে হইবে । সনাতন বলিলেন, অন্য লোক দ্বারা তুমি কার্য সমাধা কর, আমার দ্বারা আর চলিবে না । রাজা ক্রুদ্ধ হইয়া সনাতনকে কারাবদ্ধ করিয়া উড়িষ্যায় চলিয়া গেলেন ।

শ্রীগণতীর্থে কোন দেবালয়ে গৌরস্বন্দর ভাবরসে মত্ত হইয়া দক্ষিণ-দেশীয় কোন ব্রাহ্মণের গৃহে নৃত্য সঙ্কীর্ণন করিতেছেন, বহু সংখ্যক লোক অবাক হইয়া তাঁহার রূপমাধুরী নিরীক্ষণ করিতেছে, এমন সময় রূপ এবং অনুপম তৃণশুচ্ছ দন্তে করিয়া দূর হইতে তাঁহাকে প্রণাম করিতে লাগিলেন । চৈতন্য তাঁহাদিগকে আদরপূর্বক নিকটে বসাইয়া সনাতনের কথা জিজ্ঞাসা করিলেন । সনাতন বন্দীর অবস্থায় আছেন শুনিয়া প্রভু বলিলেন, আমার সঙ্গে তাঁহার অচিরে সাক্ষাৎকার লাভ হইবে । তদনন্তর ধর্মপ্রসঙ্গে উভয়ের চিত্ত প্রেমরসে পরিপ্লাবিত হইল । নিকটে আয়ুলী নামক গ্রামে বল্লভ ভট্ট নামক জনৈক জ্ঞানী ভক্ত চৈতন্য এবং রূপকে নিমন্ত্রণ করিয়া লইয়া যান । তথায় অনেকে আগ্রহ সহকারে নিমন্ত্রণ করিতে লাগিল দেখিয়া বল্লভ ভট্ট শীঘ্র তাঁহাকে বিদায় করিলেন । যমুনার তীরে তাঁহার আশ্রম, কোন সময় গৌরচন্দ্র জলে বাপ দিয়া পড়ি-  
 যেন এই তাঁহার ভয় হইয়াছিল । রামানন্দের নিকট প্রভু যে সমস্ত ভক্তি-  
 তত্ত্ব শ্রবণ করেন, শ্রমাগে বসিয়া সেই সমুদায় তিনি রূপকে শিক্ষা দেন,  
 এবং তাঁহাতে ভক্তি সঞ্চয় করেন ।



গৌর রূপকে বলিলেন, ভক্তিরসসিদ্ধ অসীম এবং গভীর । কেশাশ্রেণ শত ভাগের এক ভাগকে পুনঃ শত ভাগ করিলে বাহা হয়, জীবের স্বরূপ তত সূক্ষ্ম । এই জল স্থল স্থাবর জঙ্গমময় ভূমণ্ডলে মল্লুবোর সংখ্যা অতি অল্প ; তন্মধ্যে স্নেহ, চণ্ডাল, বৌদ্ধ অনেক । বেদনিষ্ঠদিগের মধ্যে অর্ধেক লোক কেবল মৌখিক । ধার্মিকদিগের মধ্যে অধিকাংশ কৰ্মনিষ্ঠ । কোটি কৰ্মনিষ্ঠের মধ্যে এক জন জ্ঞানী । কোটি জ্ঞানীর মধ্যে এক জন মুক্ত । কোটি মুক্ত পুরুষের মধ্যে এক জন হরিভক্ত সূহৃৎ । ভক্তিতেই শাস্তি ; মুক্ত, সিদ্ধ, ফলকামী ইহারা অশাস্ত । ভাগবতে এই জন্য লিখিত হইয়াছে:— “মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ । সূহৃৎ ভঃ প্রশান্তাত্মা কোটিষপি মহামুনে ।” ভক্তিবীজকে শ্রবণ কীর্ত্তনরূপ জলসেচন দ্বারা অঙ্কুরিত করিলে তাহা হইতে যে এক লতা উৎপন্ন হয় সেই লতা বৃন্দাবনধামে হরি-চরণ-কল্পবৃক্ষে আরোহণ করত প্রেমফল প্রসব করে । বৈষ্ণবাগরাধরূপ হস্তী যদি মস্তক উত্তোলন করে তবে তাহা ছিন্ন হইয়া যাইবে । লোভ, পূজা, স্বর্গকামনা, মুক্তিবাঞ্ছা প্রভৃতি উপশাখাগণকে ছেদন না করিলে মূলশাখা রুদ্ধ হয় না ! মালী হইয়া এই লতা অবলম্বনপূর্বক জীব প্রেমফল আশ্বাদন করে । ইকুরস ঘনীভূত হইলে যেমন তাহা হইতে ক্রমে মৎসজি (মিছরি) উৎপন্ন হয়, তেমনি সাধনভক্তি হইতে রতি, রতি গাঢ় হইলে প্রেম, প্রেম হইতে স্নেহ, মান, প্রণয়, রাগ, অহুঃরাগ, ভাব, মহাভাব এই সমস্ত উৎপন্ন হইয়া থাকে । এক মাধুর্য্যরসে সকল রস সন্নিবিষ্ট হইয়াছে । এই উপদেশ দিয়া মহাপ্রভু রূপকে বৃন্দাবন যাইতে অহুমতি করিলেন এবং আপনি কাশীধামে চলিয়া আসিলেন ।

চৈতন্য যে সময় কাশীতে চক্রশেখরের ভবনে থাকেন, সেই কালে রূপেরষ্টুপজ সনাতনের হস্তগত হয় । তিনি বন্দীর অবস্থায় তাহা পাইয়া কারারক্ষককে অনেক মিনতি করিয়া বলিলেন, “দেখ মিঞা সাহেব ! আমি তোমার অনেক উপকার করিয়াছি, এক্ষণে তুমি আমাকে ছাড়িয়া দাও, ইহাতে তোমার পুণ্যও হইবে, আর পাঁচ সহস্র টাকাও তুমি পাইবে । রাজা যদি তোমাকে ধরেন, তুমি বলিও যে সে বহির্দেশে গিয়া গঙ্গায় ডুবিয়া কোথায় চলিয়া গেল, আর দেখিতে পাইলাম না । আমি দরবেশ হইয়া

চলিয়া বাইব, দেশে আসিব না, স্ততরাং তোমার ভয়ের বিষয় কিছু থাকিল না ।” এইরূপে তাহাকে সন্তুষ্ট করিয়া সাত সহস্র মুদ্রা দিয়া ভৃত্য ঈশানের সঙ্গে রজনীবোণে তিনি প্রস্থান করিলেন। ঈশানের সঙ্গে কয়েকটি স্বর্ণমুদ্রা ছিল, পথিমধ্যে পাতভ পর্কতে পৌঁছিলে এক দস্যু তাহা লইবার চেষ্টায় থাকে। সনাতন ভাব গতি বুঝিয়া মুদ্রা গুলি তাহাকে দিয়া ঈশানকে বিদায় করিয়া একাকী উদাসীনবেশে বৃন্দাবনভিমুখে চলিলেন। এক দিন রাজ্যিকালে পাটনার নিকট হাজিপুরের এক উদ্যানমধ্যে বৃক্ষতলে বসিয়া তিনি নাম কীর্ত্তন করিতেছেন, ভগ্নীপতি শ্রীকান্ত ঈঠাং তাহা শুনিতে পাইলেন। শ্রীকান্ত এক জন রাজকর্ম্মচারী, গৌড়েশ্বরের জন্ত তিনি লক্ষ টাকার অর্থ ক্রয় করিবার নিমিত্ত তিনি ঐ স্থানে বাসা করিয়াছিলেন। সনাতনকে তাদৃশ হীনবেশে দর্শন করিয়া তাঁহার মন অতিশয় বিস্ময়াপন্ন হইল। পরে মলিন বস্ত্র পরিত্যাগের জন্ত বৈরাগীকে তিনি অনেক অনুনয় বিনয় করিলেন; সনাতন কিছুতেই সন্তুষ্ট না হওয়ার শেষ তিনি এক ভোটকঞ্চল তাঁহাকে দিলেন। সেই কঞ্চল পায়ে দিয়া সনাতন বৈরাগী ক্রমে কাশীধামে গিয়া উপনীত হন। তৎকালে গৌরচন্দ্র তথায় উপস্থিত ছিলেন। সনাতন বহির্দ্বারে বসিয়া দুই হস্তে দুই গুচ্ছ তৃণ এবং দস্তে তৃণ ধারণপূর্ব্বক কাতরভাবে ক্রন্দন করিতেছেন, আর নয়নজলে গণ্ডস্থল ভাসিয়া যাইতেছে। ভক্তপ্রিয় গৌরচন্দ্র এই সংবাদ পাইয়া সমীপাগত হইলেন এবং প্রগাঢ় আলিঙ্গনদানে স্তম্ভ করত সনাতনের অঙ্গে হাত ব্লাইতে লাগিলেন। তাঁহার ব্যাকুলতা বিলাপ, অমুশোচনা দেখিয়া চৈতন্ময় প্রেমসিন্ধু উথলিয়া উঠিল। শিষ্যবৎসল প্রেমার্জ্জ চিত্ত মহা পুরুষেরা আশ্রিত হুঃখীদিগের প্রতি যে প্রকার স্নেহ মমতা প্রদর্শন করেন তাহা মাতৃস্নেহ অপেক্ষাও সূক্ষ্ম। মহাপ্রভুর অকৃত্রিম ভালবাসা পাইয়া সে সময় অনেক সন্তপ্ত হৃদয় ব্যক্তি শোক তাপ ভবযন্ত্রণা বিম্বৃত হইয়াছিল। তদনন্তর সনাতনের কারামুক্তি ৩ পঞ্চমমণের বিবরণ সমস্ত তিনি শুনিলেন। খৌরচন্দ্র আপনি মর্কট্যাগী সন্ন্যাসী হইয়া এইরূপে অনেকানেক সন্ন্যাস্ত ধনী পণ্ডিত এবং ভদ্রদত্তানকে পথের ভিখারী করত কষ্টাধারী তরুতলগামী করেন। কিন্তু এই সকল পরিভ্রম চিত্ত ভাগবতগণ

অবশেষে বিপুলবিক্রমশালী ধনী ও নরপতিগণের উপরেও কর্তৃত্ব করিয়া সকলের পূজিত হইয়া গিয়াছেন। শতীতনর সনাতনকে কহিলেন, পতিভ্রূ-পাবন কৃষ্ণ বড় দয়াময়, তিনি অপার কৰুণার সিদ্ধি তাঁহার অল্পগ্রহেতেই তুমি পাপ তাপ হইতে মুক্তি লাভ করিলে। সনাতন ক্ষণকাল স্বরে বলিলেন, আমি কৃষ্ণকে জানি না, তোমার কৃপাই আমার উদ্ধারের হেতু হইয়াছিল। রূপ এবং অরূপম বৃন্দাবন গিয়াছেন সে সংবাদ সনাতন এইখানে প্রাপ্ত হন। অতঃপর গৌরের আদেশানুসারে চন্দ্রশেখর তাঁহাকে ক্ষৌরী এবং স্নান করাইয়া নূতন বসন পরিধান করিতে অজ্ঞ-রোধ করিলেন। সনাতন তাহা না শুনিয়া এক পুরাতন ছিন্ন বসন চাহিয়া লইলেন। ভোটকঘল খানি তখনও তাঁহার গারে ছিল। প্রভু-বার বার সে দিকে দৃষ্টিপাত করিতে সনাতন তাঁহার ভাব বুঝিতে পারিয়া এক জন বক্রবাসীর কাঁথার সঙ্গে তাহার বিনিময় করিলেন। এই সমস্ত ঐকান্তিক অকপট বৈরাগ্যচিহ্ন সন্দর্শনে চৈতন্য অত্যন্ত প্রীত হন। তিনি বলিলেন, উত্তম বৈদ্য কি কখন রোগের শেষ রাখে? তিন মুদ্রার ভোট গারে দিয়া মাধুকরী ভিক্ষা করিলে ধর্ম-হানি হয়, লোকে উপহাস করে। যাঁহার ইচ্ছার তোমার বিষয়ভোগ খণ্ডন হইয়াছে তিনিই ইহা দূর করিলেন। অনন্তর উভয়ে বিবিধ ভ্রাম-লাপ হইতে লাগিল।

কৃষ্ণই এক মাত্র সর্বোপরি আদি কারণ, অনন্ত ব্রহ্মাণ্ডের অধিষ্ঠাত্রী, ব্রহ্মাদি দেবতাগণ তাঁহার এক একটা শক্তি। যোগধর্ম কর্মকাণ্ড পরি-হারপূর্বক তাঁহাতে ভক্তি করাই শ্রেষ্ঠ ধর্ম। সেই কৃষ্ণের শত সহস্র অবতারঃ—কেহ অংশাবতার, কেহ ভাবাবতার, কেহ শক্ত্যবতার, বৃন্দা-বনেন্দ্র কৃষ্ণ শেব অবতার। জ্ঞানের সঙ্গে বাহার ভক্তি হয় সেই সর্বো-ত্তম; শাস্ত্র যুক্তি অরগত নহে, অথচ ভক্তি আছে তাহাকে মধ্যম বলা যায়; বাহার শ্রদ্ধা অতি কোমল সে কনিষ্ঠ, কিন্তু শেখোক্ত হুই জন ক্রমে উত্তমাবস্থা প্রাপ্ত হইবে। ভক্তির তারতম্যানুসারে রক্তির তারতম্য হয়। কৃপালু, অকৃতদ্রোহ, সত্য, সার, সম, নির্দোষ, বদাম্য হৃদ, শুচি, অর্ক-কন, সর্বোপকারক, শাস্ত, কঠোরকরণ, অক্ষান, নিরীহ, শিতভৃক্,

অপ্রমত্ত, মানদ, অমানী ইত্যাদি বিবিধ গুণ ভক্তিতে অবস্থিতি করে । সনাতনকে প্রভু ভক্তি ও প্রেমতন্ময়ের সাধন এবং লক্ষণ আয়োগ্যাস্ত সমস্ত এইরূপে শিক্ষা দিয়া বলিলেন, তুমি বিবিধ গ্রন্থ রচনা দ্বারা জগতে ভক্তিতত্ত্ব প্রচার কর এবং বিলুপ্তপ্রায় মথুরা তীর্থকে পুনরুদ্ধার করিয়া লও । শুষ্ক বৈরাগ্যবিষয়ে তাঁহাকে সাবধান করিয়া দিলেন । সনাতন বলিলেন আমি নীচ জাতি, চিরদিন বিষয়ভোগে কাল ক্ষয় করিয়াছি, আশীর্বাদ করুন যে, যাহা শিক্ষা করিলাম তাহা যেন ভুলিয়া না যাই, এবং এ সকল যেন আমার হৃদয়ে ক্ষুর্ভি পায় । তদনন্তর আরও নিবেদন করিলেন, সার্কর্ভৌমের নিকট আপনি যে “আত্মস্মারামশচ মুনয়ো” শ্লোকের আঠার প্রকার অর্থ ব্যাখ্যা করিয়াছেন তাহা আমি শুনিতে অভিলাষ করি । গৌর বলিলেন, তখন কি প্রলাপ বলিয়াছি, আমি বাতুল মানুষ, সার্কর্ভৌম আবার তাহা সত্য মনে করিয়াছেন, সে কথা কি এখন আর মনে আছে? তবে তোমার ম্যায় ব্যক্তির সমগুণে যাহা কিছু প্রকাশ পায়, মতুবা সহজে আমার অর্থ বোধগম্য হয় না । এই বলিয়া শেষে এমনি তাঁহার উৎসাহ বাড়িয়া গেল যে, উক্ত শ্লোকের একষষ্টি প্রকার অর্থ ব্যাখ্যা করিলেন । কিরূপে বৈষ্ণবস্মৃতি লিখিতে হইবে তাহাও সনাতনকে বলিয়া দিলেন । দুই মাস কাল তিনি ক্রমাগত তাঁহাকে ভক্তি শিক্ষা দেন । পরে কাশীর দণ্ডীদিগকে বিচারে এবং ভক্তি-প্রভাবে পরাস্ত করিয়া নীলাদ্রি প্রস্থান করেন । গমনকালে সনাতনকে বলিয়া গেলেন, তুমি বৃন্দাবনে যাও, সেখানে তোমার ভ্রাতৃদ্বয় আছেন তাঁহাদের সঙ্গে গিয়া দেখা কর । কহা করোয়াধারী আমার কাঞ্চাল ভক্তগণ তথায় গেলে তাহাদিগকে প্রতিপালন করিও । কৃষ্ণ তোমার হৃদয়ে প্রকাশিত হইয়া তোমাকে গুণবুদ্ধি প্রদান করিবেন ।

সনাতন গোস্বামী বৃন্দাবনে আসিয়া দেখিলেন রূপ অন্য পথ দিয়া তাঁহার অবেষণার্থ কাশীযাত্রা করিয়াছেন । সুবুদ্ধি রায় নামক এক ব্যক্তি এখানে থাকিতেন, তিনি সনাতনকে সাদরে গ্রহণ করিলেন । কথিত আছে, এই সুবুদ্ধি রায় এক সময় গৌড়ের অধীশ্বর ছিলেন, সৈয়দ হুসেন খাঁ ইহার স্বর্গচারী ছিল । এক দীক্ষিৎননকার্য্যে ব্রতী হইয়া

কিছু দোষ করাতে হসেন সুবুদ্ধিকর্ক কশাঘাত প্রাপ্ত হন। পরে সৈয়দ হসেন স্বয়ং রাজা হইল এবং রাজা হইয়াও কিছু দিন পর্যন্ত পুরাতন প্রভুর প্রতি সমুচিত শ্রদ্ধা প্রদর্শন করিতে লাগিল, কিন্তু তাঁহার স্ত্রী পূর্বের কথা বিশ্বৃত হয় নাই। সেই কশাঘাতের চিকু দেখাইয়া এক দিন সে বলিল, তুমি সুবুদ্ধির প্রাণদণ্ড কর। হসেন কিছুতেই সম্মত না হওয়াতে সে নারী বলিল তবে উহার জাতি মারিয়া দাও, অন্যথা আমি প্রাণত্যাগ করিব। শেষ স্ত্রীর অনুরোধে হসেন সুবুদ্ধির মুখে জল ছিটাইয়া দিলেন। স্ত্রীরাং জাতিভ্রষ্ট হইয়া সর্বস্ব পরিত্যাগপূর্বক সুবুদ্ধিকে বারাণসী আসিতে হইল। তথায় পণ্ডিতদিগের নিকট প্রায়শ্চিত্ত ব্যবস্থা জিজ্ঞাসা করাতে তাঁহার বলিলেন, তোমাকে তপ্ত স্নাত খাইয়া প্রাণ ত্যাগ করিতে হইবে; অতি গুরুতর পাপ তোমার ঘটিয়াছে। সুবুদ্ধি স্বীয় নামের গুণে তাহা না করিয়া চৈতন্যের নিকট ব্যবস্থা চাহিলেন। তিনি বলিলেন, তুমি বৃন্দাবনে গিয়া কৃষ্ণনাম সঙ্কীর্ণন কর; এক নামে পাপ ক্ষয় হইবে, দ্বিতীয় নামে কৃষ্ণপদ লাভ করিবে, তৃতীয় নামে তাঁহার সহবাসে স্থান পাইবে, ইহাই মহাপাপের প্রায়শ্চিত্তবিধি। অনন্তর সুবুদ্ধি অযোধ্যা নৈমিষারণ্য পর্যটন করিয়া বৃন্দাবনে আসিয়া; প্রতি দিন ছয় পয়সার কাষ্ঠ বিক্রয় করত জীবিকা নির্বাহ করিতে লাগিলেন। কিঞ্চিৎ গুণ্ড ৫৭ক চর্ষণ করিয়া প্রাণ ধারণ করিতেন, বাকি মুদির দোকানে গচ্ছিত রাখিয়া তদ্বারা দুঃখী বৈষ্ণবগণের সেবা করিতেন, এবং বাঙ্গালী পাইলে তাহাকে দধি ভাত খাওয়াইয়া তৈল মাখাইতেন। কিছু দিবস পরে ইহার সঙ্গে শ্রীকৃষ্ণের মিলন হয়। তার পরে তিনি সনাতনকে পাইয়া পরমানন্দ লাভ করেন। সনাতন পরম বৈরাগী, সুবুদ্ধির স্নেহ মমতা ছিন্ন করিয়া বনে বলে বেড়াইতে লাগিলেন; প্রতি দিন এক এক বৃক্ষতলে এবং নব নব কুঞ্জে অবস্থান করিতেন। মথুরা মাহাস্মরণ্য সংগ্রহ করিয়া প্রথমে সেই লুপ্ত তীর্থ তিনিই প্রকাশিত করেন।

এ দিকে শ্রীকৃষ্ণ অল্পম ছই ভাই বারাণসীতে সনাতনকে না পাইয়া দেশে প্রত্যাগমনপূর্বক বৃন্দাবনলীলা নাটক লিখিতে লাগিলেন। শেষা-বস্থায় উভয়ে একত্র বৃন্দাবনে অবস্থান করিতেন। বনে বনে ভ্রমণ, নিত্য

নূতন বৃক্ষমূলে শয়ন, ভিক্ষা দ্বারা জীবিকা নির্বাহ, আর গ্রহপ্রণয়ন এই মাত্র ইহাঁদের কার্য ছিল। ত্রীকূপের ভাতুস্পৃজ এবং মন্ত্রশিষ্য জীবগোস্বামী এই নদ্রে থাকিয়া ষট্‌গন্দর্ভ, ক্রমসন্দর্ভাদি বহু বিধ গ্রহ রচনা করেন। ইহাঁরা ভক্তির সূক্ষ্মতম তত্ত্ব সকল যথারীতি শ্রেণী বিভাগ করিয়া তদ্বিষয়ে বিজ্ঞান শাস্ত্র লিখিয়া গিয়াছেন। সংস্কৃত ভাষায় তিন জনেরই বিশেষ ব্যুৎপত্তি ছিল। রূপ সনাতন জীব গোস্বামীকে বৈষ্ণব সম্প্রদায়ের বেদ-ব্যাস স্বরূপ বলা যাইতে পারে। গৌর প্রচারিত ভক্তিবিধানের উচ্চ-গৃহেব যে কয়েকটি প্রধান স্তম্ভ ছিল তন্মধ্যে ইহাঁরা তিন জনও প্রধানত্ব লাভ করিয়াছিলেন। তৈতন্যের শিষ্যগণের মধ্যে ইহাঁরা ভক্তিতত্ত্বের বিদ্যাতে বিশেষ ক্ষমতাশালী ছিলেন। সার্বভ্যাগী বৈরাগী রঘুনাথ ভট্ট পরে এষ্ট সঙ্গে মিলিত হন। এই রূপ শুনা গিয়াছে যে, বন্দাবন অবস্থান কালে সনাতন একটি মূলাবান্ রত্ন প্রাপ্ত হন এবং দান করণার্থী এক দরিদ্র ব্রাহ্মণকে তাহা দান করেন। ব্রাহ্মণ তাঁহার ছন্দগু বৈরাগ্যপ্রাপ্ত দর্শনে শেষে আপ-নিও বৈরাগী হইয়া যায়। একদা কোন দ্বিগ্বিদ্ভ্যো পণ্ডিত রূপসনাতনকে বিচারার্থ আহ্বান করিলেন, তাঁহার তাহাতে অসম্মত হইয়া পণ্ডিতকে জয়পত্র লিখিয়া দিলেন। তৎপরে দ্বিগ্বিদ্ভ্যো সেই পত্রে জীবকে স্বাক্ষর করিতে বলায় তিনি গুরুর অবমাননা দৃশ্য কথিতে না পারিয়া বলিলেন, আমি বিচার করিব। বিচারে দ্বিগ্বিদ্ভ্যো পরাজিত হইলেন। এ কথা রূপ শুনিয়া জীবকে বহু ভৎসনা করিয়া বলিয়াছিলেন, তুমি জয় পরাজয় মান অপমান ত্যাগ করিয়া বৈরাগী হইয়াছ, জয়ভাষী সেই পণ্ডি-তের নিকট পরাভব স্বীকার করিয়া, আপনি অমানী হইয়া কেন তাহাকে দীনতার সহিত মান দান করিলেন না? জীব নিরতিমানী, কেবল গুরু-নিন্দা সহিতে না পারিয়া পণ্ডিতের সঙ্গে বিচার করিয়াছেন, ঠেহা জানিয়াও রূপ তাঁহাকে শাসন করিবার জন্য স্বপ্নিলেন, অন্য হইতে আমি তোমার মুখাবলোকন করিব না। তাহা শুনিয়া জীবের অঙ্গ কম্পিত হইল, অনেক স্তুতি মিনতি করিলেন, কিছুতেই কিছু হইল না, শেষ যমুনাতে এক গোফার মধ্যে তিনি বহুকষ্টসাধ্য তপস্যায় নিযুক্ত রছিলেন। গুরুবিরহ-শোকে এবং কুচ্ছ দাপনে তাঁহার শরীর ক্রমে শীর্ণ হইয়া গেল।

সনাতন জীবের এ প্রকার কষ্ট আর দেখিতে না পারিয়া এক দিন রূপকে জিজ্ঞাসা করিলেন, সদাচারের মধ্যে শ্রেষ্ঠ কি ? রূপ বলিলেন জীবে দয়া । সনাতন বলিলেন তবে তাহা হয় না কেন ? তখন রূপ তাঁহার বথার তাৎপর্য বুঝিয়া জীবকে স্নেহ সহকারে পুনর্গ্রহণ করেন । সে সময় আক্ববর পাতলা আগবায় থাকিতেন, তিনি রূপ সনাতনের বৈরাগ্যের কথা শুনিয়া তাঁহাদিগকে দেখিতে আসেন । সাধুদিগের কিছু উপকার করিতে তাঁহার বড় ইচ্ছা ছিল ; কিন্তু যখন সেই তেজস্বী নিঃসঙ্গ প্রেমিক বৈরাগ্যদিগের অসাধারণ মহত্ব তিনি বুঝিতে পারিলেন তখন তাঁহার সকল অভিমান দূর হইয়া গেল । বিদ্যা পদ ও ধনেতে পৌরবাসিত হইয়া কিক্রমে নিরভিনানী, নির্লোভী, প্রেমিক এবং বৈরাগী হইতে হয় রূপ সনাতন তাহার দৃষ্টান্ত শুন । এই সকল দেবত্বলা মহাজ্ঞানগই শ্রীকৃষ্ণের বৃন্দাবনপীঠার মাধু্যরস আন্বাদন ও বিতরণ করিয়া গিয়াছেন । ইহাতে বুঝা যায়, কি পবিত্রতম মধুর ভাবেই তাঁহারা এবং গৌরাঙ্গ মহাপ্রভু ইহার গভীরার্থ অদয়ঙ্গম করিয়া সুখী হইতেন ।

বৃন্দাবন হইতে কোন যাত্রী আসিলে গৌর অগ্রে তাহাকে জিজ্ঞাসা করিতেন, আমার রূপসনাতন কেমন আছেন, কিক্রমে তাঁহাদের দিন গত হয় ? তাহা বা বলিত, নিরাশ্রয় হইয়া তাঁহা বা দুই জন তরুতলে শয়ন করেন, ভিক্ষালব্ধ শুক কুটী ও চণক ভক্ষণ করেন, ছিন্ন বহির্কাস, কস্থা এবং করোয়া নাত্র তাঁহাদের সঙ্গে থাকে, অষ্ট প্রহরের মধ্যে চারি দণ্ড কাল নিদ্রা যান, অবশিষ্ট সময় নাম সঙ্কীর্্তন, ভক্তিশাস্ত্র প্রণয়ন, আর তোমার বিষয়ে চিন্তা এবং আলাপ ইহাই তাঁহাদের কার্য্য । এ সকল কথা শুনিয়া শৈতন্যেব হৃদয় আহলাদে নৃত্য করিত । পশ্চিমাঞ্চলে রূপসনাতনই তাঁহার ধর্ম্মপ্রচারক ছিলেন :



## কাশীধামে দণ্ডীদিগের সঙ্গে বিচার

কাশীতীর্থ কালেতে যেমন পুণাতন, পাপ অধর্মেতেও তেমনি পরিপূর্ণ।  
ধর্মের নামে এত আড়ম্ববও আর কোথাও দেখা যায় না, এবং তাহার  
সঙ্গে সঙ্গে এত ভ্রষ্টাচার দুর্ভাবহারও আর কোথাও আছে কিনা সন্দেহ।  
সেখানে দলে দলে দণ্ডী সন্ন্যাসী\* পরমহংস সকল ভ্রমণ করে, মায়ামাদ  
মতান্তরাণে তাহার পাদসিঁদে দর্শন সম্রাটকে মিথ্যা বল, অথচ কার্যে  
তাহার ঠিক বিপরীত আচরণ করে। কলভঃ কাশী অতি নীরস স্থান,  
তথায় ভক্তির নাম গণ্য নাই, কেবল জ্ঞানকাণ্ড আর অসার কর্মকাণ্ডের  
আড়ম্বরে মত্ত হইয়া লোকসকল দম্মাভিমান প্রদর্শন করিয়া থাকে।  
এ সকল লোকের রীতি প্রকৃতি চৈতন্য পূর্ণ হইতেই অবগত ছিলেন,  
এই জন্য তিনি কোন স্থানে নিমন্ত্রণ লইতেন না, অথ যে কয়েক জন  
বৈষ্ণবকে পাইয়াছিলেন তাহাদিগকে লইয়া গোপনে অবস্থিতি করিতেন,  
আর সনাতনকে ভক্তি শিক্ষা দিতেন। কিন্তু পূর্বোক্তবিধ সেই মহা-  
রাষ্ট্রীয় ব্রাহ্মণটি তাহার প্রতি বড় অছুরক্ত ছিল। দণ্ডী সন্ন্যাসী পণ্ডিত-  
মণ্ডলীর সঙ্গে একবার তাহার সাক্ষাৎ হয়, তাহার চৈতন্যের মহৎ কিছু  
বুদ্ধিতে পারে এই অভিপ্রায়ে ব্রাহ্মণ তাহাকে এবং কাশীর সমস্ত  
দণ্ডীকে নিজালয়ে এক দিন নিমন্ত্রণ কবিল। বিপ্রেস আগ্রহ দেখিয়া  
নিমন্ত্রণ অস্বীকার করত গোঁরাঙ্গ যথাসময়ে সভাস্থলে উপস্থিত হইলেন,  
এবং পাদপ্রক্ষালনপূর্বক অতি দীনভাবে সেই স্থানেই বসিয়া রহিলেন।  
প্রকাশানন্দ স্বামীও সেই সভায় উপস্থিত ছিলেন। পৌরীর তপ্তকাঞ্চন-  
তুল্য তেজোময় রূপলাবণ্য অবলোকন করত সচকিত ভাবে সসন্ত্রমে সঙ্ক-  
লের সহিত তিনি গাত্রোথান করিলেন এবং বলিলেন, শ্রীশািব! অপ-বিভ্র  
স্থানে কেন, এই দিকে আদিয়া আসন পরিগ্রহ করুন। চৈতন্য কহি-  
লেন, আমি হীন সম্প্রদায়ের লোক, সকলের মধ্যে উপবেশন করা



আমার ভাল দেখায় না। তাঁহার সেই উজ্জ্বল মুখ কাস্তি দর্শন এবং বিনীত মধুর বচন শ্রবণ করিয়া দণ্ডিগণের চিত্ত অলৌকিক ভাবরসে বিগলিত হইয়া গেল। প্রকাশানন্দ স্বামী ঠাত ধরিয়৷ তাঁহাকে সভার মধ্যস্থলে বসাইলেন এবং সম্মানপূৰ্ব্বক জিজ্ঞাসা করিলেন, তুমি কেশব ভারতীর শিষ্য হইয়া কেন আমাদের সঙ্গে দেখা কর না? সন্ন্যাসী হইয়া ভাবকদিগের সঙ্গে নৃত্য কীর্তন কর, কিন্তু বেদান্ত পাঠ এবং ধ্যান সন্ন্যাসীর ধর্ম, তাহা ছাড়িয়া ভাবকের মত তুমি কেন থাক? সাক্ষাৎ নারায়ণের ন্যায় তোমার প্রভা দেখিতেছি, এরূপ হীনাচার উচিত হয় না।

চৈতন্য বলিলেন, শ্রীপাদ! আমিও গুরু আমাকে মূৰ্খ জানিয়া এই উপদেশ দিয়াছিলেন যে, বেদ বেদান্তে অধিকার নাই, তুমি কেবল কৃষ্ণনাম জপ কর, কলিতে নামটুকু ধর্ম। অতঃপর তিনি আমাকে বৃহন্নারদীর পূর্বাপের এই শ্লোক শিক্ষা দেন—“ হরেন্নাম হরেন্নাম হরেন্নামৈব কেবলং । কলৌ নাস্তেব নাস্তেব নাস্তেব গতিরন্যথা ॥ ” এই নামে আমার মন পাগল হইয়া গেল, বুদ্ধিবশ হইল। তদনন্তর আমি গুরুকে এই কথা জানাইলাম যে হরিনামের নামের কঁদায় কঁদায় নাচার এ কি হইল? গুরুদেব বলিলেন, হরিনামের নামের স্বভাব, তোমাতে প্রেমোদয় হইয়াছে ইহা সৌভাগ্যের বিষয়। ২ কৃত্যর্থ হইলাম। এক্ষণে তুমি ভক্তসঙ্গে এই নাম কীর্তন করিয়া পণ্ডিতদের কর। এই বলিয়া নিম্নলিখিত শ্লোক তিনি শিক্ষা দিলেন—“ এবং তস্মৈ হরিনামকীর্ত্তা জাতান্নরাগোক্রতচিত্ত উক্লেঃ হসতাথো বেদিত্তি গীতি গায়ত্বান্নাদবনৃত্যতি লোকবাহুঃ । ” “ মধুর মধুরমে কনকবৎ মধুরং নাম সকলনিগমবন্দী সংকলং চিৎস্বরূপং । সুরুদপি পরিণীতং স্ততয়া তেজ ! বা ভগুবর নরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম । ” ( ভাগবত একাদশ স্কন্ধ ) ।

গৌরসুন্দরের শ্রীমুখবিনিঃকৃত অমৃতায়মান বচনাবলী শ্রবণ করিয়া এবং তাঁহার কোমল বাবকার সন্দর্শন করিয়া সন্ন্যাসিগণ বলিয়া উঠিল, যাহা কিছু তুমি ব্যক্ত করিলে সকলই সত্য, তোমার বচনে আমাদের প্রাণ শীতল হইল, অদা আনন্দা জ্যেষ্ঠ সুখী হইলান, কৃষ্ণভক্তি সকলেরই আদরের ধন,

কিন্তু বেদান্তশ্রবণে দোষ কি ? তৈতন্য বলিলেন, তোমরা ভ্রংশিত হইও না, বেদস্বত্বের মুখ্যার্থ ভাষ্যকারদিগের গৌণার্থ দ্বারা আচ্ছাদিত হইয়া পড়িয়াছে । ব্রহ্মশব্দের মুখ্যার্থ চিদৈশ্বর্য পূর্ণ ভগবান্, তাঁহার বিভূতি সমস্তই চিদাকার । তাঁহার দেহ, স্থান, পরিবার সকলই চিন্ময় ; এই চিদিভূতি আচ্ছাদন করিয়া তাঁহাকে নিবাক্য বলি অথবা তাঁহার রূপকে প্রাকৃত কলেবররূপে ব্যাখ্যা করা, ইহা ব তুলা বিয়ুনিদ্ধা আর কি হইতে পারে ? “বেদের স্বত্রার্থ সম্প্রদায়েব অনুরোধে কল্পিত অর্থ দ্বারা আবৃত করা হইয়াছে ইহা সত্য, এক্ষণে মুখ্যার্থ কি তাহা শুনিতে অভিলাষ করি” সন্ন্যাসিগণ এইরূপ ইচ্ছা প্রকাশ কৰিতে তৈতন্য পুনরায় বলিলেন, ব্রহ্ম অর্থে বৃহদ্বস্ত তিনিই বৃড়ৈশ্বর্য-পূর্ণ ভগবান্, তাঁহাকে সত্ত্বামাত্র নির্ধিশেষ বলিলে চিচ্ছক্তি স্বীকার করা হয় না । সেই বেদ প্রতিপাদিত রূপকে ভক্তি ও নাম সাধনে প্রাপ্ত হওয়া যায় । তাঁহার চরণে ঐকান্তিক অনুরাগ জন্মিলে পথ অর্থ কাম মোক্ষ চতুর্বর্গ ফলের অতীত পঞ্চম পুরুষার্থ যে প্রেম মহাপন তাহা ব নাধূর্য্য রস আশ্বাদন করা যাইতে পারে । তখন পণ্ডিতমণ্ডলী তৈতন্য প্রভুর এই সম্প্রদায় স্মরণময় বচন শুনিয়া সন্তুষ্ট হইয়া বলিলেন, আপনি সাংক্ষাৎ বেদময়মর্ত্তি, আমরা যে আপনাকে নিন্দা করিয়াছি আমাদের সে সমস্ত অপরাধ মার্জনা করুন । অনন্তর তাঁহাকে আদরপূর্ব্বক বসাইয়া সকলে ভিক্ষা অর্থাৎ ভোজন করাইলেন ।

কাশীর দণ্ডী ও শাস্ত্রীদিগের মধ্যে কয়েক দিন এই বিষয়ে মহা আন্দোলন চলিয়াছিল । তৈতন্যের ব্যাখ্যা সার এবং তাহাই হৃদয়গ্রাহী, অনেকে এই কথা বলিয়া কেহ কেহ ভক্তিরসের আশ্বাদন পাইল । অন্য এক দিন গৌরচন্দ্র প্রেমাৰেণে মত্ত হইয়া সনাতন, চন্দ্রশেখর প্রভৃতির সঙ্গে নৃত্য ও সঙ্গীত করিতেছিলেন, তাহা দেখিয়া কাশীবাসী লোকদিগের চিত্ত একবারে জ্বলিত হইয়া যায় । প্রকাশানন্দ বলিলেন, ভাষ্যকার অদ্বৈত মত সংশয়পনের জন্য অল্পরূপে অর্থ করিয়াছেন এইজন্য তিনি ভগবত্তা স্বীকার করেন নাই । নানা জনের নানা মত,—মীমাংসক বলেন ঈশ্বর কেশ্বর অঙ্গ, সাংখ্যের মতে প্রকৃতি কারণ, নৈয়ায়িক বলেন পরমাণু হইতে বিশ্ব উৎপন্ন হইয়াছে, মায়াদাতীর ব্রহ্ম নিগুণ, পাঠঞ্জল মতে ঈশ্বরই স্বয়ং

গুরু ; পরম কারণ ঈশ্বরকে না মানিয়া সকলে অন্যের মত খণ্ডন করত আপনাদের মত স্থাপন করে, অতএব “মহাজনো যেন গতঃ সপ্স্থাঃ ।” প্রেম-রসে মগ্ন গৌরকে দেখিয়া শেষে প্রকাশানন্দ স্বামীও শিষ্যগণের সহিত হরি হরি বলিতে লাগিলেন । শচীনন্দন তাঁহার চরণবন্দনা করিলেন, তিনিও গৌরের চরণ ধরিলেন, এবং ক্ষমা চাইলেন । এইরূপে মরুভূমি তুল্য কাশী-ধাম ভক্তিরসে অভিষিক্ত হইল । স্বামীজী বিষ্ণুর সঙ্গে সমান করিয়া চৈতন্যকে প্রশংসা করাতে তিনি কুণ্ঠিত হইয়া বিষ্ণু স্মরণপূর্বক বলিলেন, আমি হীন জীব, আপনাকে যে জীব বিষ্ণু করিয়া মানে সে পাষণ্ড সদৃশ । প্রকাশানন্দ বলিলেন, মায়াবাদের দোষও বাসসূত্রের কল্পিত ব্যাখ্যার কথা তুমি যাহা ঘোষণা করিলে তাহাতে সকলের মন মুগ্ধ হইল, এক্ষণে সূত্রের যথার্থ অর্থ আমাকে বুঝাইয়া দাও । স্বামী অনুরোধ করাতে গৌরচন্দ্র বলিলেন, “বাস নিজে বুঝাইলেও তাহা কেহ বুঝিতে পারে না । বেদোপনিষদের ভাষ্য শ্রীমদ্ভাগবত, ইহা দ্বারা সূত্রের অর্থ বুঝিতে হইবে । সূর্য্যকে যেমন সূর্য্য ভিন্ন অন্যালোক দ্বারা দেখা যায় না, তেমনি ভগবদনুগ্রহ ব্যতীত তাঁহাকে জানা যায় না । কৃষ্ণই বেদসূত্র এবং তিনিই ভাষ্য ভাগবত, সূত্র ভাষ্য উভয়ই স্বয়ং ভগবান্ ।” দেবাদিদেব ঈশ্বরের প্রকৃত তত্ত্ব তাঁহার প্রদত্ত দিব্যজ্ঞানালোক ব্যতীত কোন গুরু বা গ্রন্থ দ্বারা তাহা কেহ বুঝিতে সক্ষম হয় না, ঈশ্বরের শাস্ত্র ঈশ্বর স্বয়ং বুঝাইয়া না দিলে কোন সত্য কেহ কাহাকে বুঝাইতে পারে না, এই জন্যই দৈববাণী এবং মহাজনবাক্য ধর্ম্ম ও উচ্চনীতির শেষ মীমাংসার স্থল হইয়া আছে । দৈববাণী অল্প লোকেই শুনিতে পায়, অবশিষ্ট মুমুক্শু জীবগণ নিঃসন্দেহচিত্তে সাধু ভক্ত সিদ্ধ পুরুষদিগের প্রচারিত বাক্যের উপর নির্ভর করিয়া চলে এবং সেই ঐকান্তিক নির্ভর হইতে তাহারা ক্রমে দিব্যজ্ঞান প্রাপ্ত হয় । বৌদ্ধ জ্ঞানিগণ দৈববাণী শ্রবণেও বধির, অহঙ্কার বশত ভক্তের কথাও তাহারা গ্রাহ্য করে না, স্তত্রাং তাহাদিগকে দুই কূল হারাইয়া তর্কপরায়ণ অধিকাংশের মতসম-ষ্টির শ্রোতে ভাসিতে ভাসিতে পরিণামে নরকাগ্নিতে নিক্ষিপ্ত হইতে হয় । শাস্ত্র-ব্যাখ্যাসম্বন্ধে প্রভু যে বলিয়াছেন, “সূর্য্যালোক ভিন্ন অন্যালোকে সূর্য্য নয়ন-গোচর হয় না,” ইহা অতি সারবান্ কথা । ভগবদর্শনের পস্থাও এইরূপ ।

তাঁহাৰ কথা হয় তিনি স্ময়ং বলিলেন, না হয় বিশ্বাসী পৰিত্ৰাত্মা ভক্ত  
 দ্বাৰা তিনি বলাইবেন, ভক্তিন্ন অন্য কোন উপায়ে গাহাৰা তাহা বুঝিতে চেষ্টা  
 কৰে তাঁহাৰা নিতান্ত ভ্ৰান্ত এবং ধৰ্ম্মাভিমানী । অমন্তৰ ভাগবত গ্ৰন্থেৰ বহুল  
 জ্ঞানগৰ্ভ এবং ভক্তিসাঙ্গক বচন প্ৰমাণ দ্বাৰা হৰিভক্তির শ্ৰেষ্ঠতা প্ৰতিপন্ন  
 কৰিয়া তিনি সকলেৰ হৃদয় অধিকাৰ কৰিলেন । শেষে এমনি হইল যে,  
 তাঁহাকে দেখিলেই যেখানে সেখানে লোকে হৰিধ্বনি কৰিত । বিশ্বেশ্বৰ  
 দৰ্শনে কিম্বা গম্ভাত্মানে যেখানে তিনি গমন কৰেন, সৰ্ব্বত্ৰই লোকেৰ ভয়ানক  
 জনতা হইতে লাগিল । এইৰূপে মায়াবাদাচ্ছন্ন কাশীধামে হৰিভক্তির  
 জয়ধ্বজা উড্ডীন্ কৰিয়া ত্ৰৈতন্য গোসাঞী পুনৰায় নীলাদ্রি প্ৰস্থান  
 কৰেন । রজনীঘোৰে বহিৰ্গত হইয়া চলিলেন, তপন মিশ্ৰ প্ৰভৃতি তাঁহাৰ  
 পশ্চাদ্গামী হইলেন । প্ৰভু বলিলেন, আমি ঝাৰিখণ্ডপথে একাকী যাইব,  
 যদি কাহাৰো ইচ্ছা হয় পৰে আসিতে পাব । তদন্তৰ বিদায় হইয়া সনা-  
 তনকে বৃন্দাবনে পাঠাইয়া তিনি সেই অরণ্যময় পথে নীলাচলে প্ৰত্যাগত  
 হইলেন ।



## নীলাচলে প্রভুর শেযাবস্থান ।



তীর্থপর্যটনোপলক্ষে ভারতের নানা স্থানের প্রাকৃতিক শোভা দর্শনাস্তর হরিনাম বিতরণ ও প্রেমভক্তি প্রচার করিয়া ভক্তবর শ্রীচৈতন্য পুনরায় নীলাচলে আসিয়া উপস্থিত হইলেন। চতুর্বিংশতি বর্ষ বয়ঃক্রমে সন্ন্যাসব্রত গ্রহণ করিয়া তাহার পরে ছয় বৎসর কাল তাঁহার পর্যটনে অতিবাহিত হয়, পরিশেষে আঠার বৎসর কাল একাদিক্রমে শ্রীক্ষেত্রে অবস্থান করেন। সর্বশুদ্ধ আটচল্লিশ বৎসর তিনি ইহলোকে জীবিত ছিলেন। এই আঠার বৎসরের মধ্যে যে সকল মনোহর ঘটনা সংঘটিত হইয়াছে তাহিবরণ বর্ণনে এক্ষণে আমি প্রবৃত্ত হইলাম।

পূর্বেক্ষেত্রে গোবের পুনরাগমন প্রত্যাশায় ভক্তবৃন্দ নিরন্তর আশাপথ চাহিয়া আছেন এমন সময় তিনি বৃন্দাবন বারণসী প্রয়াগ ভ্রমণ করিয়া তত্রত্য সাধুমণ্ডলীমধ্যে উপস্থিত হইলেন। ভক্তসমাজে আনন্দকোলাহল উঠিল, পুনরায় প্রেমভক্তির হিন্দোলৈ সকলের হৃদয়সিন্ধু উদ্বেলিত হইল। কাশীধর মিশ্রের ভবনে তাঁহার চিরবাসস্থান নির্দিষ্ট ছিল, অবশিষ্ট জীবন সেই খানেই তিনি কাটাষ্টয়া গিয়াছেন। তীর্থের বৃত্তান্ত গৌরচন্দ্র নিজমুখে বর্ণন করিয়া সকলের চিত্ত বিনোদন করিলেন। প্রভু বৃন্দাবন হইতে নীলাচলে ফিরিয়া আসিয়াছেন এ সংবাদ গোড়দেশেও প্রেরিত হইল। তথাকার ভক্তবৃন্দ ইহা শ্রবণে উৎসাহী হইয়া পথের সজ্জা করিতে লাগিলেন। এই সময় হইতে প্রতি বৎসর দলে দলে এ দেশের বৈষ্ণবগণ শ্রীক্ষেত্রে যাতায়াত করিতেন। বঙ্গদেশ হইতে শ্রীক্ষেত্র প্রায় দশ বার দিবসের পথ, এই সুদীর্ঘ ভ্রমণ পথে প্রতি বৎসর ইহারা গত্যাত করিতেন। ইহা দ্বারা সকলে বুঝিতে পারিবেন কেমন তাঁহাদের অটল উৎসাহ ছিল। এমন শুভ দিন শুভ সংযোগ পৃথিবীতে কদাচিৎ হয়। দেবান্না মহাপুরুষের সহিত সাধু ভক্তের সন্মিলন যে কি গুরুতর ব্যাপার তৎকালকার

ভগবন্তরুজনেরা তাহা বুঝিয়াছিলেন। এই উপলক্ষে তাঁহাদের মনে অধীনী উৎসাহ যথেষ্ট বৃদ্ধি পাইত। গৌরের প্রধান প্রধান শিষ্যগণ দলবদ্ধ হইয়া ৬৫৭ বর্ষে তথায় যাইতেন, কেবল প্রচারকার্যে বিব্রত থাকায় নিত্যানন্দ এবং অদ্বৈত সকল বৎসর যাইতে পারিতেন না। আমি যে সেই প্রভুর সঙ্গে পুর্বেতে গিয়াছিলাম আর দেশে আসি নাই, বহুকাল পর্যন্ত ঐ দেশেই ছিলাম। কাঁচরাপাড়াবাসী শিবানন্দ সেন গৌড়ভক্তগণের পথদর্শক ছিলেন, সকলকে বহুপূর্বক বর্ষে বর্ষে তথায় লইয়া যাওয়া তাঁহার একটি আনন্দজনক কার্য ছিল। রথোৎসবের সময়ে গিয়া চারি মাস কাল তাঁহারা পুর্বেতে গুরুসহবাসে থাকিতেন, বহুবিধ নীলা করিতেন, এই হেতু বহুবিচ্ছেদের জন্য কাহাকেও আর অস্থখ অনুভব করিতে হইত না। এই চারি মাস কাল ক্রমাগত আমোদে আত্মলাভে আনন্দ উৎসবে কাটিয়া যাইত। কতকগুলি উন্নতচিত্ত সাধু এবং সর্বভাগী সন্ন্যাসী গৌরের সঙ্গে এইখানে প্রায় বার মাস থাকিতেন। ব্রহ্মচারী দণ্ডী হইয়াও মায়াবাদ জ্ঞানগর্ষ পরিভ্যাগপূর্বক শেষে তাঁহারা ভক্তিরস পানে প্রমত্ত হন।

রূপের ঐশ্বর্য দর্শন।

রূপ গোস্বামী কাশীধামে সনাতনের দেখানা পাইরা বিষয় সম্পত্তি বখাযোগ্য পাত্রে বণ্টন করিয়' দিবার জন্য স্বদেশে গিয়া কিছু দিন ছিথেন, তদনন্তর কনিষ্ঠ অল্পমের পরলোক প্রাপ্তি হইলে তাঁহার শ্রাদ্ধাদি ক্রিয়া সমাপনান্তর তিনিও নীলাজি গমন করেন। হরিদাস বথায় থাকিতেন রূপ তথায় আসিয়া রহিলেন। তাঁহার মন ইদানীং বৃন্দাবনলীলা ইত্যাদি বিষয়ে নাটক রচনার জন্য সর্বদা মগ্ন থাকিত। এখানে তিনি পৌছিলে গৌর আত্মলাভের সহিত আব আর সকলের সঙ্গে রূপগোস্বামীর পরিচয় করিয়া দিলেন। কিছু দিন পরে রথযাত্রা উপলক্ষে গৌড়ীষ ভক্তগণ তথায় উপস্থিত হন। রূপ তাঁহাদের সঙ্গে একত্র চারি মাস অবস্থান করিয়াছিলেন। এক দিন মহা প্রভু হরিদাসের কুটীরপ্রাঙ্গণে বসিয়া তাঁহার রচিত নূতন নাটক শ্রবণ করেন। অতি দীন হীন মলিন বেশ, বিনয়ে সর্বদা অবনত, লজ্জায় আর তিনি পড়িতে পারেন না, তথাপি গুরুর আদেশে নিজেব রচনা সকল কিছু কিছু ভক্তদিগকে শুনাইলেন। বিদগ্ধমাধব গ্রন্থের

প্রাকটি প্রথমে পাঠ করা হইল। “তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিতন্ততে  
 ॥ গাবলীলকরে, কর্ণক্ৰোড়কডম্বিনী ঘটয়তে কর্ণার্কুদেভ্য স্পৃহাং । চেতঃ  
 প্রাঙ্গণসঙ্গিনী বিজয়তে সর্কেঙ্গিয়ানাং কৃতিং নোজানে জনিতা কিয়ন্তির-  
 মৃতৈ কৃষ্ণেতি বর্ণদ্বয়ী ” । “ কৃষ্ণ ” এই বর্ণদ্বয় কত পরিমাণ অম্মতে যে রচিত  
 হইয়াছে তাহা জানি না । ইহা যখন রসনায় নৃত্য করে তখন আরো বহু  
 রসনা লাভের জন্য রতি উৎপাদন করে, এবং যখন কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হয়  
 তখন অর্কুদ সংখ্যক কর্ণ পাইবার জন্য স্পৃহা জন্মে, আবার চিত্তপ্রাঙ্গণে  
 মিলিত হইয়া ইন্দ্রিয়গণকে বলাধান করে । কৃষ্ণনামের স্মধুর মাহাত্ম্য  
 শবণ এবং এই শ্লোকের কবিত্ববস আশ্বাদন করিয়া রামানন্দ, সার্ক-  
 ভৌম, স্বরূপ দামোদর প্রভৃতি সুবিজ্ঞ পণ্ডিতগণ অতিশয় মুগ্ধ হইয়া  
 ছিলেন । পরে রামানন্দ তাঁহাকে ভক্তিরসের বিবিধ তত্ত্ব জিজ্ঞাসা করেন ।  
 জ্ঞান, ভক্তি, বৈরাগ্য কবিত্ব এই চারিটি রূপেতে একত্র সন্নিবেশিত ছিল,  
 তজ্জন্য গৌর বড় সুখ ও গৌরব অনুভব করিতেন । প্রধান ভক্তদিগের  
 নিকট রূপের এই সকল গুণের কথা বলিতে তাঁহার অত্যন্ত উৎসাহ হইত ।  
 তদনন্তর রূপ গোস্বামী অল্প দিনের মধ্যে তদ্ব্যতী সাধুগণের অতিশয় প্রিয়  
 হইয়া উঠেন । কোন্ রসের কিরূপ শ্লোক রচনা করিয়াছিলেন, সমস্ত  
 তাঁহাদিগকে শুনাইলেন । চৈতন্যের অনুরোধে সর্ব ভক্তগণ আরো অধি-  
 কতর প্রশ্ন হইয়া রূপকে বিস্তর আশীর্বাদ করিতে লাগিলেন । রূপ  
 সনাতনের চমৎকার বিবরণ পূর্বেই শুনা গিয়াছিল, এক্ষণে আমরা প্রত্যক্ষ  
 করিয়া অতীব আনন্দিত হইলাম । চারি মাস পরে গৌড়ের ভক্তগণ স্বদেশে  
 প্রস্থান করিলে, রূপ গোস্বামী তাহার পর আর কিছু দিন থাকিয়া বৃন্দাবনে  
 চলিয়া যান । বিদায়কালে চৈতন্য বলিয়া দিলেন, ব্রজপুরবাসী হইয়া  
 রসশাস্ত্র প্রচার কর, সনাতনকে একবার পাঠাইয়া দিও, আমিও সেখানে  
 আর একবার যাইব ।

ছোট হরিন্দাসকে বর্জন ।

ভগবান্ আচার্য্য নামক একজন সাধু চৈতন্যের শিষ্য ছিলেন ।  
 তিনি এক দিন গুরুদেবকে নিজ আশ্রমে ভোজন করাইবার জন্য গায়ক  
 ছোট হরিন্দাসকে বলেন, শিখি মাহিত্তির ভগ্নী মাধবীদেবীর নিকট উৎকৃষ্ট

ততুল ভিক্ষা করিয়া আন । মাধবী তপস্বিনী প্রাচীনা বৈষ্ণবী, তথাপি ধনী কথা শুনিয়া চৈতন্য আর হরিদাসের মুখ দেখিবেন না এইরূপ প্রতিশ্রুতি করিলেন । ভৃত্য গোবিন্দকে আজ্ঞা করিলেন, ছোট হরিদাসকে পুনরায় আমার আশ্রমে আসিতে দিবে না । দামোদর ইহার কারণ জিজ্ঞাসু হইলে তিনি বলিলেন, বৈরাগী হইয়া সে প্রকৃতি ( জ্বীলোক ) সম্ভাষণ করে ? ছুঁয়ার ইন্দ্রিয়বিষয়ের নিকট গমন করিলে মূনিদিগেরও চিত্তবিচলিত হয় । ক্ষুদ্র জীবসকল মর্কটবৈরাগ্য করিয়া ইন্দ্রিয়চরিতার্থে রত থাকে । এই সকল হৃদয়ভেদী বাক্য শ্রবণে পারিষদগণ নির্বাক হইলেন । পুনরায় আর এক দিন সকলে মিলিয়া হরিদাসের জন্য অনেক অনুরোধ করত তাহার এই সামান্য অপরাধ মার্জনা করিতে বলেন, কিন্তু সকল চেষ্টা নিষ্ফল হইয়া যায় । চৈতন্য কহিলেন, আমারই মন আমার বশীভূত নহে, বৈরাগী হইয়া প্রকৃতিস্পর্শ এবং সম্ভাষণ কি উচিত ? যাও তোমরা আপনার কার্যে চলিয়া যাও ! পুনরায় এরূপ যদি বল তবে আর আমাকে এখানে দেখিতে পাইবে না । তখন কর্ণে হস্ত দিয়া ভয়ে সকলে দূরে প্রস্থান করিলেন । পরমানন্দপুরী এ জন্য আর একবার অনুরোধ করেন, তাহাতে গৌর মহা বিরক্ত হইয়া গোবিন্দকে ডাকিয়া বলিয়াছিলেন, চল আমার সঙ্গে, এখানে আর আমার থাকা হইল না, আলালনাথে গিয়া আমি একাকী বাস করিব । মহা বিভ্রাট দেখিয়া তখন সকলে মিলে অনেক অহুন্নয় বিনয় করেন, তবে প্রভুর চিত্ত স্থির হয় । সে গৌরান্দ্র এখন থাকিলে বর্তমান নিকৃষ্ট বৈরাগীদল তাঁহাকে হস্ত প্রহার করিত । কি উচ্চ পবিত্রতা বিশুদ্ধ আচার ব্যবহার তাঁহার সময়ে ছিল, আর এক্ষণে কি হইয়াছে ! হরিদাসকে যে তিনি সামান্য লঘু পাপে এরূপ গুরু দণ্ড দিলেন তাহা আমি মনে করিতে পারি নাই, অন্তর্দৃষ্টিতে তাহার ভিতরে অবশ্য তিনি আরও কিছু দেখিয়া থাকিবেন । পবিত্রাত্মা ভক্তদিগের স্বভাবে লোকচরিত্র পরীক্ষা করিবার এক প্রকার কষ্টি পাথর থাকে, অপবিত্র হৃৎস্মাধিত ব্যক্তির জীবন তদ্বারা সহজে পরীক্ষিত হয় । তাঁহার পুণ্যসংস্কারগুণে পাপের দুর্গন্ধ বৃদ্ধিতে পারেন, গুচ কলঙ্কের দাগ তাঁহাদের বিবেক দর্পণের নিকট প্রকাশ হইয়া পড়ে, যোগবলে তাঁহারা পাপ পুণ্যের প্রকৃতি নির্দারণ করিতে



হিন্দু : গৌরান্দ্র স্ত্রীলোকসম্বন্ধে পবিত্রতা রক্ষার এই এক উজ্জ্বল দৃষ্টান্ত  
 বাইয়া গেলেন। পরে সেই হরিদাস অল্পতাপে দক্ষ হইয়া প্রয়াগের  
 ত্রিবেণীর জলে প্রাণত্যাগ করে। নবদ্বীপের কোন বৈরাগী তথা হইতে  
 গিয়া শ্রীবাসকে প্রথমে এই সংবাদ দেয়, পরে তাঁহার মুখে চৈতন্য সে কথা  
 শ্রবণ করেন। শ্রীবাস পুরীতে আসিয়া হরিদাসের বৃত্তান্ত জিজ্ঞাসা করায়  
 প্রভু বলিয়াছিলেন, “ স্বকর্মফলভুক্ পুমান্ ”।

প্রভুর প্রাতি দামোদরের ভৎসনা ।

একটি পিতৃহীন উড়িয়া ব্রাহ্মণবালক চৈতন্যের নিকট সদা সর্কদা  
 আসিয়া প্রণাম করিত এবং কথা বার্তা কহিত। স্কুমারমতি সূন্দর  
 বালকের মুগ্ধ ব্যবহার দেখিয়া তিনি তাহাকে বড় ভাল বাসিতে লাগিলেন।  
 কিন্তু বিরক্ত সন্ন্যাসী স্পষ্টবাদী দামোদরের পক্ষে ইহা নিতান্ত অসহ্য হইয়া  
 পড়িল। নিষেধ করেন তত্রাপি সে মানে না; বালক-স্বভাব যেখানে  
 প্রীতি পায় সেউখানে যায়, তাঁহার নিষেধ কার্যকর হইল না। শেষে  
 দামোদর আর থাকিতে না পারিয়া এক দিন বলিয়া ফেলিলেন, “ এইবার  
 তুমি কেমন গোসাঁঞী তাহা পুরুষোত্তমের সকলে জানিবে গোস্বামীর  
 গুণ এবার বাহির হইবে ! ” চৈতন্য বলিলেন দামোদর তুমি কি বলিতেছ ?  
 তিনি বলিলেন, কি আর বলিব ? তুমি আপনার ইচ্ছামত চলিবে, কাহারো  
 কথাত শুনিবে না ! অন্যের মুখ বন্ধ করিতে পার, কিন্তু পণ্ডিত হইয়া ইহা  
 বিচার কর না যে বিশ্বাসের সন্তানের প্রতি এত দূর স্নেহপ্রদর্শন উচিত কি না ?  
 যদিও স্নেহবিধবা সতী এবং তপস্বিনী, কিন্তু তথাপি তাহার সৌন্দর্য্য এবং  
 যৌবন দোষের কারণ হইয়াছে, এবং তুমিও এক জন পরম সূন্দর যুবা পুরুষ  
 বট। লোক-কাণাকাণির অবসর তুমি কেন দিতেছ ? ” এই বলিয়া দামো-  
 দর মৌনাবলম্বন করিলেন। গৌরসূন্দর হাসিয়া কহিলেন, তুমি নবদ্বীপে  
 যাও, তথায় গিয়া জননী রক্ষক হইয়া থাক। তুমি নিরপেক্ষ হইয়া আমা-  
 কেও সাবধান করিয়া দিলে, এরূপ না হইলে ধর্ম্ম থাকে না, বাহা আমার  
 দ্বারা হয় না, তাহা তোমা হইতে হয়, অতএব তুমি মাতৃ সন্নিধানে গমন  
 কর। অনন্তর স্বরূপ দামোদর কিছু দিনের জন্য চৈতন্যের গৃহের অভি-  
 ভাবক হইয়া নবদ্বীপে বাস করেন।

নামমাহাত্ম্য কথন ।

ধনী

হরিদাসের নির্জন কুটীরে গৌর প্রায়ই গভীরায়ত করিতেন । নাম-প্র  
মাহাত্ম্যসঙ্গন্ধে এই যখন ভক্তের কথা বড় প্রামাণ্য ছিল, । তাঁহার সমস্ত  
জীবনটি যেন নামময় । এক দিন প্রভু তাঁহাকে বলিলেন, কলিকালে এই  
যে সকল অসংখ্য যবন, যাহারা গো ব্রাহ্মণ বধ করে, ইহাদের কিরূপে  
নিস্তার হইবে তাই ভাবিয়া আমি বড় ছঃধিত হইতেছি । তিনি বলিলেন,  
সে জন্য তুমি চিন্তা করিও না, তাহারা “হারাম” “হারাম” বলিয়া মুক্ত  
হইবে । অজ্ঞানিল নারায়ণ নামক পুত্রকে ডাকিয়া তরিয়া গিয়াছে, নামের  
এমনি গুণ । আচ্ছা তবে পৃথিবীতে যে বহুল স্থাবর জঙ্গম আছে ইহাদের  
দশা কি হইবে ? তুমি যে উচ্চৈশ্বরে নাম সঙ্কীৰ্তন প্রচার করিয়াছ তাহার  
ধ্বনিতে তাহারা উদ্ধার হইয়া যাইবে । স্থাবরে যে হরিধ্বনির প্রতিধ্বনি  
শুনিয়াছ, তাহা প্রতিধ্বনি নহে, তাহারাও কীৰ্তন করিয়াছে । পুনরায়  
গৌর বলিলেন, সমস্ত জীব যদি মুক্তিলাভ করিয়া স্বর্গে চলিয়া যায়, তাহা  
হইলেত ব্রহ্মাণ্ডে আর কিছুই রছিল না, সব শূন্য হইয়া গেল ? হরিদাস  
বলিলেন, আবার স্বপ্ন জীব উৎপন্ন হইয়া স্থাবর জঙ্গমের সহিত জগৎকে  
পরিপূর্ণ করিবে । হরিদাসের কথায় গৌরঙ্গ প্রীত হইয়া ভক্তমণ্ডলীমধ্যে  
তাঁহার প্রশংসা করিতে লাগিলেন । কেমন সরল বিশ্বাস ! জীবসাধারণের  
মুক্তির জন্য কি চমৎকার আগ্রহ ! গৌরের এই সকল প্রশ্নের মধ্যে তাঁহার  
কি স্বকোমল ভাব, কি মধুর অমায়িকতাই প্রকাশ পাইতেছে !

সন তনের নীলাঙ্গি দর্শন ।

সনাতন গোস্বামী কিছু কাল বৃন্দাবনে অবস্থানান্তর ঝারিখণ্ডের বনপথ  
ধরিয়া নীলাচলে উপস্থিত হন । একে কঠোর বৈরাগ্যের পেষণে তাঁহার  
শরীর নিতান্ত শিথিল হইয়া পড়িয়াছিল, তাহার উপর আবার অনাহার  
অনিদ্রা, পথভ্রমণ এবং ঝারিখণ্ডের 'অস্বাস্থ্যকর জলপান, নানা কারণে  
সনাতনের সর্বাঙ্গে চর্মরোগ উৎপন্ন হইল এবং তাহা হইলে শোণিত ও রস  
নিঃসৃত হইতে লাগিল ; তখন তিনি নিতান্ত দুর্বল এবং ভগ্নদেহ হইয়া  
পড়িলেন । এই ব্যাধির জন্য বৈরাগীর মনে অত্যন্ত গ্লানি ও নির্যেদ  
উপস্থিত হইল । তিনি মনে মনে স্থির করিলেন, একে আমি নীচ জাতি,

সাত্তে জগন্নাথের মন্দিরের নিকট প্রভুর বাসা, সেখানে জগন্নাথের  
 দ্বারকগণের অঙ্গস্পর্শ করিলে আরও আমার অপরাধ বৃদ্ধি হইবে,  
 ততএব রথের অগ্রে গৌর যখন নৃত্য করিবেন সেই সময় তাঁহার সম্মুখে রথ-  
 চক্রে আমি প্রাণত্যাগ করিব। এই সিদ্ধান্ত স্থির করিয়া সনাতন হরি-  
 দাসের আশ্রমে গিয়া অতিথি হইয়া রহিলেন, তাঁহার সঙ্গে আলাপে  
 পরমানন্দ লাভ হইল, কতক্ণে গৌরকে দেখিবেন কেবল এই অপেক্ষা  
 করিতে লাগিলেন। ইতোমধ্যে মহাপ্রভু তথায় আসিয়া দর্শন দিলেন।  
 সনাতনকে দেখিবা মাত্র তিনি মহা হরষিত মনে তাঁহাকে আলিঙ্গন  
 করিতে ধাবিত হইলেন। গৌর কোল দিবার জন্য যত অগ্রসর হন, সনাতন  
 তত পাছে হাঁটেন, শেষ নিতাস্ত সঙ্কচিত হইয়া ক্লতাজলিপুটে বলিতে লাগি-  
 লেন, দোহাই প্রভু! আমাকে স্পর্শ করিবেন না! স্পর্শ করিবেন না!  
 একে আমি নীচ ভাষাতে পর্বাঙ্গ গাত্রকণ্ডুরসে অপবিত্র, অতএব রক্ষা  
 করুন! যে গৌরপ্রেম গলিতকুষ্ঠ ব্যাধিগ্রস্তকে হৃদয়ে স্থান দিয়াছে তাহা কি  
 আপনার প্রাণতুল্য শিষ্যের গ্রাজকণ্ডু দেখিয়া পরাঙ্মুখ হইবে? অনন্তর বল-  
 পূর্বক তিনি সনাতনকে আলিঙ্গন দান করিলেন। এই স্থানে আসিয়া  
 সনাতন আপনার কনিষ্ঠ অল্পমের মৃত্যুসংবাদ প্রাপ্ত হন। তাঁহার ভক্তি-  
 নিষ্ঠা আলোচনা করিয়া তিনি কিয়ৎক্ষণ শোক দুঃখ প্রকাশ করিলেন।

তৈতন্য গোসাঞী দিব্যজ্ঞানপ্রভাবে সনাতনের মনোগত অভিপ্রায়  
 বুঝিতে পারিয়া এইরূপ বলিয়াছিলেন। দেহত্যাগে যদি কৃষ্ণকে পাওয়া যায়,  
 তবে কোর্ট দেহ নিমেষের মধ্যে ত্যাগ করিতেই বা ক্ষতি কি? তাহাতে  
 কিছু হয় না, কৃষ্ণপ্রাপ্তির উপায় ভক্তি আর ভজন। দেহনাশ তমোগুণের  
 লক্ষণ, ইহাতে পাপ হয়। সাধক প্রেমভক্তির বিরহে প্রাণত্যাগ করিতে চায়  
 বটে, গাঢ় অল্পরাগের অভাব হইলে মৃত্যুবাঙ্ছা হয় সত্য, কিন্তু সেই বিরহজ্বালাই  
 আবার প্রাণনাথকে নিকটে আনিয়া দেয়, স্ততরাং তাহাকে আর মরিতে হয়  
 না। তুমি এ কুবুদ্ধি ত্যাগ করিয়া শ্রবণ কীর্তন কর, অচিরাৎ কৃষ্ণ প্রেমধন  
 পাইবে। তাঁহার ভজনে নীচ জাতি অযোগ্য নহে, আবার সংকুলোদ্ভব  
 বিপ্র হইলেও তাহাতে যোগ্য হওয়া যায় না। এ বিষয়ে জাতি কুলের  
 বিচার নাই, যে ভজনা করে সেই শ্রেষ্ঠ; সে ব্যক্তি হীন অভক্ত হইয়াও

উচ্চ হইতে পারে। দীনের প্রতি ভগবানের অধিক দয়া; কুলীন ধনী পণ্ডিত ইহার বড় অভিমानी; হরিপদারবিন্দু বিমুখ বড় গুণযুক্ত বিশ্রু অপেক্ষা হরিগত-প্রাণ চণ্ডালকে শ্রেষ্ঠ বলা যায়, ইহা ভাগবতে কথিত আছে। ভজনের মধ্যে শ্রবণ, কীর্তন, স্মরণ, পদসেবন, অর্চন, বন্দন, আশ্র-নিবেদনাদি ভক্তির এই নববিধ কার্য উৎকৃষ্ট বিষয়; হরিপ্রেমই হরিকে আনিয়া দিতে পারে, তন্ত্ৰন অন্য উপায় নাই। নিরপরাধে নামসঙ্কীর্ণন করা ইহাই সর্বোপরি সার জানিবে। সনাতন অকস্মাৎ এ সকল কথা শুনিয়া একবারে অবাচ্ হইয়া গেলেন। অতঃপর প্রভুর চরণে ধরিয়া বলিতে লাগিলেন ঠাকুর, আমাকে জীবিত রাখিলে তোমার কি লাভ হইবে? আমি অতি হীন পামর, তুমি সকলি জান, বাহা করাও তাহাই করি। গৌর বলিলেন, তুমি আমাকে আশ্রসমর্পণ করিয়া এক্ষণে অংবার পরের দ্রব্য বিনাশ করিতে উদ্যত হইরাছ? ধর্ম্মাধর্ম্ম বিচার করিতে পার না? তোমার শরীর দ্বারা আমি বহু প্রয়োজন সাধন করিব। ভক্ত, ভক্তি, কৃষ্ণপ্রেমতত্ত্ব, বৈষ্ণবের নিত্যকর্ম্ম, এবং আচার ব্যবহার তোমা হইতে নির্দ্ধারিত ও প্রচারিত হইবে। মাতৃ আজ্ঞায় আমি নীলাচলে আছি, নিজ-বলে ধর্ম্মশিক্ষা দিতে পারি না, বাহা আমি করিতে অক্ষম সে সকল আমি তোমা দ্বারা করাইব। তুমি দেহপাত করিবে ইহা কি আমি সহিতে পারি? তোমা হইতে লোকের বৈরাগ্য শিখিবে, ভক্তি ও প্রেমতত্ত্ব প্রচারিত হইবে, আমার প্রিয় স্থান লুপ্তহীর্থ মথুরা বৃন্দাশ্রমের পুনরুদ্ধার হইবে। হরিদাস, তুমি নিবেদন করিও যেন সনাতন অন্যান্য আচরণ না করে, এ ব্যক্তি পরের দ্রব্য বিনষ্ট করিতে চায়। হরিদাস বলিলেন তোমার গম্ভীর হৃদয়ের কথা কে বুঝিবে? কাহার দ্বারা তুমি কি করাও তাহা তুমি না জানাইলে জানিতে পারি না। সনাতন তখন কথঞ্চিৎ পরিমাণে স্তব্ধ হইলেন এবং বলিলেন ঠাকুর, আমি কাষ্ঠ পুত্রলিকাৎ, আপনাকে আপনি চিনি না, তুমি যেমনে নাচাও তেমনি নাচি। বস্তুতঃ সনাতন বাহা বলিয়াছেন ইহা বড় ঠিক কথা। মানবপ্রকৃতির স্বাভাবিক গতি কিরূপ, সে কোন্ কার্যের উপযুক্ত, কি প্রণালীতে তাহার হৃদয়তন্ত্রী স্বয়ং মিলাইয়া তাহাকে বাজাইতে হয়, কোন্ স্থানে আঘাত করিলে তাহার

ত্রিতর হইতে অমৃতের শ্রোত বাহির হইতে পারে, এই জগৎরূপ নাট্যশালায় কোন ব্যক্তি কোন অংশ স্বন্দররূপে অভিনয় করিতে সক্ষম, অন্তরদর্শী মহাপুরুষেরাই কেবল তাহা জানেন। যখন মানব হৃদয়ের লুক্কায়িত সম্পত্তি তাঁহার বাহির করিয়া দেন, তখন মানুষ আপনাকে আপনি চিনিয়া আত্মাদে পুঙ্খকিত হয়। আমাদের গুণের গৌর এই মহামন্ত্র জানিতেন। মহাপুরুষেরা যে কেবল জীবতত্ত্বের নিগূঢ় রহস্য উদ্ভেদ করিতে পারেন তাহা নহে, ভগবানের গুণ অভিপ্রায় পরিব্যক্ত করিয়া তাঁহারা সাধারণ জনসমাজকে অবাক করিয়া দেন! প্রেরিত মহাজনদের কার্য্যই এই যে, তাঁহারা জীব ও ঈশ্বরের গূঢ়তত্ত্ব প্রকাশ করিয়া জগতের কল্যাণ সাধন করিবেন, ইহারই জন্য তাঁহাদের আবির্ভাব। অনন্তর প্রভুর আজ্ঞায় হরিদাসও সনাতন বৈরাগীকে বুঝাইয়া বলিলেন দেখ সনাতন, তোমার তুল্য সৌভাগ্যশালী আর কে আছে? প্রভুর নিজদেহের কার্য্য তোমার দ্বারা তিনি করাইবেন, ভক্তির সিদ্ধান্তশাস্ত্র আচারনির্নয় তুমি প্রচার করিবে, ইহা অপেক্ষা তোমার সৌভাগ্য আর কি হইতে পারে? আমি বুঝা জীবন ধারণ করি, আমার এ দেহ প্রভুর কোন কার্য্যে আসিল না। সনাতন বলিলেন, তুমি প্রতি দিন তিন লক্ষ হরিনাম সঙ্কীৰ্ত্তন করিলে, নামের মহিমা জগতে প্রচার করিয়া গেলে, এমন আর কে পারিবে? ভক্তমণ্ডলীর মধ্যে তোমার তুল্য ভাগ্যবান আর আমি কাহাকেও দেখি না। কেহ আপনি আচরণ করে প্রচার করে না, কেহ প্রচার করে আচরণ করে না, তুমি আচার প্রচার দুই কার্য্যই করিয়া থাক।

কিয়দিবসান্তে রথযাত্রারকালে গৌড়ের সমস্ত ভক্তবৃন্দ এখানে আসিলেন, সনাতনের সঙ্গে তাঁহাদের আলাপ পরিচয় হইল। এইরূপে তিনি থাকেন, এক দিন গৌরীঙ্গ যমেশ্বর টোটা নামক স্থানে গিয়া তাঁহাকে তথায় আহ্বান করিলেন। জ্যৈষ্ঠ মাসের মধ্যাহ্ন সূর্য্যের প্রচণ্ড কিরণে সমুদ্রের বালুকারাশি অগ্নির ন্যায় উত্তপ্ত হইয়াছে, চতুর্দিকে আগুনের হকা ছুটিতেছে, সহজ পথ ছাড়িয়া সেই তপ্তবালুকারাশির উপর দিয়া সনাতন চলিলেন, পায়ের তলায় ফোকা পড়িল তাহাও বঝিতে পারিলেন না। প্রভু তদ্বিষয়ে কারণ জিজ্ঞাসা করিতে তিনি বলিয়াছিলেন, আমি অস্পৃশ্য পামর,

সিংহদ্বারের পথে জগন্নাথদেবের সেবাচরণ বাহ্যরীতি করে, সে পথে চলিবার আমার অধিকার নাই। চৈতন্য সজ্জট হইয়া বলিলেন, যদিও তুমি দেব ও মূনিগণের বন্দনীর পবিত্রস্বভাব, তথাপি মর্যাদাশালন করা বিবেক, অনাথা লোকে উপহাস করে, নিজমর্যাদা রক্ষা করিলে আমার মন সজ্জট হয়, তুমি না করিলে তাহা আর কে করিবে? তদন্তর কথুরসম্বন্ধ সনাতনকে তিনি পুনঃ পুনঃ আলিঙ্গন দান করিলেন।

একে নিছের নিকটটা স্মরণে মানি বোধ তাহার উপর গৌরপ্রেমের উৎপীড়ন, এই সকল কারণে সনাতন আপনাকে নিতান্ত অপরাধী বোধ করত ইতিকর্তব্যতা বিষয়ে জগদানন্দ পণ্ডিতের নিকট পরামর্শ চাহিলেন। তিনি বলিলেন, বৃন্দাবনই তোমার পক্ষে উপযুক্ত স্থান, রথযাত্রার পর তুমি সেই খানেই চলিয়া যাও। এ কথা সনাতন গৌরকে জ্ঞাপন করাতে তিনি বলিলেন, কি! কালিকার জগা, সে নাবালক হইবা কি না তোমাকে আবার উপদেশ দেয়? তুমি হইলে আমার উপদেষ্টা এবং গুরুত্বা ব্যক্তি, সে তোমাকে শিক্ষা দিতে বার? তুমি বিদ্ব জ্ঞানী, আমাকে তুমি ভক্তির কঠ ব্যবহার বুঝাইয়া দিয়াছ, বালক জগা তোমাকে উপদেশ দিবে? মর্যাদা-লভন আমি সহ্য করিতে পারি না। তোমার দেহ আমার পক্ষে অমৃত সমান, ইহাকে তুমি প্রাকৃত মনে করিয়া স্মরণ কর, কিন্তু আমি প্রাকৃত দেহ বলি না। আমি সন্ন্যাসী, তোমাকে ত্যাগ করা আমার অস্বচিত কার্য, ঘৃণা করিলে সন্ন্যাসীর ধর্ম নষ্ট হয়। তাহা শুনিয়া হরিদাস বলিলেন ঠাকুর! এ তোমার প্রবঞ্চনার কথা আমি মানি না, আমাদিগকে যে তুমি গ্রহণ করিয়াছ ইহাতে তোমার দীনের প্রতি দয়া ভিন্ন আর কিছুই প্রকাশ করে না। গৌর ঐবন্ধাস্য করিয়া বলিলেন, “শুন হরিদাস, সনাতন, মনের কথা তরে বলি শ্রবণ কর। তোমাদিগকে বালক বোধে আমি গ্রহণ করিয়া থাকি। মাত্রার পক্ষে বিষ্টা মুক্তক্রেদদৃষিত সন্তানের শরীর যেমন আদৃত সনাতনের দেহ আমার পক্ষে তদ্রূপ, ইহা আলিঙ্গনে স্মরণ উদয় হয় না। বৈষ্ণবের দেহ কখন প্রাকৃত নছে। ভক্ত বধন দীক্ষিত হইয়া ভগবানে আত্মসমর্পণ করে, তখন তিনি ভাঙ্কর দেহকে অপ্রাকৃত চিদানন্দময় করিয়া লন, ভক্ত সেই অপ্রাকৃত দেহে হরিচরণ ভজন করে। ভার্গবতে উক্ত

হইয়াছে। “মর্ত্যো যশা তাক্তসমস্তকর্মা, নিবেদিতাত্মা বিচিকীর্ষিতা ষে ।  
 কদমুক্ত স্বং প্রতাপন্যামানো, ময়াজ্জভূয়ার চ কল্পতে বৈ ॥” সমস্ত কর্ম  
 পরিত্যাগ করিয়া আমাদের যে আত্মবিসর্পণ করে সে অমুক্ত লাভ করিয়া  
 আমাদের সঙ্গ একাত্মা হইয়া যায়। সনাতনের দেহে ভগবান্ কণ্ঠ উৎপাদন  
 করিয়া আমাদের পরীক্ষা করিলেন। আমি যদি ইহাতে ঘৃণা করিতাম তাঁহার  
 নিকট অপরাধী হইতাম। আপনার পারিষদের দেহে .কণ্ঠবস ইহা দুর্ভাগ  
 নহে। অতএব সনাতন তুমি দুঃখিত চঠও না, তোমাকে আলিঙ্গন করিয়া  
 আমি বদ্ধ হুখ পাট। আর এক বৎসর তুমি এখানে থাক, তাহার পর  
 আমি তোমাকে বৃন্দাবনে পাঠাইব।” প্রভু সনাতনকে যে পুত্রবাৎসল্যের  
 কথা বলিলেন ইহা বড় মিষ্ট কথা। ভক্ত মহাপুরুষেরা অল্পগত শিষ্যদিগকে  
 যে রূপ ভালবাসেন তাহা মাতৃস্নেহ অপেক্ষাও মধুরতর। এ কথা গৌরভক্ত-  
 জনেরা বিশেষরূপে অবগত ছিলেন। জননী ভগবৎকদানে সন্তানের পার্শ্ব  
 দেহকে প্রতিপালন করেন, কিন্তু সাধুগুরু ঈশ্বরপ্রেরিত ধাত্রী হইয়া  
 শিষ্যের শৈশব অমরাত্মাকে প্রেম ও পুণ্যভূক্ত দানে পরিপোষণ করিয়া  
 থাকেন। ঈশ্বরবিষ্ট সাধু দিব্যজ্ঞানামৃত পান করাইয়া আপনার সন্তান  
 তুল্য শিষ্যদিগকে যে ভাবে প্রতিপালন করেন তাহার নিগূঢ় তাৎপর্য  
 হৃদয়ঙ্গম করিতে পারিলে স্বর্গের দ্বার উন্মুক্ত হইয়া যায়। সন্তান পোষ-  
 ণের জন্য যেমন মাতার প্রয়োজন, আত্মার ধর্মোন্নতির জন্য তেমনি  
 দেবভাবাবিষ্ট ধর্মগুরুর প্রয়োজন। তদনন্তর দোলযাত্রার উৎসব সাক্ষ  
 হইলে কি কি কাৰ্য্য করিতে হইবে তৎসমুদয় উপদেশ দিয়া সনাতন  
 বৈরাগীকে প্রভু বৃন্দাবন পাঠাইয়া দিলেন। তথায় রূপ সনাতন ভ্রাতৃ-  
 স্বয় একত্রিত হইয়া বহুল গ্রন্থ রচনা করেন। সনাতন ভাগবতামৃত গ্রন্থে  
 ভক্ত ভক্তি রক্ততত্ত্ব, সিদ্ধান্তসার পুস্তকে বৃন্দাবনমীলারস, চবিত্তিক্রিবিলাসে  
 বৈষ্ণবগণের নিত্যকর্ম, তত্ত্বিন আরও ক্ষুদ্র বৃহৎ গ্রন্থ অনেক প্রচার  
 করিলেন। রূপ গোস্বামী রসামৃতসিদ্ধাব গ্রন্থে ভক্তিবসের ব্যাখ্যান  
 বিবৃত করেন, উজ্জ্বলনীলমণিকে রাধাকৃষ্ণের লীলা বর্ণনা করেন, তত্ত্বিন  
 আরও অনেক গ্রন্থ তাঁহা কর্তৃক প্রচারিত হয়। অল্পপমের পুত্র শ্রীজীব  
 গোস্বামী নিকায়নন্দেব নিকট দীক্ষিত হইয়া এই সময় জ্যেষ্ঠভ্রাতৃদিগের

সঙ্গে মিলিত হন, এবং বটন্দর্ভ, ভাগবতন্দর্ভ, গোপাল চম্পূপ্রকৃতি  
বহুশ প্রহু প্রণয়ন করেন ।

প্রহুয় মিশ্রের ভক্তি শিক্ষা ।

এক দিন প্রচ্যুত মিশ্র তত্ত্বজিজ্ঞাসু হইয়া চৈতন্যের নিকট গম-  
কণ্ঠে তিনি বলিলেন আমি কিছু জানি না, তুমি রামানন্দ রায়ের নিকট  
যাও তাঁহার মুখে ক্রমকথা শুনিয়া পরিতুষ্ট হইবে । প্রহুয় রায়ভবনে উপ-  
স্থিত হইয়া শুনিলেন, রামানন্দ নির্জ্ঞান স্থানে উদ্যান মধ্যে দুইটা কিশোর  
বয়স্ক সুন্দরী নর্তকীকে নাটকভিনয় শিক্ষা দিতেছেন । নির্জ্ঞান চিত্ত  
রামানন্দ আপনাকে সেবক জ্ঞানে সেই দুই জনের অঙ্গ মার্জনা, বেশ  
বিন্যাসাদি কার্য স্বহস্তে করিতেন এবং তাহাদিগকে গীতাভিনয় শিক্ষা  
দিতেন । প্রথম দিবসে মিশ্রের সঙ্গে তাঁহার ধর্ম্মালাপ হইল না, পর দিন  
তিনি তাঁগকে আসিতে অনুমতি করিলেন । মিশ্রের মুখে গৌর এই সকল  
কথা শুনিয়া বলিয়াছিলেন, আমি বিরক্ত সন্ন্যাসী, দর্শন দূরের কথা,  
প্রকৃতির নাম শুনিলে আমার বিকার উপস্থিত হয়, কিন্তু রামানন্দ  
এ বিষয়ে কেমন নির্জ্ঞান ! তাঁহার দেহ অপ্রাকৃত, কে তাঁহার মন্ব বুদ্ধিতে  
পাশ্বে ? ভাগবত শাস্ত্রে কেবল শুনা গিয়াছে যে, বিখ্যাসী হইয়া রাসবিলা-  
সের কথা শ্রবণ করিলে ক্রোধোৎসাহ বিনষ্ট হয়, মনুষ্য মহাধীর হইয়া  
প্রেমচক্রের উজ্জ্বল মধুব রসের আশ্বাদন পায় এবং ক্রোধের মাধুর্য্য রসে  
আনন্দে বিকার করে । পরীক্ষিতং প্রতি শুকবাক্যঃ—“বিক্রীড়িতঃ ব্রজ-  
কম্ভূতিরদক বিবেকঃ শ্রদ্ধাঘিতোহিণশ্চুন্নুয়দাথ বর্ণয়েদ্বা । ভক্তিং পরাং ভগবতি  
প্রতিললা কামং ক্রোধোৎসাহপহিনোত্যচিরেণ ধীরঃ” । ইহা যে পাঠ্য করে  
এবং শুনে সে নিত্য সিদ্ধান্ত প্রাপ্ত হয় । রায়ের ভজনপ্রণালী ভাগ্যভূগা,  
তিনি সিদ্ধ হইয়াছেন । মিশ্র, তুমি পুনরায় তাঁহার নিকট যাও, তিনি  
কি শিক্ষা দেন আমাকে আসিয়া বলিও । অপর দিনে প্রহুয় রামানন্দের  
সভার উপস্থিত হইয়া প্রেমরসভঙ্গ শুনিতে আরম্ভ করেন । সংপ্রসঙ্গের  
এমনি গুণ, তৃতীয় প্রহুর বেলা হইয়া গেল তথাপি কাহারো কথা তুমি বোধ  
নাই, পরিশেষে রায়ের এত দূর উৎসাহ বুদ্ধি হইল যে তিনি আনন্দে  
কৃত্য করিতে লাগিলেন । অনন্তর মিশ্র তাঁহার উপদেশে বিখ্যাসিত-চিত্ত



হইয়া পুনর্বার তৈতন্যকে সমস্ত বিবরণ অবগত করিলেন, রামানন্দ্রের বিনয় ও মত্ততার কথা कहিলেন। প্রভু শুনিয়া বলিলেন, রামানন্দ্র আপনার গুণ আমার উপর আরোপ করে, গৃহস্থ বিষয়ী হইয়াও ইন্দ্রিয়গণকে পরাজয় করত সে সন্ন্যাসীদিগকে উপদেশ দেয়। প্রধান বৈষ্ণব দলের মধ্যে রায় রামানন্দ্র বদ্বিচ উচ্চ পদস্ত একজন রাজকর্মচারী ছিলেন, কিন্তু তাঁহাকে সকলে বিজিতেন্দ্রিয় নির্ঝিকার চিত্ত বলিয়া শ্রদ্ধা করিতেন :

কোন কবির ননঃপাঁড়া ।

স্বরূপ দামোদর কিরূপ তেজস্বীমান লোক ছিলেন তাহার পরিচয় আমি পূর্বেই দিয়াছি। তিনি বিদ্যা, মনোভা এবং নিষ্ঠাতে গৌরের অতিশয় প্রিয়পাত্র হন। কিন্তু বড় মুখব ছিলেন। একবার কোন এক জন গৌড়দেশ-বাসী ব্রাহ্মণ তৈতন্যলীলার এক খানি নাটক লিখিয়া আনে, তাহাতে তিনি যেরূপ নিপদগ্রস্ত করিয়াছিলেন তাহা মনে হইলে আনন্দের লেখনী অচল হয়। স্বরূপ জীবিত থাকিলে তখন এই “ভক্তিতৈতন্যচন্দ্রিকা” গ্রন্থ আমাকে আর লিখিতে হইত না। ভয়ানক তেজস্বী সাংগাহী স্রষ্টাশ্রিত; নবীন গ্রন্থকারদিগের রসানভিজ্ঞতা এবং জ্ঞানের অম্পদা তাঁহার নিকট অমার্জ্জনীয় ছিল। গৌরের শিষ্যদের মতো অনেকগুলি কৃতবিদ্যা প্রবীণ শাস্ত্রজ্ঞ ব্যক্তি ছিলেন, আমি তাঁহাদের শিষ্যানুশিষ্যেও উপযুক্ত নহি। কেবল ভক্তির ধর্ম বলিয়া আমার ন্যায় ব্যক্তি তদুপযোগে স্থান লাভ করিয়াছিল। ভক্তির তরঙ্গ যখন এ দেশে প্রবাহিত হইল, তখন অনেক নূতন কবি ও গ্রন্থকার বৈষ্ণবদলের মধ্যে উদ্ভূত হইলেন, ব্যাপারটি বাস্তবিক আদ্যোপান্ত কবিত্বরসেরই প্রতিকৃতি। বঙ্গদেশীয় উপরোক্ত বিপ্রটি গৌরচরিত্রের এক নাটক লিখিয়া তাঁহাকে শুনাইবার জন্য নিতান্ত আগ্রহান্বিত হন। এ সম্বন্ধে এইরূপ নিবন ছিল যে, যখন কোন ব্যক্তি কিছু রচনা করিবে অগ্রে স্বরূপকে তাহা শুনাইবে, তিনি অনুমোদন করিলে তবে গৌরাজ্ঞ তাহা শুনিবেন। সিদ্ধান্তের বিকল্প কোন রসভাস তিনি শ্রবণ করিতেন না। ব্যাকরণ ও অলঙ্কারদোষযুক্ত ভক্তিরস বিরহিত আমার কাব্য নাটক শুনিতে দামোদরও বড় বিরক্ত হইতেন। ভগবান্ আচার্য্যের অনুরোধে এই নাটক শুনিতে বসিয়া শেষে তিনি সেই নবীন গ্রন্থকারক

এমন ভৎসনা করিলেন যে তাহাকে এককালে মাটি করিয়া দিলেন । সভার মধ্যে তাহার দুর্দশা দেখিয়া আমাদের বড় হুঃখ হইয়াছিল । পরে তাহাকে কোনরূপে সাহায্য প্রদান করিয়া দেশে পাঠান হয় । অনন্তর ব্রাহ্মণের হুঃখে হুঃখী হইয়া দামোদর তাহাকে মিষ্ট বচনে বঝিলেন, বৈষ্ণবের নিকট গিয়া তুমি ভাগবত পাঠ কর, গৌরপদে শরণ লও, তাঁহার ভক্তগণের সঙ্গে সঙ্গ কর, তাহার পর এ সব তত্ত্ব লিখিতে পারিবে । ব্রাহ্মণ তখন অতিশয় লজ্জিত এবং অপ্রতিভ হইয়া গৌরচন্দ্রের সঙ্গে বৈরাগী হইয়া রহিল ।

এই সময় হট্টতে চৈতন্যের হৃদয়ে অন্য এক উচ্চ ভাবের বিরহ ব্যাকুলতা উপস্থিত হয় । প্রেমময়ের প্রেমে যত তাঁহার অনুরাগ আসক্তি বৃদ্ধি হট্টতে লাগিল, সেট পশ্চিমাণে সময়ে সময়ে প্রেমবিকার ও বিচ্ছেদানলও অন্তরে জ্বলিয়া উঠিতে লাগিল । দিবসে নানাবিধ সদালোচন, দেবদর্শন, সঙ্গার্জন, ভক্তসঙ্গ ইত্যাদি কার্যে ভুলিয়া থাকিতেন, রাত্রি হইলে বিরহবিহারে প্রাণ উৎকণ্ঠিত হইত । হৃদয়নাথকে সর্বক্ষণ নয়নে নয়নে রাখিতে না পারিলে তাঁহার পিপাসার নিবৃত্তি হইত না । এই সুবস্থায় স্বরূপ দামোদর নিকটে থাকিয়া প্রেমলীলার সঙ্গীত করিতেন, এবং রামানন্দ রায় বিবিধ প্রেমতত্ত্ব ও মাধু্য্য রসের কবিতা শুনাইতেন, তাহাতে তাঁহার কথঞ্চিৎ তৃপ্তানুভব হইত । গোড়দেশস্থ ভক্তগণ যে চারি মাস নীলাচলে বাস করিতেন, তাঁহাদের সহবাসে সে সময় মহাপ্রভুর মন অপেক্ষাকৃত স্থস্থির থাকিত ।

বঘুনাথ দাসের বৈরাগ্য ।

বঘুনাথ দাসের বৈরাগ্যবৃত্তান্ত পূর্বেই কিছু উল্লেখ করা হইয়াছে, যেভাবে পরে তিনি সংসারবন্ধন ছিন্ন করিয়া গৌরের সঙ্গী হইলেন ভদ্রিণও অতীব আশ্চর্য্যজনক । বঘুনাথ মর্কটবৈরাগ্য পরিত্যাগপূর্ব্বক নির্লিপ্তভাবে কিছু দিন সংসারে ছিলেন । তদনন্তর বৃন্দাবন হট্টতে মহাপ্রভুর নীলাচলপ্রত্যাগমন সংবাদ প্রাপ্ত হইয়া তথায় বাইবার জন্য উদ্যোগ করিতেছেন, এমন সময় তাঁহার পিতৃব্য হিরণ্য দত্ত সপ্তগ্রাম অঞ্চলের জমিদারি মকরা করিয়া লইলেন । তিনি বিশ লক্ষ মুদ্রা কর সংগ্রহ

করিয়া বাব লক্ষ মাত্র নবাবকে দিতেন । উক্ত সম্মিটারিব পূর্ব শাসনকর্ত্তা এক জন মুসলমান এই কথা নবাবকে জানাইয়া বাদ নাছিল । উজির তদন্ত করিতে আসিলেন, হিরণা এবং আর আর সকলে পলাইল, রঘুনাথ বন্দীভূত হইলেন । তিনি শাস্ত্যভাবে মিষ্ট বাক্যে ঐ মুসলমানকে অনেক বলিয়া কহিয়া তাহাকে কিছু অংশ দিতে স্বীকৃত হইয়া সমস্ত গুপ্তগোল মিটাইয়া এক বৎসর কাল পরে পলায়নের পথ দেখিতে লাগিলেন । পুনঃ পুনঃ রক্ষণবোগে গোপনে প্রস্থান কবেন আর বারংবার তাঁহার পিতা তাঁহাকে কিরাইয়া আনেন । রঘুনাথের মাতা গোবর্দ্ধন দাসকে বলিলেন, পুত্র উন্মাদ হইয়াছে, উহাকে দড়ি দিয়া বাঁধিয়া রাখ । পিতা তাহাতে এই উত্তর করিলেন যে, ইজের ন্যায় ঐর্ষ্যা, অম্পরাভুল্যা স্ত্রী বাহাকে বাঁধিতে পারিল না, সামান্য রজু দ্বারা কি তাহাকে বাঁধিয়া রাখা যায় ? ইহার উপর চৈতন্যের রূপা হইয়াছে, তাঁহার পাগলকে কে ধরিয়া বাঁধিতে পারে ? অস্তঃপর রঘুনাথ পাণিহাটী গ্রামে নিত্যানন্দের নিকট চলিয়া গেলেন । অবশুত নিতাই তাঁহাকে দেখিয়া বলিলেন, ওরে চোর ! এত দিনে তুই এলি ? এস ! এস ! আজ আমার বন্ধুগণকে তুমি দধি চিড়ার ফলার খাওয়াও । রঘুনাথ মহা আনন্দিত হইয়া সেইখানে এক চিত্তামহোৎসব করিলেন । যত লোক সেখানে ছিল, এবং যত লোক দেখিতে আসিয়াছিল ত্রৈলোক্যকে এক মাল্শা দুধচিড়া এবং এক মাল্শা দধিচিড়া দেওয়া হয় । শত শত বৈষ্ণব প্রেমের ঝাঁকি দিয়া পর্য্যাপ্ত পরিমাণে ফলার খাইলেন, তদর্শনে নিত্যানন্দের যৎপরোনাস্তি স্নেহবোধ হইল । তিনি নিজেও চুই মাল্শা চিড়ার ফলার খাইলেন । যে দোঁবতে আসে সেই খায়, মহা মহোৎসব লাগিয়া গেল । দ্রব্যবিক্রেতাগণ দ্রব্য বিক্রয় করিয়া মূল্য লইল এবং তাঁহা নিজেরাই ভক্ষণ করিল । আহাৎের পর মহা উদ্যমের সহিত হস্তিন্যাস্ত্রিকা সঙ্গীত হয় । মহোৎসব শেষ হইলে রঘুনাথ সভস্ত নিত্যানন্দের নিকট চৈতন্যসঙ্গ লাভের জন্য প্রার্থনা করিয়া বিদায় হইলেন । ভোক্তার পর বৈষ্ণবগণকে যে যেমন পাত্র দশ বিশ শত মুদ্রা এবং নিত্যানন্দের সেবার জন্য তাঁহার ভ্রাতৃহস্তে গোপনে এক শত সূবর্ণ মুদ্রা প্রদান করিয়া লক্ষ লক্ষ রঘুনাথ গৃহে প্রস্থান করিলেন । গৃহে গিয়া তদবধি অস্তঃপুরে আর

প্রবেশ করেন নাষ্ট, যে কয় দিন বাড়ীতে ছিলেন প্রহরীর দ্বাৰা বেষ্টিত হইয়া বহির্বাটীতেই থাকিতেন । এক দিন স্নযোগ পাইয়া বনে বনে নীলাচলাভি-  
মুখে একাকী পলায়ন করিলেন । রথবাজ্রিগণও এই সময় শ্রীক্ষেত্রের পথে  
স্বাহির হইয়াছিল । গোবর্দ্ধন দাস পুত্রকে ফিরাইবার জন্য শিবামন্দের নিকট  
পত্র লিখিয়া লোক প্রেরণ কবেন । কিন্তু রঘুনাথ যে পথ ধরিতাছিলেন  
সে পথে লোকজনের গতিবিধি ছিল না । নদী পার্শ্বত বন প্রান্তর পার হইয়া  
অনাহার অনিদ্রায় বহু ক্লেশ সহ করিয়া তিনি দ্বাদশ দিবসে একবারে  
শৈতন্যমীপে উপনীত হইলেন । রঘুনাথকে পাইয়া মহাপ্রভু অতুল আনন্দ  
অভূতব করিয়াছিলেন । তাঁহাকে কোল দিয়া তিনি সভাস্থ সকলকে বলিতে  
লাগিলেন, ঠগার পিতা এং পিতৃব্য বিষয়েব কীট, কিন্তু ভগবানের কৃপায়  
রঘুনাথ তাহা হইতে উদ্ধার হইল । তাঁহাকে পথশ্রমে নিতান্ত ক্লিষ্ট ও মলিন  
দেখিয়া দামোদরকে প্রভু বলিয়া দিলেন, তুমি ইহাকে পুত্র সমান দেখিয়া  
পালন করিবে, আমি তোমার হস্তে রঘুনাথকে সমর্পণ করিলাম । নিজভৃত্য  
গোবিন্দকেও বলিলেন, রঘুনাথ পথে বড় ক্লেশ পাইয়া আসিয়াছে, ইহাকে  
ভালরূপে শুশ্রূষা কর । শেষে এই রঘুনাথ এমন বৈরাগী হইলেন যে, কিছু  
দিন পর্য্যন্ত সিংহদ্বারে কাঙ্গাল ভক্‌দিগের সঙ্গে অন্ন ভিক্ষা করিয়া বাইতেন ।  
পরে কাছাও গেল, গাভীদিগের মুখভক্ষণ পরিত্যক্ত পর্য্যবিত অন্ন সংগ্রহ-  
পূর্বক ধৌত করিয়া তাহা দ্বারা প্রাণ ধারণ করিতে লাগিলেন । তাঁহার  
কঠোর বৈরাগ্যাচরণের কথা শুনিয়া যজ্ঞিও গৌর সকল বিষয়ে অমুমোদন  
করিতেন না, কিন্তু বীতশ্পৃহা ভাগবতীকার দেখিয়া তাঁহার মনে মনে বড়  
আহ্লাদ হইত । এক দিন তিনি বলিলেন, রঘুনাথ উত্তম কার্য্য করিতেছে ;  
বৈরাগী হইয়া বাহারা ভোগ বাসনা জিহ্বার লালসা রাখে, নিকট ইঞ্জি-  
মুখের জন্য ইতস্ততঃ ভ্রমণ করে, কাহাদের পরমার্থ বিনষ্ট হয়, ভগবান্‌কে  
তাঁহারা লাভ করিতে পারে না । বৈরাগী পর্বদা নামসঙ্কীর্ণন করিয়া  
শাকপত্র ফল মূলে আশ্রয়লা করিবে । রঘুনাথের আহ্বাৰ্য্য সেই পর্য্যবিত  
ধৌত অন্ন প্রভু এক দন খাইয়া আনন্দ প্রকাশ করিয়া বলিয়াছিলেন, তুমি  
এমন সামগ্রী নিত্য খাও, আমাকে দাও না ! অনন্তর রঘুনাথ তাঁহাকে  
বলিলেন, আমার জীবনের উদ্দেশ্য কি, কি আমার কর্তব্য তাহা আমাকে

সবিশেষ বুঝাইয়া দিও। গৌর তাঁহাকে এই উপদেশ দিলেন যে, ভূমি স্বরূপের নিকট সাধা সাধনতত্ত্ব শিক্ষা কর, তিনি তোমার উপদেষ্টা হইলেন, আমি বাগা জানি না, তাহা তিনি জানেন। তথাপি আমার কথায় যদি তোমার শ্রদ্ধা হয় তবে এই বলিতেছি, গ্রাম্যকথা শুনিবে না এবং বলিবে না, ভাল খাটবে না, এবং ভাল পরিবে না, অমানীকে মান দিবে, সর্বদা হরিনাম লইবে, মানসে রাখাক্ষেপের সেবা করিবে, এই সংক্ষেপে তোমাকে যথা কৰ্ত্তব্য বলিলাম। “ত্বদাদপি স্তনীচেন, তরোরিব সহিষ্ণু না। অমানিনা মানদেন কোর্জনীয়ঃ সদা হরিঃ ॥”

রঘুনাথের ক্লেশ মোচনের জন্য তাঁহার পিতা একবার চারি শত মুদ্রা এবং কয়জন ভৃত্য ও পরিচারক ব্রাহ্মণ পাঠাইয়া দেন, কিন্তু তিনি তাহা স্পর্শও করেন নাট। সেই অর্থে মাসে দুই দিন প্রভুকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইতেন, পরে তাহাও আর প্রীতিকর সোধ হইল না। ভাবিলেন, বিষয়ীর দ্রব্যে প্রভু চিত্ত প্রসন্ন হয় না, তাহাতে আমারও কেবল প্রতিষ্ঠা মাত্র লাভ। এ কথা চৈতন্য শুনিয়া সন্তুষ্ট হইয়া বলিয়াছিলেন, বিষয়ীর অঙ্গে মন মলিন হয়, ইহা রাজনিক নিমন্ত্রণ, দাতা ভোক্তা উভয়েরই মনকে ইহা কলুষিত করে, পরমার্থ তত্ত্বভূলাইয়া দেয়, রঘুনাথ নিমন্ত্রণ বন্ধ করিয়া বড় উত্তম কার্যই করিয়াছে। রঘুনাথ জপ ধ্যান সঙ্গীর্ভনে সমস্ত দিন রাত্রি মগ্ন থাকিতেন, চারি দণ্ড মাত্র সময় আহার নিদ্রার জন্য নির্দিষ্ট ছিল; তেঁকধারী হওয়ার পর ভাল দ্রব্য রসনায় আর কখন স্পর্শ করিলেন না, মলিন ছিন্ন বসন পরিতেন, এইরূপে তিনি গৌবপ্রিয় হরিভক্ত পবন বৈবাগী হইয়া অবশিষ্ট জীবন যাপন করিয়া যান। গৌরাজ্ঞদেব রঘুনাথকে আতান্ত ভাল বাসিতেন। কাহাকেই বা না ভাল বাসিতেন? প্রত্যেকেই মনে করিত প্রভু সর্বাপেক্ষা আমাকে অধিক প্রীতি করেন; আমি এক জন অজ্ঞ, অভক্ত আমাকেও তিনি ভাল বাসিতেন, সম্মান করিতেন। মনুষ্যের অভ্যন্তরে কি বস্তু আছে তাহা তিনি যেমন বুঝিতেন তেমন আর কে বুঝিবে? এইজন্য আপনি ভক্তচূড়ামণি হইয়াও ছোট বড় সমস্ত সাধু বৈষ্ণবকে উপযুক্ত সম্মান ও প্রীতি প্রদর্শন করিতেন। তাঁহার ন্যায় নরোক্তমেলাই নরগণের প্রকৃত মর্যাদার পক্ষপাতী।

বল্লভ ভট্টের গর্কবিবাহ ।

প্রয়াগেব নিকট বাসী সুবিজ্ঞ পণ্ডিত বল্লভ ভট্ট, যিনি একবার চৈতন্যকে নিজালায়ে নিমন্ত্রণ করিয়াছিলেন, কিছু দিন পরে তিনিও নীলাচলে আসিলেন । ভট্টের কিছু জ্ঞানাভিমান ছিল, প্রভুর সঙ্গে তর্ক বিতর্ক জ্ঞানালোচনা করেন এই ইচ্ছা, অন্য ভক্তগণের প্রতি তাদৃশ মনোযোগ দিতেন না, একটু বিজ্ঞতা এবং পাণ্ডিত্য দেখান যেন উদ্দেশ্য ছিল । তাঁহার বচনচাতুর্য্য শুনিয়া চৈতন্য বলিলেন, আমি নিতাই অদ্বৈত হরিদাস প্রভৃতি সমস্ত ভক্তদিগের নিকট নানা বিষয় শিক্ষা করিয়াছি, তাঁহাদের সঙ্গে থাকিয়াই আমার ভক্তিতে হইয়াছে । ইতিপূর্বে ভট্টের মনে মনে অভিমান ছিল যে সর্কোপেক্ষা তিনিই ভাগবতে পণ্ডিত, বৈষ্ণবতত্ত্ব তাঁহার মত আর কেহ জানেন না, পরে গৌরান্দের মুখে অপর ভক্তগণের প্রশংসা শুনিয়া এবং তাহা প্রত্যক্ষ করিয়া তাঁহার গর্ক কিছু খর্ব্ব হইল । তথাপি বিদ্যার অভিমান কি শীঘ্র যায় ? আমি বিদ্যাবাগীশ বল্লভানন্দদর্শী জ্ঞানী, অমুক অমুক অনভিজ্ঞ অল্পজ্ঞ আধুনিক, অন্ধোৎসাহী ভাবকেরা তব্বিসয়ে কি জানে, এই অভিমানের বিষ জ্ঞানাভিমাত্রী অস্থি মজ্জা পর্য্যন্ত অধিকার করিয়া থাকে ; সে ধর্ম্মরাজ্যে প্রবেশ করিলেও উহা ধর্ম্মাভিমানরূপে তাহার পশ্চাৎ পশ্চাৎ ভ্রমণ করে । কোন কল্পিত আদর্শের সঙ্গে তুলনা করিয়া সে আপনার গ্রীবাদেশ সর্কলা উন্নত এবং বক্র করিয়া রাখে, তদুর্দ্ধে আর দৃষ্টি নিক্ষেপ করে না । ভট্ট মহাশয় এক দিন প্রভুকে অনুরোধ করিলেন, আমি ভাগবতের টীকা কবিয়াছি তোমাকে তাহা একবার শুনিতে হইবে । তিনি তাঁহার ব্যবহারে তমোগুণের আশ্রাণ পাইয়া এবং ভাবগতি বুঝিয়া পুনঃ পুনঃ উপেক্ষা প্রদর্শন করেন, তথাপি ভট্ট কিছুতেই ছাড়িবেন না, একবার নিজের বিদ্যা দেখাইবেন । গুরুদেবের উদাসীন ভাব দর্শনে অপর ভক্তগণও কেহই আর তাঁহার কথা শুনিলেন না । শেষ ব্রাহ্মণ নিতান্ত লজ্জিত এবং অপদয় হইতে লাগিল । তাঁহার কথা কেহ শুনিতে চাহেন না, অথচ তাঁহাকে শুনাষ্টতেই হইবে, এ এক প্রকার অত্যাচার বিশেষ, এবং ইহা জ্ঞানাভিমানের প্রত্যক্ষ দণ্ডও বটে । অন্য এক দিন চৈতন্যের সভায় তিনি এই কথা উত্থাপন করিলেন যে, জীব যদি প্রকৃতি এবং কৃষ্ণ যদি পতি হইলেন, তবে পতির নাম উচ্চারণ

তোমরা কেন কর ? প্রভু সে দিন স্পষ্টই তাঁহাকে বলিলেন, তোমার ধর্ম্মার্থ বোধ নাই ; স্বামীর আজ্ঞা প্রতিপালন পতিব্রতের ধর্ম্ম, সেট আজ্ঞানুসারে জীব কৃষ্ণনাম লয়, তাহাতে কৃষ্ণপদে প্রেম হয়, ইহাই নামের ফল । ভট্ট তখন অধোবদন হইয়া স্বীর আশ্রমে প্রত্যাগমন করিলেন । ব্রাহ্মণ কিছুতেই আর প্রতিপত্তি স্থাপন করিতে পারে না, মহা বিপদ হইল । বিদ্যার অলিমান মনুষ্যকে মুখের ন্যায় কি অসার করিয়াই ফেলে ! ভট্ট জন্ম হইবেন, দশ জনের উপর পাণ্ডিত্য করিবেন, এই উচ্চাট ভিতরে বিলক্ষণ প্রবল । আর এক দিন গৌরাঙ্গের সভায় উপস্থিত হইয়া নমস্কারপূর্বক বলিলেন, স্বামীকৃত ভাগবতের ব্যাখ্যা আমি খণ্ডন করিয়াছি, তাঁহার ব্যাখ্যানের একতা নাই, যাহার যেমন ইচ্ছা সে তেমনি ভাবে উহার অর্থ করে, অতএব স্বামীকে আমি মানিতে পারি না । চৈতন্য গোসাঞী হাসিয়া বলিলেন, যে স্বামীকে মানেন না তাহাকে আমি বেশ্যাব মধ্যে গণ্য করি ! এ কথা শুনিয়া সভাশুদ্ধ লোক হাস্য করিয়া উঠিল, ভট্ট চক্ষু আর কিছু দেখিতে পান না, মুখ শুকাইয়া গেল, লজ্জিত হইয়া গৃহে গিয়া ভাবিতে লাগিলেন, এবার প্রভু আমার প্রতি কেন এত নির্দয় হইলেন ? শেষ আপনিষ্ট বৃত্তিতে পারিলেন যে আমার অভিমান বিনাশের জন্যই প্রভু এমন করিয়াছেন । তখন নতশিরা হইয়া তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিলেন । গৌর প্রসন্ন চিত্তে বলিলেন, শ্রীধর স্বামীর টীকা দ্বারা ভাগবতের মর্ম্ম জানা যায়, তাঁহার উপর কোন কথা বলিও না, তাঁহার অনুগত হইয়া টীকা রচনা কর, ভক্তিপূর্বক নাম গান কর, ভগবানের পাদপদ্ম পাইয়া কৃতার্থ হইবে ।

প্রভুর সৌজন্য সঙ্কেচ ।

পুরাতন ভক্ত মাধবেন্দ্রপুত্রীর রামচন্দ্রপুত্রী নামে এক জন অকাল কুম্বাণ্ড বচনবিলাস সন্ন্যাসী শিষ্য ছিল । মধব এক দিন প্রেমবিরহে খেদ করিতেছেন, রামচন্দ্র তাঁহাকে উপদেষ্টার ন্যায় বলিতে লাগিল, তুমি পূর্ণ ব্রহ্মকে স্মরণ কর, ব্রহ্মবিদ্ হইয়া কেন রোদন করিতেছ ? সে ব্রাহ্মণ আপনার মনের দুঃখে জলিতেছে, রামচন্দ্র শিষ্য হইয়া গুরুকে শিক্ষা দিতে আরম্ভ করিল । মাধব বিরক্ত হইয়া বলিলেন, দূর হও তুমি ! আমাকে আর মুখ দেখাইওনা,

যেখানে ইচ্ছা সেইখানে চলিয়া যাও। তোর সম্মুখে মরিণে আমার অসঙ্গতি হইবে! রামচন্দ্র গুরুকর্তৃক এইরূপে পরিত্যক্ত ও তাড়িত হইয়া নানা স্থানে কেবল লোকের ছিদ্রান্বেষণ করিয়া বেড়াইত। সে এক জন কঠোর-হৃদয় বিশ্বনিন্দুক সন্ন্যাসী ছিল, ভক্তির ধার কিছুই ধারিত না। ঈশ্বরপুরী এই সময় মাধবের সেবা গুণ্ণা করিয়া তাঁহার প্রিয়পাত্র হন। মাধবের ভক্তি প্রেম ঈশ্বরপুরীতে সংক্রামিত হইয়া তাহা গৌরপ্রেমোন্মাদের প্রথম উপলক্ষ হয়। রামচন্দ্র নীলাচলে আসিয়া চৈতন্যের আশ্রমে এক দিন নিমন্ত্রণ খাইল। তাহাকে জগদানন্দ প্রভৃতি সকলেই চিনিতেন। ভয়ে ভয়ে যত্নপূর্বক অনেক সামগ্রী তাহাকে ভোজন করান হইল। রামচন্দ্র আপনি আহার করিয়া জগদানন্দকে খাইতে অনুরোধ করিল, এবং খাও খাও বলিয়া আগ্রহের সহিত তাঁহাকে অধিক ভোজন করাইয়া শেষে বলিতে লাগিল, “আমি শুনিয়াছিলাম চৈতন্যের লোকেরা অনেক বেশী খায়, তাহা অদ্য প্রত্যক্ষ করিলাম। সন্ন্যাসীকে ইহার। এত আহার করায়, ইহাতেও বৈরাগ্য রক্ষা পাইবে না।” এইরূপ তাহার নিন্দা করিবার রীতি ছিল। সে বিনা নিমন্ত্রণে অপরের প্রস্তুত ভিক্ষানের ভাগ লইত।

চৈতন্যের প্রতি দিনের আহারের ব্যয় চারি পণ কড়ি নির্দিষ্ট ছিল, তন্মধ্যে কাশীধ্বংস এবং ভূত্য গোবিন্দ প্রসাদ পাইতেন। প্রভু কি প্রণালীতে পান ভোজন শয়ন উপবেশন করেন, রামচন্দ্র তাহার অঙ্গুসন্ধান রহিল। অন্য কোন দ্রব্য না পাইয়া এক দিন বলিতেছে, “সন্ন্যাসী হইয়া এত মিষ্টান্ন খাইলে ইন্দ্রিয় দমন কিরূপে হইবে?” নানা কথা বলিয়া, সত্যকে মিথ্যারূপে ব্যাখ্যা করিয়া যেখানে সেখানে লোকের নিকট এইরূপে সে প্রভুর নিন্দা করিয়া বেড়াইত, আবার প্রত্যহ তাঁহার আশ্রমেও আসিত। পুরীর বিদ্যা তিনি টের পাইয়াও গুরুকুল জ্ঞানে তাহাকে যথেষ্ট সম্মান করিতেন। এক দিন চৈতন্যের বাসগৃহে কতকগুলি পিপীলিকা দেখিয়া নিন্দুক রামচন্দ্র বলিতে লাগিল, “রাত্রাবত্র ঐক্ষবরসমাসীং তেন হেভুনা পিপীলিকাঃ সঙ্করন্তি। অহো! ধ্বংসানাং সন্ন্যাসীনামিন্দ্রিয়লালসেন্তি ক্রবনুখায় গতঃ।” ইহার নিন্দার জগলায় নিঃসৃত ফুল হইয়া প্রভু গোবিন্দকে বলিলেন, অদ্য হইতে পিপীলিকার এক চতুর্থাংশ অন্ন এবং পাঁচ গণ্ডা কড়ির ব্যঞ্জন আনিবে,



ইহার অধিক আমাকে কিছু দিবে না, যদি দাঁও তবে আর আমাকে এখানে দেখিতে পাইবে না । এ কথায় সকলের মস্তকে ঘেন বজ্রাঘাত পড়িল । রামচন্দ্রকে তাঁহারা বহু তিরস্কার ভৎসনা করিয়া বলিতে লাগিলেন, এই পাণিষ্ঠ হতভাগ্য সকলের প্রাণ নষ্ট করিবে । তদ্বধি কিছু দিন পর্যাস্ত গের্গে অর্দ্ধভোজন করিতে দাওয়া হন । স্মৃতবাং শিষ্যদিগকেও তদনুসারে চলিতে হইল । অন্তের উপর হস্তারক হওয়া, কি কষ্টে আমাদিগকে পড়িতে হইয়াছিল সকলে বুঝিতেই পারিতেছেন । ইহাতে রামচন্দ্রের উপর ভক্তগণের ঈর্ষান্বিতপ্রসৃত অজস্র কোপাঘ্ন বর্ষিত হইয়াছিল । এইরূপে কিছু দিন যায়, আর এক দিন সেই হতভাগ্য পরনিন্দুক চুষ্ট আসিয়া ঠাকুরকে হাসিতে হাসিতে বলিতেছে, তোমাকে যে বড় ক্ষাণ দেখিতেছি? তুমি নাকি অর্দ্ধ-ভোজন করিয়া থাক? একরূপ স্তম্ভ বৈরাগ্যত সন্ন্যাসীব ধর্ম নহে? যথাযোগ্য বিষয় ভোগ করিলে তবে যোগ সিদ্ধ হয় । এই জন্য গীতায় কথিত হইয়াছে, “যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্মস্ব । যুক্তসম্প্রাববোধস্য যোগো ভবতি চুৎসহা ।” নিরীহ কোমলহৃদয় গৌরচন্দ্র চুষ্টাশয় রামচন্দ্রের নিকট অবশেষে পরাস্ত হইয়া বলিলেন, আমি অজ্ঞ বালক, তোমার শিষ্যস্থানীয়, যাহা কিছু শিক্ষা দাঁও তাহাই নোভাগ্য জ্ঞান করি । কয়েক দিন পবে সকলে তাঁহাকে অহুরোধ করিয়া বলিতে লাগিলেন, ও ব্যক্তি বিশ্বনিন্দুক, ইহার কথায় শরীর ক্ষয় করিলে কি হইবে? প্রভু তখন অর্দ্ধেক অর্থাৎ দুই পণ কড়িতে ভিক্ষা করিতে আরম্ভ করিলেন । কিছু দিনান্তে রামচন্দ্রপুরী অন্যত্র প্রস্থান করিলে ভক্তগণ নিৰ্ব্বিয়ে পূর্ববৎ আহাৰাদি করিতে লাগিলেন । আপদ দূর হইয়া গেল দেখিয়া তাঁহারা নিশ্চিত হইলেন ।

চৈতন্যের বৈষ্ণবিক নিবপেক্ষতা ।

রাজা প্রতাপরুদ্রের অধীনে রামানন্দের ভ্রাতা গোপীনাথ পট্টনায়ক কোন এক জমিদারির করসংগ্রাহক ছিলেন । অনেক টাকা বাকি পড়াতে তাঁহার উপর রাজপুরুষেরা শাসন আরম্ভ করেন । অধিকন্তু রাজপুরুষকে উপেক্ষা করিয়া গোপীনাথ আবণ্ড বিপদাপন্ন হন । নীচে খাঁড়া পাতিয়া মাচার উপর চঠিতে গোপীনাথকে ফেলিয়া দেওয়া হইবে নগরমধ্যে এই জনরব উঠিল । ইহা শুনিয়া কোন লোক গৌরাজকে আসিয়া

বলিল, এক্ষণে আপনি যদি রক্ষা করেন তবেইত গোপীনাথের প্রাণ বাঁচে, নতুবা রাজদণ্ডে তাহার প্রাণ বিনষ্ট হইবে। ভবানন্দ রায় সবেশে তোমার সেবক, তাহার পুত্রের এট বিপদ, এ বিষয়ে তোমার সাহায্য করা কর্তব্য। তিনি সমুদায় বৃত্তান্ত শ্রবণ করিয়া বলিতে লাগিলেন, রাজার ইহাতে দোষ কি? রাজস্ব ভাঙ্গিয়া গোপীনাথ বাবুগিরি করিয়াছে, দণ্ডভয় করে নাই, চতুর লোকেরা রাজকার্য্য করুক, আমি ইহার কিছু জানি না। রাজস্ব শোধ দিয়া যাহা থাকে তাহাই ব্যয় করা তাহার উচিত ছিল। ক্ষণকাল পরে আর এক জন আসিয়া সংবাদ দিল, রাজাজুচরণ বাণীনাথ প্রভৃতিকেও বাঁপিয়া লইয়া যাইতেছে। স্বরূপ দামোদরাদি ভক্তগণ নিতান্ত ভীত হইয়া প্রভুকে অনুরোধ করিলেন যে, রামানন্দ রায়ের গোষ্ঠী তোমার দাস, তাহাদের এই বিপদ দেখিয়া তোমার উদাসীন থাকা কি এখন ভাল দেখায়? চৈতন্য বলিলেন, রাজা আপনার পাওনা গণ্ডা লইবে, আমি বিরক্ত সম্যাসী হইয়া তাহার কি করিতে পারি? তবে তোমরা আজ্ঞা দাও আমি রাজদ্বারে গাই, আঁচল পাতিয়া কড়ি ভিক্ষা করি! দুই লক্ষ কাহন কড়ি তাহার বাকি, ভিক্ষা করিলেই বা আমাকে তাহা কে দিবে? আমিত সম্যাসী, পাঁচ গণ্ডার পাত্র! আবার এক জন লোক দৌড়িয়া আসিয়া বলিল, গোপীনাথকে খাড়ার উপর কেলিয়া দিতেছে। তখন সকলে নিতান্ত ব্যাকুলিত হইয়া পুনর্বার প্রভুকে ধরিয়া পড়িলেন যে তোমাকে ইহার কিছু করিতেই হইবে। তিনি শেষ স্পষ্টাক্ষরে বলিতে বাধ্য হইলেন, আমি ভিক্ষুক, আমা দ্বারা কিছু হইবে না, তোমরা জগন্নাথের চরণে ধর, তিনি ঈশ্বর এবং সকল কার্যের কর্তা। অনন্তর হরিনন্দন পাত্র রাজাকে অনেক বলিয়া কহিয়া গোপীনাথকে সেই বিপদ হইতে মুক্ত করেন। রাজা এ সকল সংবাদ জানিতেন না। শেষসংবাদদাতাকে গৌর এইরূপ জিজ্ঞাসা করেন, রাজার লোক যখন বাণীনাথকে বাঁধিয়া লইয়া গেল, তিনি তখন কি করিলেন? সে বলিল ঠাকুর, বাণীনাথ অবিশ্রান্ত কেবল হরিনাম জপে মগ্ন ছিলেন এবং জপ করিয়া সহস্র সংখ্যা পূরণ হইলে স্বীয় অঙ্গে রেখা কাটিতে ছিলেন। ইহা শুনিয়া প্রভুর মন অতিমাত্র পরিতুষ্ট হইল। কিয়ৎকাল পরে কাশী-

স্বয়ং মিশ্র আসিলে তিনি খেদ করিয়া বলিতে লাগিলেন, দেখ মিশ্র, আমি আর এখানে থাকিতে পারিব না, আলালনাথে গিয়া থাকিব, এখানে বিষয়কার্গোর বড় কোলাহল। আমি ভিক্ষক সন্ন্যাসী নির্জনবাসী, আমার নিকট ভবানন্দ বায়ের লোক চারি বার আসিল। তাহার নানা প্রকারে অর্থ বায় করিয়া রাজার কর দিতে পারে না, শেষে আমাকে আনিয়া জানায়, তাহাতে আমার মনে দুঃখ হয়। জগন্নাথ এবার তাহাকে রক্ষা করিলেন, পুনরায় যদি সে রাজস্ব পরিশোধ না করে তখন কে রাখিবে? বিষয়ীর কথা শুনিয়া আমার মনে ক্ষোভ হয়, অতএব আমার এখানে আর থাকা পোষাইল না। কাশীমিশ্র বুঝাইয়া বলিলেন, তোমার সঙ্গে বিষয়ের কি সম্বন্ধ? বিষয়ের জন্য যে তোমার নিকট আসে সে অন্ধ এবং মূর্খ। তুমি স্বয়ংই ভক্তদিগের পুরস্কার। তোমার জন্য রামানন্দ, রূপ, সনাতন, রঘুনাথ সর্বস্ব ত্যাগ কবিয়াছে। আপনার সুখ দুঃখের ভাগী আপনি হইয়া তোমার অনুগ্রহ সাহায্য প্রার্থনা করে তাহারাই শুদ্ধ লোক। তুমি এইখানে থাক, কেহ আর তোমাকে এ জন্য বিরক্ত করিবে না। কোন শিষ্যকে বিষয়সুখে স্তম্ভী করিতে চৈতন্য কখনই অভিলাষী হন নাই, বরং সর্বস্বত্যাগী বৈরাগী হইতে অনেককে পরামর্শ দিয়াছেন। গুরু শিষ্যের মধ্যে বিষয়ঘটিত স্বার্থের কোন সংশ্রব থাকা উচ্চ ধর্মনীতির বিরুদ্ধ। এই জন্য সামান্য পার্থিব কারণ উপলক্ষে চিরদিনের ধর্মবন্ধন ছিন্ন হইতে দেখা গিয়াছে। পরিত্রাণের জন্যই গুরুর আবশ্যিকতা, অর্থ সুখ মান সম্পদ লাভের স্থান পৃথিবীতে অনেক আছে। প্রাচীন কালের মুমুকু শিষ্যগণ এ বিষয়ে অতি উৎকৃষ্ট দৃষ্টান্ত প্রদর্শন করিয়া গিয়াছেন।

পরে কাশীস্থরের মুখে রাজা এই সকল বৃত্তান্ত শুনিয়া অতিশয় দুঃখিত হন, এবং গোপীনাথকে ধনমুক্ত করিয়া তাঁহার বেতন দ্বিগুণ বৃদ্ধি করিয়া দেন। কাশীমিশ্রের নিকট এই সংবাদ পাইয়া প্রথমে গৌর বলিলেন, কি! তুমি আমাকে রাজপ্রতিগ্রহ করাইলে? শেষে যখন শুনিলেন রাজা স্বতঃপ্রবৃত্ত হইয়া এইরূপ দয়া প্রকাশ করিয়াছেন তখন প্রভু তাঁহার বিনয় সদগুণের জন্য যথেষ্ট প্রশংসা করিলেন। কোন রাজা কি সম্পন্ন ব্যক্তির নিকট বিষয়সংক্রান্ত বাধ্যতা তিনি সহ করিতে পারিতেন না।

অর্থ ধন সম্পদ আপনা হইতে অন্বেষণ করিয়াও তাঁহাকে পাইত না । বৈরাগীর স্বাধীনতা কেমন উচ্চ ইহাতে বুঝা যায় । কয়েক দিবসান্তে গোপীনাথ বাণীনাথ প্রভৃতি পঞ্চপুত্র সহ ভবানন্দ রায় চৈতন্যের চরণে শরণাপন্ন হইয়া নিবেদন করিলেন, এবার প্রভু আমাকে বিষয়বন্ধন হইতে মুক্ত কর । তিনি কহিলেন, পঞ্চজনে সন্ন্যাসী হইলে তোমাদের বহু কুটুম্ব কে পোষণ করিবে ? উদাসীন হও বা বিষয়কর্ম কর, এই মাত্র আমার অমুরোধ, যেন রাজার মূলধন কেহ আশ্রয় না করেন । মূলধন রক্ষা করিয়া লাভ করিবে এবং তদ্বারা ধর্ম কর্মে সদায় করিবে, অসদ্যে দুই লোক বিনষ্ট হয় । সাংসারিক বিষয়ব্যাপারসম্বন্ধে চৈতন্য বড় নিরপেক্ষ ন্যায়বান্ ছিলেন । একবার অষ্টৈতের এক কর্মচারী কমলাকান্ত বিশ্বাস রাজা প্রতাপরুদ্রকে মিথ্যা করিয়া লিগিয়াছিল যে, অষ্টৈত গোসাঞী ঈশ্বর, এবং তাঁহার কিছু ঋণ হইয়াছে, অতএব তিন শত টাকা পাঠাইবে । সেই পত্র প্রভুর হাতে পড়ে, তিনি তাহা পড়িয়া বড় হুঃখিত হন এবং কমলাকাণ্ডকে শাসন করেন ।

৭ বকরত উপহার গ্রহণ ।

প্রতি বর্ষে বর্ষে গৌড়বাসী প্রধান প্রধান ভক্তগণ যখন রথযাত্রার সময় নীলাচলে আসিয়া চৈতন্যসহবাসে চারি মাস কাল থাকিতেন তখন প্রত্যেকে তাঁহাকে নিমন্ত্রণ করিয়া খাওয়াইতেন, এবং তজ্জন্য আসিবার কালে প্রভুর প্রিয় বহুবিধ খাদ্য সামগ্রী সঙ্গে আনিতেন । এ বিষয়ে পাণিহাটীর রাঘব পণ্ডিত বিশেষ রসগ্রাহী ছিলেন । তাঁহার পত্নী দময়ন্তী জতি পরিপাটি করিয়া ভক্তির সহিত নানাবিধ আচার বড়ি মিষ্টান্ন মসলা গুরুপাতা, পেটারী সাজাইয়া দিতেন । রাঘবের ঝালি প্রসিদ্ধ ছিল । অনেক বিধ সামগ্রী তিনি লইয়া আসিতেন । প্রত্যেকেই এক একটী উপাদেয় বস্তু ভৃত্য গোবিন্দেব হাতে, দিয়া অমুরোধ করিতেন যেন তাহা প্রভুর সেবায় ব্যবহৃত হয় । এইরূপে ক্রমে রাশীকৃত দ্রব্য সঞ্চিত হইয়া যাইত । সে সকল জিনিষ গৌরের খাইবার অবসর হয় না । আমাদেরও সাহস হইত না যে তাহা খাইয়া ফেলি । গোবিন্দ এক দিন বলিল, সকলেই আমাকে এ জন্য ব্যস্ত করে, ভক্তগণের প্রেমের উপহার গ্রহণ না

করিলে তাহাদের মনে বড় দুঃখ হইবে। এক দিন উৎসাহেব সহিত গৌর-  
চন্দ্র সমুদয় হইতে কিছু কিছু আহাৰ করিলেন, তন্মধ্যে বাসি পুরাতন বিস্বাছ  
মকল প্রকারই ছিল।

গোবিন্দের প্রবৃত্তি।

ভৃত্য গোবিন্দ এক জন পরম ভক্ত, সে প্রতি দিন প্রভুর পদসেবা করিয়া  
তিনি ঘুমাইলে তবে আপনি আহাৰ করিতে যাইত। এক দিন চৈতন্য নাম  
সঙ্ঘীর্ভনের অতিরিক্ত পরিশ্রমে ক্লান্ত হইয়া দরজায় আড় হইয়া পড়িয়া রহি-  
লেন, কিছুতেই পথ ছাড়িয়া দেন না, ভৃত্যের সঙ্গে আমোদ করিতে  
লাগলেন। গোবিন্দ আর কিছুতেই ভিতরে যাইবার পথ পায় না, শেষ  
বহির্ভাস খানি তাঁহার বৃকের উপর রাখিয়া উপর দিয়া ঘরে প্রবেশ-  
পূর্বক পদসেবা আরম্ভ করিল, কিন্তু আহাৰের জন্য প্রভুর দেহ লক্ষণ  
করিয়া আর আসিতে পারিল না। নিদ্রাভঙ্গের পর গৌর তাহাকে বাল-  
লেন, এখনও তুমি বসিয়া কেন? আহাৰ করিলে না? গোবিন্দ বলিল  
যাই কিরূপে? তুমি যে পথরুদ্ধ করিয়া রাখিয়াছ? তিনি জিজ্ঞাসা  
করিলেন, তবে ভিতরে আসিলে কিরূপে? সেবা করা আমার ব্রত,  
তাহাতে নরক হউক, আর যাহা হউক, তোমার উপর দিয়া আসি-  
লাম, কিন্তু নিজপ্রয়োজন সাধনের জন্য সেরূপত পারি না, গোবিন্দ  
এই প্রকার উত্তর দিয়া আহাৰ করিতে গেল। নীলাচলে গোবিন্দ এবং  
স্বরূপ এই দুই জন তাঁহার সদাকালের সঙ্গী ছিলেন। ভৃত্য গোবিন্দ এক  
জন ভক্তের মধ্যে গণ্য। সাধু মহাজনদিগের মকল দিকই মিলিত রসে-  
পূর্ণ। তাঁহাদের সংযোগে লোহ স্বর্ণের রূপ ধারণ করে। প্রতি পাদবিক্ষেপ,  
প্রতি নিশ্বাস, মুখের প্রত্যেক কথাটি, স্নানাহাৰ নিদ্রা সমস্ত যেন সুধারসে  
পরিপূর্ণ।

হরিদাসের লীলাসংবরণ।

গোবিন্দ এক দিন প্রসাদ দিবার জন্য হরিদাসের আশ্রমে উপস্থিত  
হইলে তিনি বলিলেন, আমি কিরূপে প্রসাদ ভক্ষণ করিব, নামের সংখ্যা  
পূরণ হয় নাই; এই বলিয়া কণিকামাত্র প্রসাদ গ্রহণ করত উপবাসী  
রহিলেন। অপর দিবসে গৌরান্দ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন হরিদাস,

স্বপ্ন আছত ? তিনি প্রণামপূর্বক নিবেদন করিলেন, শরীর স্তম্ভ বটে, কিন্তু মন বড় অস্থায়ী, নামজপের সংখ্যা পূর্ণ হইতেছে না । তাহা শুনিয়া প্রভু কহিলেন, তুমি এখন প্রাচীন হইয়াছ, সংখ্যা হাস কর । সিদ্ধদেহ পাইয়া এখন সাধনের জন্য এত আগ্রহই বা কি জন ? নামের মহিমাত প্রচার করিলে, আর কেন ? সংখ্যা কমাইয়া লও । হরিদাস মিনতি করিয়া বলিলেন, আমি হীনজাতি অস্পৃশ্য, তুমি আমার প্রতি অনেক দয়া করিয়াছ ; যেন হইয়া বিপ্রে'র শ্রাদ্ধপাত্র পর্য্যন্ত আমি খাইলাম ; এক্ষণে আমার এই বাঞ্ছা যে, তোমার লীলা সংবরণের পূর্বে যেন আমি দেহত্যাগ করিতে পারি । তোমার ঐ চন্দ্রবদন দেখিয়া এবং পাদপদ্ম বক্ষে ধারণ করিয়া যেন আমার মৃত্যু হয় । আমি বৃক্ষিতেছি তোমার লীলা শীঘ্র শেষ হইবে । তাহার পূর্বে অ্যামাকে বিদায় দাও । ফলতঃ হরিদাস এ সময় অতিশয় স্তম্ভ হইয়া পড়িয়াছিলেন । গৌর বলিলেন, কৃপাময় হরি তোমার মনোবাঞ্ছা পূর্ণ করিবেন, কিন্তু তোমাকেই লইয়া আমার স্তম্ভ আমাকে ছাড়িয়া তুমি আগেই যাইবে ? হরিদাস কাতর হইয়া প্রভুর চরণে ধরিয়। বলিতে লাগিলেন, আমার মস্তকের মণি স্বরূপ কত কত মহাত্মা তোমার লীলার সহায় থাকিলেন । একটি পিপীলিকা মরিলে পৃথিবীর আর কি ক্ষতি হইবে ? বৃদ্ধের ইচ্ছানুসাবে পর দিন প্রাতে চৈতন্যদেব ভক্ৰুগণসঙ্গে হরিদাসের কুটীরে উপনীত হইয়া তাঁহার প্রতি শেষ কর্তব্য সম্পন্ন কবেন । প্রথমে মৃত্যুশয্যার চারিদিকে দণ্ডায়মান হইয়া সঙ্গীর্ভন আরম্ভ করিলেন । কীর্ভনের সঙ্গে হরিদাসের গুণ বর্ণনা করত প্রভু নাচিতে লাগিলেন, এবং আর সকলে সেই মুমূর্শুপ্রায় প্রাচীন সাধুর চরণধূলি লইতে লাগিলেন । এইরূপে হরিসঙ্গীর্ভনের স্তম্ভিমল পবিত্র হিল্লোলের মধ্যে গৌরচন্দ্রের সন্মুখে হরিনাম করিতে করিতে হরিদাসের প্রাণ বিয়োগ হইল । এমন স্তম্ভের মৃত্যু প্রায় কাহারো ভাগ্যে ঘটে না । তাঁহার মৃতদেহ কোলে লইয়া মহাপ্রভু আনন্দে নৃত্য করিতে লাগিলেন । ভক্ৰে ভক্ৰে কেমন সজ্জাতীয়ত্ব এবং কটুধিতার লক্ষণ তাহা চৈতন্য চরিত্রদাসের মৃত্যুতে দেখাইয়াছেন । অতঃপর সেই দেহ সংস্কারপূর্বক বালুকা ধনন করত তন্মধ্যে প্রোথিত করা হয় । হরিনাম সাধক হরিদাসের জীবন

শুভ্রা ও সাধন ভজন সমস্ত ব্যাপারের মধ্যে এক হরিদাসেরই প্রাধান্য লক্ষিত হইয়াছে। সমাধিকার্য্য সমাপনান্তে সাপারজলে স্নান করিয়া ভক্তপ্রাণ গৌরচন্দ্র নিজে দোকানে দোকানে ভিক্ষা করিয়া হরিদাসের মহোৎসব করিলেন। এই মহোৎসবের জন্য তিনি আপনি ভিক্ষা করিয়া তাহা দ্বারা সহস্রে বৈষ্ণবদিগকে ভোজন করান। হরিদাসের প্রতি শ্রীচৈতন্যের দ্বারা স্নেহ, প্রেম শ্রদ্ধা আত্মীয়তা একটি অতীব প্রীতিকর সঙ্গ্ঠাস্ত।

অদেবশব্দ বহু শব্দ প্রতি শব্দের কৃতজ্ঞত।

নিত্যানন্দের প্রতি আদেশ যে তিনি বঙ্গদেশে থাকিয়া দ্বারে দ্বারে কেবল নাম প্রচার করিবেন। কিন্তু তিনি মধ্যে মধ্যে এক একবার পৌরকে না দেখিয়া থাকিতে পারিতেন না, রথযাত্রীদিগের সঙ্গে নীলাচলে আসিয়া উপস্থিত হইতেন। এখানে উভয়ে নিভূতে বসিয়া অনেক গূঢ় কথাবার্তা হইত। শিবানন্দ শব্দ পথের মধ্যে যাত্রী সকলের নিমিত্ত বাসা এবং আহারাদির আয়োজন করিয়া দিতেন। এক দিন এ বিষয়ের যোগাযোগ হইয়া উঠে নাই, তজ্জন্য নিতাই মহা উত্তেজিত হইয়া শিবানন্দকে গালি দিতে দিতে বলিলেন, তোর ছেলে মরুক! তাহা শুনিয়া তাঁহার স্ত্রী কাঁদিয়া উঠিল। অবশেষে নিতাই শিবানন্দকে এক লাথি মারিলেন! লাথি খাইয়া তাঁহার আত্মা বুদ্ধি হইল, আপনাকে তিনি কৃতার্থ বোধ করিলেন। এ বৎসর অন্য যাত্রীদিগের মধ্যে পরমেশ্বর মদক ছিল। মদকের নিকট গৌর বালককালে অনেক মিষ্টান খাইয়াছেন। তাহার প্রতি প্রভু বথেষ্ট ভালবাসা দেখাইলেন। সুকুন্দের মাতা আসিয়াছে তাহার মুখে এই কথা শুনিয়া তিনি চমকিয়া উঠেন। স্ত্রীলোকস্বর্গে এমনি শাসন ছিল যে, সৌভাগ্য বৈষ্ণবগণের পরিবার সকল দূরে থাকিয়া তাঁহাকে প্রণাম করিত। প্রতি বৎসর সকলে কষ্ট পাইয়া যাওয়া আসা করেন, এজন্য চৈতন্যপ্রভু এক দিন মিনতি করিয়া তাঁহাদিগকে বলিতে লাগিলেন, তোমাদের পথকষ্ট দেখিয়া বার বার আসিতে নিষেধ করিতে ইচ্ছা হয়, কিন্তু তোমাদের সঙ্গে আমি বড় স্নেহ পাই। নিতাই আমার আদেশ লঙ্ঘন করিয়াও এখানে আসেন। আচার্য্য গোস্বামীর আমার প্রতি বড় কৃপা। এইখানে বসিয়াই আমি তোমাদের দেখা পাই,

একটু পরিশ্রম করিতে হয় না, আমি দীন দরিদ্র সন্ন্যাসী, কিয়দে  
তোমাদের এ ঋণ পরিশোধ করিব জানি না। বেহমাত্র ধন আছে তাহাই  
সমর্পণ করিলাম, যেখানে ইচ্ছা সেখানে ইহা তোমরা বিক্রয় কর,  
এই বলিয়া ভাবাবিষ্ট হৃদয়ে কল্পিত কলেবরে তাঁহাদিগকে আলিঙ্গন  
করিলেন, তাঁহারাও সকলে কাঁদিতে কাঁদিতে বিদায় লইলেন। প্রতি  
বর্ষে বর্ষে মিলন ও বিচ্ছেদের সময় প্রায় এইরূপ ভাবের তরঙ্গ উঠিত।  
গৌড়ের ভক্তগণ বিদায় হইলে পুনরায় তাঁহার প্রেমবিহীনল আবার প্রবল  
হইল।

জগদানন্দের অভিমানভঞ্জন ।

একবার চৈতন্য প্রভু প্রিয়শিষ্য জগদানন্দ পণ্ডিতকে শচীর নিকট  
প্রেরণ করেন। উনি গুরুদেবকে কিঞ্চিৎ সুখস্বচ্ছন্দে রাখিবার জন্য  
বিশেষ অনুরাগী ছিলেন। নবদ্বীপ হইতে ফিরিয়া আসিবার সময়  
এক কলসী চন্দনাদি তৈল অতি যত্নের সহিত প্রস্তুত করিয়া আনেন।  
গৌর সময়ে সময়ে প্রিয়বিরহোত্তাপে অতিশয় ক্লেশ পাইতেন। তাঁহাকে  
ঠাণ্ডা করিবার জন্য এই স্নিগ্ধ তৈল গোবিন্দের হস্তে দিয়া ইহা ব্যবহারের  
জন্য পণ্ডিত তাহাকে অনুরোধ করিলেন। গোবিন্দ এ কথা প্রভুকে  
জানাইল। তিনি বলিলেন, সন্ন্যাসীর তৈলে কোন অধিকার নাই, বিশে-  
ষতঃ স্নগন্ধি তৈল, ইহা জগন্নাথের প্রদীপ জ্বলাইবার জন্য দিতে বল,  
তাঁহার পরিশ্রম সফল হইবে। জগদানন্দের মন সে কথা শুনিয়া বড়  
হুঃখিত হইল। পুনরায় তিনি গোবিন্দ দ্বারা এ জন্য বিশেষরূপে অনু-  
রোধ করিলেন। তখন গৌরসুন্দর বিরক্ত হইয়া বলিলেন, তবে তৈল  
মর্দনের জন্য এক জন ভৃত্য নিযুক্ত কর! এই জন্য আমি সন্ন্যাসী হইয়াছি  
কি না! তোমাদের পরিহাস আমার সর্বনাশ। তৈলের গন্ধ পাইয়া পথের  
লোকেরা বলুক যে, এই সন্ন্যাসী বিবাহিত, বিলাসপরায়ণ! গোবিন্দ নিস্তব্ধ  
হইল। পর দিন প্রাতে জগদানন্দকে দেখিয়া প্রভু বলিলেন, তুমি সেই তৈল  
কলসটি জগন্নাথের প্রদীপ জ্বলাইবার জন্য দাও, শ্রম সফল হইবে।  
পণ্ডিত অভিমানভরে কহিলেন, কে তোমাকে এ কথা বলিয়াছে যে আমি  
তৈল আনিয়াছি? এই বলিয়া কলসীটি ঘর হইতে বাহির করিল এবং তাঁহার



সম্মুখে ভাঙ্গিয়া চূর্ণ করিয়া তিন দিন ঘরে ছুয়ার দিয়া তিনি উপবাসী রহিলেন। জগদানন্দের এক্রপ অভিমান নূতন নহে। অনন্তর তাঁহার সন্তোষের জন্য চৈতন্য নিজে গিয়া তাঁহার অভিমানভঞ্জন করেন এবং আপনা হইতে তাঁহার গৃহে আহাৰেব নিমন্ত্রণ করেন। পণ্ডিত তখন আহ্লাদিত হইয়া স্বহস্তে নানাবিধ অন্ন বাজান রন্ধন করত বহু সমাদরে গুরুদেবকে অন্ন পরিবেশন করিলেন। তিনি বলিলেন তোমাকেও একসঙ্গে আজ বসিতে হইবে। জগদানন্দ কিছুতেই তাহাতে সম্মত হইলেন না। তাঁহার হস্তেব পবিত্র অন্ন ব্যঞ্জন খাইয়া গৌর বলিতে লাগিলেন, ক্রোধাবেশের রন্ধন বড় উত্তম হয়! তদনন্তর তিনি সে দিন নিজে সেখানে বসিয়া থাকিয়া বিশেষ অনুরোধ করিয়া পণ্ডিতকে ভোজন করাইয়া আসেন। চৈতন্যের শিষ্যগণের মধ্যে অনেকেই নিরামিষ ব্যঞ্জন ভাল রীতিতে পারিতেন। সামান্য স্নান সামগ্রী অথচ পরিষ্কার শুদ্ধ, এক্রপ আহার্য বস্তু গৌরের অতিশয় প্রিয় ছিল। আহাৰ বিলাস ভোগের জন্য ইহা তিনি মনে করিতেন না, ভক্তি প্রেম বৈরাগ্যের সঙ্গে ইহার বিলক্ষণ যোগ ছিল। আহাৰকালীন অন্নের সূত্রাণ পাইয়া তাঁহাব ভক্তির উচ্ছ্বাস হইত। সূত্রতাগী বৈরাগী শিষ্যগণ সামান্য বস্তু রন্ধনপূর্বক আহাৰ করিতেন, তাহা দেখিয়া প্রভু আপনা হইতে তাঁহাদিগের বানায় নিমন্ত্রণ খাইয়া আসিতেন। একবার গদাধরের হাতে কচি তেঁতুলপাতার অন্ন খাইয়া অতিশয় আহ্লাদ প্রকাশ করিয়াছিলেন। বৈরাগ্য উদ্দীপনের আহার্য তাঁহার লোভের বিষয় ছিল। সে সকল সামগ্রী পাতের কাছে থাকিলে তোমার আমার ক্রোধ বিরক্তি উত্তেজিত হয়, তাঁহাব তাহাতে মহা আনন্দ ও কৃতজ্ঞতার উদয় হইত। শেযাবস্থায় প্রেমের উত্তেজনায় প্রহর শরীর কিছু ক্লম হয়। কদলিবৃক্ষশাখার শয্যায় তিনি শয়ন করিতেন, এজন্য অস্থিতে বেদনা লাগিত, কিন্তু সে বেদনা অনুভব হইত জগদানন্দের হৃদয়ে। পণ্ডিত ইহা সহ্য করিতে না পারিয়া এক দিন সূক্ষ্ম গেরুয়া বসনে তুলা পুরিয়া তদ্বারা বালিশ তোষক প্রস্তুত করিয়া গৌরাজের হস্তে সমর্পণ করিলেন। প্রথমে ইহা দেখিবা মাত্র প্রভু বিরক্ত হইলেন, এবং পরিহাসপূর্বক বলিলেন, তবে একখান খাট আন! পরে যখন শুনিলেন ইহা জগদানন্দের

কার্ধা, তপন চূপ করিয়া রহিলেন, কিন্তু সে শয্যা স্পর্শও করিলেন না। পরিশেষে অনেকের উপরোধে বহির্কীয়াবৃত ছিন্ন কদলিপত্রের শয্যায় শয়ন করিতেন।

কোন মারীর সঙ্গীতে প্রভুর মুগ্ধ হওন।

এক দিন মহাপ্রভু যমেশ্বর টোটার্য় বাইতেছিলেন, পথের মধ্যে এক স্থানে হঠাৎ বামাকণ্ঠের মধুর ধ্বনি কর্ণকে আঘাত করিল। রমণীকণ্ঠ নিঃসৃত জগ-নাথের গুণসঙ্গীত শুনিয়া তিনি বাতুলের জ্ঞায় তাহাকে আলিঙ্গন করিতে ধাবিত হইলেন। সঙ্গে কেবল প্রিয়ভৃত্য গোবিন্দ মাত্র ছিল। সঙ্গীতের স্বর লক্ষ্য করিয়া তিনি অন্ধের মত বিপথে চলিতে লাগিলেন, কোথায় কোন্ দিকে বাইতেছেন কিছুই বোধ নাট, একেবারে যেন পাগল হইয়া পড়িলেন। পদতলে মনসা সিজুর স্ত্রীস্ক কঁটা ফুটিতে লাগিল তাহাও জ্ঞান নাই; এমন সময় “জীলোকের গান” এই বলিয়া গোবিন্দ তাঁহাকে কোলে চাপিয়া ধরিল। জীলোক, এই শব্দ শুনিবা মাত্র তৎক্ষণাৎ গৌরের প্রেম-সুস্বপ্তি ভাঙ্গিয়া গেল, অমনি জাগ্রৎ হইয়া গোবিন্দকে আশীর্বাদ করত তিনি বলিলেন, আজ তুমি আমার জীবন রক্ষা করিলে, নতুবা স্ত্রীস্পর্শ হইলে আমার প্রাণ বিয়োগ হইত। তোমার ঋণ অপরিশোধনীয়, তুমি সর্বদা আমার সঙ্গে থাকিয়া সাবধান করিয়া দিও। স্ত্রীস্পর্শ দূরে থাকুক, তাহা দর্শনসম্বন্ধে চৈতন্তের অতিশয় কঠোর নিয়ম ছিল। যদিও প্রেমোন্মত্ততার চূড়ান্ত দৃষ্টান্ত স্থল, ভাবরসের অদ্বিতীয় আদর্শ, কিন্তু নীতি পবিত্রতা বৈরাগ্য বিরতি বিষয়ে প্রাচীন আর্স্য ঋষিদিগের ন্যায় তাঁহার অতি কঠোর ব্রত ছিল। তাদৃশ প্রেমাবেশ, তথাপি “জীলোকের গান” এই শব্দ শুনিবামাত্র নিদ্রা ভাঙ্গিয়া গেল, ইহা কি সহজ সতর্কতা!

ভট্ট রঘুনাথ।

কাশীবাসী তপনমিশ্রের পুত্র ভট্ট রঘুনাথও এক জন পরম বৈরাগী ছিলেন। তিনি এই সময় গৌড়ের রামদাস বিশ্বাস নামক জটনৈক সন্ন্যাস্ত বিষয়ীর সঙ্গে পথে মিলিয়া গৌর সন্নিধানে উপনীত হন। আট মাস কাল রঘুনাথকে নিকটে রাখিয়া প্রভু এই বলিয়া তাঁহাকে বিদায় করিলেন, ঋষিবাহিত্য থাকিয়া বৃদ্ধ বৈপত্য মাতার সেবা কর, বৈষ্ণবের নিকট

ভাগবত অধ্যয়ন কর, এবং আর একবার এখানে আসিও । পরে তিনি বৃন্দাবনে গিয়া রূপ সনাতনের সঙ্গের সঙ্গী হন । শুষ্ক রঘুনাথ প্রতি দিম সহস্র বৈষ্ণবকে প্রণাম করিয়া লক্ষ চরিতাম জপ করিতেন । তিনিও এক জন অতি নিষ্ঠাবৃত্ত প্রেমান সাধুর মতো গণা ছিলেন ।

এক নারীর একাগ্রতা ।

এক দিন গৌরান্দ জগন্নাথের মন্দিরমধ্যে গরুড়ের পার্শ্ব দণ্ডারমান হইয়া ঠাকুর দর্শন করিতেছেন, লোকের অত্যন্ত ভিড় হইয়াছে একটা দেব-দর্শনপিপাসু উড়িয়া স্ত্রী নিত্যস্ত ব্যস্ত সমস্ত হইয়া সেই জনতার ভিতর গরুড়ের উপর এক পা এবং গৌরব স্বন্ধের উপর আর এক পা রাখিয়া জগন্নাথ দেখিতে লাগিল । গোবিন্দ তাহাকে তিরস্কার করাতে সে ভীত হইয়া পরে প্রভুর চরণগুলি গ্রহণ করে । কিন্তু চৈতন্য বলিয়াছিলেন আহা ! উহাকে কিছু বলিও না, আশানিবৃত্ত করিয়া ঠাকুর দেখিতে দাও, ইহার যেমন ব্যাকুলতা আগ্রহ আমার তেমন নাই । এই নারী ভাগ্যবতী, আমি ইহার চরণবন্দনা করি, আমার যেন এইরূপ আর্জি হয় । ক্ষণকাল পরে সচ-কিত হইয়া তিনি দূরে প্রস্থান করিলেন ।

প্রভুর প্রেমবিকার ।

শেখাবস্তার চৈতন্যের বিরহোন্মাদ এবং প্রেমবিকার এমন বৃদ্ধি হইয়া পড়িল যে, তাঁহার কিছুই আর জ্ঞান গোচর থাকিত না, অভ্যাসের গুণে কেবল জ্ঞান আহার ঠাকুর দর্শন করিতেন মাত্র । ক্রমে মহাতাবমরী ভক্তির লক্ষণ সকল শেষ সীমায় উপনীত হইতে লাগিল । বিহ্বল হইয়া কেবল হাহাকার করেন, স্বরূপ ও রামানন্দের গলা ধরিয়া কাঁদেন ; তাঁহাদের মুখে প্রেমলীলা শ্রবণ করিয়া এক একবার স্থির হইয়া থাকিতেন । এক দিন রাত্রে শুটয়া আছেন, চক্ষে নিদ্রাত প্রার ছিল না, সমস্ত বামিনী নাম জপ ও কীর্তন করিতেন, ষানিক রাত্রে আর কিছু সাড়া শব্দ পাওয়া যায় না । গোবিন্দ দ্বার খুলিয়া দেখিল প্রভু নাই, মহা ব্যাকুল হইয়া সকলে চারিদিক্ অন্বেষণ করিতে লাগিলেন । বহু অনুসন্ধানের পর দেখা গেল, প্রভু সিংহবারে ঘুঙের ন্যায় পড়িয়া রহিয়াছেন । মত্ততার হৃদয় বিকারে শরীর দীর্ঘাকার, অস্থির গ্রহি শিথিল, জ্ঞান চৈতন্য বিহীন দেখিয়া সকলে

মিলে তাঁহার কর্ণমূলে উক্ত রবে হরিক্ষনি করিতে লাগিলেন । কিছু অণ এই রূপ করিতে করিতে প্রভুর চেতনা লাভ হইল, তখন ভক্তি উঠিয়া বসিলেন । এক দিন হঠাৎ উঠিয়া চটক পর্কতের দিকে এমনি বায়ুবেগে ধাবিত হইলেন যে, কেহ আর ধরিতে পারে না । সে দিনকার দৃশ্য আর এক প্রকার । প্রত্যেক বোমকূপে রক্তবর্ণ ব্রণ উৎপন্ন হইয়া তাঙ্গ হইতে ক্রধিরাধারা নিঃসৃত হইতে লাগিল, শরীর কলমাকৃতি হইল, কণ্ঠে বর্ষর শব্দ, মুখে বাক্য নাই, দুই চক্ষু অন্ধবরত জল বরিতে চছে, সর্বাঙ্গ বিবর্ণ, শেখ কাঁপিতে কাঁপিতে ভূতলে পতিত হইলেন । গোবিন্দ টুঁহার সর্বাঙ্গে জল সিঞ্চন করিয়া বাতাস করিতে লাগিল, সকলে কাঁদিয়া অস্থির হইলেন, পুনঃ পুনঃ অঙ্গ জলসেক করিয়া কর্ণে হরিমাম শুনাইয়া বহু কণ্ঠে সে দ্বিম চৈতন্য সম্পাদন করা হয় । মহাত্মাবের এই সকল অষ্ট সাঙ্গিক অক্ষণ এ পৃথিবীতে অতি বিরল দৃশ্য । তদনন্তর জ্ঞানলাভ করিয়া স্রষ্টোক্তি গতির ন্যায় চারিদিকে চাহিয়া গৌর বলিলেন, এখানে আমি কিরূপে আসিলাম ? কোন্ ভাবের প্রাধান্য হইতে সে প্রকার অশ্রদ্ধা ঘটয়াছিল পরে তাহা সমস্ত বর্ণন করিলেন । আর এক দিন সকলের অগোচরে বহির্গমন করিয়া কুয়াঙাকৃতি হইয়া পথের মধ্যে মাংস-পিণ্ডের ন্যায় পড়িয়া ছিলেন, অনেক অনুসন্ধানের পর তবে খুঁজিয়া পাওয়া যায় । হরি বলিয়া কাণের কাছে চীৎকার করিলে তবে মুছা ভঙ্গ হইত । ভাবাবেশে মত্ত হইয়া একবার কূপের মধ্যে পড়িয়া গিয়াছিলেন । শরীরের পক্ষেত্রিয় এক সময় পূর্ণমাত্রার স্ব স্ব বিষয় ভোগের জন্য অধৈর্য্য হইলে মনের বেক্রম অবস্থা হয়, তেমনি তাঁহার দর্শন, আলিঙ্গন, প্রেমরস পান ইত্যাদি আধ্যাত্মিক কৃপা পিপাসা সমস্ত বলিষ্ঠ অধের ন্যায় এক সময় নানানিকে ধাবিত হইত । এত বড় প্রেমিক অধিতীর ভক্ত হইয়া চৈতন্যদেব একরূপ বিরহবস্ত্রণা ভোগ করিতেন ইহা সহসা মনে হইলে কিছু আশ্চর্য্যজনক বোধ হয়, কিন্তু তাহার কোন কারণ নাই । সঙ্গবানের ঐশ্বর্য্য অনন্ত, রূপগুণে তিনি অসীম, ভক্তের সীমাবদ্ধ হৃদয় তাহা কত ধারণ করিবে ? যতই উন্নতি ততই লালসা আকাঙ্ক্ষা বৃদ্ধি হইয়া থাকে । হরিপদারবিন্দের দ্রবণ লোভে তাঁহার চিত্তভূমি নিরন্তর উন্নত থাকিত ; মন্তক সেই পরমকবোবর মধুর আশ্রাণে সর্বাঙ্গ বিধর্ষিত হইত ; এবং হৃদয় সেই পরম প্রভুর চরণালিকনের জন্য অবি

প্রাক্ত প্রবাবিত হইত । কিছু দিন পরে রথযাত্রার সময় গৌড়ের ভক্তগণ নীলাচলে আসিলেন, তখন ঐ সকল মহাজ্ঞাবের উত্তেজনা কিছু নয় পড়িল ।

কবিশাসের কথা ।

রঘুনাথ বাসের পিতৃব্য কালিদাস কিছু দিন পরে বৈরাগী হইয়া ব্রাহ্ম-  
পত্নের পথ অহুসরণ করেন । এ ব্যক্তি কেবল বৈষ্ণবের পত্রাবশিষ্ট  
উচ্ছিষ্ট খাইয়া ভক্তি উপার্জন করে । বৈষ্ণব গৃহস্থদিগকে তিনি উত্তম  
সামগ্রী উপহার দিয়া পরে তাহাদের বাটীতে প্রসাদ খাইয়া আসিতেন ।  
কেহ কোন আপত্তি করিলে গোপনে তাহার আঁতাকুড় হইতে পাত কুড়াইয়া  
খাইতেন । এইরূপে গৌড়ের শত শত সাধুব উচ্ছিষ্ট ভক্ষণ করিয়া শেষে  
নীলাচলে প্রভু সমীপে তিনি উপস্থিত হন । বৈষ্ণবের প্রসাদ ভক্ষণে তাহার  
এমনি আস্থা ছিল যে, ঝড়ুঠাকুর করেন এক ভুঁইমালি জাতীয় বৈষ্ণবকে  
অত্র উপহার দিয়া পরে লুকায়িতভাবে তাহাব এবং তাহার পত্নীর পরি-  
তাক্ত ঘোসা ও আঁঠি তিনি চুষিয়া খান । কালিদাসকে গোঁরাঙ্গ যথেষ্ট অনুগ্রহ  
করিয়াছিলেন । বৈরাগী হইতে হইলে কত দূর অভিমানশূন্যতা, দীনতা  
আবশ্যক কালিদাস তাহার দৃষ্টান্ত দেখাইরাছেন ।

৫৭ প্রসঙ্গ ।

চৈতন্য জননীৰ ভক্ত লইবার জন্য প্রায় বর্ষে বর্ষে হয় জগদানন্দ না  
হয় দামোদরকে নবদ্বীপে পাঠাইতেন । তিনি যখন কাহারো কুশলবার্তা  
জিজ্ঞাসা করিতেন, তাহার অর্থ এই ছিল যে, সে ব্যক্তির ভক্তি আছে কি  
না । একবার দামোদরকে জিজ্ঞাসা করেন, মাতার বিষ্ণুভক্তি কিরূপ দেখিলে  
বল । স্পষ্টবক্তা দামোদর এ জন্য গৌরকে ভৎসনা করিয়া বলিয়াছিলেন,  
শচীর ভক্তির কথা আবার তুমি জিজ্ঞাসা করিতেছ ? তাঁহার প্রসাদেই  
তোমার ভক্তি ? চৈতন্য ইহা শুনিয়া সন্তোষ প্রকাশ করেন । ভক্তিমান  
ব্যক্তিকেই তিনি যনবস্ত বলিয়া স্বীকার করিতেন, ভক্তির অভুক্ত গ্রীব  
তাঁহার মতে সকলেই দরিদ্র । উড়িয়া এবং বাঙ্গালী ব্রাহ্মণেরা তাঁহাকে  
প্রায়ই নিমন্ত্রণ করিত । কেহ নিমন্ত্রণ করিত্তে আসিলে তিনি বলিতেন,  
বাও আসে তুমি লক্ষের হও, যে লক্ষপতি তাহার গৃহেই আমার ভিক্ষা  
হয় । ইহা শ্রবণে এক দিন কেহ কেহ বলিলেন ঠাকুর, লক্ষের রের

কথা, সহস্রও কাহারো ঘরে নাই। তুমি যদি নিমন্ত্রণ গ্রহণ না কর, তবে আমাদের গৃহাশ্রম পুড়িয়া ছারখার হউক! গৌরচন্দ্র বলিলেন, কাঁহাকে আমি লক্ষ্মণের বলি তাহা কি জ্ঞান? প্রতি দিন যে ব্যক্তি লক্ষ্ম হরিনাম গ্রহণ করে তাহাকেই আমি লক্ষ্মণের বলি, তাহারই গৃহে আমার ভিক্ষা হয়, অন্য ঘরে আমি যাই না। তাঁহাকে আহার করাইবার জন্য অনেকে লক্ষ্ম হরিনাম জপের ব্রত গ্রহণ করিলেন, চৈতন্যেরও উদ্দেশ্যে সফল হইল। লৌকিকভাবে আমার সামাজিক অনুষ্ঠানে তিনি যোগ দিভেন না। হরিনাম আর ভক্তি, ঠেঁহা ছাড়া তাঁহার মুখে অন্য কথা ছিল না।

অবতারতত্ত্ব প্রতিবাদ।

এক দিন সঙ্কীৰ্ত্তনে মত্ত হইয়া বৃদ্ধ অদ্বৈত গোসাঞী বলিলেন, এস তাই আজ প্রাণ ভরিয়া চৈতন্যাবতারের মতিমা গান করি। যিনি সঙ্কীৰ্ত্তন প্রচার করিয়া আমাদিগকে উদ্ধার করিলেন, ষাঁহার প্রসাদে আমরাও সৰ্ব্বত্র পূজিত হইলাম, এস অদ্য তাঁহার গুণ সকলে মিলে গাই। কোন প্রকার প্রশংসাসূচক কথা কিছা গান শুনিলে গৌরান্দ্রপ্রভু বিরক্ত হইতেন তাহা আমরা জানিতাম, এই জন্য আমরা ভয়ে সঙ্কুচিত হইতে লাগিলাম। শেষ প্রাচীন সাধুর অনুরোধ সকলকে রক্ষা করিতে হইল। অদ্বৈত নিজেই এক নূতন পদ রচনা করিয়া উৎসাহের সহিত ভক্তসঙ্গে তাহা গাইতে লাগিলেন। ইহাতে সকলের বিশেষ আনন্দ বোধ হইল। কীর্ত্তনের মহাধ্বনি শ্রবণে গৌর তথায় উপস্থিত হইলেন, তাঁহাকে দেখিয়া ভক্তগণের উৎসাহ বাড়িয়া গেল। আনন্দের বেগে ভয় লঙ্কা সমস্ত বিলুপ্ত হইল, শেষে তাঁহাব সম্মুখেই এই গান সকলে গাইতে লাগিলেন। দাস্য ও মধুর ভাবই চৈতন্যের ধর্ম, দাস ভিন্ন ঈশ্বর বলিয়া তাঁহাকে কেহ সম্বোধন করিতে পারিত না, তথাপি অদ্বৈতের চক্রে পড়িয়া-সে দিন এই প্রকার ঘটনা হয়। চৈতন্য যখন তাঁহার নিজের স্ততিবাদ শুনিলেন, তখন লজ্জিত এবং দুঃখিত হইয়া আপনার বাসায় চলিয়া গেলেন। অতঃপর সঙ্কীৰ্ত্তন শেষ করিয়া বৈষ্ণব সাধুগণ প্রভুর আশ্রমে উপস্থিত হন। তিনি তখন রাগ করিয়া ঘরের মধ্যে গুইয়াছিলেন; বন্ধুদিগকে নিকটে সমাগত দেখিয়া উঠিয়া বসিলেন,

এবং বলিতে লাগিলেন, ওহে শ্রীবাস পণ্ডিত ! আজ তোমরা ভগবানের নাম সঙ্কীৰ্ত্তন না করিয়া কি গান গাইলে বুঝাইয়া বল দেখি শুনি ? অন্য সকলে তাঁহার ভাবগতি দেখিয়া ভীত হইল, কিন্তু শ্রীবাস আকাশের দিকে করতল বিস্তার করিয়া বলিলেন, সূর্য্যের প্রকাশ কি কখন হস্তে আচ্ছাদিত হয় ? এমন সময় ত্রিপুরা, চট্টগ্রাম, শ্রীহট্ট এবং অন্যান্য স্থানের শত শত বাক্তী দ্বারদেশে দণ্ডায়মান হইয়া গৌরগুণ সঙ্কীৰ্ত্তন করিতে লাগিল, মহা ধুম উঠিল, তাহা দেখিয়া দেখিয়া বৈষ্ণবেরা হাসিতে লাগিলেন । শ্রীবাস বলিলেন, এখন কি করিবে ? আমিত আর এ সকল লোককে ভাঙ্কিতে যাই নাই । উহারা কি বলিতেছে শুন দেখি ? তখন প্রভু নির্ঝাক্ হইলেন । প্রাচীন বৈষ্ণবদিগের একরূপ আচরণ দেখিয়া আমি সে দিন একটু চটিয়াছিলাম । অষ্টদ্বতাকে স্পষ্টই বলিলাম, ঠাকুর নিজে যাহা অন্যায় বলিয়া প্রতিবাদ করিতেছেন তোমরা তাহা শুনিবে না কেন ? এ তোমাদের ভারি অন্যায় ! আমাকে অজ্ঞ এবং সামান্যবুদ্ধি বিবেচনা করিয়া সে কথা কেহ গ্রাহ্য করিলেন না । বরং কেহ কেহ ক্রোধবিস্ফারিত কুটিল নয়নে আমাকে তিরস্কার করিয়া বলিলেন, তুই অর্কাচীন মূর্খ এ কথা কি বুঝিবি ? চপলতা প্রকাশ করিস্ না ! এ প্রকার করিবার কারণ কি আমি শেষ ভাবিতে লাগিলাম । তবে কি চৈতন্য প্রভু অপেক্ষা ইহারা বেশী জ্ঞানী এবং ধার্মিক হইলেন ? পরে বুঝিলাম, মহুষ্যে ঈশ্বরে জীবন্ত আবির্ভাব আর ঈশ্বর এই উভয়ের প্রভেদ লোকে সাধারণতঃ বুঝিয়া উঠিতে পারে না, এই জন্য তাহারা সাধু মহাপুরুষকে অজ্ঞ কোন শব্দে এবং ভাবে প্রশংসা করিয়া তৃপ্ত না হইয়া শেষ ঈশ্বর বলিয়া মনোজ্ঞোভ দূর করে । নতুবা আমি দেখিয়াছি, ঈশ্বররূপে গৃহীত ভক্ত মহাজনেরা যেমন জীবের ক্ষুদ্রত্ব এবং ভগবানের মহত্ব এই দুয়ের প্রভেদ বুঝিতে পারেন, এমন আর কেহ পারে না । স্তবরাং তাঁহারু যেমন ইহার প্রতিবাদ করেন এমন কে করিতে পারে ? ইহারা ভগবানের অল্পম গৌরব দেখিয়াছেন, তাঁহারাট মনুষ্যের হীনতা পরিষ্কাররূপে বুঝিয়াছেন, এই নিমিত্ত শ্রীগৌরাজ্জ বিরক্তি প্রকাশ করিতেন । কিন্তু তাহা শুনিবে কে ? তিনি যদি এক গুণ মনয় প্রকাশ করেন, শিষ্যগণ সহস্র গুণ করিয়া তাঁহাকে বাড়াইয়া তোলে,

এক। তিনি কি করিবেন ? যদিও আমি নিরর্থক ছিলাম, কিন্তু এ বিষয়ে গৌরের যথার্থ ভাব আমি স্পষ্টরূপে বুঝিতে পারিতাম ।

একবার পুণ্ডরীক বিদ্যানিধি নীলাচলে আসিয়াছিলেন । এখানে অন্ন-বিচার নাই দেখিয়া তিনি বলিয়াছিলেন, ইহারা সকলেই ব্রহ্ম হইয়াছে না কি ? গৌরানন্দের শিষ্যগণ শাস্ত্রের বিধি নিষেধ বড় গ্রাহ্য করিতেন না । ভক্তচূড়ামণির নিকট থাকিয়া এ বিষয়ে তাঁহার। যথেষ্ট প্রশ্নর পাইয়াছিলেন ।





## মহাপ্রভুর লীলাসমাप्তি



চৈতন্যদেবের শেষ জীবনের অভূতপূর্ব বিচিত্র ভাব সকল দেখিয়া প্রধানতম ভক্তগণ পর্য্যন্ত বিশ্বাস্যাপন্ন হইতে লাগিলেন। তাঁহার। বলিতেন, স্বয়ং ভগবান্ হরি ভক্তের আনন্দ এবং সুখ সম্ভোগের জন্য গোঁরদেহে ভক্তাবতার হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন। এক অর্থে ইহা বাস্তবিক কথাই বটে, ঈশ্বরস্ব অবতারণ হইয়া নবদ্বীপে এই ভক্তাবতার উৎপন্ন করিয়াছিল। মানবজীবনে এরূপ অসামান্য ধর্মোন্মত্ততা কেহ কখন দেখে নাই, এই জন্য তাহাকে কি বলিয়া নির্ধারণ করিবে কেহ কিছু বুঝিতে পারিত না। ফলতঃ জীব যখন ভগবানের একান্ত অনুরাগত হয়, তাঁহাতে আত্মসমর্পণ করে, তখন আর ভেদাভেদ বড় থাকে না; যেন অগাধ সিঙ্কুণীরে স্রোত-স্বতী মিলিয়া গিয়াছে এইরূপ মনে হয়। সে ভাবের মানুষ বাহা বলে এবং বাছা করে তাহা অলৌকিক।

একদা জ্যোৎস্নাশোভিত পূর্ণচন্দ্র-বিরাজিত নিশীথ সময়ে ভক্তগণসঙ্গে গৌরচন্দ্র টোটা নামক পর্ব্বতোপরি বিহার করিতে করিতে চন্দ্রিকা-রঞ্জিত সুনীল জগদ্বিবক্ষ দর্শন করত সেই দিকে চলিয়া যান। সকলেই আমোদে মত্ত, কোন্ দিক দিয়া কখন তিনি প্রস্থান করিলেন কেহ জানিতে পারেন নাই। পরে অনুরস্কান করিতে করিতে সমুদ্র উপকূলে জনৈক ধীবরের সঙ্গে সাক্ষাৎ হইল। তাহাকে জিজ্ঞাসা করিতে আমোদরকে সে বলিল, আমি মৎস্য ধরিতে গিয়া একটি মৃত দেহ জালে পাইয়াছিলাম, তাহাকে স্পর্শ করিয়া অবশি ভয়ে আমার প্রাণ কেমন করিতেছে, আতঙ্কে অঙ্গ কাঁপিতেছে, সে ব্রহ্মদৈত্য কি ভূক্ত হইবে নানি না, তাহার দুই চক্ষু কপালে উঠিয়াছে, অস্থি মাংসের বন্ধনো সমস্ত শিথিল, প্রকাণ্ড দীর্ঘাকার শরীর, মাঝে মাঝে গৌঁ গৌঁ শব্দ করে, আমাকে সেই ভূতে পাইয়াছে। আমি মরিলে আমার স্ত্রী পুত্র কি থাকিবে। হায়! আমি দুঃখী লোক, একাকী রাজিতে মাচ ধরিয়া বেড়াই; এগ্নন গুঝার বাড়ী বাইতেছি, তোমরা গুদিকে ঘাইও না।

স্বরূপ তাহার কথার প্রকৃত ভাব বুঝিতে পারিলেন এবং সেই দিকে দৌড়িতে লাগিলেন, গিয়া দেখেন যে পৌরচন্দ্র স্পন্দহীন হইয়া পড়িয়া আছেন; দেহ পাংশু বর্ণ হইয়াছে, ঠিক যেন শবাকৃতি । সকলে মিলে উচ্চৈঃস্বরে কর্ণের নিকট হরিষ্বনি করাত্তে তখন তাঁহার জ্ঞানোদয় হইল । প্রভু অচেতনাবস্থায় সমুদ্রের জলে ভাসিতেছিলেন, ঐ ধোবর জালে ধরিয়া উপরে তোলে, তাহাতেই মে দিন রক্ষা পান ।

এইরূপে তিনি কখন একাকী রজনীযোগে বাহির হইয়া যান, কোন দিন বা দ্বার খুলিতে না পারিয়া দেয়ালে মুখ ঘর্ষণ করেন; ইহা নিবারণের জন্য শঙ্কর নামক একটি শিষ্য কিছু দিন প্রহরিরূপে নিযুক্ত ছিল । সে আবার অতিশয় নিদ্রালু, মাঝে মাঝে ঘুমাইয়া পড়িত । কিন্তু এত যে বিরহোন্মাদ, প্রেম প্রলাপ, তথাপি প্রভু জননীকে বিস্মৃত হন নাই । জগদানন্দ দ্বারা প্রীতি বৎসর বস্ত্র ও প্রসাদ মাতার জন্য পাঠাইতেন । সমুদ্রের জলময় হইতে রক্ষা পাইয়া শেষ অবস্থায় জগদানন্দকে নবদ্বীপ পাঠাইয়া বলিয়া দেন যে, জননীকে আমার অপরাধ মার্জনা করিতে বলিও । তাঁহার আজ্ঞায় আমি নীলাচলে আছি । বাউল হইয়া ধর্ম নাশ করিলাম, এ অপরাধ যেন তিনি গ্রহণ না করেন । শচীমাতার জন্য বস্ত্র এবং প্রসাদ ও অন্যান্য ভক্তগণের জন্য প্রসাদ লইয়া জগদানন্দ নবদ্বীপ এবং শাস্তিপুরে পৌঁছিলেন । প্রত্যাগমন কালে তাঁহা দ্বারা অদ্বৈত চৈতন্যকে এই তর্জনা বলিয়া পাঠান, “প্রভুকে কহিবা আমার কোটি নমস্কার । এই নিবেদন তাঁর চরণে আমার । বাউলকে কহিও লোক হইল আউল । বাউলকে কহিও হাটে না বিকার চাউল । বাউলকে কহিও কাজে নাহিক আউল । বাউলকে কহিও টহা কহিয়াছেন বাউল ।” এ কথার অর্থ কেহ বুঝিতে পারেন নাই ।

মহাজাবের প্রভূত প্রভাবে মহাপ্রভুর শরীর দিন দিন ক্ষীণ হইতে লাগিল । অগভঙ্গ পাকভৌতিক দেহ আর কত সহ্য করিবে ? স্বর্গের জলন্ত অগ্নি তাহাকে জীর্ণ শীর্ণ এবং ক্রমশঃ বিকল করিয়া ফেলিয়াছিল । তথাপি পুণ্যের শরীর বলিয়া এত দিন সে অমরাঙ্গার গুরুভার বহন করিতে পারিয়াছিল । তাঁহার এক দিনের প্রেমাবেশে, ভাবের মত্ততায় অস্থির হইয়া যায়, জীকনী শক্তি মিশ্রণে হর । জলুণ ধর্মতাব সচরাচরঃ কাহারো

হয় না, যাহার হয় সে অধিক দিন বাঁচে না । ঠিক অগুণের মধ্য হইতে পক্ষী-  
শাবক যেমন যথাসময়ে অওভেদ করিয়া বাহির হয়, তেমনি গৌরপ্রেম-  
বিহঙ্গ সেই চিদাকাশস্থিত পক্ষিমাতার ক্রোড় বিচরণ করিবার জন্য পার্থিব  
দেহপিঞ্জর ভাঙ করত নিক্কান্ত হইল । ইহলোক পরিত্যাগের অল্প কাল  
পূর্বে পরম অন্তরঙ্গ চিরসঙ্গী স্বরূপ দামোদর এবং রামানন্দ রায়কে এক দিন  
এই শেষ কথা কয়েকটি বলিয়া যান;—কলিতে নামসঙ্কীর্ণনই ভগচরণ  
প্রাপ্তির পরমোপায়, ইহাতে সর্বসিদ্ধি লাভ হয় । তখনস্তর নিজকৃত এই  
শ্লোক কব্ধি আবৃত্তি করিলেন ।

“নাম্নাকারি বহুশা নিজ সর্বশক্তি, স্তত্রাপিত্তা নিয়মিতঃ স্রগণে ন কালঃ ।  
এতাদৃশী তব রূপা ভগবন্মাপি, হৃদৈবমীদৃশমিহাজনি নাতুরাগ ” ॥ হে ভগ-  
বন্ ! ভক্তগণের বাঞ্ছানুসারে নানাবিধ নাম ধারণ করিয়া তাহাতে তোমার  
সমগ্র শক্তি সঞ্চার করিয়াছ । শয়নে ভোজনে যাহার যখন ইচ্ছা সে এই  
নাম লইয়া সিদ্ধমনোরথ হইতে পারে । এমন রূপা তোমার, তজাপি হৃদৈব  
বশত সে নামে আমার অমুবাগ হইল না । স্বরূপ ও রামানন্দকে বলিলেন,  
কিরূপে নাম লইলে প্রেমোদয় হয় তাহা বলি শ্রবণ কর । “তৃণাদপি স্তনীচেন  
তরোরিব সহিষ্ণুনা । অমানিনা মানদেন কীর্তনীরঃ সদা হরিঃ ।” যে ব্যক্তি  
উত্তম হইয়াও আপনাকে তৃণাধম মনে করে, বৃক্ষ যেমন সহিষ্ণু হইয়া সকল  
সহ্য করত ফল ফুল ছান্না দান করে, তজ্রূপ সমুদায় সহ্য করে এবং আপনি  
অমানী হইয়া অন্যকে মান দান কবে, সেই ব্যক্তি কর্তৃক হরি কীর্তনীর হন ।  
অনস্তর নিজের দীনতা ও প্রেমহীনতার জন্য খেদ করিয়া এই শ্লোকটি  
পড়িলেন । “ন ধনং ন জনং ন স্তন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে । মম  
জন্মনি জন্মনীথরে ভবতাত্তিরহৈতুকী ত্বরি ” । হে জগদীশ ! ধন জন স্তন্দরী  
কবিতা এ সকল কিছুই প্রার্থনা করি না, জন্ম জন্মান্তর তোমাতে অহৈতুকী  
ভক্তি হউক এই কামনা । পরে অন্তরুক্ত আর একটি শ্লোক পড়িয়া এইরূপে  
তাহার ব্যাখ্যা করিলেন । হে প্রভো ! আমি তোমার নিত্য দাস, তোমার  
বিন্দিত হইয়া আমি ভবাবর্গবে পড়িয়াছি, রূপা করিয়া আমাকে তোমার চরণ-  
ধুলির সন্মান কর । পুনরায় দীনতা এবং উৎকর্ষা সহকারে নিজকৃত এই শ্লোক  
যারা প্রার্থনা করেন, “নয়নং গলদশ্চধারণা বদনং গদগদক্কর্য গিরা

পুলকৈর্নির্চিতং বপুঃ কদা তব নামগ্রহণে ভবিষ্যতি ॥” হে প্রভো ! তোমার নাম গ্রহণে কবে আমার নয়নে গলদক্রোধারা বহিবে এবং কবে আমার কণ্ঠ অবরোধ এবং বাক্য গণপদ হইবে, এবং কবে আমার বপু পুলকে পরিপূর্ণ হইবে। তদনন্তর নিজের বচন এই শ্লোক পড়িয়া লীলা শেষ করিলেম। “যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবুধায়িতং শূন্যায়িতং জগৎ সর্বং গোবিন্দ-বিরহেণ মে।” হায় ! গোবিন্দবিরহে আমার সমুদয় জগৎ শূন্য, নিমেষ যুগপ্রায় এবং নয়ন বর্ষাকালের ন্যায় হইল।

কৃষ্ণ আমার প্রাণ ধন জীবন, তাঁহাকে আমি সর্বকণ জদয়ে রাখিব, তাঁহার সেবাই আমার সর্বস্ব ইত্যাদি বাক্য কহিয়া কয়েক দিবস পরে প্রভু দেহলীলা সংবরণ করেন। বিরহোত্তাপে সন্তপ্ত হইয়া প্রেমের প্রজ্বলিত ছত্যাশনের মধ্যে ক্রমে সেই সুবর্ণ প্রতিমা গৌরতনু বিলীন হইয়া গেল। সে বিরহে নিরাশার নাম গন্ধ নাই, বাহিরের সস্তাপের মধ্যে ভিতরে এক প্রকার অপূর্ব শান্তি অমুভূত হইত।

প্রেমবিরহোন্মাদ শেষে এত দূর বুদ্ধি হইয়াছিল যে, তাহাতেই শরীর ভগ্ন হইয়া যায়। পার্থিব ভঙ্গুর দেহে আর কত সহ হইবে ? কখন কোন্ ভাব হয়, কোথায় কখন চলিয়া যান এই ভয়ে সর্বদা সকলকে সশঙ্কিত থাকিতে হইত। এইরূপ করিতে করিতে এক দিন আর তাঁহাকে পাওয়া গেল না। একবার সমুদ্র হইতে ধীবরকর্তৃক রক্ষা পান, শেষে তদীয় প্রিয় সঙ্গী গদাধর পণ্ডিতের আশ্রমে গিয়া আর প্রত্যাগমন করিলেন না। তৈতন্য এই স্থানে মধ্যে মধ্যে গিয়া গদাধরের মুখে ভাগবতব্যাখ্যা শ্রবণ করিতেন। তাঁহার অদর্শন সম্বন্ধে এইরূপ জনশ্রুতি প্রচলিত আছে যে, গদাধরের আশ্রমে গোপীনাথ বিগ্রহের মন্দিরে প্রভু প্রবেশ করিলেন আর ফিরিলেন না। তিনি গোপীনাথের দেহে বিলীন হইয়া গেলেন। ইদানীং আর জ্ঞান তৈতন্য বড় থাকিত না। সর্বদা রেমে বিহ্বল, বিশেষ কণ্ঠাবান্তীও কহিতে পারিতেন না। ১৪৫৫ শকে মহাপ্রভু মর্ত্তলীলা সংবরণ করেন।

আমরা গৌরবিরহে নিতান্ত ব্যাধিত এবং শোকাভিভূত হইয়া পড়িয়া-ছিলাম, কিছু দিন পর্য্যন্ত সে ছুঃখ ভুলিতে পারি নাই। যাহাকে এক দিন না দেখিলে ভক্তগণ মাতৃহারা শিশুর ন্যায় অস্থির হইতেন, যাহার প্রকৃত

মুখচন্দ্রের নিঃশব্দ জ্যোৎস্নার মধ্যে তাঁহার অহোরাত্র বিহার করিতেন, চিব-  
দিনের জন্য তিনি মর্ত্যধাম পরিত্যাগ করিলেন ইহা কিরূপ শোকাবহ  
অবস্থা তাহা অরণ্য করিলেও প্রাণ আকুল হয়। সোণার সংসার  
আনন্দের মেলা, চির মহোৎসবের ক্ষেত্র একবারে শোকসিন্দুরীয়ে  
মগ্ন হইব। প্রেমের পূর্ণশশধরকে ভীষণ কাল আসিয়া একবার গ্রাস করিয়া  
ফেলিল। ধর্মবিধান-প্রবর্তকের তিরোলাবে অনুবর্তিগণের কি অবস্থা হয় তাহা  
এই পুরাতন পৃথিবী বার বার নিরীক্ষণ করিয়াছে। সেই নবদীপের চন্দ্র অষ্ট  
চত্বরিশ বৎসর কাল সুধাময় কিরণ বিকীর্ণ করিয়া নীলাচলে অন্তর্মিত হইল।  
নীলাচলধাম অষ্টাদশ বর্ষ পরে মৃত্যুর আকার ধারণ করিল। তিনি যেন  
সকলকে বলহীন জীবনশূন্য করিয়া স্বর্গারোহণ করিলেন। পেমোৎসবের  
রজনী শ্রোতা হঠাৎ বস্কুরা বিবাদ ও ঘোর নিস্তরতার মধ্যে ডুবিয়া গেল।  
স্বর্গের দেবতা স্বর্বে চলিয়া গেলেন, কেবল ছায়া মাত্র হৃদয়পটে জাগ্রৎ  
রহিল। আর সে লোকসমারোহও নাই, নৃত্য কীর্তন জয়োন্নাসের ভীষণ  
গর্জনও নাই, কালেক নিষ্ঠুর দণ্ডাঘাতে প্রেমের প্রতিমা চূর্ণ হইয়া গেল।  
এক জনের অভাবে যেন সমুদায় দেশ শ্মশানবৎ প্রতীক্ষমান হইতে লাগিল।  
কিন্তু তিনি আমাদের অন্তঃকর সম্মুখে চির দিনের জন্য যে এক প্রেমের  
গৌরব রাখিয়া গেলেন তাহা দ্বারা আমাদের শোক সস্তাপ বিচ্ছেদ বন্ধনা  
ক্রমে অপনীত হইতে লাগিল। যেখানে ভক্তির অশ্রু পেমের মস্ততা, তাবের  
উচ্ছ্বাস, এবং হরিসঙ্কীর্ণন, সেই খানেই অমরাত্মা গৌরব বিদ্যমান। হরি-  
নাম শ্রবণ কীর্তনের সঙ্গে সঙ্গে তৈত্তন্যের ভাববসোন্নত সুল্লর ছবি খানি  
তৎক্ষণাৎ নরনের সম্মুখে আসিয়া উপস্থিত হয়। এখনও তাঁহাকে আমি হরি-  
সঙ্কীর্ণনের মধ্যে দেখিতে পাই। মহাপুরুষগণ বাষ্পীয় পোতের ন্যায় যখন যে  
নদীবক্ষ বিদারণ করিয়া চলিয়া যান তখনতাহার পশ্চাত্তাপের উভয় কূল  
উত্তাল তরঙ্গাঘাতে আন্দোলিত হয়, গৌরপ্রেমের জাহাজ বঙ্গদেশ, উৎকল  
কম্পিত করিয়া পূবীর উপকূলে অন্তর্দান হইল, কিন্তু ইহার পশ্চাত্তাপিনী  
তরঙ্গমালা বহু যোজন পর্য্যন্ত বিস্তৃত হইয়া শোভা পাইতে লাগিল।  
বঙ্গদেশ, উড়িষ্যা, আসাম, মণিপুর এই কয়টি স্থানের কর্তৃকগুলি শাক্তব্রাহ্মণ  
বৈদ্য কাম্বুক ব্যতীত সকল জাতীয় নরনারী গৌরপ্রেমরাজ্যের প্রজা, ইহার

বিস্তৃতি বহুদূর পর্য্যাপ্ত । এই সকল দেশের পনর আমি। লোক বৈষ্ণবধর্ম-  
পথের পথিক বলিলে বোধ হয় অত্যাক্তি হয় না। এক জন মহাপুরুষের  
কি আশ্রয় অনির্বচনীয় প্রভাব ! ইহার ভিতর এখনও জীবনোপকৃতি আছে,  
সেই জন্য সামান্য সামান্য নূতন সম্প্রদায় উৎপন্ন হইয়া থাকে ।



## উপসংহার

মহাপ্রভুর দেহলীলা শেষ হইলে গৌড়ীয় বৈষ্ণবগণ কেহ কেহ প্রভুর বিরহে ব্যাকুল হইয়া বৃন্দাবনে গিয়া বাস করিতে লাগিলেন, কেহ কেহ পুরীধামে থাকিয়া তাঁহার লীলা চিন্তা করত শোকে মগ্ন রহিলেন। আমার সহযোগী বন্ধুগণও ক্রমে দুই একটি করিয়া পরলোকগত হইলেন, আমি সেই মহাপুরুষের জীবনলীলা অনুধান করিতে করিতে এমনি দিবাগী হইয়া পড়িলাম যে, দেশে ফিবিয়া আসিতে আর ইচ্ছা হইল না। তদ্ব্যপি ক্রমাগত নানা দেশ ভ্রমণ করিয়া এক্ষণে কিছু দিন হইল স্বদেশে প্রত্যর্গমন করিয়াছি। শ্রীলক্ষ্মণমাপ্তির পূর্বে সকল ভক্ত যথার্থ গৌরপ্রেমিক ছিলেন তাঁহারা হরিনাম প্রচারে পবিত্র বহিলেন, কেহবা সাধন ভজন নামসঙ্কীর্ণনে জীবন অর্পিত করিতে লাগিলেন, প্রভুর দেহ ত্যাগের পর দ্বিগীর পুরুষ পর্যন্ত ভাবেব স্রোত একরূপ ছিল, শ্রীনিবাস আচার্য্য, শ্যামানন্দ, নরোত্তম ঠাকুর, বামচন্দ্র ও গোবিন্দ কবিরাজ, বীরভদ্র, আচ্যুতানন্দ, কৃষ্ণমিশ্র প্রভৃতি পরবর্তী বৈষ্ণবগণ গোড় ও উৎকল দেশে বিগ্রহ স্থাপন এবং নামসঙ্কীর্ণনাদি দ্বারা প্রেম ভক্তি প্রচার করেন, তাহার পরেই ক্রমশঃ বিকৃত হইতে লাগিল। এখন কেবল বাহিরের ঠাট মাত্র বজায় আছে ভিতরকার পদার্থ বিলুপ্ত হইয়াছে। যে পবিত্রতার জন্য চৈতন্য এত শাসন করিয়াছেন, ইন্দ্রিয়পরায়ণ বৈষ্ণবগণ তাহাই অগ্রে নষ্ট করিয়া বসিয়া আছে। তাহারা আবার বাস্তিচার ছুক্কিয়াকে ধর্ম বলিয়াও বাধ্য করে। হয়। চক্ষুরদিকে গৌরলীলার চিহ্ন সকল দেদীপ্তমান পড়িয়া রহিয়াছে, অথচ তিনি নাই, তাঁহার ভাবের ভাবুক তেমন বাস্তবও আর পাওয়া যায় না। মোহনিদ্রায় আচ্ছন্ন এই সমস্ত জনপদকে তিনি প্রায় ত্রিশ বৎসর কাল জাগ্রৎ রাখিয়াছিলেন, তাঁহার পদার্পণে পৃথিবী ধন্য হইয়াছিল। সহস্র সহস্র নর নারী ভক্তিরস পানে পুন-

জীবন লাভ করিয়াছিল। তেমন শুভ সময় আর কি ঘটবে? এক সময়ে এতাদিক উন্নত চরিত্র সাধু সমাগম এক দেশে আর কি দেখিতে পাইব? তেমন দেবের হ্রীভ ভক্তিমুখা আর কি এখানে জন্মিবে? গৌরচন্দ্রের জীবন, এক খানি অথও ভক্তিরসময় প্রেমের প্রস্তুতি। কি স্বর্গের অমুকই তিনি আনিয়াছিলেন! তেমন নৃত্যও আর দেখিব না, তেমন হরিসঙ্কীর্ণনও আর শুনিব না। প্রেমরস-সিন্ধু গোরচাঁদের প্রেমাশ্রুবিগলিত মুখচন্দ্রমা পরকালেও মেঘে ঢাকিয়া ফেলিয়াছে আর সে আনন্দ মূর্ত্তি দেখিতে পাইব না। গোলকেব সম্পত্তি হরিপ্রেমামৃত বিলাইয়া হিনি চলিয়া গেলেন, কিছু দিন পরে সে বস্ত্র তাঁহার পশ্চাৎ অন্বেষণ করিল, হ্রীভাগ্য মানব তাহা রাখিবে এমন স্থান নাই, কেবল চিত্তপটে সেই প্রেমলীলাব সুন্দর ছবি এখন জাগি তেছে। পাপানলে সত্ত্বপ্ত, সংসারভারে অক্রান্ত, জরা দারিদ্র্য শোক দুঃখে অভিহত মানব মানবী কোথায় এক বিন্দু ভক্তিরস পানে হৃদয়কে শীতল করিবে, তাহা না করিয়া তাহার সংসারের দুঃখ ক্লেণ সংসারের দ্বা-ট মোচন করিতে চায়, পারে না, তথাপি হরিভক্তি অন্বেষণ করিবে না, গৌরপ্রেমের দৃষ্টান্ত লইবে না। তাহাবা পদে পদে বিপদাপন্ন হৃদয়-গ্রস্ত হইয়াও হরিপদে শরণ লইতে চাহে না। চক্ষুর সম্মুখে এমন সুন্দর পথ, উজ্জ্বল দৃষ্টান্ত পড়িয়া রহিয়াছে তাহা দেখিয়াও দেখিবে না, সে দিকে চলিবার সময় চক্ষু মুদ্রিত করিয়া চলিবে। হায়! কি হ্রীভাগ্য, হরিপ্রেম হরিভক্তি ভিন্ন আর কি কিছু স্মৃষ্টি হৃদয়গ্রাহী পদার্থ পৃথিবীতে আছে? অযোগী অজ্ঞানী বেদবিমুখ সাধারণ নবনাবী এবং শুক-হৃদয় কুতর্কিকদিগের জন্য এমন সহজ পথ গৌরঙ্গ দেখাইয়া গেলেন, তথাপি মূঢ় জীবের জর্নিবার বাসনা বুটিল না। যাহারা দুই দিন পরে ফেলিয়া পলাইবে, স্নেহ মমতা দেখাইয়া ইহ পবলোক নাশ করিবে, সেই অসার কুটুম্বভরণে জীবন চলিয়া গেল, অথচ তাহাদেরই অমুঝোপে মনুষ্য মায়ামুগ্ধ হইয়া কত পাপ করিতেছে, দিনান্তে একবার ভক্তিপূর্বক ভগবান্কে স্মরণ করিবে তাহারও অবসর পায় না! ঈশ্বর, সাধু, ধর্ম, পরকালকে ফাঁকি দিতে গিয়া তাহার আপনারা বিড়ম্বিত প্রত্যারিত



হইতেছে তাহা সুবাইয়া দিলেও বুঝে না। হায় ! কি পরিতাপের বিবরণ ! পক্ষান্তরে কত ব্যক্তি কেবল ভেকমাত্র অবলম্বন করিয়া নিশ্চিত্ত রহিয়াছে। তাহাদের ভিতর প্রকৃত ধর্ম নাট এ কথা তাহারা বলিতে দিবে না, কারণ তাহাদের অহঙ্কার ধর্মান্ধাতিমান তাহা স্বীকার করিতে দেয় না।

আমি বহুকাল পরে দেশে আসিয়া জন্মভূমি দর্শন করিতে গিয়াছিলাম। দেখিলাম, নবদ্বীপের শাক্ত ব্রাহ্মণ পণ্ডিতদিগের মধ্যে ভক্তির প্রতি বিদ্বেষ ভাব তদ্রূপই রহিয়াছে। সেই পুরাতন স্মৃবধনৌ গঙ্গার নিম্নল প্রবাহ গ্রামের উত্তর পূর্ব প্রান্তে শোভা পাইতেছে, শত শত আখড়াধারী বৈষ্ণব বৈষ্ণবী ভিক্ষা করিয়া বেড়াইতেছে, কিন্তু বাঁহার নামে স্থানটি বিখ্যাত তাঁহার প্রকৃত ভাবের চিহ্ন মাত্র নাই। রাসপূর্ণিমার দিনে প্রকাণ্ড প্রকাণ্ড শবশিবে, মহিষমর্দিনী, বিষ্ণুবাসিনী, কালী, জয়ভূগী প্রতীমা সকলের পূজা হয়, তাহাদের সম্মুখে বলিদান রক্তপাত নাচ গান যথেষ্ট হইয়া থাকে, কিন্তু ইহার ভিতর বিন্দুমাত্র সাত্বিক ভাব আছে কি না সন্দেহ। টোলের ছাত্র ও পণ্ডিতদিগের এ বিষয়ে বিলক্ষণ উৎসাহ। ইহারা গৌরচন্দ্রকে শচীপিসীর ছেলে বলিয়া এখনও বিদ্রূপ করিয়া থাকেন। আধুনিক নিকৃষ্ট শ্রেণীর বৈষ্ণব বৈষ্ণবীদিগের যত কিছু ছুরাচার তৎসমুদায় যেন গৌরের দোষেই হইয়াছে এইরূপ মনে করেন। ফলতঃ এখানকার বৈষ্ণবগণের অবস্থাও নিতান্ত শোচনীয়। শাক্ত হিন্দুগণ তাহাদিগকে যৎপরোনাস্তি ঘৃণা করেন। বৈষ্ণবেরা ভিক্ষা করিয়া জীবিকা নির্বাহ করিবে আর হরি ভজনা করিবে, গৌরাজের এই উচ্চ আদেশ, কিন্তু ভিক্ষাবৃত্তি তাহারা গ্রহণ করিল, বৈরাগী হইয়া হরিকে ভজিল না।

শান্তিপূর্বের গোস্বামীদিগের মধ্যেও নিতান্ত দুর্দশা ঘটয়াছে। তাহাদের পরিবার সম্বন্ধে যে পরিমাণে বৃদ্ধি হইয়াছে সেই পরিমাণে বৈষ্ণবদের হ্রাস হইয়া মুর্থতা এবং গব্ধি অশিক্ষিত শিষ্যগণের উপর বৈষয়িক শ্রদ্ধা বাড়িয়াছে। গোস্বামিগণ শিষ্যবাবসারী হইয়া ধর্মের নামে প্রচুর অর্থ সংগ্রহ করত উন্ন্যাসগামী হইয়াছেন। গৌরাজকে টহাটাই হত্যা করিয়া তাঁহার পবিত্র প্রেমে ছুরপনের কলঙ্ক আরোপ করিয়াছেন। বঙ্গীয় হুঃখী শ্রমজীবী সাধারণ লোকেরা লক্ষ্যের শোণিতস্বরূপ রাশি রাশি অর্থ

দিয়া ইহাদের সেবা করে, আর ইহারা তাহাদের অর্থে সুখ বিলাস চরিতার্থ করেন ; এক্ষণে গুরু শিষ্যের মধ্যে এই প্রকার সম্বন্ধ দাঁড়াইয়াছে । ব্যবসায়ী বৈবাগী এবং গোস্বামিদিগের মধ্যে গৌরের ভক্তিত্রভাব কিছু-মাত্র নাট কেবল তাহা নহে, তাহার বিপরীত যাচা কিছু সমুদায়ই বিদ্যমান আছে ; কিন্তু গৃহস্থ বৈষ্ণব এবং ভক্তিপথাবলম্বী ভদ্র, কৃষক, নবশাক জাতির মধ্যে কিছু কিছু ভক্তির সরল মধুর ভাব দেখিতে পাওয়া যায় । সে বাহাহউক, এ সকল দোষ দুর্কলতা সহেও গৌরশিষ্য বৈষ্ণববৃন্দকে আমি ভালবাসি, এবং ইহাদের ভিতরে গৌরপ্রেমের মধুর আশ্রয় কিছু কিছু পাই ; সাধু বৈষ্ণবগণের মধ্যে বিনয় ভাবুকতা নাম 'সঙ্গীর্জন সাধুসেবা এবং মদ্যমাংসপরিভ্যাগ সারল্য দীনভাব সাত্বিকতা এখনও যাহা কিছু আছে তদর্শনে সুখী হওয়া যায় । ভগবান্ করুন যেন সাধারণ বৈষ্ণব সমাজের জীবনহীন বাহ্যভঙ্গের মধ্যে আবার ভাবের তরঙ্গ উথিত হয় ।

যদিও বৈষ্ণব সম্প্রদায়ের বর্তমান দৃববস্থা দর্শনে আমি নিতান্ত ব্যথিত হইলাম, কিন্তু মগাপ্রভুর প্রতি বিদ্যাবাদী ব্রাহ্মগণেব ভক্তি শ্রদ্ধা এবং তাঁহার ধর্মভাবের অনুকরণস্পৃহা দেখিয়া আমি আফ্লাদিত হইয়াছি । ইহারা জ্ঞান-গর্বি বুদ্ধিবিচাৰ কৃতর্কেব পথ ত্যাগ করিয়া বে ভক্তিমাৰ্গ অবলম্বনপূর্বেক হরিসঙ্কর্জন-প্রণালী ধরিয়াছেন ইহা বড় সুখের বিষয় । সকল শাস্ত্রের সার এই হরিনাম, এবং ভক্তিই একমাত্র পরম সাধন, সমস্ত ধর্মরাজ্য নিশ্চেষণ করিলে এই দুইটী পদার্থ প্রাপ্ত হওয়া যায় । হরিত্তক্তিই জীবনের অন্ন পান সুখ সম্পদ স্বর্গ এবং মুক্তি, ভবপাণের ইহাই একমাত্র সার সম্বল । ইহার ভিতর অনন্ত ঐশ্বর্যপূর্ণ সর্বলোকপালক ভগবান্ বিরাজিত । তাঁহাকে যদি একান্ত মনে বিশ্বাস করা যায়, এবং তাঁহার চরণপদের মধুপানে যদি সুদৃঢ় রতি জন্মে, তবে আর জীবের অঞ্জুপ্য কি থাকে ? এই নবা সম্প্রদায়ের মধ্যে অনেক জিতেন্দ্রিয় সাধু চরিত্র সন্ধিহান্ অমুরাগী যুবাও দেখিলাম । ইহারা সভ্যতার অভিমান, বিদ্যার সম্ভ্রম মর্যাদা, জাতি কুলে জলাঞ্জলি দিয়া লজ্জা ভয় পরিত্যাগপূর্বেক যে দীন বেশ ধারণ করিয়াছেন, ইহা স্বাধা পরিভ্রাণের আশা জীবিত হইবে । কিন্তু ইহারা জ্ঞান সম্বন্ধে যেমন উন্নত এবং

বিগুহ্য বাবহারবিষয়ে যেরূপ উদার, কার্য্যাত্মষ্ঠানসম্বন্ধে যেমন তৎপর এবং উৎসাহী, ভাবসম্বন্ধে হেমন নহেন। আমি পূর্বে যাহা দেখিয়াছি তাহার সঙ্গে ইহার তুলনাই হয় না। ভাবে হাসে কাঁদে নাচে গায় মাটিতে গড়াগড়ি দেয় তাহা কোথা? এ সব সভ্য ভাবতা, ব্যাকরণ বিজ্ঞানের কৰ্ম্ম নয়। যদি মধুপান করিতে চাও, তবে মাত আর মাতাও। প্রেমস্রোতে অঙ্গ চালিয়া দিয়া নিশ্চিন্ত মানস হও, যথাসময়ে গম্যস্থানে উপনীত হইবে। ভাবরসে মন ডুবিয়া তাহাতে সঁতার খেলিবে তবেত বলি ভক্তি! বাহিরের জ্ঞান চৈতন্য, ভাবনা চিন্তা দূর হইবে, ভাবে বিহ্বল এবং মগ্ন হইয়া বসিয়া থাকিবে তবেত বুঝিবে প্রেমের মত্ততা। মত্ততা না জন্মিলে পাপও যায় না, পুণ্য প্রেমের আন্বাদন পাওয়া যায় না। কিন্তু আবার না কি ইহাও শুনিতে পাই যে, “হরি” “চরণপদ্ম” “শুক” “সাদুভক্তি” “দৈববাণী” “রূপা” “সুগমস্ম” “বৈরাগ্য” “মত্ততা” ইত্যাদি শব্দ শুনিতে অনেকে বিরক্ত হন, এবং ইহাকে কুসংস্কার মনে করেন? হরি! এখনও এমন অবস্থা আছে? বাস্তবিক আমিও দেখিয়াছি, মাথা যেন নোয় না, বাড় উপরের দিকেই আছে! তবে ইহারা ঈশ্বরের সঙ্গে হস্ত কাম্পন করিতে চান নাকি? কালধর্ম্মে এ সব চূর্দশা ঘটিয়াছে। কথার ভাবার্থ না লইয়া ব্যাকরণ ধরিয়া গোলযোগ, এ প্রকার ভক্তিবিমুখতা গৌরান্দ্র দেখিলে দেশ পরিত্যাগ করিতেন। ঈষ্টদেবতার চরণে প্রণাম করিবে তাহাতে আবার লজ্জা অপমান বোধ? দেবদর্শনে বঞ্চিত হইয়া কেবল বাক্য বক্তৃতা জ্ঞান যুক্তি লইয়া বাহ্যার ধার্ম্মিক হইতে চান তাঁহাদের ভাব গতি আমি বুঝিতে পারি না। কর্তব্য জ্ঞানের দোহাই দিয়া কত লোকই না নিকৃষ্ট সংসারবাসনা চরিতার্থ করিতেছে! মানব-প্রকৃতিস্থলত দোষ চূর্কলতা আমি ধরিতোঁছি না, কিন্তু দেববাণী, দেবদর্শন, প্রেমভক্তি বিনয়, বৈরাগ্য ভাবুকতা নামনক্ষত্রীর্জন গুরুভক্তি সাধুসেবা এ সকল যদি তর্ক যুক্তির অধীন হয়, বৈরাগ্যের পরিবর্তে যদি বিলাসবাসনা শ্রেষ্ঠ কর্তব্য বলিয়া প্রতীতি জন্মে, তাহা হইলে অনেককে সংসারকূপে ডুবিয়া মরিতে হইবে, অথচ সেই অবস্থাই ধর্ম্ম বলিয়া মনে হইবে। যা ইউক, বঙ্গদেশের ভাবী আশা এখন এই নব্য যুবক সম্বাশয়

ব্যক্তিদ্বয়ের উপর অনেক নির্ভর করিতেছে। শাক্ত হিন্দু ও গৌর-ভক্তগণের মধ্যে বাহারা যথার্থ সাধু বিদ্যমান আছেন তাঁহাদিগকে যথাযোগ্য বিনয় ভক্তি সহকারে আমি অভিবাদন করি, এবং ব্রাহ্মসম্প্রদায়ের মধ্যে যে সকল নবীন ও প্রবীণ সাধু সজ্জন আপনাদের এবং অন্যের মুক্তির জন্য কায়মনোবাক্যে সরলচিত্তে সাধন ভজন ও ধর্মপ্রচার করিতেছেন তাঁহাদিগকেও আমার শত শত প্রণিপাত। কিন্তু ঐ সকল সম্প্রদায়ে বাহারা ধর্মের নামে নিকৃষ্ট বাসনা চরিতার্থ করিতেছে তাহার। তিরস্কার ও দয়ার পাত্র সন্দেহ নাই।

মহাপ্রভু তৈতন্যের জীবন ধেরূপ চিত্রিত হইল, তাহার সমুদায় অঙ্গ-গুলি একত্রিত করিয়া দেখিলে জানা যাইবে যে, ইহা একটি অখণ্ড অবিমিশ্র প্রেম পদার্থ, ধর্মোন্নততার আদর্শ। ইহাতে ধর্মবিজ্ঞান, কস্মকাণ্ড, নীতি-শাস্ত্র বিস্তারিতরূপে বিকসিত হয় নাই। এ প্রকার প্রথমত জীবনের নিয়তিও তাহা নহে। গৌরজীবনের লক্ষ্য অন্যবিধ বাহার অনুরূপ ভাব কোন ধর্মসম্প্রদায়ে প্রাপ্ত হওয়া যায় না। রায়ামুগ্ধ কঠিন জড়বৎ বঙ্ক-সমাজকে আলোড়িত করিয়া তাহাকে ভক্তিরসে আর্জ করি তাঁহার জীবনের উদ্দেশ্য ছিল এবং তাহা সফলও হইয়াছে। এক খানি অবিভক্ত জীবন বাহা ত্রিশ বৎসর কাল চক্রের ন্যায় নিরন্তর বিঘূর্ণিত হইয়াছিল। যত দিন তিনি মর্ত্যধামে ছিলেন তত দিন ধর্মার্থীদিগকে নিদ্রা যাইতে দেন নাই, দিবানিশি দুর্জয় শ্রোতের মুখে সকলকে ফেলিয়া রাখিয়াছিলেন। তাঁহার হৃদয়ে প্রেমভক্তির যে প্রবল আঘাত অনুভূত হইত তাহার বেগ বহু সাধকের জীবনকে কম্পিত করিয়া তুলিত। একটা বিস্তৃত প্রেমরাজ্য স্থাপন করিয়া তাহার এক প্রাস্ত হইতে অপর প্রাস্ত পর্য্যন্ত তিনি অহর্নিশি ভক্তিতের প্রবাহ সঞ্চালিত করিতেন।

তৈতন্য সাংসারবাদী ছিলেন, প্রথম বরসে বিষ্ণুমূর্ত্তি পূজা করিতেন, তখনস্তর প্রেমোন্মাদের অবস্থায় রাধাকৃষ্ণের প্রেমলীলা এবং শ্রীকৃষ্ণের রূপ অনুধ্যান করত ভক্তির অষ্ট সাহিত্যিক লক্ষণ প্রদর্শন করিতেন। তাঁহার অনেক ব্যবহার আচরণ পক্ষপাতশূন্য উদার ছিল, ধর্ম্মাহুরাগের আতিশয্য বশত সঙ্কীর্ণতা সাম্প্রদায়িকতা তাঁহার ভিতরে স্থান পাইত না, এই জন্য

কাহাণী কাহাণী সংস্কার থাকিতে পারে যে তিনি নিরাকারবাদী এক  
 ঈশ্বরের উপাসক ছিলেন, কিন্তু বাস্তবিক তাহা নহে । সাকারবাদী হও-  
 হাতে তাঁহার ভক্তি প্রেম বৈরাগ্য পবিত্রতার কোন ব্যাঘাতও জন্মে নাই ।  
 আধুনিক বিজ্ঞান দর্শনপ্রিয় নিরাকারোপাসক একেখরবাদিগণ হয়ত এ  
 কথা শুনিয়া উপেক্ষা প্রদর্শন করিবেন, গৌরচন্দ্রকে পৌত্তলিক, কুংস্কারা-  
 পন্ন ভাবাক্ত বলিয়া আপনাদিগকে উন্নতমনা মনে করিবেন । তাহা কল্পন,  
 কিন্তু তাঁহার সঙ্গে তুলনা করিয়া দেখিলে অনেক নিরাকারবাদীকে দয়ার  
 পাত্র বোধ হইবে । নিরাকারবাদীর বুদ্ধি যুক্তি কিয়ৎপরিমাণে চরিতার্থ  
 হইয়াছে ইহা মানি, কিন্তু অন্ধকারময় আকাশ এবং চৈতন্যাশক্তিহীন বিচিত্র  
 কল্পনার পূজা করিয়া শত শত ব্রহ্মজ্ঞানী কার্যেতে জড়বাদীর নাম পার্থিব  
 পদার্থের সেবার জীবন ঢালিয়া দিয়াছেন । তাঁহাদের সমস্ত জীবন অহেতব  
 করিলে এক বিন্দু হরিভক্তিরস পাওয়া যায় কি না সন্দেহ । ইহারা যে  
 পৌত্তলিকতা সাকারোপাসনার জন্য অন্যকে হের জ্ঞান করেন, সেই  
 পৌত্তলিকতাদোষে অনেক সময় নিজেরা দোষী ; কেন না, কল্পিত প্রতি-  
 মূর্তি এবং কল্পিত ভাব বিশেষ এক অর্থে উভয়ই সমান । যাহারা বনচিত্ত-  
 স্বরূপকে যথাযথরূপে দর্শন করিতে সক্ষম হইয়াছেন তাঁহাদের শ্রেষ্ঠত্ব বিষয়ে  
 সংশয় নাই, কিন্তু চন্দ্রে অন্ধকার দেখিয়া কেবল মতে নিরাকারবাদ স্বীকার  
 করা অতিশয় বিড়ম্বনার বিষয় । বিশুদ্ধ জ্ঞান বিজ্ঞানে কি করিবে, প্রত্যক্ষ  
 দর্শন কোথায় । পক্ষান্তরে গৌরাক্ত সাকারবাদী হইলেন তাহাতেই বা কি ?  
 তিনি জড়মূর্তির সহিত একত্রীভূত করিয়া ঈশ্বরের দয়া প্রেম পবিত্রতার  
 সৌন্দর্য্য এমন স্পষ্টরূপে সর্বত্র অমুভব করিতেন যাহা কত শত নিরাকার-  
 বাদী কল্পনাতেও অমুভব করিতে পারিবেন না । তাঁহার এত মন্তব্য  
 আনন্দ উৎসাহ হাস্য ক্রন্দন কি দারু মুক্তিকা প্রস্তুতখণ্ডের গুণে ? এ কথা  
 বিশ্বাস করিতে পার না । আন্তরিক বিশ্বাস বিশুদ্ধ এবং উজ্জ্বল, তাহার  
 প্রকাশ এবং আলম্বন উদ্ভীপন পরিস্রিত পদার্থে নিবদ্ধ ছিল । নিরাকারবাদীর  
 সঙ্গে তিনি ভিতরে এক বাহিরে বিভিন্ন । কিন্তু চৈতন্যের কাহ্যাবলম্বন  
 দ্বন্দ্রে বুদ্ধিগত ক্রটি থাকিলেও তাঁহার ভিতরের বিশ্বাস ভক্তি এত বেশী ছিল  
 যে, তাহাতে বুদ্ধির অভাব আর অভাব বলিয়া বোধ হয় নাই । সচ্চিদানন্দ

জলন্ত জাগ্রৎ হরির রূপবাগরে যিনি অমুকণ সম্ভরণ করিতেন সামান্য ভ্রমে তাঁহার কি করিবে ? অবিশ্রান্ত বাঁহার হৃদয়ে প্রেমের উচ্ছ্বাস, পুণোর অগ্নি, মহাভাবের মত্ততা প্রদীপ্ত থাকিত, বাহিরের ভুল ভ্রান্তি কি সে শ্রোতের মুখে তিষ্ঠিতে পারে ? ভগবৎতত্ত্ববিষয়ে তাঁহার মত বেক্রপই থাকুক, তিনি আপনার অভীষ্টদেবতাকে এত ভাল বাসিতেন যে, তাহা দ্বারা দিন রাত্রি কোন্ দিক্ দিয়া চলিয়া যাইত তিনি তাহা জানিতেও পারিতেন না । তেমন করিয়া ভাল বাসিতে, শ্রদ্ধা ভক্তি দান করিতে কল্প জন নিরাকারবাদী সক্ষম হইবেন ? ভালবাসায় একবাবে পাগল, তিলেক বিচ্ছেদে প্রাণ আকুল, এক ভাল বাসাতেই তাঁহার সকল অভাব মোচন হইয়াছিল । ব্রহ্মজ্ঞানীও শুদ্ধ ব্রহ্মজ্ঞান যুক্তি বিচার গুনিয়া কি পিপাসিত ব্যাকুল চিত্ত তৃপ্তি লাভ করিতে পারে ? প্রাণেব গভীর তৃষ্ণা, আত্মার ছঃসহ পাপ যন্ত্রণাও তাহা দ্বারা বিদূরিত হয় না । নিবাকারবাদী আবার যখন মাতিয়া মাতাইবে, কাঁদিয়া কাঁদাইবে, বৈরাগী হইয়া অনাকে বৈরাগী করিবে, তেজস্বী পবিত্র চরিত্র হইয়া পাপ জনদের পরিবর্তন সাধন করিবে, উপাস্য দেবতার দর্শন স্পর্শন শ্রবণ আলিঙ্গনস্বয়ং সন্তোগ করিয়া প্রেমনীরে ভাসিয়া যাইবে ; যখন তাহার মুখমণ্ডলে ব্রহ্মের পবিত্র জ্যোক্তি প্রতিবিম্বিত হইবে, “এই আমার ঠাকুর সম্মুখে জাজ্জল্যমান” এইরূপ বলিয়া যখন সে সকলকে রোমাঞ্চিত করিবে, তখন তাহার বিশুদ্ধ বিজ্ঞানানুমেদিত নির্মূল ধর্মশাস্ত্রের মহিমা বৃদ্ধিবে । তন্ত্ৰিত্ত কেবল বাক্য আর তর্ক শূন্য অন্ধকার নিরাকারবাদ, ইহাতে মানবহৃদয় তৃপ্তি লাভ করিতে পারে না ।

তৈতন্যদেব যদি গভীর জ্ঞানগর্ভ বিশুদ্ধ যুক্তিসঙ্গত বিস্তীর্ণ ধর্মশাস্ত্র, নীতিবিজ্ঞান কিম্বা সাধনপ্রণালী প্রচার না করিলেন, তবে তিনি কি করিলেন ? তিনি ছই বাহু তুলিয়া আনন্দভরে একবার নাচিলেন, আর চারিদিকের লোকেরা ছায়াবাজীর পুঙ্খলিকার ন্যায় নাচিতে লাগিল । তিনি হরিবিরহে ব্যাকুল হইয়া চীৎকার রবে কাঁদিলেন, আর অমনি নয়নজলে সন্দের বন্ধ ভাসিল । একবার ভীম গর্জনে হরিনামের হকার-ধ্বনি করিলেন, অমনি মেহনিন্দ্রাচ্ছন্ন মানবসমাজ সচকিত নেত্রে আগিয়া উঠিল । বন্ধ বিস্তার করিয়া দীনাশ্রু পতিত চণ্ডালদিগকে আলিঙ্গন দিলেন,

তাহা দেখিবা মাত্র সকলের প্রাণ বিমুক্ত হইল। আর কি করিলেন কৃষ্ণকীর্তনে  
সকলেন হরিসঙ্কীৰ্ত্তন করিয়া যাতিলেন এবং সকলকে মাতাইলেন; সংসার-  
বাসনার মস্তকে পৰাঘাত করিয়া সন্ন্যাসী হইলেন, সন্ন্যাসী হইয়া দেশ  
দেশান্তর ভ্রমণ করিলেন ভাবে মত্ত হইয়া ভূতলে পড়িলেন, আচঞ্চাল  
ছুঃখীদিগকে বাছপ্রসারণপূর্ব্বক কোলে গ্রহণ করিলেন, অস্পৃশ্য অনাথ  
দীনজনদের তাপিত মস্তকে হস্ত রাখিলেন, পাপীৰ ছুঃখে ছুঃখী হইয়া রোদন  
করিলেন, দেশে দেশে গ্রামে গ্রামে নগরে নগরে ঘরে ঘরে ক্লারে দ্বারে হরি  
নাম বিলাইলেন, বিনয়ী হইয়া পণ্ডিতগণের গর্ভ বর্ষ এবং নীচ ক্ৰান্তিকে  
উচ্চ করিলেন, আর কি করিবেন? প্রত্যেক কার্যে শত শত লোকের মন  
পরিবর্তিত হইয়া গেল। তিনি কিছু গুনাইলেন না, সমস্ত দেখাইয়া  
দিলেন। তাঁহার উদ্ভার নৃত্যের ভাবন পদাঘাতে পাষাণদয় কম্পিত  
হইত, বাকুলতার উচ্চ ক্রন্দনের গুণিলে এক কাটিয়া যাইত; তাঁহার  
প্রেমবিফারিত বনকমণ্ডলের উদ্ভাসনা হাস্যধ্বনি শ্রবণে প্রাণ আকুল  
হইয়া উঠিত; ভাবরসে অদ্ভোলিত পবনকন্দ হস্ত দর্শন করিলে মন নৃত্য  
করিত। যে ভাবে জননা ও সহস্রাৰ্শ্বনীকে পরিত্যাগ করিয়া তিনি সন্ন্যাস-  
ব্রত গ্রহণ করেন সেই অসমস্ত বৈবাগের আশ্রয় বিবরণ গুণিলে প্রাণ  
এখনও উদাস হয়। পতিতপাবন হরির নামে তিনি অদৃষ্ট ভোজ্যবাজী  
করিতেন। ইঞ্জিতমাত্র শত শত লোক নামরসে উন্মত্ত হইত। জ্ঞান শিক্ষা  
দিবার তাঁহার অবদন ছিল না, ভগবান্ হরির সৌন্দর্য্যরসে মজিলে মানুষ  
কি রূপ অবস্থাপন্ন হয় তাহা কেবল তিনি দেখাইয়া গিয়াছেন। ধর্ম্মাভিন  
য়ের যে অংশ অভিনয় করিতে পৃথিবীতে আসিয়াছিলেন তাহা তিনি গুন্দর-  
রূপে সম্পন্ন করিয়া গিয়াছেন। ভগবজ্জপ দর্শন করিয়া তাহাতে প্রমত্ত হওয়া  
তাঁহার নিয়তি ছিল। দর্শন স্পর্শন আলিঙ্গন দ্বারা সেইরূপ গুণে মজিয়া  
তিনি পাগল হইয়াছিলেন। এমুন সুসিষ্ট ব্রহ্ম বাগ, ভগবানের সহিত  
জীবের এতাদৃশ প্রেমবাবহার কোন ধর্ম্মে দৃষ্ট হয় না। চৈতন্য প্রচারিত  
ধর্ম্ম বধানের এইটিই প্রধান উদ্দেশ্য যেমন তাঁহার বৈরাগ্য কেমনি ভাবুকতা।  
যদি কেহ তাঁহার স্বরূপ মূর্ত্তি দেখিতে চাও, তবে বহুগুণে মিলিত হইয়া  
মুদঙ্গ করতালের সহিত গভীর স্বরে হরিনাম গান কর। তাহাতে যখন

মন মার্তিবে, হৃদয় গলিবে, নয়মে অশ্রুধারা বহিবে, শরীর রোমাঞ্চিত  
ও পুলকিত হইবে, এবং প্রেমময় হরির মাধুর্য্যরসনাগরে চিত্ত ডুবিলে  
তখন সেই ভক্তমণ্ডলীর মধ্যে কিবা নামরসের মত্ততার মধ্যে প্রেমময়মন  
উন্মীলিত করিয়া দেখিও, দেখিবে যে সোণার গৌরীকৃষ্ণ ছনয়নে আনন্দ-  
ধারা বর্ষণ করিতেছেন আর মাটিতেছেন। এই তাঁহার বাহিরের রূপ।  
ভিতরের রূপ ইহা অপেক্ষা আরো মনোহর। যখন যে হরিনামরসে  
মজে তখনই সে গৌরভাবাপন্ন হয়; যখন যে বিষয়বাসনা ছাড়িয়া প্রেমা-  
মুত পান ও বিতরণ করে, তখনই সে চৈতন্য হয়; তিনি ভক্তের শোণিত্তে  
সঙ্গে মিশিয়া গিয়াছেন, কোন কালে আর সে রূপের ধ্বংস হইবে না।

ভক্ত রাজ চৈতন্যচন্দ্রের পরমার্থ বিষয়ক মতসম্বন্ধে বঙ্গীয় যুবকগণ-  
ধে রূপ ভাব পোষণ করিতে ইচ্ছা করেন করুন, কিন্তু তাঁহার নিকট যাহা  
শিক্ষা করিবার আছে তাহা হইতে কেহ যেন বঞ্চিত না হন। তিনি  
সাকারে প্রেম ভক্তি অর্পণ করিতেন তোমবা না হয় তাহা নিরাকারে  
অর্পণ কর। স্মৃষ্টি সৃষ্টান্ত বিপুল সংস্কৃত মত লইয়া সঙ্কষ্ট থাকিলে  
চলিবে না। গৌরীকৃষ্ণ যে প্রগল্ভা ভক্তি প্রেম মহাভাব বৈরাগ্য অনাসক্তি  
সাধুভক্তি শিষ্যবৎসলতা ব্রাত্যপ্রেম বিনয় উৎসাহ স্নেহেজিয়তা তেজ-  
বিন্দা ঐকান্তিক আস্তা সাধুভাব জীবনদয়া সঙ্গোভক্তি শ্রেষ্ঠত্ব ধর্ম্মভাব  
প্রদর্শন করিয়া গেলেন তাহা পৃথিবী চিরকাল তাঁহার পদতলে পড়িয়া  
শিক্ষা করুক। এ সকল ভাব বিনষ্ট হইবার নহে, ভগবদ্ভক্তগণের উপে-  
ক্ষণীয়ও নহে।

দয়ালু শ্রীচৈতন্য পৃথিবীকে হরিনাম সঙ্কীর্ণন শিখাইয়া গিয়াছেন, যদি  
কেহ তাঁহাকে প্রাণের সহিত ভালবাসিয়া স্মৃষ্টি এবং পুণ্যাত্মা হইতে চাও,  
তবে কখন একাকী কখন সবাক্বে হরিনাম সঙ্কীর্ণন কর। নামসঙ্কীর্ণনের  
মধুরতা যিনি সম্ভোগ করিয়াছেন তিনি কখন ইহা ভুলিতে পারিবেন না।  
আমি এ সম্বন্ধে যে সকল লোকের কথা বলিয়া আসিলাম তাঁহাদেরই কথাই  
নাহ, নিজেও অনেক সময় এই হরিনাম স্মৃষ্টি পানে অন্তরাত্মাকে  
চরিতার্থ করিয়াছি। ইহাতে অত্যন্ত আরাম লাভ করা যায়। অবিখ্যাসের  
চক্ষে দেখিলে ইহা উপহাসের বিষয় মনে হইতে পারে, কিন্তু ভিতরে মনে



পরিপূর্ণ। ভক্তের কর্ণে যুদ্ধ করতাল সহ হরিনামধ্বনি অতীত মধুর  
বলিয়া প্রতীত হয়। পরীক্ষা করিয়া দেখ, প্রত্যক্ষ ফল লাভ করিতে  
পারিবে।

দয়াময় হরি এইরূপে তাঁহার প্রিয় ভক্ত গৌরাক্ষের দ্বারা অভূতপূর্ব  
ভক্তিলীলা প্রদর্শন করিয়া বঙ্গদেশকে ধন্য করিয়াছেন। তাঁহার শ্রীপাদপদ্মে  
কোটি কোটি দণ্ডবৎ, এবং শৈতন্য প্রভুর চরণেও পুনঃ পুনঃ শ্রীনিপাত  
করিয়া এক্ষণে আমি বিদায় হই।



## গৌরাঙ্গদেবের পরবর্তী সময়ের সংক্ষিপ্ত বিবরণ ।

মহাত্মা গৌরাঙ্গদেবের দেহলীলা সংবরণের অব্যবহিত পরে বৈষ্ণব সমাজের অবস্থা কিরূপ হইল, তিনি আপনার মহাজীবনের স্থায়ী ফল পৃথিবীতে কি রাখিয়া গেলেন, প্রধান ভক্তগণ কি প্রণালীতে কাল হরণ করিতে লাগিলেন, কি ভাবে কাহা কর্তৃক এ দেশে গোবরের ভক্তিভাব প্রচারিত হইল এ সমস্ত বিবরণ জানিবার জন্য বোধ করি পাঠকগণের মনে নিতান্ত কৌতূহল থাকিতে পারে। প্রথম সংস্করণে আমি এ কৌতু হল চরিতার্থ করিতে পারি নাই। সম্প্রতি “ভক্তিরস্মাকর” গ্রন্থ পাঠে কিছু কিছু তথ সংগ্রহ করিয়াছি তাহাই এ স্থলে বিবৃত হইল।

চৈতন্য গোসাঞী ইহলোক পরিত্যাগ করিলে ভক্তসমাজের কিদৃশ অবস্থা হয় তাহা শ্রীনিবাস আচার্য্য স্বচক্ষে দর্শন করিয়াছেন। এই সময় তিনি পুরী গৌড়দেশ বৃন্দাবন পর্যায়ক্রমে ভ্রমণ করেন। গৌবরের পর্ব-বর্তী সময়ে ইনি বঙ্গদেশের মধ্যে ভক্তিতত্ত্ব প্রচার বিষয়ে এক জন প্রধান ব্যক্তি ছিলেন, এই জন্য ইহঁাকে তৎকালে অনেকে গৌরপ্রেমাব-তার বলিয়া বিশেষ সম্মান প্রদান করিত। ভাগীরথী তটে চাণুন্দিয়া নামক এক ক্ষুদ্র গ্রামে শ্রীনিবাসের জন্ম হয়, পিতার নাম গঙ্গাধর ভট্টাচার্য্য। গঙ্গাধর নবদ্বীপের কোন অধ্যাপকের চৌপাঠির ছাত্র ছিলেন। ইনি যুবকালে গৌবরের প্রভাব স্বচক্ষে দর্শন করিয়া মোহিত হন। নিমাই সন্ন্যাসী হইয়া গৃহত্যাগ করিলে গঙ্গাধর তাঁহার শোক নিতান্ত উন্মাদ প্রায় হইলেন, এই হেতু তাঁহার পরে নাম চৈতন্যদাস হয়। শ্রীনিবাস এই চৈতন্যদাসের শেষ বয়সের সন্তান। পিতার মুখে ইনি গৌরগুণ-বাদ শ্রবণ করিয়া তাঁহার প্রেমে একবারে মগ্ন হইয়া পড়েন। তাঁহার পরলোক প্রাপ্তির পর শ্রীনিবাস মাতামহশ্রয় জাজিগ্রামে গিয়া

বাস করিয়াছিলেন। গৃহে থাকিয়াই তিনি গৌরপ্রেমে হৃদয়কে ভিত্তিকরেন; পরে শ্রীখণ্ড গ্রামের নরহরি রঘুনাথ প্রভৃতি গৌরপ্রিয়গণের পরামর্শে পুরীধামে গৌরদর্শনার্থ বহির্গত হন। তখন গৌড়দেশ এবং পুরীর পথে চৈতন্যের শিষ্যগণ প্রায় বার মাসই গমনাগমন করিতেন; উৎকলবাসীরা ইহঁদের দেখিলেই চিনিতে পারিত। শ্রীনিবাসের অপক্লম লাভণ্য মনোহর ভক্তিভাব পথিকদিগের চিত্ত হরণ করিয়াছিল। পথিমধ্যে যাহাকে দেখেন তাহার নিকটে তিনি পুরীর সমাচার জিজ্ঞাসা করেন। এইরূপে চলিতে লাগিলেন। কতক দূরে আসিয়া এক দিন শুনিলেন প্রভু লীলা সংবরণ করিয়াছেন। এই নিদারুণ সংবাদ শ্রবণে শ্রীবাস একেবারে শোকে অভিভূত হইয়া পড়িলেন। হৃৎখেতে মৃত প্রায় হইয়া ভূমিতলে পড়িয়া আছেন কিঞ্চিৎ নিদ্রাকর্ষণ হইয়াছে, এমন সময় স্বপ্নাদেশ হইল। গৌর দেখা দিয়া বলিলেন, প্রহাগমন করিও না, নীলাচলে যাও তথায় গদাধরাদির সঙ্গে সাক্ষাৎ কর। শ্রীনিবাস তদনুসারে পুর্বোক্ত উপস্থিত হন এবং স্থানে স্থানে ভক্তবৃন্দের শে কভয় মলিন মুখ দর্শন করেন। পণ্ডিত গদাধরের বাসায় গিয়া দেখিলেন তিনি প্রভুশোকে নিরঙ্কর হাঃকাস কবিত্তেছেন, বর্ণ মলিন, ছুই চক্ষে অজস্র বারিধারা বহিতেছে, তথাপি শ্রীনিবাসকে পাইয়া পণ্ডিতের চিত্ত কিয়ৎ পরিমাণে শান্তি স্বত্ব কলিল। তার পরে শ্রীনিবাস বাসুদেব সার্বৌভৌমের বাসায় গিয়া দেখেন যে তিনি রামানন্দের সঙ্গে বসিয়া প্রভুর বিরচশোকায়িত্তে দগ্ধ হইতেছেন। বক্রেশ্বর পণ্ডিত, শিখি মাণ্ডিত্তি, মাধবী মাণ্ডিত্তি, কানাই খুলিয়া, স্বরূপ, পরমানন্দ সন্ন্যাসী প্রত্যেকই নিজ নিজ বাসায় বসিয়া কাঁদিতেছেন। রাজা প্রতাপরুদ্র গৌরশোকে রাজ প্রাসাদ ত্যাগ করিয়া গিয়াছেন, রঘুনাথ দাসও শোকে মুহমান হইয়া বৃন্দাবন প্রস্থান করিয়াছেন, সকলেই বেহাশোকেতে একবারে আচ্ছন্ন। ইহঁারা সেই হৃৎখেব সময় শ্রীনিবাসকে পাইয়া সুখী হইয়াছিলেন। শ্রীনিবাসের রূপ গুণ ভক্তিভাব দেখিয়া সকলে বলিতে লাগিল, সমস্ত ভক্তগণ ইহাকে এত স্নেহ করেন এ ব্যক্তিত্ব তবে সামান্য লোক নয়! ইহার ভিতর গৌরান্ধবিস্মার করিতেছেন।

অনন্তর আচার্য্য শ্রীনিবাস স্বল্পে প্রত্যাগমন করিয়া নবদ্বীপ দর্শনে যাত্রা করেন। পথে আসিতে শুনিলেন নিতাই অষ্টৈত প্রভুও স্বদর্শন হইরাছেন। ইহা শুনিয়া তাঁহার শোকানল আবার প্রদীপ্ত হইল। আচার্য্য নবদ্বীপ পৌঁছিয়া দেখিলেন, বিষ্ণুপ্রিয়া ক্ষীণ মলিন দেহে দিন রাত্রি যেন মৃত্যুর প্রতীক্ষা করিতেছেন। চক্ষে নিদ্রা নাষ্ট, অর্নিশ পতিশোকে আকুল, ভূমি শয়্যায় শয়ন, সোণার অঙ্ক পূলায় মলিন হইয়া গিয়াছে। যে তণ্ডুলের দ্বারা নাম জপ সংখ্যা পূরণ হয়, তাহাই মাত্র আহার। সেই পবিত্র তণ্ডুল রুক্মন্যপূর্বক দেবতাকে নিবেদন করিয়া অপরাহ্নে আহার করিতেন। আহারের শুদ্ধচারিতা বিষয়ে ইহা একট নূতনবিধ স্মৃতিস্তম্ভ, ইহা বৈরাগ্যধর্মের পদ্যাকাষ্ঠাও বটে। দেবী বিষ্ণু-প্রিয়া শ্রীনিবাসের ময়নান্দকর রূপ এবং অপূর্ব ভক্তি প্রেম সন্দর্শনে অতিশয় পরিতৃপ্ত হন। তৎকালে ভ্রাতৃগণসহ শ্রীনিবাস, মুরারী গুপ্ত, ব্রহ্মচারী শুক্লাধর, গঙ্গাধর দাস, দামোদর সঙ্কর, বিজয় প্রভৃতি জীবিত ছিলেন। শচীমাতা ইছাপূর্বকই পরলোক গত হন। নবদ্বীপেব তাত্‌কালিক শোভা সৌন্দর্য্য, লোকসমারোহ, ধর্মভাব, কীর্ত্তনোৎসাহ দেখিয়া আচার্য্যের মন মুগ্ধ হইয়াছিল।

নবদ্বীপ হইতে আচার্য্য শ্রীনিবাস শাস্তিপু্রে অষ্টৈত গোস্বামীর পত্নী শ্রী ও সিতাদেবীর সঙ্গে সাক্ষাৎ করিলেন। সেখানেও দেখিলেন অষ্টৈতের স্বদর্শন শোকে পারিষদবর্ণ রোদন করিতেছে। অনন্তর তিনি খড়দহে গিয়া উপনীত হইলেন। তথায় নিত্যানন্দের পত্নীস্বর এবং বীরভদ্রের সঙ্গে সাক্ষাৎ করিয়া পুনরায় জাজিগ্রামে চলিলেন। তৎপর নানাস্থানের ভক্তগণের অল্পমতিক্রমে তিনি বৃন্দাবন যাত্রা করেন। তথায় যাইতে যাইতে পশ্চিমধ্যে রূপ সনাতনের পরলোক গমন বার্তা শুনিয়া তিনি নিতান্ত ব্যথিত হইলেন। গুণ্ডন বৃন্দাবনে শ্রীজীব গোস্বামী, গোপাল ভট্ট, লোকনাথ, ভূগর্ভ আচার্য্য, হরিদাস আচার্য্য, রাঘব নরোত্তম, শ্যামানন্দ প্রভৃতি অনেকগুলি প্রধান ভক্ত জীবিত ছিলেন। ইহাঁদিগকে দর্শন করিয়া শ্রীনিবাসের চিত্ত কতক পরিমাণে শান্তি লাভ করে। তথায় কিছু দিন অবস্থিতি করিয়া তিনি গোপাল ভট্টের নিকট

দীক্ষিত হন এবং শ্রীজীবের নিকট ভক্তিশাস্ত্র শিক্ষা করেন। এখানেও দেখিলেন গৌর মিতাই অদ্বৈত এবং রূপ সনাতনের শোকে সকলে অধীর হইয়া কাঁদিতেছেন, কেহ বা পাংগলের ন্যায় পথে পথে কুঞ্জ কুঞ্জ ভ্রমণ করিতেছেন। বঙ্গদেশে ভক্তিশাস্ত্র প্রচারের ভার শ্রীনিবাসের উপর অর্পিত হয়, এই জন্য তিনি বিশেষ যত্নের সহিত গোস্বামি-গণের প্রণীত ভক্তিতত্ত্ব শিক্ষা করেন। কিছু দিন পরে তাঁহাকে সকলে বিশেষ স্নেহ অনুগ্রহের সহিত গৌড়দেশে প্রেরণ করিলেন এবং কতকগুলি গ্রন্থ গাড়ি বোঝাই করিয়া সঙ্গে দিলেন। শ্যামানন্দ এবং নরোত্তম ঠাকুরও এই সঙ্গে দেশে প্রত্যাগমন করেন। বিদায়কালে সমুদায় ভক্তমণ্ডলী শ্রীনিবাসকে ভক্তিশাস্ত্র প্রচারকার্যে বিশেষরূপে অভিব্যক্ত করিয়াছিলেন এবং গাড়ির সঙ্গে মথুরা পর্যন্ত কেহ কেহ আসিয়াছিলেন। আচার্য্যের জ্ঞানপ্রতিভা বিদ্যাবত্তা দেখিয়া পণ্ডিত ভক্তগণ অতিশয় আশ্চর্য্যিত হন।

পথে আসিতে বনবিষ্ণুপুরের নিকট ঐ সকল গ্রন্থ চুরি যায় এবং প্রধান চোব সেই সুযোগে ভক্তিপথ আশ্রয় করে। ঐ স্থানে বীরহাঙ্গির নামে এক দস্যুরাজ কতকগুলি ছুটলোক দ্বারা পথিকগণের ধনবস্ত্রাদি হরণ করিত। গ্রন্থের গাড়ি দেখিয়া রাজা মনে করিল অনেক মূল্যবান সামগ্রী আছে, এই সংস্কারে লোকদিগকে বলিয়া দিল যে তোমরা কৌশলে জব্দাদি হরণ করিবে, কিন্তু কাহারো প্রাণ হানি করিবে না। রঘুনাথ-পুরের নিকট বাবাজীরা রাত্রিকালে নিদ্রিত আছেন এমন সময় দস্যুগণ গ্রন্থের গাড়ি লইয়া পলায়ন করিল। এই স্থান পঞ্চকোট নরকর্তের নিকট, সিতারামপুর ষ্টেশনের কিছু দক্ষিণে; এখানে অদ্যাশি দক্ষু ভয় কিছু কিছু আছে। রাজা হাঙ্গীর অত্যন্ত আশার সহিত গ্রন্থের আবরণ উন্নত করিল এবং এক সিন্ধুক দেখিয়া মহা আশ্চর্য্যিত হইল। লেখা আছে যে, ভক্তিগ্রন্থের মহিমায় রাজার মন মোহিত হয় এবং বাবাজীদিগের দর্শনলাভের জন্য সে অতিশয় ব্যাকুল হইয়া নানাস্থানে লোক প্রেরণ করে। এ দিকে নিদ্রাবসানে আচার্য্য গ্রন্থ না দেখিয়া মহা দুঃখিত হইলেন; কে লইল, কোথায় গেল, কিছুই সন্ধান না পাইয়া সঙ্গিগণের সহিত বহু

শোক প্রকাশ করিতে লাগিলেন । তদনন্তর তিনি শ্যামানন্দ ও নরোত্তমকে গৃহে পাঠাইয়া আপনি গ্রন্থানুসন্ধানে প্রবৃত্ত রহিলেন । রাজা গ্রন্থ চুরি করিয়া অবধি ধর্মের জন্য এক দূরব্যাকুল হইয়াছিল যে, দস্যুবৃত্তি সমস্ত পরিত্যাগ করিয়া সর্বদা পরমার্থতত্ত্ব শ্রবণে দিন অতিবাহিত করিতে লাগিল । তাহার গৃহে প্রতিদিন ভাগবত পাঠ হয় ইহা শুনিয়া শ্রীনিবাস তথায় উপস্থিত হইলেন । তাঁহার ভক্তিরসরঞ্জিত দিব্যকান্তি অবলোকনে রাজার মন মোহিত হইল এবং বুঝিল যে ইনিই সেই ব্যক্তি হইবেন যাহার গ্রন্থ আমি চুরি করিয়াছি । তখন সে আচার্য্যের পদতলে পড়িয়া কাতরতা প্রকাশ করিতে লাগিল এবং যেখানে যত্নপূর্বক গ্রন্থাদি রাখিয়াছিল সেখানে তাঁহাকে লইয়া গেল । শ্রীনিবাস তাহার দীনতা অমুতাপ ব্যাকুলতা দেখিয়া দয়ার্দ্ৰচিত্ত হইলেন এবং তাহাকে সস্ত্র দিয়া কৃতার্থ করিলেন । এই হইতে রাজা হাঙ্গীর পরম বৈষ্ণব হইয়া যায় । তাহার স্ত্রী পুত্র পারিষদবর্গ সকলেই ক্রমে বৈষ্ণব হইয়াছিল । আচার্য্য দুই মাস এখানে থাকিয়া জাজিগ্রামে গমন করিলেন এবং ছাত্রদিগকে ভক্তিশাস্ত্র শিখাইতে লাগিলেন । এ সময়ে শ্রীনিবাসকেই বঙ্গদেশের প্রধান প্রচারক বলিতে হইবে ।

কিছু দিন পরে দাস গদাধর নবদ্বীপ পরিত্যাগ করিয়া কার্টোয়ার গঙ্গাভীরে যেখানে গৌর সন্ন্যাসী হন সেই স্থানে বাস করেন এবং তথায় তাঁহার পরলোক প্রাপ্তি হয় । শ্রীধণ্ডবাসী সরকার নরহরিও ইহার কিছু দিন পূর্বে লীলা সংবরণ করেন । এই দুই জনের শ্রদ্ধ উপলক্ষে যে মহামহোৎসব হইয়াছিল, তাহাতে গোড়ীয় প্রধান ভক্তগণ সকলেই প্রায় উপস্থিত ছিলেন । গদাধরের শিষ্য যত্নন্দন চক্রবর্তী কার্টোয়ার প্রধান বৈষ্ণব, তিনি মহোৎসবের আয়োজন করেন । এই উৎসবে নবদ্বীপের প্রাচীন ভাগবত মে কয় জন তখন জীবিত ছিলেন তাঁহারাও আসিয়াছিলেন । শান্তিপুর হইতে অদ্বৈতের পুত্র কৃষ্ণমিশ্র এবং অচ্যুতানন্দ, খড়দহ হইতে বীরভদ্র, ক্ষেতুর গ্রাম হইতে নরোত্তম স্ব স্ব পারিষদগণ সমভিব্যাহারে কার্টোয়া নগরীতে আগমন করিয়াছিলেন । শত শত ভক্তের সমাগমে ঐ সকল দেশ আন্দোলিত হইয়াছিল । গদাধরের মহোৎসবে মহা সমারোহের সহিত নামসঙ্কীর্্তন হয় । এখানকার উৎ-

সব সাক্ষ করিয়া সকলে শ্রীখণ্ডে আগমন করেন। তথায় নরহরির মহোৎসবেও যথেষ্ট সমারোহ হইয়াছিল। এই উপলক্ষে জাজিগ্রামে শ্রীনিবাসের গৃহে কীর্ত্তন উৎসব হয়। এক একটি মহোৎসব তখন ধর্মপ্রচারের বিশেষ উপায় ছিল।

বঙ্গদেশের মধ্যে প্রথমে ভাগীরথীর ছই ধারের লোকসকল বৈষ্ণব ধর্ম গ্রহণ করে। এ দিকে খড়দহ পাণিহাটা সপ্তগ্রাম হালিসহর কাঁচড়াপাড়া প্রভৃতি, তার পব শান্তিপুর অধিকা নবদ্বীপ কাটোয়া শ্রীখণ্ড জাজিগ্রাম, পদ্মারধারে ক্ষেতুর বৃষ্টি পর্যাস্ত; এই সকল স্থানে প্রধান প্রধান বৈষ্ণবগণের আশ্রম ছিল। নীরোত্তম ঠাকুর পূর্বে এক জন রাজার বংশ ছিলেন; পরে পরম বৈরাগী হইয়া ক্ষেতুর গ্রামে আশ্রম এবং দেবমূর্তি স্থাপন করেন। এখানে অদ্যাপি বর্ষে বর্ষে একটি মেলা হইয়া থাকে। নরত্তম সঙ্গীত বিদ্যায় বিশেষ বিখ্যাত ছিলেন। বৃষ্টিতে রামচন্দ্র এবং গোবিন্দ কবিরাজ, কাটোয়ায় যজ্ঞন্দন, খণ্ডে রসুনন্দন, জাজিগ্রামে শ্রীনিবাস, বনবিষ্ণুপুরে রাজা হান্দীর, অধিকায় জদয়চৈতন্য, শান্তিপুরে অদ্বৈতের পুত্র-দ্বয়, খড়দহে বীরভদ্র, এইরূপ লোকসকল স্থানে স্থানে অবস্থিতি করিতেন, এবং মধ্যে মধ্যে মহোৎসব উপলক্ষে সকলে সমবেত হইতেন। ক্ষেতুরে নীরোত্তম ঠাকুর ছয়টি বিগ্রহ মূর্তি স্থাপন করেন, তদুপলক্ষে মহা মহোৎসব হয়, তাহাতে জাহ্নবা দেবী স্বয়ং উপস্থিত ছিলেন। আচার্য্য শ্রীনিবাস এই সকল মহোৎসবে এবং বিগ্রহ স্থাপন ক্রিয়ার উচ্চাসন লাভ করিতেন। কিছু দিন বৈরাগ্য ভক্তি সাধন ও প্রচারের পর বৈষ্ণব ভক্তগণের অনুরোধে তিনি বিবাহ করেন। কয়েক বৎসর পরে আর একটি বিবাহ করেন। নিত্যানন্দ অদ্বৈত চৈতন্য শ্রীনিবাস প্রত্যেকেরই ছই ছইটি করিয়া বিবাহ। তখন সতিনে সতিনে বড় ভয়ীভাব ছিল, এখন তাহা দেখা যায় না। এ-সময় ধর্মপ্রচারের রীতি পদ্ধতি নিয়ম প্রণালী পরিষ্কাররূপে বিধিবদ্ধ হইয়াছিল এমন বোধ হয় না। পুরী মথুরা বৃন্দাবন শান্তিপুর নবদ্বীপ ইত্যাদি স্থান ভ্রমণ, মৃত সাধুদিগের সমাধি ও লীলাধিলাসের স্থান দর্শন, বিগ্রহ স্থাপন, মহোৎসবে নাম সঙ্গীর্জন, ভাগবত শিক্ষা এবং পাঠ এই সকল দ্বারা লোক ধর্ম সাধন করিত।

শ্যামানন্দ এক জন সদ্গোপের ছেলে, ইনি উৎকলে প্রচার করিতেন, নুসিংহপুরে ইঁহার আশ্রম ছিল। নরোত্তম বৃন্দাবন হইতে আসিয়া ক্ষেতুর-গ্রামে থাকিতেন, মধ্যে মধ্যে নবদ্বীপ পুরী ভ্রমণ করিতেন। তিনি যখন উক্ত দুই স্থানে গমন করেন তখন প্রাচীন ভক্তগণের মধ্যে অনেকেই পরলোক গত হইয়াছিলেন। শেষ বারে ত্রীনিবাস নরোত্তম এবং রামচন্দ্র কবিরাজ এই তিন জনে নবদ্বীপ দর্শনে গমন করেন। তদ্বৃত্তান্ত পাঠে নবদ্বীপের বিস্তৃতি বিষয়ে অনেক সংবাদ প্রাপ্ত হওয়া যায়। বৈষ্ণব বাবাজীরা এষ্ট নবদ্বীপকে নিত্যকাল স্থায়ী এবং গৌরান্ধকে সর্ব্বা-ভারের সার এবং তাঁহার শাস্ত্রোপাঙ্গকে নিত্যসিদ্ধ জীব বলিয়া প্রমাণ করিবার জন্য যৎপরোনাস্তি যত্ন পাইয়াছেন। কেহ বলেন নবদ্বীপ বিশ ক্রোশী, কেহ বলেন ষোল ক্রোশী। এত দূর হটুক না হটুক, নবদ্বীপ যে বঙ্গদেশের মধ্যে তখন প্রধান গওগ্রাম ছিল তাহাতে সন্দেহ নাই। আমার বোধ হয় রামকেলীর পরেই নবদ্বীপ। যে সময় ত্রীনিবাস নরোত্তম ও রামচন্দ্রের সহিত নবদ্বীপ পর্যটনে যান তখন প্রাচীন ভক্তগণ সকলেই গত হইয়াছিলেন কেবল ঈশানকে তাঁহার দেহিতে পাইলেন। ঈশান শচী এবং গৌরের বড় প্রিয় স্বেবক। বালকগৌরান্দ যখন কোন বস্তুর জন্য খোট ধরিতেন তখন ঈশান কেবল তাহা নিবারণ করিতে সমর্থ ছিলেন। শূন্য নবদ্বীপের শূন্যগৌরগৃহে বৃদ্ধ ঈশান বসিয়া শোকে হাহাকার করিতে-ছেন আচার্য্য এই নিদারুণ দৃশ্য দেখিলেন। পর দিন প্রাতে ইঁহার নবদ্বীপ দর্শনের জন্য ঈশানের সঙ্গে নানা স্থান ভ্রমণ করেন। গৌর কোন্ স্থানে কোন্ সময় কি করিয়াছিলেন ঈশান বিস্তারিতরূপে তাহা বৃদ্ধাইয়া দিলেন। নবদ্বীপের যে পাড়ার গৌরের ব জন্ম হয় তাহার নাম মায়াপুর। বর্তমান নবদ্বীপ হইতে প্রায় এক ক্রোশ পূর্বে ঐ নামে এক পল্লী অদ্যাপি বর্তমান আছে। ঈশান যেক্রম বাখ্যা করিয়াছেন তাহাতে প্রকিপন্ন হয় বর্তমান নবদ্বীপের চতুর্পার্শ্বস্থ গ্রাম যথা সনুভ্রগোড়, চাঁপাহাটি, বিদ্যানগর, জাহানগর, মামগাছি, মাতাপুর, বাসুপুখুর, বেলপুখুর, গাদিগাছা প্রভৃতি সমস্তই নবদ্বীপের অন্তর্গত ছিল। ঈশান



ঐ সকল গ্রামের প্রাচীন ইতিহাস ব্যাখ্যা করিয়াছিলেন, গ্রহ বাহুল্য ভয়ে তাহা আমি প্রকাশ করিতে পারিলাম না ।

গৌরান্দের অব্যবহিত পরবর্তী সময়ের সাধারণ অবস্থা যত দূর আমি বুঝিতে পারিলাম তাহাতে এইরূপ সিদ্ধান্ত হয় যে, গৌরান্দের দেহ-লীলা শেষ হইবার অল্প কাল পরেই নিতাই অদ্বৈত সনাতন রূপগোস্বামীও পরলোক গত হন । জীবগোস্বামী পরে অনেক দিন পর্য্যন্ত জীবিত ছিলেন এবং আরও বিশ পঁচিশ জন উচ্চ প্রকৃতির সাধু তাঁহার সঙ্গে একযোগে গ্রন্থ প্রচার, বিগ্রহসেবা, নামকীর্ত্তন, ভজন সাধন করিতেন । বৃন্দাবনে তখন এক প্রকার ভাবের জমাট মন্দ ছিল না । পুরীতে যাহারা থাকিতেন তাঁহারা ক্রমে কেহ কেহ পরলোকে চলিয়া গেলেন, কেহ বা স্থানান্তরিত হইলেন । বঙ্গদেশে অদ্বৈত এবং নিত্যানন্দের পুত্রগণ শ্রীনিবাসাদির সহিত কিছু দিন নানা স্থানে মহোৎসব নৃত্য গীতাদি করেন । ইহা দ্বারা স্পষ্ট প্রতীত হইবে, গৌরজীবনরক্ষের যে কয়েকটি সুপক্ক সুফল প্রসূত হইয়াছিল তাহা হইতে কয়েকটি ফলবান বৃক্ষ সমুৎপন্ন হয় ; এবং তাহা হইতেও কয়েকটি সূচরিত্র বৈষ্ণব জন্মে, কিন্তু তার পরে ক্রমে মন্দ হইয়া আইসে । যদিও গৌরান্দ্র ভক্তপরিবারকে শোকসাগরে মগ্ন করিয়া চলিয়া গেলেন, কিন্তু তাঁহার সাধুচরিত্র যে সকল সাধুচরিত্র উৎপন্ন করিয়াছিল তাহা দ্বারা তাঁহার ধর্মান্বাস জগতে রহিয়া গেল । বৈষ্ণব বাবাজীদের ভাবুকতা বিনয় সাধুভক্তি সেবা নিষ্ঠা দেখিয়া আমার বড় লোভ হয় । এখন যদিও আধুনিকদিগের অনেক কথা এবং ব্যবহার উপহাসের বিষয় হইয়াছে, এই কারণে যে তাহাতে সারতা নাই ;—পরস্পর সাক্ষাৎ হইলে এক জন যদি বলেন আমি নরাধম, আর এক জন বলিবেন আমি তাধমাধম ; ভিতরে কিছু থাকুক আর না থাকুক চখে মুখের ভাব ভঙ্গীতে দেখান হয় যেন ভাবে গদ্গদ,—কিন্তু ‘মূলে আসল জিনিষ ছিল তাহা কেহ অস্বীকার করিতে পারিবেন না । চৈতন্যের শিষ্য ও প্রশিষ্যদিগের মধ্যে যদিচ অনেক পণ্ডিত ব্যক্তি ছিলেন, কিন্তু তাঁহাদের পাণ্ডিত্য বিনয় ভক্তির অধীন থাকাতে সমকক্ষদিগের প্রতি তাঁহাদের উপেক্ষা বা দ্বেষ হিংসা প্রকাশ পাইত না, পরস্পর পরস্পরের অহুমতি না লইয়া কেহ কোন সাধু

কার্যে প্রবৃত্ত হইতেন না । হয় জপ না হয় গ্রন্থপাঠ, হয় সংপ্রসঙ্গ না হয় কীর্তন ইহাতেই সাধুদিগের জীবন অতিবাহিত হইত ; বিষয়কার্য আলোচনা বা অসার গ্রাম্য কথা ছিল না । এ সকল ব্যক্তি যে কেবল সংস্কৃত ভাষায়, শাস্ত্রচর্চায় পারদর্শী ছিলেন তাহা নহে, ইহাঁদের দ্বারা তৎকালে সঙ্গীত শাস্ত্রের এবং কবিত্বেরও বিলক্ষণ উন্নতি হইয়াছিল । কীর্তনঙ্গ গানের মধ্যে ভারি অঙ্গের রাগ রাগিণী কঠিন তাল মানের অনেক নিদর্শন প্রাপ্ত হওয়া যায় । কলাবতী গীতে যেমন রাগ রাগিণী তাল, কীর্তনে তদপেক্ষা কঠিন-তর গান বাদ্য আছে । নরোত্তম প্রভৃতির গানে সকলে মোহিত হইতেন । প্রধান প্রধান বাবাজীদিগের জীবন ধর্ম্মভাব ভক্তিনিষ্ঠা সাধারণের শ্রদ্ধা ভক্তি আকর্ষণ করিয়াছিল । পাণ্ডিত্যের সঙ্গে এত বিনয় বৈরাগ্য ভাবুকতা হিন্দুস্থানে বোধ হয় কেহ কখন দেখে নাই । অল্পকালের মধ্যে যে বহু লোক এই পথের পথিক হয় তাহার প্রধান কারণ ঐ সকল সাধুদিগের সদ্‌গুণ । তদ্ব্যতীত নিতাই গৌর অধৈতের এবং ভিন্ন ভিন্ন নামে কৃষ্ণ রাধার মূর্ত্তি স্থাপন করিয়া, তাহার প্রতিষ্ঠা উপলক্ষে মহোৎসবাদি করিয়া এবং ভক্তসমাজের লোকদিগের জাতিভেদপ্রথার উপর কোন হাত না দিয়া, বৈষ্ণব সাধুরা সাধারণ শ্রেণীর শূদ্র জাতীয় বহু শত নরনারীকে ভক্তিপথে আকর্ষণ করিয়াছিলেন । কোন প্রতিবন্ধক নির্ব্যাতন ত্যাগস্বীকার নাই, অথচ সাধন ভজনপ্রণালী বহু পরিমাণে সমতলকারী, স্তত্রাং সহজসাধ্য, এই জন্য শীঘ্র শীঘ্র দল বৃদ্ধি হইয়া যায় । প্রথমতঃ শাস্ত্রদিগের সঙ্গে যে কিঞ্চিৎ বিরুদ্ধ ভাব ছিল, শেষে জাতিভেদ রক্ষা এবং বিগ্রহসেবার মিলনভূমিতে তাহা তিরোহিত হইয়া গেল । মহোৎসব উপলক্ষে আহাঙ্গাদিরও দিব্য আয়োজন হইত । ঠাকুরের প্রসাদী ক্ষীর সর ছানা মাখন মাল্পুয়া পুরী কচুরি মোহনভোগ ফলাদি বাহা এখন গুলিখোর গোস্বামী ঠাকুরদের চাট্‌নিরূপে পরিগৃহীত হয় তাহা ভোজন করিয়া তখনকার ভক্তগণ হুঁপু হুঁপু হইতেন এবং মহা উদ্যমের সহিত সিংহরবে হরিসঙ্কীর্ণনে নৃত্য গীত করিতেন । অনেক বিষয়ে সুবিধা ছিল বলিয়াই পরিণামে তাহার এত অপব্যবহারও ঘটিয়াছে । কিন্তু সরল নিরীহ বৈষ্ণবদিগের জীবন অনেক বিষয়ে অমুকরণীয় ।

তাঁহারা পরস্পর সমবিশ্বাসী ভরুগণকে যেরূপ ভালবাসিতেন, এক অন্যের আশীর্বাদ প্রসন্নতা পাইবার জন্য যেরূপ ব্যাকুলতা বিনয় প্রকাশ করিতেন; এক জন অপরের বিচ্ছেদ ও মিলনে যে ভাবে শোক ও আনন্দাশ্রু বর্ষণ করিয়া ভাবে প্রেমে মগ্ন হইতেন, তাহা দেখিলে এবং শুনিলে হৃদয় ঠাণ্ডা হয়। ভাবের উল্লাস, ক্রন্দনকোলাহল, কোলাকোলি, পদপুলি গ্রহণ, সেবা শুক্রযা কীৰ্ত্তনানন্দ এ সমস্ত এদেশের মধ্যে এক বিচিত্র দৃশ্য। তৈতন্যের মূর্ত্তি স্থাপন করিয়া তাহা পূজা করা যদিও তাঁহার মতের বিপরীত, আচরণ, কিন্তু স্থানে স্থানে এইরূপ বিগ্রহ স্থাপন দ্বারা বাবাজীরা তৎকালে গোবের বর্ত্তমানতাকে অতিশয় জাগ্রত রাখিয়াছিলেন। ইহা ব্যতীত পরশোকগত সাধুগণের লীলাস্থান ও সমাধিক্ষেত্র তীর্থাবা যেরূপ ভাবে সহিত দেখিতেন তাহা পড়িলেও মনে উল্লাস জন্মে। এক দিকে ভিতরে তাঁহার অরূপ ভাবের প্রবাহ ছিল, অপর দিকে বাহিরে তাহার বাহ্য আকারের অরূপ-প্রতিমাও ছিল, স্তরং প্রভুর বিচ্ছেদের আঘাত তাদৃশ কাহাকেও সহ্য করিতে হয় নাই। ইহা দ্বারা কটোপ্রাকের অভাব বিমোচন হইয়াছিল। ইহাঁদের ধর্ম্মশাস্ত্র কোন ঘটনাকে আধুনিক বা আকস্মিক বলিয়া ধরিত না। সমস্ত ব্যাপারের সঙ্গে নিত্য কালের যোগ, স্বপ্নাদেশ, প্রতি কাজেই হইত। এক জন ভক্ত আর এক জনের সঙ্গে মিলিত হইবেন তাহার পূর্বে স্বপ্নাদেশ চাই। যা কিছু সংঘটিত হয় তাহা পূর্ব হইতেই ঠিক করা আছে, সমরমতে ভগবান্ তাহা ঘটাইয়া দেন, এই বিশ্বাস বৈষ্ণবদিগের মধ্যে এত অধিক ছিল যে নন্দদোপধামকে বেদ পুরাণের অন্তর্গত করিয়াছেন। ইহা দ্বারা ভগবানের কৃত নিত্য অথও শাসন-প্রণালীর আভাস প্রাপ্ত হওয়া যায়। এতাদিক উন্নতির পর বৈষ্ণব সমাজের ক্রমে কি তুর্কশা ঘটিল তাহা আর বলিবার প্রয়োজন রাখে না, চক্ষের সম্মুখেই জাগ্রিতহেছে। তথাপি বাবাজীদের প্রভাব সাধারণ লোকদিগের মধ্যে অদ্যাপি দৃষ্ট হয়। মান্যনা চণ্ডাল নেড়া বাউল,—যে দিনে ভিক্ষা করে, রাগে হস্ত দুর্কর্ণে রত হয়, তাহাকেও “বাবাজী” বলিতে হইতেছে। বিনি যে ভাবে ইহা বলুন কিন্তু বাবাত বলিতে হইল।

ব্রাহ্মণদিগের এত যে অতিমান বৈষ্ণব ধর্ম তাহাদিগের মস্তকেও “ দাস ” উপাধি চাপাইল। ইহা ছিন্ন আরো সাবুত্ত্ব কি হিন্দুসমাজের মধ্যে অদ্যাপি প্রতিক্রিত নাই? অবশ্য আছে। বৈষ্ণবপরিবারে এখনও এই মদ্যমাংসপ্রিয় সভ্যতার ভিতরে কত ব্যক্তি মিথ্যচারী নিরীহ বৈষ্ণব দৃষ্টিগোচর হয়। আমি এ বিষয়ে আর কিছু বলিতে চাই না, কেবল এই মাত্র বলি, ওর্ত্তমান কালের চুবক দল এই বাবাজীদের নিকট হৃদয়তত্ত্ব কিছু শিক্ষা করুন এবং গুণ্ডাচারী হইয়া নাস্তিকতা, আর্ধ্যকুল-কলঙ্ক পাশওতা চূর্ণ করত দিনান্তে অন্ততঃ একবার ভক্তিভাবে হরিনাম কীর্তন করুন। আহা! পান ভোগবিলাসের দাস হইয়া মাংসপিণ্ড দেহের শ্রীবৃদ্ধি করিলে কি হইবে? উপাধি সম্মান বিদ্যার গৌরবেই বা কি ফল দর্শিবে? আজ দাল রাজকীয় কিম্বা সামাজিক স্বাধীনতা বিষয়ে বঙ্গবাসীদিগকে উত্তেজিত করিবার জন্য সংবাদপত্রে অনেক প্রবন্ধ লেখা হয়, বড় বড় সভা করিয়া লড়া লড়া বক্তৃতা দেওয়া হয়, কিন্তু তথাপি সুবাদলের নিব্বার্থ্যতা অপনীত হয় না। শিক্ষিত যুবা বিশ বৎসর বয়স পার হইতে না হইতে সেন বুদ্ধ পিতামহের শীতলতাকে প্রাপ্ত হন। ইহার কারণ কি? মদ্য মাংস ভোজন দ্বারা কি নির্জীবতা দূর হইবে? কখন না, তাহাতে কেবল বিলাসবাসনা মাদকপ্রিয়তাই বৃদ্ধি হইবে। কোন সংকারণের সঙ্গে ভগবানের নামগন্ধ নাই, কেবল নিজেদের বিদ্যা বুদ্ধির বাগিতার প্রশংসা কিসে হয় সেই দিকেই দৃষ্টি। ইহাতে কি বাঙ্গালীর হাতে কখন উৎসাহ অগ্নি জ্বলিতে পারে? বলি শুন, ঘরে ঘরে খোল কর্তাল তুবী ভেরি বাজাইয়া হরিসঙ্কীর্তন কর, দেখিবে তাহাতে আগুন জ্বলে কিনা। সভা করিয়া বক্তৃতা দাও ক্ষতি নাই, কিন্তু তাতে কি জীবন সঞ্চাব কবিত্তে পারে? পুং মন্ততার সহিত খোল কর্তাল বাজাইয়া উচ্চৈঃস্বরে হরিশুভ গান কর। এই সঙ্কীর্তন বাঙ্গালীর ধাতুকে উষ্ণ করি বার পক্ষে এক প্রধান উপকরণ, তন্নিম্ন তাহার বিলাস ও সুখনিদ্রা ভঙ্গ হইবার উপায় আমি কিছু দেখিতে পাই না।





## পরিশিষ্ট

### ভক্তির ঐতিহাসিক তত্ত্ব

শ্রেয়সাবতার চৈতন্যদেবের স্মৃষ্টি ধর্মজীবন, সরস ভাব এবং তৎপ্রদর্শিত মহাভাবময়ী ভক্তির বিচিত্রতা সন্দর্শনে বিমুগ্ধ হইয়া আমি এই অমৃতপ্রবাহিনী ভক্তিনদীর উৎপত্তি স্থান এবং প্রাচীন বৃত্তান্ত অবগত হইবার জন্য নিতান্ত কৌতূহলাক্রান্ত হই, এবং ভারতের পৌরাণিক কাল হইতে আধুনিক ধর্মসম্প্রদায়দিগের অবলম্বিত নানা ধর্মশাস্ত্র অন্বেষণ করি ; কিন্তু এ দেশের লোকের ঐতিহাসিক তত্ত্বসম্বন্ধে যেরূপ উদাস্য ভাব পূর্বাগর চলিয়া আসিয়াছে তাহাতে আমার আশা সফল হইবার সম্ভাবনা অতি মল্ল। বাহা হউক, আমার পরম বন্ধু উপাধ্যায়জীর বিশেষ সাহায্যে এবং স্বকীর অনুসন্ধানে এ বিষয়ে যতদূর কৃতকার্য হইয়াছি তাহা সংক্ষেপে এই স্থলে বিবৃত হইল।

বিশ্বপালক আদিপুরুষ ভগবান্ বিষ্ণুর পাদপদ্ম হইতে এষ্ট নদী সৃষ্টির প্রথম হইতেই প্রবাহিত হইয়া আসিয়াছে। কিন্তু এক্ষণে যেমন ইহা একটা নির্দিষ্ট প্রণালীরূপে প্রশস্তাকারে পরিণত হইয়া মানবচক্ষের আনন্দবর্ধন করিতেছে, আদিমকালে এবং তৎপরবর্তী বহু শতাব্দী পর্য্যন্ত তদ্রূপ স্পষ্টতঃ নন্দনগোচর হয় নাই, এবং ধর্মের একটা প্রকাণ্ড শাখার মধ্যেও ইহাকে কেহ গণনা করিতে পারিত না। সৃষ্টিকর্তা ব্রহ্মাওপত্যিকে বিধাতা, দৈনিক জীবনের নেতা এবং হৃদয়স্বামী পৃথিব্যবতা বলিয়া তাঁহাকে পরমান্বীর জানে হৃদয়ের কোমল অনুরাগ অর্পণ করার নাম ভক্তি। বৈদিক সময়ে এ ভাবের তাদৃশ বিকাশ হয় নাই। তখন ঈশ্বরের সঙ্ঘিত জীবের নিকটতর ব্যক্তির সম্বন্ধ

অনুভূতির সময় নহে। সৃষ্টির অদ্ভুত ক্রিয়া অবলোকনে প্রথমতঃ মানব-  
 হৃদয়ে গভীর বিশ্বাস রসের আবির্ভাব হইয়াছিল, এবং তৎকালে জগৎস্রষ্টাকে  
 লোকে প্রধানতঃ অতি দূরের দেবতা, মহান্ শক্তিশালী প্রবলপ্রতাপা-  
 বিত রাজা বলিয়া বিশ্বাস করিত। যদিও কিছু দিন পরে তাহারা প্রত্যেক  
 ভৌতিক ঘটনার নিয়ন্তা এবং নৈসর্গিক ব্যাপারের অধিষ্ঠাত্রী বহু দেব-  
 তার উপর সমস্ত ঐশীশক্তি আরোপ করিত, কিন্তু সেই আদিপুরুষ  
 ভগবানের ব্যক্তিত্ব সত্তার সহিত স্মৃষ্টি ব্যক্তিগত সম্বন্ধ অনুভব করিয়া  
 প্রীতিবৃত্তি চরিতার্থ করিতে সক্ষম হয় নাই। বেদ ও উপনিষদের কালে  
 প্রকৃতিপূজা, কৰ্মকাণ্ড, তপস্যা, যোগ সমাধি, ঐশ্বর্য্য বীৰ্য্যসম্পন্ন অপরি-  
 মেয়, দুর্জয় ব্রহ্মের স্তব স্তুতি গাথা, এবং কাঠার বৈরাগ্যানুষ্ঠানেরই  
 আধিক্য পরিলক্ষিত হয়। মানবস্বভাবের হৃদয়রূপ উর্ধ্বরা ভূমিতে তখন  
 ধর্ম্মবুদ্ধ সংরোপিত হয় নাই, সূতরাং সরস ভক্তিপ্রেমের ধর্ম্মের লক্ষণ  
 বা অনুষ্ঠান সে সময়ের মধ্যে দেখিতে পাওয়া যায় না। পৌরাণিক সময়  
 হইতে বিষ্ণুপাদবিনিঃসৃত ঐ প্রচ্ছন্ন ভক্তিন্দীর সঙ্গীর্ণ রেখা ক্রমশঃ প্রসা-  
 রিত হইয়া আসিয়াছে। জীবের প্রেমপিপাসা চরিতার্থ করিবার জন্য  
 ভগবান্ স্বয়ং বিধাতৃত্ব শক্তির অবতার হইয়া যুগে যুগে ভূমণ্ডলে মানব-  
 কুলে জন্মগ্রহণ করেন; পালনীশক্তির অবতার বিষ্ণু, গিনি জগৎ পাল-  
 নের জন্য যথাসময়ে পৃথিবীতে অবতীর্ণ হন, এইরূপ বিশ্বাস এ সময় অঙ্ক-  
 রিত হইল। এইজন্য বিষ্ণুপাসক বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে আমরা ভক্তির  
 প্রথম বিকাশ দেখিতে পাই। ভক্তিবৃত্তি স্বভাবতঃই কোন একটা স্পর্শনীয়  
 মুর্ত্তির অন্বেষণ করে, তাহা না পাইলে তাহার পিপাসা নিবৃত্ত হয় না।  
 যাহাকে দেবা শুনা যায়, স্পর্শ আলিঙ্গন করা যায়, বাহার উপর সম্পূর্ণরূপে  
 আত্মনির্ভর করিয়া মন নিশ্চিত্ত নির্ভর হয়, এবং বাহার সঙ্গে লীলাবিহার  
 আনন্দ প্রমোদ করিবার জন্য প্রাণ ক্রন্দন করে, ভক্তি এখন এক জাগ্রৎ  
 সত্য শিব হৃদয় দেবতাকে চায়। এই আন্তরিক লালসা চরিতার্থের জন্য  
 মনুষ্য আপনায় সদৃশ ব্যক্তিতে ঈশ্বরস্ব স্থাপন করিয়াছে। এই নিমিত্ত অদ-  
 তারের সৃষ্টি হইয়াছে। ভক্তির অনুরোধেই ঈশ্বর স্বর্ণ হইতে ধরাতলে  
 অবতীর্ণ হইয়া মানবের সঙ্গে ঘনিষ্ঠ সূত্রে বন্ধ হইলেন।

এই স্মৃধুর ভক্তির ধর্ম স্পষ্টরূপে কোন্ সময়ে স্বীয় মনোহারিণী মূর্তি পরিগ্রহ করিল ইতিহাসের অভাব হেতু তাহা নিশ্চয় করিবার উপায় নাই। ইহা বহু পূর্বাচরিত কঠোর শুদ্ধ বৈরাগ্য, নিঃশূণবাদ জ্ঞানকাণ্ড এবং নীরস যোগধর্মের অবশ্যস্তাবী বিপরীত ফল। ভক্তির আদি তত্ত্ব অব্বেষণ কবিত্তে গেলে দেবহৃতির প্রতি কপিলের উপদেশের সঙ্গে আমাদের প্রথম সাক্ষাৎ হয়। কিন্তু ইহার উজ্জলতা এবং পরিণতাবস্থা সর্বজনবন্দনীয় যোগাচার্য্য শ্রীকৃষ্ণ হইতেই সম্পন্ন হইয়াছে। এ পথে অগ্রসর হইতে হইলে বহু গুণালঙ্কৃত মহচ্চরিত্র নন্দনয়কে আমরা কিছুতেই অতিক্রম করিতে পারি না। সুতরাং সংক্ষেপে ইহার জীবনের গুরুত্ব এবং মহত্ব এস্থলে কিছু বলিতে হইল।

শ্রীকৃষ্ণের সম্বন্ধে সাধারণতঃ যে বদ্ধমূল সংস্কার জন্মিয়া আছে তাহা উন্মূলন করা আমার পক্ষে ত্রুণাব্য। তাঁহার বিবোধী এবং উপাসক উভয় সমপ্রদায়স্থ ব্যক্তিগণের দ্বারা এই সংস্কার পরিপোষিত হয়, সুতরাং তৃতীয় ব্যক্তি না হইলে এ বিষয়ের নিরপেক্ষ মত প্রচার হওয়া সম্ভাবিত নহে। অন্ততঃ উদারভাবে এ বিষয়ের অন্তসন্ধান প্রবৃত্তিও যদি কাহারো মনে জাগ্রৎ হয়, তাহা হইলেও যথেষ্ট মঙ্গল হইবে। কৃষ্ণের নামে এমনি জঘন্য সংস্কার লোকের মনকে অধিকার করিয়া রহিয়াছে যে, ইহাতে হস্তক্ষেপ করাও একটি হুঁসাহসের কার্য্য। হয়ত কত লোক কুটিল ক্রভঙ্গির সহিত বলিবেন, “ইনিও ঐ দলের এক জন, কোন নীচ অভিপ্রায় সমর্থন করিবার জন্য রাসগীলার হরির পক্ষ সমর্থন করিতেছেন।” একে আমি চৈতন্যের অন্তর, তাহাতে কৃষ্ণচরিত্র লিখিতে অগ্রসর হইতেছি, এস্থলে আমার উপর অসদভিসন্ধি আরোপ হওয়া বিচিত্র নহে। কিন্তু তাহা হটক, সে জন্য আমার কোন ক্ষোভ নাই। আমি এই মহাত্মার জীবনচরিত্র আলোচনা করিয়া তৎপরে তাঁহার স্মৃতির সচরাচর যে সকল গুরুতর দোষ আরোপিত হয় তাবিষয়ে যুক্তিসঙ্গত মত প্রকাশ করিব। ভরসা করি, উদারচেতা প্রশস্তমনা ব্যক্তিগণ আমার সঙ্গে এ বিষয়ে সহানুভূতি করিবেন।

কলিযুগের প্রারম্ভে ধর্মপুত্র রাজা যুধিষ্ঠিরের রাজত্ব সময়ে অর্থাৎ হিন্দু-শাস্ত্রের গণনানুসারে ৪, ৯৭৬ বৎসর পূর্বে দ্বাত্রকূলে মথুরানগরে যজ্ঞবংশাবতঃ স



বহুদেবের ঔরসে দৈবকীর গর্ভে ত্রিকুণ্ড জন্মগ্রহণ করেন। কথিত আছে, একদা দেবর্ষি নারদ কংসকে বলিয়াছিলেন, তোমার ভগ্নী দেবকীর অষ্টম গর্ভে যে সন্তান জন্মিবে তাহা কর্তৃক তোমার প্রাণবিনষ্ট হইবে। কিন্তু এই অষ্টম গর্ভ কোন্ গর্ভ হইতে গণনীয় তাহার কিছুই নিশ্চয়তা নাই বলাতে কংসরাজ প্রথম হইতে ভগিনীর যাবতীয় সন্তানের প্রাণ বিনাশার্থ বহুদেব দেবকী উভয়কে কঠিন নিগড়ে কারাবদ্ধ করিয়া রাখেন। ক্রমাগত মাতাটি সন্তান ঐ নৃগংস নৃপতির হস্তে নিধন প্রাপ্ত হইলে বহুদেব নিতান্ত শোকার্ত হন। পরে অষ্টম গর্ভের সন্তান ভূমিষ্ঠ হইবা মাত্র কোন সুযোগে রাত্রি কালে তিনি তাহাকে যমুনার পরপারস্থ গোকুল নগরের রাজা নন্দ ঘোষের আলয়ে লুকাইয়া রাখিলেন এবং যশোদার সন্যাসপ্রসূতা এক কন্যা ছিল তাহাকে আপন ভবনে লইয়া গেলেন। বহুদেবের সঙ্গে নন্দরাজের বন্ধুতা ছিল। নন্দ যশোদা এই শিশু সন্তানকে অতি যত্নের সহিত প্রতিপালন করেন, এই জন্য তাঁহার কৃষ্ণের পিতৃমাতৃ-স্থানীয় হইরাছেন। ছুরন্ত কংস ঐ শিশুকে বধ করিবার জন্য চেষ্টার ক্রটি করে নাই। শেষ কৃতকার্য হইতে না পারিয়া ভগিনী ও ভগিনীপতিকে পুনর্বার কারাবদ্ধ করত বহু ক্লেশ প্রদান করেন। নন্দরাজ কংসের করদ রাজ্যের এক জন ক্ষুদ্র রাজা ছিলেন।

দেবকীনন্দন প্রথম বয়স হইতেই অত্যন্ত প্রেমবান্ প্রিয়দর্শন হইয়া উঠেন। গোপাল বালকবৃন্দের সঙ্গে মিশিয়া তিনি নানাবিধ বাল্যক্রীড়া করিতেন। বয়স্য বালকেরা তাঁহাকে এত দূর ভালবাসিত যে, এক দণ্ড ছাড়িয়া থাকিতে পারিত না। বাল্যকালে কৃষ্ণ কিছু দিন বয়স্যদিগের সঙ্গে প্রতিবাসীর ঘরে ঘরে মনী চুরি করিয়া খান। পরে গোচারণাদি করিয়া তদনন্তর ব্রজগোপীদিগের সহিত রাসক্রীড়াদি বহু প্রকার লীলা বিহার করেন। সহস্র প্রেমিক কৃষ্ণের ব্রজবাসী ও ব্রজবাসিনী-দিগের অত্যন্ত প্রিয় হইরাছিলেন। তাঁহার ভিতরে এমন এক অসাধারণ প্রেম ছিল যাহা দ্বারা তিনি অতি সহজে সমবয়স্ক বালক ও বালিকাদিগের চিন্তাকর্ষণে সমর্থ হইতেন। কৃষ্ণের শরীরের গঠন সৌষ্ঠব, সূচিকণ অবদন শ্যামবর্ণ, সুমধুর বংশীধ্বনি এবং প্রেমবাহার

ব্রজবধুগণের প্রাণমনকে মোহিত করিয়াছিল। ছিদাম সুবল প্রভৃতি বয়স্য গোপবালকেরা তাঁহার প্রেমে এমনি আসক্ত হইয়া পড়িয়াছিল যে তাহারা ত্রব্য বিশেষ ভোজন করিতে করিতে মিষ্ট বোধ হইলে তাহার কিয়দংশ কৃষ্ণের জন্য রাখিয়া দিত। বৃন্দাবন অতি রমণীয় স্থান, তথায় যমুনাপুলিনে তরুলতাসমাকীর্ণ বিহঙ্গকুম্বিত বনमध्ये পর্যায়ক্রমে ব্রজবালক ও বালিকা-গণ সহ তিনি কৈশোর বয়স অতিক্রম করিয়া অক্রুরের সমভিব্যাহারে মথুরা যাত্রা করত তথায় কংসকে বধ করিয়া উগ্রসেনকে রাজ্যপদ প্রদান করেন। তদনন্তর পিতা মাতার সঙ্গে পুনর্বার সাক্ষাৎ হইল, তাঁহাদের চরণ বন্দন করিয়া তিনি বলিলেন, আপনারা আমার বালা পৌগণ্ড ও কৈশোর জীবনের সাধ আক্লাদ কিছুই উপভোগ করিতে পায়েন নাই তজ্জন্য দুঃখিত হইবেন না। এই সময় শ্রীকৃষ্ণদেব ক্ষত্রীয় ধর্মের প্রথামুসারে অবন্তীনগরবাসী সন্দীপন মুনিব নিকট বিদ্যাশিক্ষার্থ উপস্থিত হন। কিছু কাল পরে বেদান্ত ন্যায় দর্শন বিজ্ঞান এবং ধর্মুর্বিদ্যার বিশেষরূপে ব্যুৎপন্ন হইয়া উঠিলেন। এ দিকে কংসের মহিষী বিধবা হইয়া তদীয় পিতা জরাসন্ধের নিকট ছুঃখের কথা বলাতে সেই মগধদেশাধিপতি জরাসন্ধ রাজা সপ্তদশ বার শ্রীকৃষ্ণের বিরুদ্ধে রণ সজ্জা করে। শেষ কালঘবন শু বহু সধ্যাক্ অনভ্য লোকদিগের সঙ্গে মিলিত হইয়া পুনরায় তাঁহার সঙ্গে সংগ্রামে প্রবৃত্ত হয়। নন্দতনয় এই কালঘবনদিগের ভয়ে পলায়ন করিয়া সমুদ্রमध्ये এক প্রকাণ্ড দুর্গ নির্মাণ করত তথায় শেষ জীবন অতিবাহিত করিয়া-ছিলেন। এই স্থান দ্বারকা তীর্থ বলিয়া পরে বিখ্যাত হয়।

রাজা যুধিষ্ঠিরাঙ্গি পঞ্চ ভ্রাতার সঙ্গে শ্রীকৃষ্ণের অত্যন্ত প্রণয় সৌহৃদ্য ছিল। পাণ্ডব জননী কুন্তীদেবী কৃষ্ণের পিসী হইতেন, আবার কৃষ্ণের ভগিনী সুভদ্রার সহিত অর্জুনের বিবাহ হয়। ইহাঁদের পরস্পরের মধ্যে সর্ধদা গতিবিধি ছিল। দৈবকীতনয় শু কেবল প্রেমধাম্ প্রিয়দর্শন চিত্তহারী ছিলেন তাহা নহে, যৌবন বয়সে তিনি আবার তত্ত্ববিদ্যা, সংগ্রাম কৌশল এবং রাজনীতিতেও এক জন অদ্বিতীয় দূরদর্শী বিজ্ঞ হইয়া উঠেন। বুদ্ধি বিচক্ষণতা, গভীর চিন্তাশীলতা এবং সূক্ষ্মদর্শিতা তাঁহার বিশক্ষণ ছিল। পারিবারিক মর্যাদাতেও তিনি তৎকালীন রাজস্বর্গের মধ্যে এক জন সম-

কক্ষ ব্যক্তি ছিলেন। যজুবংশ একটি প্রধান ক্ষত্রীয় রাজবংশ, অনেক লক্ষ্য প্রতিষ্ঠা বীর এবং রণনিপুণ সৈনিক পুরুষ এই বংশে জন্মগ্রহণ করে। সেই যজুবংশে শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করিয়া পিতৃকুলের নাম উজ্জ্বল করিয়া গিয়াছেন। সে সময় ভারতীয় ভূপালবর্গের মধ্যে তাঁহার ন্যায় বিচক্ষণ জ্ঞানী এবং বুদ্ধিমান প্রায় আর কাহাকেও দেখা যায় না। ফলতঃ কৃষ্ণের জীবনে বহু গুণ একত্র সমাবেশিত ছিল তাহাতে আর সন্দেহ নাই। তিনি যে ঘোর বিবরীর ন্যায় স্বহস্তে রাজকার্য্য করিয়াছেন, কি নিজ বাহুবল দ্বারা সংগ্রামে বীর সেনাদিগকে পুরাত্নত কবিত্তা বিখ্যাতনামা হইয়া গিয়াছেন তাহা মহে; কিন্তু তিনি এক দিকে রাজনীতিবিশাব্দ অসাধারণ ধীশক্তি সম্পন্ন সুবিক্ত মন্ত্রী ছিলেন, অপর দিকে অদ্বৈততত্ত্বদর্শী, মানবচরিত্রজ্ঞ যোগাচার্য্য পণ্ডিতও ছিলেন। এক দিকে প্রেমবান্ সদ্যক্ষ, অন্য দিকে সংপরামর্শদাতা রাজমন্ত্রী, রণপণ্ডিত এবং গভীর তত্ত্বজ্ঞ ধর্ম্মাচার্য্য, এই ত্রিবিধ গুণে অসাধারণ গুণবান্ হইয়া তিনি রাজ্য যোদ্ধা ধর্ম্মজিজ্ঞাসু এবং প্রেমপিপাসার্ত্ত নরনারীকে বশীভূত করেন। নিজের রাজ্য হইয়া রাজকার্য্য কখন, কবেন নাই, অথচ শত শত নরপতি ও সম্রাট্টিকে ইচ্ছিতে পরিচালিত করিয়াছেন। সংগ্রামক্ষেত্রে বাহুবল ও শারীরিক বীরত্বের জন্য প্রসিদ্ধ না হইলেও অগণ্য সেনানীপরিবেষ্টিত সমবকুশল মহাপরাক্রমশালী সেনাপতিদিগকে বন্দবৎ ব্যবহার কবিত্তাছেন। সাধন ভজনের কঠোর প্রণালী অবলম্বন করিয়া তপনিষ্ঠার উচ্চ দৃষ্টান্ত প্রদর্শন করেন নাই, অথচ মহা মহোপাধ্যায় যোগী তপস্বী ভক্ত সাধকদিগকে যোগ ভক্তির নিগূঢ় তত্ত্ব সকল শিক্ষা দিয়া গিয়াছেন। বৈদিক সময়ের কিম্বা পৌরাণিক কালে শ্রীকৃষ্ণের ন্যায় নানা গুণবিশিষ্ট মহৎ ও উন্নত আত্মা আর একটিও নয়নগোচর হয় না। মহাভারতের অজ্ঞাত যুধিষ্ঠির ভীষ্ম প্রভৃতি মহাতেজা ধর্ম্মপরায়ণ ক্ত বত বিখ্যাত ব্যক্তি ছিলেন সকলেই ইহাকে গুরু বলিয়া স্বীকার করিতেন। পাণ্ডবদিগের এমন কোন কার্য্য ছিল না যাহা এই মহাপুরুষকে অতিক্রম করিয়া সম্পন্ন হইয়াছে।

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরই তৎকালে রাজপদের একমাত্র উপযুক্ত পাত্র ছিলেন, ইহা জানিয়া শ্রীকৃষ্ণদেব তাঁহাকে সমস্ত ভারত সাম্রাজ্যের একাধিপত্য প্রদানে

প্রয়াস পান। সূত্রাং বিরোধী, ক্ষুদ্র ক্ষুদ্র রাজন্যবর্গ এবং দুর্ধোখনাদি বোদ্ধাগণকে তাঁহার বুদ্ধিকৌশলে পরাভূত হইতে হইয়াছিল। এত বিষয় ব্যাপার যুদ্ধ বিগ্রহের মধ্যে লিপ্ত থাকিয়াও তিনি অর্জুনকে গভীর যোগতত্ত্ব শিক্ষা দিয়া গিয়াছেন। কুরুপাণ্ডবের যুদ্ধে তিনি নিজে অস্ত্র ধরেন নাই, অর্জুনের রথে সারথী হইয়া কেবল পরামর্শ দিতেন। একটু চিন্তা করিয়া দেখিলেই বুঝিতে পাওয়া যায়, ইহার পূর্ক্বে সময়ে যে সকল প্রধান প্রধান মহাত্মা জন্মিয়াছিলেন, তাঁহারা সংসারের সমুদায় বিষয়ের লগ্নে লিপ্ত থাকিয়া এ প্রকার প্রণালীতে ধর্ম প্রচার করিতে পারেন নাই। জনক, অঘরীষ, ধ্রুব, প্রহ্লাদ অবশ্য এরূপ দৃষ্টান্ত কিছু কিছু দেখাইয়াছেন, কিন্তু সমস্ত বিষয়ে সর্ব্বাঙ্গীনভাবে নহে, আর তাঁহারা এ শ্রেণীর লোকও নহেন, প্রসিদ্ধ সাধক ও ভক্তের মধ্যে তাঁহাদিগকে গণনা করিতে হইবে। কুরুক্ষেত্রের যুদ্ধ উপলক্ষে শ্রীকৃষ্ণ অর্জুনকে যে উপদেশ প্রদান করেন তাহাতে আমরা জ্ঞান ভক্তি কর্ম্মযোগের নামজন্ম দেখিতে পাই। নির্লিপ্ত ভাবে সংসারযাত্রা নির্ব্বাহ করিয়া ধর্ম্ম আচরণ করিতে হইবে তদ্বিষয়ে তিনি বারম্বার উপদেশ দিয়াছেন।

রাজ্যের কণ্টকস্বরূপ বহু শত ক্ষত্র রাজবংশকে যুদ্ধে নিহত এবং পাণ্ডবদিগের পদানত করিয়া, সুধিষ্ঠিরকে সিংহাসনে বসাইয়া, অর্জুনকে যোগ ভক্তি শিক্ষা দিয়া শ্রীকৃষ্ণ অবশিষ্ট জীবন দ্বাপকাম্যে অতিবাহিত করেন। তথায় জ্ঞাতিবর্গেব সহিত কোন কোন যাগযজ্ঞ অনুষ্ঠানও করিয়াছিলেন। এইখানে অল্পগত আত্মীয় পরম ভাগবত উদ্ধবকে তিনি ভক্তিবিশয়ে অতি আশ্চর্য্য এবং সারগর্ভ উপদেশ প্রদান করেন। যথার্থ ভক্তির শাস্ত্র আমরা এই স্থলে প্রথম দেখিতে পাই। ভক্তির লক্ষণ সকল ইহাতে অতি সুন্দররূপে, বিবৃত হইয়াছে। মহাভারতানুসারে শ্রীকৃষ্ণের রঞ্জিনী প্রভৃতি আট জন পটুমহিষী এবং তদ্ব্যতীত তাঁহার বোড়শ সহস্র পুত্র-নারী ছিল। প্রত্যেকের দশ দশটি করিয়া সম্ভান, তাহা হইলে গণনার সর্ব্বলুদ্ধ এক লক্ষ ষষ্টি সহস্র আশিটি সম্ভান হয়। ইহাদের পুত্র পৌত্রাদি লইয়া ছাপ্পান্ন কোটি যজুবংশের কথা উল্লিখিত হইয়াছে। এ সকল লোক প্রভাসতীর্থে গিয়া গৃহবিবাদে নিবন প্রাপ্ত হয়, অবশিষ্ট একটি প্রপৌত্র

## পারিশিষ্ট ।

মাজ রাখিয়া শ্রীকৃষ্ণ দেখ ভ্যাগ করেন । এক দিন তিনি সেই প্রভাসভীর্ষে অস্বখমূলে পরব্রহ্মে চিত্ত সমাধানপূর্বক স্থাপুর ন্যায় বসিরাছিলেন, মৃগ বোধে এক ব্যাধ আনিত। বাণ দ্বারা তাঁহাকে বিদ্ধ করিল, তাহাত্রেই তিনি গভাস্ত হইলেন । কৃষ্ণের জীবনসম্বন্ধে এই পর্য্যন্তই থাকুক, আর অধিক বলিবার প্রয়োজন নাই ।

এ বিষয়ে আমি যত দূর অনুসন্ধান করিরাছি, তাহাতে বোধ হয়, শৈশবাবস্থা হইতে বার্কিকা পর্য্যন্ত কৃষ্ণের জীবনে এমন গুটিকতক অসাধারণ গুণ প্রকাশিত হইরাছিল যাহা অমূল্য করিবারও কাহারো সাধ্য নাই, এক জীবনে বিভিন্ন সময়ে অন্যত্র তাহা দেখিতেও পাওয়া যায় না । শৈশবকালে স্বভাবতঃ সকল বালকই প্রেমাস্পদ নয়নানন্দকর হয়, কিন্তু কৃষ্ণের তৎকালে স্বাভাবিক সৌন্দর্য্য ব্যতীত আরও কিছু অসাধারণতা ছিল । মাখনচোরা গোপাল যেন সকল আদরের পরিসমাপ্তির আধার, এই জন্য বাল্য সৌন্দর্য্যের আদর্শ স্থানীয় বলিয়া তিনি উক্ত হইয়াছেন । শিশু কালের বিষয় এই গেন, তাহার পর পৌগণ্ড,—পঞ্চম হইতে দশম বর্ষ পর্য্যন্ত, এ সময়টও তাঁহার বড় আনন্দে অভিবাহিত হইয়াছে । গোষ্ঠবাত্রা, বনবিহার, নন্দের বাধা বহন, ইত্যাদি অবস্থায় ছিদায় সুদাম সুবলাদি বয়স্য সধাগণের মনকে তিনি এমন মোহিত করিরাছিলেন যে, ভাদৃশ প্রেমিক সখাও আর কেহ কখন দেখে নাই । ব্রজবালকগণ তাঁহাকে প্রাণের অধিক ভাল বাসিত । তদনন্তর -কৈশোর কাল, এই কালে কিশোর বয়স্কা বালিকাদিগের সঙ্গে রাসলীলা প্রেমবিহার করেন । একাদশ হইতে পঞ্চদশ বৎসর বয়ঃক্রম কৈশোর কালের সীমা, এই বয়সের মধ্যে প্রতিনিবাসিনী নারী ও গোপবালিকাদিগকে লইয়া তিনি এমনি আফ্লাদ আমোদ নৃত্য গীত কৌড়া কৌতুক করিরা গিবাছেন যাহা সমস্ত ভারতবর্ষে প্রেমের আদর্শরূপে চিরস্মরণীয় হইয়া রহিয়াছে । এই লীলা ভক্তিপরায়ণ পবিত্র চরিত্র মহাত্মাগণের ধর্ম্মসাধনের প্রধান অবলম্বন বলিয়া পরিগৃহীত হয় । কৃষ্ণনামের ধার্ম্ম্য তাঁহার জীবনের একটি অমিতীয় গুণ ছিল ; সেই গুণের আকর্ষণে স্বামী পিতা মাতা সন্তান ও আত্মীয়গণকে পরিত্যাগ করিরা অজস্রধূগণ তাঁহার নিকট আসিত । কালাচাঁদের স্মৃধুর বংশীধ্বনি

কর্ণকুহরে প্রবিষ্ট হইলে তাঁহাদের প্রাণ উচাটন হইত। এমন বংশীই বা কে বাজাইতে পারে? কৃষ্ণের প্রেমলীলার বিগুহ ব্যবহারে গোশবধুগণের একান্ত বিশ্বাস ছিল। এই রাসলীলাকে আমরা বাণ্যকালোচিত নিদোষ ক্রীড়ার মধ্যে যদি গণ্য করি তাহা হইতে কি কোন অপরাধ হয়? জীজ্ঞাতিকে তিনি অত্যন্ত ভালবাসিতেন, গোপীরাও তাঁহাকে প্রাণতুল্য জীবনসর্বস্ব বলিয়া জ্ঞান করিত। কৈশোর কাল এইরূপ অসাধারণ প্রেমলীলার অতি বাহিত হইল। শেষ যুদ্ধবিদ্যা, রাজ্যশাসন, যোগ ও ভক্তিশিক্ষা-প্রদান এই তিনটি অল্পম ক্ষমতা ও আশ্চর্য গুণ তাঁহার জীবনে বিভিন্ন সময়ে দৃষ্টিগোচর হয়। রাজ্যশাসন এবং যুদ্ধবিগ্রহসম্বন্ধে এমন গভীর বুজির পরিচয় কে দিতে পারে? এবং সশস্ত্র সমরোদ্যত বিপক্ষদের সম্মুখে দণ্ডায়মান হইয়া এমন স্বল্পম অব্যাজ্ঞ যোগ তত্ত্বই বা কে শিক্ষা দিতে সক্ষম হয়? তাদৃশ যোগপ্রধান মারাবাদাচ্ছন্ন আর্য্যসমাজে বৈতস্ত্যবাপন্ন সরস ভক্তির ধর্ম্মই বা আর কে প্রচার করিতে পারিত? কৃষ্ণচরিত্র বুঝিতে হইলে সংক্ষেপে এই জানিতে হইবে যে, তিনি অদ্বিতীয় সূন্দর শিশু বাৎসল্য রস চরিতার্থের গোপাল, প্রিয়তম সখা, চিত্তহারী প্রেমবানু সুরসিক যুবা, ধনুর্বিদ্যা-বিশারদ রাজনীতিজ্ঞ মন্ত্রী, তত্ত্বদর্শী যোগাচার্য্য, ভাবগ্রাহী ভক্তিরসজ্ঞ পণ্ডিত হইয়া বিভিন্ন সময়ে এক একটি অত্যশ্চর্য্য ক্ষমতার পরিচয় দিয়াছেন। অবতার বল আর মহাপুরুষ বল, ইহাঁর মত বিস্তৃত প্রভাব এবং প্রতিভা ভারতবর্ষের মধ্যে কাহারো হয় নাই।

যে সকল দোষ এবং জঘন্য কলঙ্ক ইহাঁর উপর সচরাচর আরোপিত হয় তদ্বিকল্পে এক্ষণে আমি কিছু সহজজ্ঞানমূলক যুক্তি প্রদর্শন করিতে ইচ্ছা করি। “কৃষ্ণ” এই শব্দার্থ ও ধাতু প্রত্যয়ের মধ্যে অবশ্য কোন দোষ নাই। ইহাঁর যেমন প্রভাব, নামের অর্থ তাহার অক্ষরুপই আছে। কৃষ ধাতু নক্ প্রত্যয় করিয়া কৃষ্ণ হয়। কৃষ ধাতুর অর্থ আকর্ষণ, যিনি জগৎকে আপনাদিকে আকর্ষণ করেন তিনিই কৃষ্ণ। “কৃষিভূঁবাচকঃ শব্দঃ গণচ নিবৃত্তিবাচকঃ। তন্নৈটেরক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ইত্যভিনীয়তে ॥” [গৌতমীয় তন্ত্র] কৃষ ধাতু ভূঁবাচক, গ নিবৃত্তিবাচক, এই দুই অর্থাৎ সত্য ও আনন্দ যে পরব্রহ্মে সম্মিলিত হইয়াছে তাঁহাকে কৃষ্ণ বলা যায়। বাল্যকালের

যে ননৌচুরির অপরাধ তাহা ধৰ্তব্য নহে, কারণ চঞ্চলমতি স্নলক্ষণাক্রান্ত বালকেরা তাহা চিরকাল সৰ্বত্রই করিয়া থাকে। তদনন্তর কয়েক বৎসর পর্য্যন্ত রাখাল হইয়া গোপবালকদিগের সহিত ত্রীকৃষ্ণ গোচারণ ও বাল্যক্রীড়া করিয়াছেন, সে অবস্থায় ইচ্ছাপূৰ্ব্বক কাহারো শস্যক্ষেত্রে গোচারণ করিয়াছেন কি না তদ্বিষয়ে কোন অভিযোগ শুনা যায় নাই। এই সময় বজ্রহরণের বিষয় উল্লেখ আছে। সাত বৎসর বয়সে তিনি গোবর্দ্ধন পূৰ্ব্বত ধারণ করেন, বজ্রহরণ তাহার পূৰ্ব্বে, ভাগবতে একুণ প্রমাণ পাওয়া যায়। গোপবালিকাগণ কাত্যায়নীত্রেতে ব্রতী হইয়া নগ্নবেশে যমুনার স্নান করিতেছিলেন, এমন সময় বয়স্যবালকগণসঙ্গে নন্দতনয় তথার উপস্থিত হইলেন এবং বালিকাগণের পরিত্যক্ত বস্ত্র লইয়া বৃক্ষারোহণ করিলেন। ইহা যে বালক বালিকাগণের বালোচিহ্ন ক্রীড়ামাত্র তাহা স্পষ্টই সিদ্ধান্ত হইবে। ত্রীকৃষ্ণের বাল্যক্রীড়া, অদ্ভুতচরিত্র সন্দর্শনে সকলে বলিত, এমন অদ্ভুতকর্ম্মী স্কুকুমারমতি বালক পল্লীগ্রামে গোপকুলে কিরূপে জন্মিল? বিবস্ত্র হইয়া স্নান করিলে এতভঙ্গ হয় এই কথা বলিয়া তিরস্কার করত গোপীকদিগকে তিনি বলিয়াছিলেন তোমরা আমাকে কৃতাজ্জগিপুটে প্রণিপাত কর। এ সম্বন্ধেও ভাগবতোক্ত বর্ণনার সঙ্গে আধুনিক সংস্কারের কত বৈলক্ষণ্য দৃষ্ট হইবে। তাহার পর দশ হইতে পনের বৎসর বয়সের মধ্যে রাসলীলা ধরা হইয়াছে। এই রাসলীলা যদি একটি নির্দোষ বাল্যক্রীড়া হয়, তাহা হইলে এই ভদ্রমস্তানের অপরাধ কি? বৈষ্ণবধর্ম্মবিরোধীরাও রাসলীলার প্রতি অঙ্গুলিনির্দেশ করিয়া কৃষ্ণকে পরদারাসক্ত ব্যভিচারী বলেন। আধুনিক বৈষ্ণবগণও তাহা স্বীকার করত পরকীরাসাস্বাদন জনা ভগবানের লীলা এই বলিয়া এবং “তেজীয়সাম্ ন দোষায়” এই সংস্কৃত বাক্যের দোহাই দিয়া উক্ত অপরাধ প্রকারান্তরে আপনাদের ইষ্টদেবতার সঙ্কে স্থাপন করেন। এক্ষণে দেখিতে হইবে, কোন প্রমাণানুসারে বিস্ক ও স্বপক্ষ দলের লোকেরা এই দোষ আরোপ করিতে চাহেন? প্রাচীন শাস্ত্রীয় প্রমাণ এবং যুক্তিমূলক সম্ভবনীয়তা ব্যতীত আধুনিক বৈষ্ণবগ্রন্থকারদিগের কথা আমরা মান্য করিতে পারি না। প্রচলিত জনপ্রবাদ বাক্যত গ্রাহ্যই নহে, তাহা

সাধারণ লোকে বিশ্বাস করুক । শ্রীমদ্ভাগবত এ বিষয়ে প্রামাণ্য গ্রন্থ, তাহা হইতে নিম্নলিখিত শ্লোকদ্বয় উদ্ধৃত করা যাইতেছে । “এবং শশাঙ্কবিরাজিতা নিশাঃ স সত্যকামোহুচুরভাবলাগণঃ । সিবৈব আশ্রন্যাবরুদ্ধ-মৌরতঃ সর্বাঃ শরৎকাব্যাকথারসাশ্রয়াঃ । “ ১০ স্ক, ৩৩ অ, ২৬ শ্লোক । এইরূপে সত্যসঙ্কল্প হরি এবং তাঁহার অনুরক্তা অবলাগণ ইন্দ্রিয়বিকার নিবোধ করিয়া শরৎকালীয় কাব্যরসাস্রিত কথা সেবনে শশাঙ্কবিরাজিতা নিশা যাপন করিলেন । “বিক্রোড়িতং ব্রজবধুভিরিদঞ্চ বিবেগঃ শ্রদ্ধাশ্বিন-তোহুশুগুণ্যাদথ বর্ণয়েদাঃ । ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদ্যোগ-মাশ্বপহিনোভাচিরেণ ধীপঃ । “ ১০ স্ক, ৩৩ অ, ৩৯ শ্লোক । ব্রজবধুগণের সঙ্গে ভগবানের এই লীলা যে ব্যক্তি শ্রদ্ধাস্রিত হইয়া শ্রবণ বা বর্ণন করে, সেই ধীর ব্যক্তি ভগবানেতে পবনা ভক্তি লাভ করত হৃদ্যোগ কামকে অচিরে পরিহার করে । হৃদ্যোগকামবিজয়ের জন্যই এই লীলা, কিন্তু সাধারণ্যে ঠিক তাহার বিপরীত অর্থ লইয়া কেহ নিন্দা করে, কেহ নিন্দাকে দেবলীলা বলিয়া তাহাকে প্রশংসার বিষয় মনে করিয়া লয় । রাগবিলাসে ব্রজকুলবধুগণের সঙ্গে শ্রীকৃষ্ণ যেকোন স্বাধীনতার সহিত নির-ঙ্কুশভাবে বিহার করেন তাহা তৎকালের সামাজিক বাবহারবিরুদ্ধ সন্দেহ নাই, বর্তমান তিন্দু আচার ব্যবহারেরও বিপরীত । কেন না তিনি কিশোর বয়স্কা অবলাগণের সঙ্গে সদাসর্বদা একত্র পান ভোজন নৃত্যগীত আমোদ আফ্লাদ ক্রীড়া কৌতুকে রত থাকিতেন, আলিঙ্গন চুম্বন, অঙ্গস্পর্শ ইত্যাদি কথাও ভাগবতে উল্লিখিত আছে, এ সমস্ত আচরণের সঙ্গে ইয়োরোপের সভ্য নরনারী ভিন্ন কেহ সহানুভূতি করিতে পারে না । কিন্তু ঈদৃশ আমোদ আফ্লাদ নৃত্যগীত কেপি সম্ভ্রান্ত ইংরাজ নরনারীদিগকে করিতে দেখিয়া তোমরা কি তাঁহাদিগকে দুষ্স্বাধিত অপবিত্রচরিত্র মনে কর ? সাধ্য কি ? তাহা হইলে অসভ্য বর্বরু বলিয়া ভদ্রসমাজে সকলকে তিরস্কৃত হইতে হইবে । আশ্চর্যের বিষয় যে যে সকল ইয়োরোপীয় জাতি জীলোকদিগের গাত্র স্পর্শ করিবা নৃত্যগীতাদি করেন, পরনারীর সঙ্গে মানা ভাবে বিহার করিয়া বেড়ান, শ্রীকৃষ্ণের নামে তাঁহাদেরও ঘৃণার উদয় হয় । বিশেষতঃ পাদুরী সাছেবেরা এ সম্বন্ধে অত্যন্ত ঘৃণা প্রকাশ



করিয়া থাকেন । কৃষ্ণের রাসবিলাস ইংরাজদিগের নাচ এবং স্বাধীন প্রেম-  
বিহারের অপেক্ষা কি নিকৃষ্ট ব্যবহার বলিয়া স্থির হইবে ? এ দেশে সেরূপ  
প্রথা চলিত নাই বলিয়া, বিশেষতঃ তখন ঋষিপ্রচারিত যোগধর্ম এবং  
জীনক পরিভ্যাগ ইত্যাদি কঠোর বৈরাগ্যপ্রধান ধর্মের অত্যন্ত  
প্রাচুর্য্য ছিল বলিয়া, তাহার অব্যবহিত পরেই একরূপ রাসলীলা একটি  
সাংঘাতিক নূতন প্রথা মনে হইতে পারে, কিন্তু বিশেষ প্রমাণ না  
পাইয়া কেবল কুচিধিক্ক কাণ্ডের জন্য একজন মহৎ লোকের উপর  
এক বড় একটা দোষ দেওয়া কি কখন বিবেকসঙ্গত হইতে পারে ?  
ভাগবতের রাসপঞ্চাধ্যায়ের শ্লোক এবং আধুনিক গ্রন্থকার জয়দেব চণ্ডীদাস  
বিদ্যাপতির লিখিত বাক্যের শকার্থ লইলে রাসলীলাকে ইঞ্জিরবিকাশ-  
ঘটিত জঘন্য কার্যরূপে ব্যাখ্যা করা যায় । কিন্তু আমি তাহা পারি  
না । আমার চৈতন্য, এবং রামানন্দ, হরিদাস, রূপসনাতন প্রভৃতি  
পরিভ্রাঙ্ক্য গুরুজনেরা সেরূপ নিকৃষ্ট অর্থ গ্রহণ করেন নাই । তাঁহাদের  
জীবন যেমন পবিত্র নির্মল ছিল, রাসলীলার ব্যাখ্যানও তাঁহারা তদনুরূপ  
করিয়া গিয়াছেন । বাঁহারা নীচ ঘৃণিত ভাবে উহা বর্ণনা করিরাছেন  
তাঁহাদের অজ্ঞানতা দোষে সাধারণ বৈষ্ণববৈষ্ণবীগণের ভয়ানক অনিষ্ট  
সাধিত হইয়াছে । আজ কাল বাহা দেখিতে পাই, ঠাকুরের রাসলীলা যেন  
অধম ইঞ্জিরাসক্ত বৈষ্ণবগণের নিকৃষ্ট প্রবৃত্তি চরিতার্থের এক দৃষ্টান্ত  
হইয়া পড়িয়াছে । ইহাদের চরিত্র বেরূপ জঘন্য পশুবৎ, ধর্মমত তক্রূপ ।  
ইহাদের চরিত্রের অনুগামী ধর্মমত, কিন্তু ধর্মমতের অনুগামী চরিত্র  
নহে । ছক্কর্ম করিয়া তাহা নির্দোষ সপ্রমাণ করিবার জন্য যেন  
তাহারা এইভাবে রাধাকৃষ্ণকে গ্রহণ করিয়াছে । বাল্যকালে ক্রীকৃষ্ণের  
যে সমস্ত লীলা সূন্দাবনে সংঘটিত হয় তাহা বস্তুতঃ বেরূপ, ভাগবতের  
দশমস্কন্ধে তাহা বর্ণিত আছে । ঐ সমস্ত লীলাবিহারের কোন কোন  
বিষয়ে লম্পটচরিত্র ছক্কুতামম ব্যক্তিদিগের কুক্রিয়ার সঙ্গে বাহু সাদৃশ্য  
আছে বলিয়া আধুনিক বৈষ্ণবগণ কেহ তাহাকে ইন্দ্রিয়বৃত্তি চরিতার্থের  
প্রতিপোষক জ্ঞান করিয়া আপনাদের অপবিত্র কুচি ঘৃণিত বাসনা এবং  
কুংকিত কল্পনার উজ্জল বর্ণে চিত্রিত করিয়াছেন, কেহ বা নিকৃষ্ট

ইঞ্জিয়বটীত ব্যবহার স্বীকার করিয়া লইয়া উহাকে দেবতার লীলা, স্মৃতরাং নির্দোষ, এই কথা বলিয়া সন্তুষ্ট আছেন। শেখোক্তদিগের এই মাত্র উচ্চ ভাব যে, তাঁহারা “তেজীয়সাং ন দোষায়” এই কথা বলিয়া দুর্বল অধিকারীর পক্ষে দেরূপ লীলাভুক্তকরণ বিনাশের কাষণ ইহা স্বীকার করত আপনাদিগকে অপেক্ষাকৃত নিরাপদে রাখিয়াছেন। আধুনিক গ্রন্থোন্নিখিত মান-ভঞ্জন কলঙ্কভঞ্জন নবনারীকুঞ্জর চন্দ্রাবলীকুঞ্জে গমন, আরও অন্যান্ত বিলাসরসের কথা যাহা জনসমাজে প্রচলিত আছে তাহাও আমার বোধ হয় কুকবিদিগের কুকল্পনার ফল, যাত্রা, নাটকের শাস্ত্র ।

গোপীদিগের সঙ্গে কৃষ্ণের প্রেম যে নিলিপ্ত এবং নিকাম তদ্বিশয়ে ভূরি ভূরি প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। অগ্নিশর্মা তেজস্বী ঋষি দুর্কাসা কৃষ্ণকে ব্রহ্মচারী বলতে, প্রধানা গোপিনী বলিলেন, তিনি ব্রহ্মচারী কিরূপে হইলেন ? ঋষি বলিলেন, “যোহি বৈ কামেন কামান্ কাময়তে স কামী ভবতি । যোহি বৈ ত্বকামেন কামান্ কাময়তে সোহকামী ভবতি ।” সকাম হইয়া কামনার বিষয় ভোগ করিলে কামী হয়, অকাম হইয়া করিলে সে অকামী হয়। পরস্পার অঙ্গস্পর্শ এবং তৎসঙ্গে আলাপ কথাবার্তা ইত্যাদি নির্দোষ ব্যবহারও তখন পরদারভিমর্ষণ বলিয়া অভিহিত হইত। “পরদার” অর্থ নানা প্রকারে গৃহীত হয়। এ সম্বন্ধে দোষ ধরিলে অনেক সচ্চরিত্র ইংরাজ ও সুসভ্য বাঙ্গালী ভদ্রলোককেও দোষী করা যাইতে পারে। তন্মধ্যে এক স্থানে লিপিত আছে, “প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমং প্রথাং” গোপীগণের বিশুদ্ধ প্রেম কাম বলিয়া লোকবিখ্যাত হইয়াছে। গোপাল-তাপনীর টাকাকার এই কারণেই “সকামাঃ সর্বস্বীমুখিতা” ইহার অর্থ, প্রেমের সহিত বর্ডমান বুঝাইয়াছেন। শ্রীকৃষ্ণ স্নেহ ছিলেন না, কিন্তু অনাসক্ত চিত্তে গৃহাশ্রমে স্ত্রীপুত্র সহবাস করিতেন, তৎসম্বন্ধে ভাগবতের আর এক স্থানে বর্ণিত আছে যে, যখন তিনি কুকক্ষেত্রের যুদ্ধ জয় করিয়া দ্বারকায় আসিলেন তখন জীগণ তাঁহাকে মূঢ়তা বশতঃ স্নেহ এবং অহুত্রক বোধ করিয়াছিল।

অধুনা তত্ত্বানুসন্ধায়ী কৃতবিদ্যা সমাজেও কৃষ্ণের মহত্ব প্রতিপন্ন করা নিতান্ত কঠিন কার্য্য হইয়া উঠিয়াছে। নিকটশ্রেণীর বিশ্যাভিমानी

অজ্ঞান বৈষ্ণবদিগের উচ্ছিষ্ট মত ঠইারা আদরের সহিত গ্রহণ করেন । এক জন বলেন লীলা, এক জন বলেন অপবিত্র ছুরভিসন্ধি চরিতার্থ । এ বিষয়ে শাস্ত্রীয় প্রমাণ উপরে উল্লেখ করা হইল, যুক্তি এবং সহজজ্ঞান কি বলে তাহাও একবার দেখা কর্তব্য । পনের বৎসর বয়ঃক্রমেব মধ্যে ব্রজলীলা শেষ হয় । এ বয়সের এক জন ভদ্রসন্তানকে ভয়ানক দোষে দোষী করা কি সম্ভব ? তাঁহার পূর্ব জীবন ও পবজীবন ইহাতে কোন দাস্য দান করে না । যে বালক কৈশোরে এত মন্দ পথে যে কি যৌবনে পদার্থগণ করিতে না করিতে ভাল হইয়া যায় ? সেই ক্রম আবার বিদ্যাশিক্ষা আরম্ভ করিয়া পরে যোদ্ধা রাজমন্ত্রী ধর্ম্মাচার্য্য হইতেন । এই সময়েই তাঁহার যথার্থ মহত্ত্ব প্রকাশ পাইয়াছে । যিনি এমন গভাবতম বোগ এবং প্রগল্ভা ভক্তির কথা শিক্ষা দিলেন তাঁহাকে চিরকাল বাসলাগার কৃষ্ণ বলিয়া নিন্দা করিতে হইবে, ইহা কোন ধর্ম্মের মত ? অজিহেৎসুর বৈষ্ণবদিগের চরিত্র দেখিয়া কি তাঁহার জীবন বিচার করা উচিত ? পনের বৎসর বয়সের মধ্যে যে কার্য্য শেষ হইয়া গিয়াছে হৃদ্বারা ভবিষ্যতের সমস্ত জীবন কখন বিচাৰিত হইতে পারে না । তাদৃশ তরুণ বয়সে বৃন্দাবন পরিভ্রমণ করিয়া আবার একবারও শ্রীকৃষ্ণ তথায় ফিরিবেন না ইহাতেই বা কি বুঝায় ? বাহারা চিন্তা না করিয়া সহসা মন্দ ভাব অব্যাপ করেন তাঁহাদের জানা উচিত, একটি রাজ্যের ভিতরে গৃহস্থ নরনারীর মধ্যে বাস করিয়া তাদৃশ নীচ কার্য্যে রত থাকিলে সে ব্যক্তির জীবন কখন নিরাপদ থাকিত না, নগরে পরিবারে শান্তি কুশলও রক্ষা পাইত না, বৃন্দাবনের গোপবৃন্দ আপনাপন স্ত্রী কন্যাগণকে সেরূপ ব্যক্তির নিকট বাইতেও দিত না । যুদ্ধ ও রাজকার্য্য সম্বন্ধে তাঁহার বৈষ্ণবিক বুদ্ধিমত্তা রাজনৈতিক কৌশল চতুরতা অবশ্য যোগ ভক্তিপ্রেমলীলার সঙ্গে সমঞ্জস হয় না, তদ্বিষয়ে বাহা বলিতে চাও বল, কিন্তু মহতের মহত্ত্ব কি শুদ্ধারা একবারে বিলুপ্ত হইতে পারে ? কৃত্তবিদ্যা উদার চিন্তাশীল ব্যক্তিদিগের তাহা মনে করা কদাপি উচিত নহে । চৈতন্যের ন্যায় সাধু বাহার জন্ত উন্মত্ত, তাঁহাকে নিন্দা ও উপেক্ষা করিতে হইলে অন্ততঃ একটু চিন্তাও করিতে হয় । ভারতবর্ষের অধিকাংশ নরনারী শ্রীকৃষ্ণকে দেবত বলিয়া পূজা করিতেছে ইহারও কি কোন

অর্থ নাই ? তাঁহার প্রচারিত যোগ ও ভক্তিতত্ত্ব সাধকদিগের নিকট অতীব মহামূল্য নামগ্রী বলিয়া প্রতীত হয় । অবশ্য নিজ জীবনে ইহা হৃদয়ঙ্গম করিয়াই তিনি বলিয়াছেন তাহাতে সন্দেহ নাই । যে ভক্তির ইতিবৃত্ত আমি অন্বেষণ করিতেছি তাহার প্রথম অধ্যায় এই যোগাচার্য্যের নিকট ভিন্ন আর কোথাও পাই না ।

কৃষ্ণের পূর্বে সনক সনাতন নাবদ ঋব প্রহ্লাদের জীবনে ভক্তির লক্ষণ অভিলক্ষিত হয়, ইহঁারা সকলে চতুর্ভূজ বিষ্ণুমূর্তি পূজা করিয়া গিয়াছেন । চৈতন্যের কিছু পূর্বে হইতে দ্বিভূজ মূর্তির পূজা আরম্ভ হইয়াছে । ধর্ম্মবিজ্ঞানসম্বন্ধে কৃষ্ণ অদ্বৈতবাদী ছিলেন । পূর্বাচার্য্যগণ উপদেশ দিবার সময় যেমন আপনাদিগকে ঈশ্বরতাবাসন্ন অভেদাত্মরূপে প্রকাশ করিতেন, ইনিও সেইরূপ করিয়াছেন । ধর্ম্মের যথার্থ তত্ত্ব কথা মনুষ্যমুখ হইতে বাহির হয় না, অসং ঈশ্বরই তাহার প্রেরয়িতা এই দৈবাবিষ্ট ভাব সে সময় সকল গুরু ও আচার্য্যদিগের মধ্যেই প্রবল ছিল । ঈশ্বরের সহিত এক না হইলে মনুষ্য তাঁহার কথা বলিতে পারে না, এ কথা তাৎপর্য্য অতি গূঢ় সন্দেহ নাই । কৃষ্ণ অদ্বৈত ভাবের মধ্যে থাকিয়াও ভক্তির উপদেশ দিয়াছেন । বস্তুতঃ উচ্চ অর্থে অদ্বৈতবাদ সকল ধর্ম্মের চরমাবস্থা । ঈশ্বরের এ মস্ত অনুগত হইলে জীব সত্ত্ব অস্তিত্ব ধারণ করিয়াও ভাবে ইচ্ছায় কার্য্যে তাঁহার সঙ্গে এক হইয়া যায়, এ কথা অন্যান্য সাধু মহাত্মারাও বলিয়া গিয়াছেন । যোগেব অদ্বৈতবাদমতে জগৎ মায়ী, ঈশ্বর নিগুণ, ভক্তির অদ্বৈতবাদে ঈশ্বর সগুণ, কাম্যশীল, জগৎ তাঁহার রূপ এই প্রভেদ । কাধ্যকালে মনুষ্য আপনার স্বাতন্ত্র্য বিস্মৃত হইতে পারে না, কিন্তু মুক্তাবস্থা প্রাপ্ত হইলে জীব ইচ্ছাতে ঈশ্বরের সঙ্গে একীভূত হইয়া যায় । কৃষ্ণ যোগ করিতেন এবং তদবস্থাতেই প্রাণ ত্যাগ করেন । তাঁহাকে চিনিতে হইলে গীতা এবং ভাগবতের একাদশ স্কন্ধ পড়িতে হয় । সে সমুদায় অমূল্য তত্ত্বপোদেশ মহাপুরুষ ভিন্ন কেহ দিতে পারে না । এক্ষণে শিক্ষিত সম্প্রদায় তাঁহাকে যেরূপ হতশ্রদ্ধা করেন তিনি তাহার ঠিক বিপরীত ভাবের পাত্র ছিলেন । ভারতের এত লোকে কোন বৎসামান্য ব্যক্তিকে কখন অবতার বলে নাই । কিছু অলৌকিক দেবতাব তাঁহাতে

দেখিতে পাইয়াছিল তাহাকে আর সন্দেহ নাই। যে রাসলীলা বহু লোকের  
 ঘৃণা উদ্দীপক হইয়া আছে, রামানন্দের ন্যায় সিদ্ধাশ্রমী তাহা বর্ণন করিতে  
 করিতে এবং চৈতন্যের ন্যায় দেবাত্মা তাহা গুণিতে গুণিতে মুগ্ধ হইয়াছি-  
 কেন। কত সাধু উগ্ৰবক্তৃতা বাক্তি রাসপঞ্চাখ্যার পাঠ করিয়া অদ্যাপি  
 বিগুঞ্জ প্রেমপিপাসাকে চরিতার্থ করিতেছেন। সংস্কার ও বিশ্বাসগুণে একই  
 বিষয় লোকের অন্তঃকরণে বিপরীত ভাবে উদ্দীপক হইয়া থাকে, ইহা সে  
 বিষয়ের দোষ, কি মনুষ্যের দোষ তাহা বুঝিতে হইবে। এই কৃষ্ণ হইতে  
 ভক্তির ধর্ম বিকাশ হইয়া ক্রমে ভারতবর্ষে বহুল বৈষ্ণব সম্প্রদায় সঞ্জন  
 করিয়াছে। স্বভাবের অধীন হইয়া সংসাবাশ্রমে পরিবারমধ্যে বাস  
 করিয়া যোগ ভক্তি সাধন করা যায়, মানবতত্ত্বদর্শী শ্রীকৃষ্ণ এ কথা পরি-  
 কাররূপে শিক্ষা দিয়াছেন। গীতা ভাগবতের কোন কোন স্থান উদ্ধৃত  
 করিয়া পরে আধুনিক সময়েও ভক্তির উন্নতিবিষয়ে কিছু বলিয়া আমি  
 গ্রন্থ শেষ করিব। ‘আপূর্ণ মাগমচলপ্রতিষ্ঠঃ সমুদ্রমাগঃ প্রবিশন্তি যবৎ ।  
 জম্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে স শান্তিমাশ্নোতি ন কামকামী’। গীতা  
 ২ অ, ৭০ শ্লোক। নানা দিক হইতে নদ নদী সকল আসিয়া সমুদ্রে পতিত  
 হইতেছে অথচ তাহার হ্রাস বৃদ্ধি নাই, তেমনি কামনার বিষয় সকল  
 যাহার চিত্তকে বিচলিত করিতে পারে না তিনিই শান্তি লাভ করেন, ভোগ  
 কামনাশীল ব্যক্তির কখন তাহা লাভ হয় না। এই উপদেশাত্মরূপ দৃষ্টান্তও  
 আমরা কৃষ্ণের জীবনের নানাবস্থায় পুনঃ পুনঃ দেখিতে পাই। শান্তিল্য ঋষি  
 ভগবদঙ্গীভায় যে ভক্তিভাব প্রচারিত হয় তাহা লইয়া ভক্তিমীমাংসা কৃত  
 লিখিয়াছেন। এই ভক্তি ক্রমে বিকসিত হইয়া ভাগবতের একাদশ স্কন্ধে পূর্ণতা  
 প্রাপ্ত হইয়াছে। ভক্তিপথ কাহাকে বলে পর্যানুরাগী ব্যক্তি মাত্রেই তাহা অব-  
 গত আছেন, তথাপি অহৈতুকী ও সাধনভক্তি সন্ধে ভাগবতের দুইটি শ্লোক  
 উল্লিখিত দিলাম। “লক্ষণং ভক্তিব্যাগস্য নিগুণস্য হৃদীভ্যক্তং ! অহৈতুক্য-  
 দ্যবহিতা বা ভক্তিঃ পুরুষোত্তমে ॥” পুরুষোত্তম ভগবানে যে শুদ্ধভক্তি  
 তাহাকে অহৈতুকী অব্যবহিতা ভক্তি বলিয়া কথিত হইয়াছে। “শ্রবণং  
 কীর্তনং বিষ্ণোঃ শ্রবণং পাদনেষমং । অর্চনং বন্দনং দাস্যং সখ্যামানবিনে-  
 দনং । ইতি পুংসর্পিভ্য বিষ্ণৌ ভক্তিশেষম লক্ষণং ॥” পরমেশ্বরের নাম শুণ

কীর্তন, ও স্মরণ, তাঁহার পদসেবা পূজা বন্দনা দাস্য ও সখ্যভাব এবং আত্ম-নিবেদন এই নবসঙ্গমযুক্ত ভক্তিকে সাধনভক্তি বলে। ভক্তি কাহাকে বলে তাহা আর এখানে বিশেষ করিয়া বলিবার প্রয়োজন নাই। কৃষ্ণের জীবন হইতে ভক্তির শাস্ত্র উৎপন্ন হইয়া, চৈতন্যজীবনে তাহা ব্যাখ্যাত হইয়াছে। কৃষ্ণ ভক্তিপ্রেমে মাতুরা যদি চৈতন্যের মত অচেতন হইতেন, তাহা হইলে আর এ বিষয়ের তত্ত্ব তিনি প্রচার কবিত্তে পারিতেন না। চৈতন্য মাতিলেন, স্মরণং স্মরণং ভক্তিশাস্ত্রকর্ত্তা না হইয়া ভক্তি পদার্থের স্বরূপ প্রত্যক্ষ দেখাইয়া গেলেন। তিনি শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলারস-পিপাসু হইয়া ভক্তির চরমাবস্থা মহাভাবের দ্বীপ্ত প্রদর্শন করেন, কিন্তু কৃষ্ণ-লীলা অনুকরণ না কবিত্তা বরং বৈষ্ণোপনয় অবলম্বনপূর্ব্বক সংন্যাসী সর্পরতাগী হইয়া যোষিৎসঙ্গ এককালে পবিহার কবিত্ত তদ্বিপরীত নীতি দেখাইলেন। এ বিষয়ে চৈতন্যদাস, ভগবান্দাস প্রভৃতি আধুনিক বৈষ্ণব-গণ চৈতন্যের পথ অনুসরণ করিয়া ধন্য হইয়াছেন। বর্ত্তমান বৈষ্ণবদলের কেহ কেহ যদি এইরূপ সংন্যাসব্রত ধারণ কবিত্তা ভক্তিসাজন করিতেন, তাহা হইলে এ ধর্ম্মের অনেক গোরব রক্ষা পাইত। এখানে শ্রীকৃষ্ণের সঙ্গে চৈতন্যের কেমন প্রভেদ! এক জন স্ত্রীজাতির মর্ধ্যাদা রক্ষা করিয়া তৎসঙ্গে বিশুদ্ধ প্রেম প্রচার করিলেন, এক জন স্ত্রীলোকের মুখ পর্য্যন্ত দেখিতেন না। প্রথমোক্ত প্রেম অত্যন্ত উচ্চ, নির্দিকারচিত্ত পবিত্রমনা হইয়া তাহা পালন করিতে পারিলে স্বর্গ লাভ হয়, কিন্তু অঙ্কুরণকারীদিগের ইহাতে প্রায়ই নরকভোগ হয়। নারীজাতির সঙ্গে বিশুদ্ধ প্রেমব্যবহার দেবতাদিগেরও প্রার্থনীয়, এবং ইহাই সর্ব্বোপরি কর্ত্তব্য। বাহা হউক, কৃষ্ণলীলা হইতে সাধারণ নারীকুলের প্রতি শাপকগণের প্রতি সঞ্চারণ হইয়াছে। বৈষ্ণব সম্প্রদায়ে এ প্রকার পবিত্র প্রেমের সন্দৃষ্টান্ত আছে। মুনি ঋষিদিগের আচরিত কঠোর 'বৈরাগ্য সংসারত্যাগ' বৃনগমন ইত্যাদি প্রথার পরে শ্রীকৃষ্ণ প্রেমের ধর্ম্ম আনিলেন, স্ত্রীজাতিকে ভাল বাসিয়া গৃহশ্রমে পরিবার-মধ্যে যোগভক্তি প্রেমের ধর্ম্ম প্রচার করিলেন। এখানে বলা আবশ্যিক যে, ভাগবতের তৃতীয় স্কন্ধে কপিলদেব তাঁহার মাতা দেবহৃতির প্রতি ভক্তির উপদেশ দিয়া গিয়াছিলেন, ইহাতে ভক্তির আভাস প্রাপ্ত হওয়া যায়।

অহুমান উনিশ শত বৎসর পূর্বে দাক্ষিণাত্য প্রদেশে শৈবধর্মের অত্যন্ত প্রাচুর্য্য ছিল। তৎকালের যে দুই একটি বৈষ্ণব সম্প্রদায়ের কথা শুনিত পাওয়া যায় তাঁহাদিগকে কেহ গণ্য করিত না। সপ্তম শতাব্দীর শেষে বা অষ্টম শতাব্দীর আরম্ভে ঐ দেশে শঙ্করাচার্য্য জন্মগ্রহণ করেন তাঁহাকে লোকে শিবাবতার বলিত। পরে কেশবাচার্য্যের পুত্র রামানুজ আচার্য্য অবতীর্ণ হন। রামানুজ, বিষ্ণুস্বামী, মধ্বাচার্য্য, এবং নিম্বাদিত্য পূর্বকালে হিন্দুস্থানে এই চারিটি বৈষ্ণব সম্প্রদায়ের নাম প্রাপ্ত হওয়া যায়। রামানন্দী বা রামান্দ, দাছ, বলা, বল্লাভাচার্য্য প্রভৃতি বৃহৎ ও ক্ষুদ্র বহুতর বৈষ্ণব সম্প্রদায় বাহা দক্ষিণ ও পশ্চিম ভারতে অদ্যাপি দৃষ্টিগোচর হয় তাহা উক্ত চারি প্রধান সম্প্রদায়েরই অন্তর্গত শাখা প্রশাখা। ইহাতে বিষ্ণু এবং রামের উপাসনা প্রচলিত ছিল, রাধাকৃষ্ণের উপাসনা প্রায় দেখা যায় না; এবং ভক্তি প্রেমের প্রবৃত্তি এবং এ সকলের মধ্যে ছিল না। ভক্তির কোন কোন ভাব দেখা দিয়াছিল এই মাত্র। নিম্বাদিত্য সম্প্রদায়ের লোকেরা রাধাকৃষ্ণমূর্ত্তি পূজা করিত। প্রকৃত ভক্তি চৈতন্যদেবই প্রদর্শন করেন। চৈতন্যপ্রদর্শিত ভক্তির ন্যায় প্রগল্ভা ভক্তি পৃথিবীর কুত্রাপি দৃষ্টিগোচর হয় না। পঞ্জাবে শিখ সম্প্রদায়ের সংস্থাপক বাবা গুরু নামক সে দেশে যে ভক্তি প্রচার করিয়া যান তাহাও অতি আশ্চর্য্য। তিনি ১৪৬৯ খ্রীষ্টাব্দে অর্থাৎ চৈতন্যের ষোল বৎসর অগ্রে জন্মগ্রহণ করিয়া ৬৯ বৎসর পর্য্যন্ত জীবিত ছিলেন, এক সময়ে দুই জন দুই স্থানে এক হরিভক্তি প্রচার করেন। চৈতন্যের পাঁচ বৎসর পরে নানকের পরলোক প্রাপ্তি হয়। নানক প্রচারিত হরিভক্তির প্রভা শিখ কুকা নিরাঙ্কায়ী প্রভৃতি সম্প্রদায়ের মধ্যে অদ্যাপি স্পষ্ট প্রকাশ পাইতেছে। নামগান, গ্রন্থপাঠ, সাধুভক্তি, নানক সম্প্রদায়ের মধ্যে বিলক্ষণ প্রচলিত আছে। এতু খড় বলবান পঞ্জাবীদিগকে এই ধর্মের গুণে যেন নির্দোষ মৌলশাবকের ন্যায় নম্ন করিয়া রাখিয়াছে। পুরুষ পরম্পরায় সেই ভাব সংক্রামিত হইয়া অশেষ কীর্ত্তি স্থাপন করিয়াছে। তন্মধ্যে অমৃতসরোবরের গুরুদরবার একটি অত্যাশ্চর্য্য কীর্ত্তিস্তম্ভ। সেখানে বারমাস অষ্ট প্রহর কাল নামগান, গ্রন্থপাঠ সাধুসনাগম হইয়া

পাকে। এ প্রকার চিরউৎসবের ধর্মমন্দির পৃথিবীর কোন স্থানে নাই। নানকপ্রতিষ্ঠিত ধর্মসম্প্রদায় শেষে একটি বোদ্ধা জাতি সংগঠন করিয়াছে। এই জাতি একটি প্রকাণ্ড দল হইয়া বহুতর যুদ্ধ করিয়াছে। ইহা দ্বারা মহাপুরুষদিগের প্রভাব কেমন তাহা বুঝিতে পারা যায়। দেশ এবং জাতির সমুদায় নরনারী তাঁহাদের নামে ক্ষিপ্তপ্রায় হয়। মহম্মদের শিষ্য-গণ এ বিষয়ে জীবন্ত দৃষ্টান্ত দেখাইয়াছে এবং অদ্যাপি দেখাইতেছে।

পূর্ণ ভক্তির বিকাশ আমরা স্বদেশবাসী বঙ্গকুপতিলক চৈতন্যের জীবনে দেখিতে পাইয়াছি। ইতিপূর্বে ভারতবর্ষে যত যত বৈষ্ণবসম্প্রদায় দৃষ্টি-গোচর হইত তাহা দ্বারা বৈধ অর্থাৎ সাধনপরতন্ত্রা ভক্তি প্রচারিত হইয়াছিল। চৈতন্য কর্তৃক অহৈতুকী মহাভাবনরী ভক্তির অসাধারণ ভাব জগতে প্রচারিত হইয়াছে। তিনি শ্রীকৃষ্ণকে পুণ্ড্রকোর অবতার পিতা মাতা সখা স্বামী বলিয়া পূজা করিতেন এবং তাঁহার প্রেমময় সচ্চিদানন্দ রূপ সদা সর্বক্ষণ দর্শন আশঙ্কনের জন্য উৎকণ্ঠিত থাকিতেন। কি এক অপূর্ব রূপমাধুর্য্যরসে তাঁহার মন মজিয়াছিল যাহা আমরা কল্পনাতেও অনুভব করিতে পারি না। কৃষ্ণবর্ণ ত্রিভঙ্গমুরারি শ্যামরূপের বাহ্য সৌন্দর্য্যে চিত্ত কি একরূপ বিশুদ্ধ হইতে পারে? আরও কিছু তিনি দেখিয়াছিলেন। তাহা সচ্চিদানন্দবিগ্রহ চৈতন্যরূপী ভগবান্। পরশ্রীর অনন্ত গুণ সৌন্দর্য্য মহিমা মাধুর্য্য অবশ্য তিনি সেই শ্যামরূপের অভ্যন্তরে দেখিতেন। প্রকৃত দেবদর্শন না হইলে এমন অদ্ভুত প্রেমবিকার কি উপস্থিত হয়? তবে মুর্ত্তির ভিতর দিয়া তাহা তিনি দেখিতেন। নিরাকারব্রহ্মবাদী যোগি-জনেরাই কি সকলে প্রকৃত ব্রহ্মদর্শনসুখ প্রাপ্ত হন? অনেকেই অন্ধকার শূন্য এবং কাল্পিত মানসপুত্রলিকা দেখিয়া ফিরিয়া আসেন। দিব্যচক্ষু থাকিলে ভক্ত তদ্বারা সমস্ত আবরণ ভেদ করিয়! দেবদর্শন লাভ করেন। চৈতন্যের সে চক্ষু ছিল। তিনি মৌখিক বা কথিত কিম্বা লিখিত গ্রন্থ দ্বারা কোন ধর্মশাস্ত্র প্রচার করেন নাই। দিবা নিশি ভাবরসেই উন্নত অব-সর কোথায়? কেবল জীবন দ্বারা ভক্তির লক্ষণ দেখাইয়াছেন। তৃণের ন্যায় বিনয়, তরুর ন্যায় সহিষ্ণু, আপনি অভিমানশূন্য হইয়া অপরকে মান দান, এইরূপে সর্বদা হরিসঙ্কীর্ণন কর, এই মাত্র তাঁহার উপদেশ



ছিল। তাঁহার মত বিনয়ী এবং প্রমত্ত ভক্ত আর দেখা যায় না। বিজ্ঞান প্রতিপাদিত উদেশও তিনি কোন কোন পণ্ডিতমণ্ডলীতে দিয়াছিলেন; কিন্তু সে তাঁহার ধর্মপ্রচারের অবলম্বিত পথ নহে। জ্ঞান বুদ্ধি বিচার এ সকলকে তিনি ভক্তিরসে ডুবাইয়া ধর্মার্থীদের হৃদয়ে শক্তি সঞ্চার করিতেন, এই জন্য বৃষ্টিবার অগ্রে লোকে তাঁহার শিষ্য হইয়া পড়িত। প্রত্যক্ষ দৈবশক্তির নিকট উপদেশ আর কি করিবে? তাঁহার চর্জের ভক্তিপ্রভাবে লোকের জ্ঞান বুদ্ধির গর্ভ অগ্রেই চূর্ণ হইয়া যাইত। পরে রূপ সনাতন জীব ইহঁদেরা ধর্মগ্রন্থ রচনাপূর্বক প্রেম ভক্তির মুগ্ধাণুস্ম তত্ত্ব নির্ণয় করিলেন। চৈতন্যের প্রধান শিষ্য নিত্যানন্দ অষ্টমত বঙ্গদেশে ধর্ম প্রচার করেন। বৈষ্ণবেরা চৈতন্যকে কৃষ্ণ রাধিকার অর্থাৎ স্বয়ং ভগবানের পূর্ণাবতার বলেন। শ্রীকৃষ্ণ বৃন্দাবনে রাধিকার সহিত লীলা করিয়া সম্পূর্ণ ভগ্নাবস্থায় পড়িতে পারিলেন না, শ্রীরাধিকা যে রূপ আনন্দ ভোগ করিলেন তদ্রূপ তাঁহার ভাগ্যে ঘটিল না, এই জন্য উভয়ের সুখ সম্ভোগার্থ উভয়ে এক দেহ হইয়া গৌর হইলেন। এ কথা আধ্যাত্মিক অর্থ আছে। মানব প্রকৃতির স্ত্রী পুরুষ যুগল ভাবের সামঞ্জস্য তাঁহাতে ছিল। ইহঁাকে ভক্তাবতারও বলিয়া থাকে। “অস্তঃক্ৰমো বহির্গৌরঃ” এটরূপ নানা কথা চলিত আছে। গৌরাজ পূর্ণাবতার কি অংশাবতার তাহা মীমাংসা করিবার জন্য নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র এক সভা করেন। প্রবাদ আছে কোন নারীর উপর দৈবশক্তি সঞ্চার করিয়া তাহার নখ দ্বারা এই শ্লোকটি লিখাইয়া লয়েন, যথা “গৌবান্দো ভগবন্তক্তো নচ পূর্ণো ন চাংশকঃ”। ইহার অর্থ দুই প্রকার হয়, বৈষ্ণবেরা বলেন, তিনি ভক্তও নহেন, অংশও নহেন পূর্ণ। অপরে বলেন, তিনি পূর্ণও নহেন, অংশও নহেন, কিন্তু ভগবন্তক্ত।

চৈতন্যের প্রধান প্রধান ভক্ত শিষ্যগণের নাম এই স্থলে দেওয়া যাইতেছে। হরিপ্রেম অমৃতফলের বীজ পূর্বীসম্রাট্যের গুরু মাধবেন্দ্রপূরী অঙ্কুরিত করেন, তাঁহার শিষ্য দীক্ষরপূরী সেই অঙ্কুরকে স্বকল্পে পরিণত করেন। নয় জন পুরীগোস্বামী চৈতন্যরূপ ভক্তিবৃক্ষের মূল, নিতাই অষ্টমত তাহার দুই প্রধান শাখা, তাহা হইতে বহু শত উপশাখা উৎপন্ন

হইয়া বঙ্গদেশে ভক্তিকল বিতরণ করিয়াছে। এক্ষণে তৈতন্যের শ্রীবাস শ্রীরাম শ্রীপতি শ্রীনিধি চারি ভাই, চন্দ্রশেখর আচার্য্য, পুণ্ডরীক বিদ্যানিধি, গদাধর পণ্ডিত, বক্রেশ্বর পণ্ডিত [ ইনি নৃত্যতে প্রধান ছিলেন, ] পণ্ডিত জগদানন্দ, [ ইনি প্রভুকে শাবীরিক সূখে রাখিতে চেষ্টা করিতেন, ] পানিহাটীর রাঘব পণ্ডিত, তাঁহার সঙ্গী মকরধ্বজ কর, গঙ্গাদাস পণ্ডিত, দামোদর, তস্য অহুজ শঙ্কর পণ্ডিত, আচার্য্য পুরন্দর, সদাশিব পণ্ডিত, প্রহ্লাদ ব্রহ্মচারী, নারায়ণ পণ্ডিত, শ্রীমান পণ্ডিত, [ ইনি প্রভুর নৃত্যের সময় মসাল ধরিতেন, ] গুরাধর ব্রহ্মচারী, নন্দন আচার্য্য, গায়ক মুকুন্দ দত্ত, বাসুদেব দত্ত, যবন হরিদাস, মুরারি গুপ্ত, শ্রীমান সেন, গদাধর দাস, শিবানন্দ সেন, গোবিন্দ দত্ত কীর্তনায়ী, বিজয় দাস পুথিলেখক, খোলাবেচা শ্রীধর, ভগবান্ পণ্ডিত, জগদীশ পণ্ডিত, হিরণ্য, প্রভুর ছাত্র পুরুষোত্তম, সঞ্জয়, বনমালা পণ্ডিত, বুদ্ধিমন্ত খাঁ, গরুড় পাণ্ডিত, গোপীনাথ সিংহ, দেবানন্দ পণ্ডিত, শ্রীধণ্ডবানী মুকুন্দদাস, রঘুনন্দন, নরহরিদাস, চিরঞ্জীব, স্থলোচন, কুলীনগ্রামের সত্যরাজ, রামানন্দ, যত্ননাথ, পুরুষোত্তম, শঙ্কর, বিদ্যানন্দ, বাণীনাথ বসু, অনুপম, শ্রীরূপ, সনাতন, তস্য শাখা জীব, রাজেন্দ্র, ভট্ট রঘুনাথ, দাস রঘুনাথ, শঙ্কবারণ্য আচার্য্য, কাশীনাথ রুদ্র, ঞনাথ পণ্ডিত, জগন্নাথ আচার্য্য, বৈদ্য কৃষ্ণদাস, কবিত্ত গায়ক বঞ্জীবর, শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, কেশান, শ্রীনিধি ও গোপীকান্ত মিশ্র, স্তুবুদ্ধি মিশ্র, হৃদয়ানন্দ, কমল নয়ন, মহেশ পণ্ডিত, মধুসূদন কর, পুরুষোত্তম শৃগালি, জগন্নাথ দাস, বৈদ্য চন্দ্রশেখর, দ্বিজ হরিদাস, রামদাস, গোপাল দাস, ভাগবতাচার্য্য, ঠাকুর সারঙ্গ দাস, বিপ্র জানকীনাথ, বিপ্র বাণীনাথ কীর্তনায়ী, গোবিন্দ, মাধব, বাসুদেব ঘোষ, অভিরাম, মাধব আচার্য্য, কমলাকান্ত, শ্রীযত্ননন্দন, জগাই মাধাই প্রভৃতি অনেক গুলি প্রাচীনশিষ্য ছিলেন। উড়িষ্যা দেশের প্রধান শিষ্য, নার্কভৌম ভট্টাচার্য্য, গোপীনাথ আচার্য্য, কাশী মিশ্র, প্রহ্লাদ মিশ্র, রায় ভবানন্দ, রামানন্দাদি পঞ্চ ভ্রাতা, রাজা প্রতাপরুদ্র, কৃষ্ণানন্দ, পরমানন্দ মহাপাত্র, শিবানন্দ, ভগবান্ আচার্য্য, ব্রহ্মানন্দ ভারতী, শিখি মাহিতি, মুরারি মাহিতি, মাধবী দেবী, ভৃত্য গোবিন্দ, রামাই, নন্দাই, কুলীন ব্রাহ্মণ কৃষ্ণদাস—[ প্রভুর তীর্থ যাত্রার সঙ্গী, ] বলভদ্র ভট্টাচার্য্য, ছোট হরিদাস, রাম-

ভদ্র আচার্য্য, সিংহেশ্বর, তপন মিশ্র, নীলাশ্বর, সিংহ ভট্ট, কামভট্ট, দত্তর শিবানন্দ, কমলানন্দ, অদ্বৈততনয় অচ্যুতানন্দ নির্লোম গঙ্গাদাস ও বিষ্ণুদাস প্রভৃতি । নিত্যানন্দের সঙ্গে গদাধর দাস আর রামদাসকে দিয়া গৌড়দেশে প্রচারার্থ প্রেরণ করা হয় । মাধব ও বাহুদেব ঘোষ ইহঁদের সঙ্গে কীর্তিনীয়া গায়ক ছিলেন । নিত্যানন্দ কিছু দিন পবে বিবাহ করেন । বসু ও জাহ্নবা নামে তাঁহার দুই স্ত্রী ছিল । বীরভদ্র নামক তাহার এক সন্তান মহা যশস্বী পণ্ডিত হইয়া অদ্বৈতবাদ মত প্রচার করাতে পিতাকর্তৃক ত্যজ্যপুত্র হন । নিতাইয়ের শিষ্যগণ শৃঙ্গ বেত্র ময়ূরপুচ্ছ ধারণ করিতেন । “চৈতন্য ভাগবত” লেখক ভ্রামসের নারায়ণী নামী কন্যার পুত্র বৃন্দাবন দাস, এবং সূর্য্য বন্দিক কুলের পূর্বপুত্র উদ্ধরণ দত্ত, জীবি গোস্বামী এবং আরো অনেক গুলি প্রধান লোক ইহঁদের শিষ্য এবং সঙ্গী ছিলেন । বঙ্গদেশের মধ্যে নিতাই অনেক লোককে বৈষ্ণব করেন ।

শান্তিপুরে অদ্বৈত আচার্য্যের সঙ্গে আর কতকগুলি প্রধান প্রধান ভক্ত যোগ দিয়া ধর্মপ্রচার করেন । ইহঁদের মধ্যে আবার দুই দল হয় । ক্রমে নিত্যানন্দ ও অদ্বৈতের শিষ্য পণ্ডিত্য এবং পুত্র পৌত্র দ্বারা বৈষ্ণব সমাজ বিস্তৃত হইয়াছে । খন্দকার গোস্বামীর নিত্যানন্দের এবং শান্তিপুরের গোস্বামিগণ অদ্বৈতের বংশ । তদ্ব্যতীত আর যে সকল বৈষ্ণব গুরু গোস্বামী নানা স্থানে দৃষ্টিগোচর হয় তাঁহারা অধিকাংশ চৈতন্য প্রভুর শিষ্য ছয় জন গোস্বামী যথা—রূপ, সনাতন, জীব, ভট্ট রঘুনাথ, দাস রঘুনাথ, গোপাল ভট্ট, ইহঁাদেরই গুরুবর্ত্তী । ইহঁারা শিষ্যদিগকে ছড়িদার ফৌজদার দ্বারা শাসন করেন, তাহাদিগের নিকট কর সংগ্রহ করেন, প্রত্যেকের স্বতন্ত্র কার্য্যবিভাগ আছে । সখীভাবক, রাধাবল্লভী, বলরামী, গৌরবাদী, খুসি বিশ্বাসী, সহজী, অক্ষয়ল, সাঁই, দরবেশ, ন্যাড়া, বাউল সাহেবধনী, রামবল্লভী, কর্ণাভজা, স্পষ্টদায়ক প্রভৃতি অনেক গুলি ক্ষুদ্র ক্ষুদ্র শাখা গত চারিশত বৎসরের মধ্যে চৈতন্যের মূল বৃক্ষ হইতে বাহির হইয়াছে । এ সকল সম্প্রদায়ের প্রবর্ত্তক অধিকাংশ সামান্য অজ্ঞান লোক, ইহঁাদের অনেকের ব্যবহার অতিশয় জঘন্য ; কেহ কেহ উৎকৃষ্ট মতও

ভক্তকথা প্রচার করে বটে, কিন্তু ব্যবহার সাধারণ ভক্তসমাজের নিকট ঘৃণিত । সামান্য লোকেরাই প্রায় ইহাদের সভ্য ।

প্রথমাবস্থায় বৈষ্ণব সম্প্রদায়মধ্যে নাম গান, মালা জপ, উপবাস, দেবপূজা ইন্দ্রিয়সংযম ইত্যাদি চৌষাট্ট প্রকার সাধন বিধি ছিল : এক্ষণে তাহার অসার আড়ম্বল কিছু কিছু বিন্যাসিত আছে । গোস্বামিগণ শিষ্যদিগকে স্থাবর সম্পত্তি বিক্রয় করিয়া তুলিয়াছেন । ভিতরে ভিতরে অনেকে মদ্য মাংস, গুলি গাঁজা খান, ব্যভিচার করেন, শিষ্যের নিকট অর্থ গ্রহণ করেন, অবশ্য পণ্ডিত সচ্চারিত্র লোকও আছেন । ছুঃখী কৃষক, অশিক্ষিত ব্যবসায়ী এবং অন্যান্য নিম্ন শ্রেণীর লোকেরা কেবল সামাজিক ভয়ে অর্পণশীল গুরুদিগকে পোষণ করে, কিন্তু তৎপরিবর্তে জ্ঞান ধর্ম নীতি বিষয়ে কিছু মাত্র উপকাঃ প্রাপ্ত হয় না, গুরুভক্তিও তাহাদের আর তেমন নাই । এই সকল নিরীহ অধো ব্যক্তি অদ্যাবধি গুরুকর্তৃক প্রবঞ্চিত হইতেছে দেখিলে মনে কষ্ট হয় ।

নিত্যানন্দ ভেঙ্ক দিবার প্রণালী প্রবর্তিত করেন । মস্তক মুণ্ডন, ডোর কোপীন বহির্কান, তিলক, জপমালা, কর্ণমালা, করঙ্গ কহা গ্রহণ করিয়া গোসাঞীকে পাঁচ সিকা দক্ষিণা দিলেই বৈষ্ণবী হওয়া যায় । এই ভেকাবলয়ন এক্ষণে ছুঃস্বস্তি চরিতার্থের প্রধান সহায় হইয়া উঠিয়াছে । বিধবাবিবাহ, জাতিভেদনাশক প্রণালী সামান্য লোকদিগের মধ্যে প্রচলিত আছে । ভক্ত গৃহস্থগণ হিন্দু আচার ব্যবহার রক্ষা করেন । বৈরাগী হইয়া হিন্দু নাম ওনাইয়া ভিক্ষা করিয়া খাইতে চৈতন্য উপদেশ দিয়াছেন, শত শত নরনাগী তাহা পালন করিতেছে, কিন্তু অন্য উদ্দেশ্যে, কেবল ভক্তি ও বৈরাগ্য নাই, তন্নিম্ন আর সমস্তই আছে । কোথায় ইহার হরিসঙ্কীর্ণনে মাতাইবে; না এখন ইহাদিগকে দেখিলে কাঁর্তনে রসভঙ্গ হয় । চৈতন্যের ধর্ম অত্যন্ত সহজ, অল্প ব্যয়ে সমুত্ত কাথ্য নির্বাহ হয়, এই জন্য ছুঃখী অজ্ঞান ব্যক্তিদিগের পক্ষে ইহা অত্যন্ত উপকারী । নিতাই আবার আরও সহজ করিয়া দিয়াছিলেন । তিনি পৌবপ্রচারিত ভক্তির-ধর্মের বাহু আকারে সহজ সাধ্য আচার ব্যবহার প্রবর্তিত করেন । ইহার সাধন ভজন শাস্ত্র গীত বাদ্যযন্ত্র সমস্তই সহজ এবং সুলভ । গ্রাম্য

স্বরের গীত, সহজ বচনা সকলের বোধগম্য। বাদ্যযন্ত্র তাল মান রাগ রাগিণী অতি সহজ। নাম জপ এবং কীর্তন তপস্যার পরাকাষ্ঠা। বৈরাগী বৃক্ষ মুণে কুটীরে বাস করিবে, কোপীন বহির্কাস পরিধান করিবে, হরি বলিয়া ভিক্ষা করিলেই তণ্ডুল পাইবে, বিবাহ শ্রাদ্ধ অনুষ্ঠানের ব্যয় পাঁচ সিকা, ঝুলি করোয়া কছা সম্পত্তি, সহজ বোধ্য কবিতা গাথা পদ্যাবলী ধর্মশাস্ত্র, ব্রাহ্মণ চণ্ডাল এক পরিবারে বন্ধ হইবে, দ্বারে দ্বারে পথে পথে হরিনাম কীর্তন করিবে এই সমস্ত আচার ব্যবহারের মধ্যে গৌর নিতাই ভ্রাতৃস্বরের প্রকৃতি দৃষ্টিগোচর হয়। কিন্তু সহজ প্রণালী বলিয়াই ছুট লোকেরা পাপচরিতার্থের উপায়রূপে উহা গ্রহণ করিয়াছে।

আমরা চৈতন্য সম্প্রদায়ের নিকট বিদায় লইবার পূর্বে তাঁহার প্রধান শিষ্য জীব ও রূপ গোস্বামি প্রণীত ভক্তিগ্রন্থ হইতে কিঞ্চিৎ ভক্তিতত্ত্ব লিখিতে প্রবৃত্ত হইলাম। জীবগোস্বামি ভক্তিসন্দর্ভে এইরূপ লিখিয়াছেন:—

জীব তত্ত্বজ্ঞানের অভাবে ঈশ্বর বিস্মথ হয়। এই বৈমুখ্য হইতে জীবের সংসার দুঃখ ঘটিয়া থাকে। সমুদায় শাস্ত্রের উদ্দেশ্য এই যে, বৈমুখ্য নিবারণ হইয়া ঈশ্বরভিমুখ্য হয়। ঈশ্বরভিমুখ্যের নাম উপাসনা। এই উপাসনা হইতে জ্ঞানের আবির্ভাব হয়। জ্ঞান চইতে ঈশ্বরানুভব হয়। ঈশ্বরানুভবের তাৎপর্য্য অন্তরে বাহিরে ঈশ্বর-সাক্ষাৎকার।

সাক্ষাৎ উপাসনারূপ ভগবদাভিমুখ্য ছট প্রকার। নির্বিশেষ এবং সবিশেষময় আভিমুখ্য। নির্বিশেষময় আভিমুখ্যে জ্ঞান প্রধান এবং সবিশেষময় আভিমুখ্যে অহংগ্রহোপাসনা এবং ভক্তি। প্রথমতঃ লোকে যে পরিমাণে জড়াতিরিক্ত চিত্তস্ত অনুভব করিতে সমর্থ হয়, সেই পরিমাণে বিবেকী হয়। কিন্তু এই চিত্তস্ত অনুভব করিয়াও তাহার বিশেষ স্বরূপ সকল অনুভব করিতে সমর্থ হয় না, এজন্য নির্বিশেষ চিন্মাত্র ব্রহ্ম অনুভব করিবার পরিশেষে তাহাতে বিলীন হয়। সাধুজনের রূপাতে যখন চিন্মাত্র পরব্রহ্মের বিশেষ স্বরূপ অবগতি হয় তখন হয় অহংগ্রহোপাসনা, না হয় ভক্তি সমূহ স্থিত হয়। শক্তির আধার সেই ঈশ্বরই আমি "ঈদৃশ চিন্তার নাম অহংগ্রহোপাসনা। এতদ্বারা উপাসকে তাদৃশ শক্তি আবির্ভূত হয়। ভক্তি উহা হইতে সম্পূর্ণ ভিন্ন। কায়মনোবাক্যে ঈশ্বরের আনুগত্য স্বীকার করাকে

ভক্তি বলে । সুতরাং ভয়দেব হিংসা বা অহংগ্রহ উপাসনা এখানে স্থান পায় না ।

এই ভক্তি ত্রিবিধ ;—আরোপসিদ্ধা, সঙ্গসিদ্ধা, এবং স্বরূপসিদ্ধা । অনুষ্ঠিত যাগযজ্ঞাদি কর্ম স্বয়ং ভক্তি নয় ; কিন্তু ঐ সকল ঈশ্বরে অর্পণ করিলে, আরোপসিদ্ধা ভক্তি হওয়া থাকে । জ্ঞানবশ্মাদি স্বয়ং ভক্তি নহে, কিন্তু ভক্তির সঙ্গে সে সকলকে সংযুক্ত করিলে উহারা সঙ্গসিদ্ধা ভক্তি হয় । স্বরূপসিদ্ধা ভক্তি সাক্ষাৎমুখে ঈশ্বরের আনুগত্য । এখানে জ্ঞানকর্মাদির কোন ব্যবধান নাই । শ্রবণ কীর্ত্তন আদি সাক্ষাৎ ঈশ্বরকে লইয়া হয় বলিয়া তাহারা ভক্তির অঙ্গ, সুতরাং ভক্তির স্বরূপসিদ্ধিতে ইহারা ব্যাঘাত নহে ।

এই স্বরূপসিদ্ধা ভক্তি ঈশ্বরে ভক্তি ভিন্ন আর কিছু চায় না, এজন্য ইহা নিগূর্ণা নিষ্কামা কেবলা আত্যান্তকা অকিঞ্চনা ভক্তি বলিয়া আখ্যাত হইয়াছে । এই ভক্তি দ্বিবিধ—বৈধী এবং রাগা । শাস্ত্রবিধি অনুসারে ভক্তিতে প্রবৃত্ত হইলে তাকে বৈধী ভক্তি বলে । এই ভক্তিতে কর্তব্যাকর্তব্য জ্ঞান এবং অর্চন ব্রতাদি অনুসৃত হয় । বৈধী ভক্তিতে শরণাপত্তি অর্থাৎ একান্তভাবে শরণাপন্ন হওয়া সর্ব প্রধান । শ্রবণ কীর্ত্তনাদিতে শরণাপত্তি হইয়া থাকে । শরণাপত্তির পর আরো উন্নতি হয় এজন্য ঈশ্বরোপদেষ্টা গুরু এবং সাধু সঙ্ঘ-নের সেবা প্রয়োজন । মৃত্যুমোচক গুরু লাভ হইলে ব্যবহারিক গুরু পরিত্যাগ করিবে ।

ঈশ্বরের সংসর্গসাধে স্বাভাবিক ইচ্ছা অনুবাগ ভক্তি । ইহা বৈধী ভক্তি অপেক্ষা প্রবলতর, কেন না বৈধী ভক্তি বিধিনাপেক্ষ বলিয়া দুর্বল । সাধকের যেখানে স্বাভাবিক রুচি না থাকে সেখানে কষ্টে বিধিনিষেধ অনুসরণ করিয়া সাধন করিতে হয়, কিন্তু যেখানে রুচি সেখানে স্বভাবতঃ ঈশ্বরের সন্তোষকর অনুষ্ঠান সকল হইয়া থাকে ; সুতরাং ইহা শ্রেষ্ঠ এবং বিধিনিষেধনিরপেক্ষ । অনুবাগের পথে এই জন্য পবন ব্রহ্মস্পন্দ পাপক্রিয়াসকল হওয়া অসম্ভব, যদি প্রমাদ বশতঃ কিছু হয়, ভগবানের অনুগ্রহে তাহা তৎক্ষণাৎ বিনষ্ট হয় ।

যে সকল ব্যক্তির জন্মে তত্ত্বজ্ঞান প্রাচলন থাকে অথবা যীহাদিগের

প্রতি মহতের রূপাদৃষ্টি হয়, তাহাদিগের ঈশ্বরের কথা শ্রবণ মাত্রেই ঈশ্বরের দিকে চিত্তের আভিমুখ্য এবং ঈশ্ববানুভব হইয়া থাকে । তদনন্তর শ্রবণ কেবল রসোদ্দীপন জন্য । সাধারণ ব্যক্তি সকলের শ্রবণ মাত্র আভিমুখ্য হইয়াও কামাদিদোষ জন্য উহা প্রতিহত হইয়া অবস্থিতি করে । ঈশ্বরের নাম উচ্চারণ মাত্র সমুদায় পাপ বিনষ্ট হয় একথা সত্য ; যদি তাহা কোথাও না হয়, তবে মহৎ অপরাধে কল অবরুদ্ধ হইয়া আছে মানিতে হইবে । পুনঃ পুনঃ নামোচ্চারণ এই অপরাধ নিবারণের জন্য উপদিষ্ট হইয়াছে । কুটীলাস্বা ব্যক্তি সকলের নানা প্রকার আরাধনা অর্চনাও ফলোপধায়ক হয় না । তাহারা অন্তরে অন্তরে ভগবান্ এবং তাহার ভক্তগণের প্রতি অশ্রদ্ধাবান্ স্মৃতবাং তাহাদিগের ভক্তনার্চনা গ্রাহ্য হয় না । ভক্তনাভ্যাস দ্বারাও মুক্তি হয় শাস্ত্রে এরূপ লিখিত আছে, কিন্তু উহা অকুটিল মূঢ়গণসম্বন্ধে । অপুণ্যবান্ কুটীলাস্বা মূঢ়গণের ভক্তি সিদ্ধ হয় না । “ন হুপুণ্যবতাং লোকে মূঢ়ানাং কুটীলাস্বনাং । ভক্তির্ভবতি গোবিন্দে কীর্তনং স্মরণং তথা ॥”

ভক্তিতে শৈথিল্য জন্মা অসম্ভব । তবে দেহরক্ষণাদি জন্য কখন কখন ভক্তের যে শৈথিল্য দৃষ্ট হয়, তাহা অন্য বুদ্ধিতে নহে উপাসনাবুদ্ধিতে । যেখানে মূঢ়তা বা অসামর্থ্য বশতঃ শৈথিল্য জন্মে সেখানে তদ্বারা ভগবানের অনুগ্রহ আরো বর্দ্ধিত হয় । অত্যন্ত দৌরাত্ম্য ভিন্ন বিবেকযুক্ত ব্যক্তির ভক্তিতে শৈথিল্য হয় না । শাস্ত্রশ্রবণজনিত শ্রদ্ধা জন্মিলে আর পাপে প্রবৃত্তি হয় না । পূর্বাভ্যাস বশতঃ যদি ইন্দ্রিয়াদির বিষয় দ্বারা ভক্ত আকৃষ্ট হন, তবে তদ্বারা আশো দৈন্য বৃদ্ধি পাইয়া তাঁহাকে আরো ভক্তিমান্ করে । শ্রদ্ধা যখন সিদ্ধাবস্থা লাভ করে তখন অসত্যপরিবর্জন সত্যানুষ্ঠান সহজ হইয়া উঠে । যথা ব্রহ্মবৈবর্তে, “কিং সত্যমনৃতঞ্চৈতি বিচারঃ সংপ্রবর্ততে । বিচারেহপি কৃতে রাজয়স্যতাপরিবর্জনম্ । সিদ্ধং ভবতি পূর্ণা ম্যাত্তদা শ্রদ্ধা মহাফলা ॥”

হরিভক্তিরসামৃতসিক্তে শ্রীমদ্রূপ গোস্বামী লিখিয়াছেন ;—ভক্তিতে পাপ এবং তন্মূল বিনষ্ট হয় । ইহাতে সমুদায় সদগুণ লাভ হয়, সমুদায় লোকের অনুরাগভাজন হওয়া যায়, এবং বিবিধ সূখ উপন্ন হয় । ভক্তি বহুসাধনেও লাভ হয় না, ঈশ্বরের রূপাতে আশু লাভ করা যায় ।

ইহাতে মোক্ষ নিতান্ত তুচ্ছ বলিয়া প্রতীত হয় । ভক্তিতে যে পরম আনন্দ লাভ হয়, নির্বিশেষ ব্রহ্মবাদের ব্রহ্মানন্দ পরাক্রম গুণ করিলেও তাহার পরমাণুও তুল্য হয় না । ভক্তি ঈশ্বরকে সপার্বদ ভক্তের নিকট আকর্ষণ করিয়া আনে । ভক্তির এই সকল গুণকে ক্রেশরী, শুভদা স্নুহুল্লাভা, মোক্ষলঘুচাক্ষু, সাক্ষানন্দবিশেষাস্ত্রা, এবং শ্রীকৃষ্ণাকর্ষণী আখ্যা প্রদান করা হইয়াছে ।

সাধন, ভাব এবং প্রেমভেদে ভক্তি ত্রিবিধ । [ হৃদয়রূপে বিবেচনা করিলে ভক্তি দ্বিবিধি । সাধনরূপা এবং সাধ্যরূপা । ঈশ্বরে অন্তঃকরণের বিকাশ সাধ্যরূপা । ভাব, প্রেম প্রণয়, স্নেহ, রাগ এই পাঁচ, এবং মান, অমুরাগ এবং মহাভাব এই তিন, সমুদায়ে আট প্রকার সাধ্যরূপাভক্তি । ]

সাধন ।

সাধনরূপা ভক্তি দ্বিবিধ ;—বৈধী এবং রাগানুগা । এই ভক্তির চৌষটি অঙ্গ । গুরুপদাশ্রয়, মন্ত্রগ্রহণ, গুরুসেবা, সাধুজনের অনুগমন, সঙ্কল্প-জিজ্ঞাসা, ভোগাদিত্যাগ, তীর্থস্থানে নিবাস, কথঞ্চিং জীবননির্বাহ, উপবাস, অশ্বখাদিসম্মাননা, এই দশটি ভক্তির আরম্ভ । ভগদ্বিমুখ ব্যক্তির সঙ্গত্যাগ, শিষ্যবুদ্ধিবর্জন, কার্যের আড়ম্বরত্যাগ, বহু গ্রন্থাদি অভ্যাস বর্জন, লাভালাভে অক্লিষ্টভাব, শোকাতির অবশবর্তিতা, দেবতাস্তরে অনবজ্ঞা, ভূতগণের উদ্বেগের কারণ না হওয়া, দেবাপরাধত্যাগ, ঈশ্বর এবং তাঁহার ভক্তের প্রতি বিদ্বেষনিন্দাদি সহ্য করিতে না পারা, এই দশটি অভাব পক্ষের ভক্ত্যাঙ্গ । চিত্তধারণ, নৃগা, দণ্ডাবনতি, অর্চন, পরিচর্যা, গীত, সঙ্কীর্তন, জপ, বিজ্ঞপ্তি, আশ্রয়নিবেদন প্রভৃতি অবশেষ চৌয়াল্লিশ অঙ্গ লইয়া সর্বশুদ্ধ চৌষটি । এই সকল সমুদায় অঙ্গ সাধন করিতে হইবে তাহা নহে । এক অঙ্গ বা বহু অঙ্গ লইয়া সাধন হইতে পারে । শাস্ত্রোক্ত এই সকল অঙ্গের সাধন বৈধী ভক্তিতেই প্রধান ।

রাগানুগী ভক্তি দ্বিবিধ । কামরূপা এবং ঐশ্বররূপা । সমুদায় কামের বিষয়কে অবিগুরুতা পরিত্যাগ করাইয়া প্রীতিপাত্রের স্মার্থ নিয়োগ কাম-রূপা । ঈশ্বরে পিতৃত্বাদি অভিমান সম্বন্ধরূপা । রাগানুগী ভক্তিতে ঈশ্বরের লীলা শ্রবণ কীর্তন এবং তছুপযোগী ভক্ত্যাঙ্গ সাধন বিহিত ।



ভাব ।

ভাব প্রেমস্বর্গের কিরণসদৃশ, ইহা প্রেমের প্রথমাবস্থা। ইহাতে ইষ্টবিষয়ে রুচি হয় এবং সেই রুচি দ্বারা চিত্ত নির্মল হয়। সাধনে অথবা ঈশ্বর বা তত্ত্বজ্ঞের অনুগ্রহে ভাবোদয় হয়। সচরাচর সাধারণ লোকের সাধন দ্বারা ভাবোদয় হইয়া থাকে; অনুগ্রহে ভাবোদয় অতি অল্প লোকের সম্বন্ধে ঘটে। ভাবোদয় হইলে ক্ষোভের বিষয় উপস্থিত হইলেও ক্ষোভ হয় না, শ্রবণ কীর্তনাদি ভিন্ন রূপা সময়হরণ নিবৃত্ত হয়, ইন্দ্রিয়ভোগ-বিষয়ে বিরাগ জন্মে, শ্রেষ্ঠ হইয়াও তদ্বিবয়ে কিছুমাত্র অভিমান থাকে না, ঈশ্বর প্রাপ্তির আশা সূচু হইয়া, অতীষ্ট দেবতাকে লাভ করিবার জন্য নিতান্ত উৎকর্ষা জন্মে, ঈশ্বরের নাম গানে সর্বদা রুচি, তাঁহার গুণগানে সর্বদা আসক্তি, এবং তাঁহার বসতিস্থলে বাস করিতে একান্ত প্রীতি হয়। ভাবোদয় হইলেও ভক্তে দোষ থাকিতে পারে। কিন্তু তাহা লইয়া ভাঙ্ছিল্য প্রকাশ উচিত নয়, কেন না তিনি ভাবোদয়ে কৃত্যকৃত্য হইয়াছেন। তাঁহার দোষ চন্দ্রস্ব কলঙ্করেখার ন্যায়।

প্রেম ।

\*ভাব গাঢ় হইয়া প্রেমরূপে পরিণত হয়। ইহাতে হৃদয় সমাকৃ নির্মল হয়, ইষ্টে অতিশয় মমতা হয়। এই প্রেমও দুই প্রকারে উৎপন্ন হয়। এক ভক্তির অন্তরঙ্গ অঙ্গসকল সাধন করিতে করিতে ভাবোদয় হয়, সেই ভাব গাঢ় হইয়া প্রেম হয়, দ্বিতীয় ঈশ্বর আপনি অনুগ্রহ করিয়া সাফাৎপ্রদান করিতে প্রেমোদয় হইয়া থাকে। প্রেম দুই প্রকার;—মাহাত্ম্যজ্ঞানযুক্ত এবং মাধুর্য্যজ্ঞানযুক্ত। ঈশ্বরের মহিমা জ্ঞান হইতে মাহাত্ম্যজ্ঞানযুক্ত প্রেম হয়, ইটি বৈদী ভক্তিতে হইয়া থাকে। রাগাস্বিকা ভক্তিতে প্রায়শঃ মাধুর্য্যজ্ঞানযুক্ত প্রেম হয়।

এই ক্রমে প্রেমোদয় হইয়া থাকে; সর্বাগ্রে শ্রদ্ধা [ শাস্ত্রার্থে বিশ্বাস ] তর্দনস্তর সাধুসঙ্গ, তদনন্তঃ ভজনা, তদনন্তর অনর্থনিবৃত্তি, [ ভজনের বিঘ্ন সকলের তিরোধান ] তদনন্তর নির্ভা, তদনন্তর রুচি, তদনন্তর ভাব, তদনন্তর প্রেম। এই প্রেমোদয় হইলে আর বাহিরের স্মৃৎসংখ্যান থাকে না; স্মৃৎসংখ্য কেবল ঈশ্বরের প্রাপ্তি এবং অপ্ৰাপ্তিতে।

ভক্তিরস ।

ঈশ্বরেতে রতি স্থায়ী ভাব । এই স্থায়ী ভাব বিভাব, অনুভাব, সাত্ত্বিক এৱং সঞ্চারী ভাব সহযোগে ভক্তিরসরূপে পরিণত হয় । ইহাতে ভক্ত-রুদয়ে চমৎকার ভক্তিরসাস্বাদ হইয়া থাকে । ঈশ্বর এবং তাঁহার ভক্ত আলম্বন বিভাব, ঈশ্বরের গুণাদি এবং ভক্তের ঈশ্বর জন্য চেষ্টিাদি উদ্দীপন বিভাব । স্তম্ভ, শ্বেদ, রোমাঞ্চ, স্বরভেদ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু, প্রলয় অর্থাৎ সুখদুঃখাদিবোধশূন্যতা, এই সকল সাত্ত্বিকভাব । নিরর্বেদ, বিষাদ, দৈন্য, ম্লানি প্রভৃতি তেত্রিশটি সঞ্চারী ভাব । ঈশ্বরে রতি পাত্রভেদে ভিন্ন হয় । শাস্ত, দাস্য, সখা, বাৎসল্য, প্রিয়তা, এই পাঁচ প্রকারে উহা প্রকাশ পাইয়া থাকে । যখন কোন সাধকে ইহার এক একটি মাত্র প্রকাশ পায় তখন তাহাকে কেবলা রতি, এবং যখন বিমিশ্রভাবে উপস্থিত হয় তখন তাহাকে সঙ্কলা রতি বলে । কিন্তু একত্রে পাঁচটি প্রধানতঃ প্রকাশ পায়, তদনুসারে সাধকের ভাব নিরূপিত হইয়া থাকে ।

শাস্ত ।

শমদমাদিপারায়ণ জ্ঞাননিষ্ঠ যোগিগণেতে শাস্ত রতি দৃষ্টি হয় । ইহাতে ঈশ্বরের ঐশ্বর্যজ্ঞান প্রধান । মহান্ ঈশ্বর এবং আত্মারাম শাস্ত ঋষিগণ ইহাতে আলম্বন । উপনিষৎশ্রবণ, বিবিক্তবাস, তত্ত্ববিচার, বিশ্বরূপদর্শনাদি ইহাতে উদ্দীপন । নিরপেক্ষতা, নিশ্চিন্তা, নিরহঙ্কারিত্ব, মৌন, জীবমুক্তিতে সমাদর, ইত্যাদি অনুভাব । প্রলয় ভিন্ন বোমাঞ্চ শ্বেদ কম্পাদি সাত্ত্বিক ভাব । নিরর্বেদ, রুতি অর্থাৎ দর্শন জন্য সুখদুঃখাভাব এবং মনের নিশ্চিন্তা, হর্ষ, মতি, স্মৃতি প্রভৃতি সঞ্চারী ভাব । শাস্ত পরোক্ষ এবং সাক্ষাৎকারভেদে দ্বিবিধ । যেখানে উদ্দেশ্যে ভক্তি উদ্ভিক্ত হয় সেখানে পরোক্ষ এবং যেখানে স্বরূপ প্রত্যক্ষ করিয়া ভক্তি উদ্ভিক্ত হয় সেখানে সাক্ষাৎকার ।

প্রীতি ।

প্রীতিরস দাস্য, এবং লাল্য ভেদে দ্বিবিধ । ইহার একটিকে সঙ্গম-প্রীতি, অপরটিকে গৌরবপ্রীতি বলে । দাসগণের ঈশ্বরে সঙ্গমপূর্বক

এবং পুত্রত্বাদি অভিমানিগণের গৌরবপূর্বক প্রীতি হয় বলিয়া একটীর নাম সত্ত্বমপ্রীতি অপরটীর নাম গৌরবপ্রীতি । হরি এবং তাঁহার দাসগণ একটীতে, হরি এবং তাঁহার লাল্যগণ অপরটীতে আলম্বন । ঈশ্বরের অচিন্ত্য শক্তি, কৃপা, শরণাগতপালকত্ব, ক্ষমাশীলত্ব প্রভৃতি গুণ একটীতে, রক্ষণত্ব লালকত্বাদি গুণ অপরটীতে প্রধান । এদ্বয়েতে ঈশ্বরের অনুগ্রহ প্রাপ্তি এবং স্নেহদৃষ্টি প্রভৃতি উদ্দীপন । আদেশপ্রতিপালন, প্রভুর নিকটে যাহারা প্রণত তাহাদিগেব প্রতি মৈত্রী ইত্যাদি একটীর অনুভাব, স্বেচ্ছাচার-পরিত্যাগ প্রভৃতি অপরটীর অনুভাব; ঋষি নির্বেদ প্রভৃতি সঞ্চারী ভাব । প্রাচীনগণ দাসভাবকে সর্বপ্রধান গণ্য করিতেন, এবং ইহাকেই তাঁহারা ভক্তিরস বলিয়াছেন ।

রসত্বয় ।

সখ্যরসকে প্রেয়ারস বলে । ইহাতে ঈশ্বর এবং তাঁহার সখাগণ আলম্বন । বৎসলরসে ঈশ্বরে বাৎসল্য অর্থাৎ আদবাধিক্য প্রকাশ পায় । মধুর রস—সতী জীর কামগন্ধশূন্য স্বামীর প্রতি একান্ত প্রীতির ন্যায়—ঈশ্বরে প্রীতি । [ এই সকল রসের বিস্তারিত বর্ণন সময় ও স্থানোপযোগী নয় বলিয়া পরিত্যক্ত হইল । ]

ভক্তিতে উপাস্য ।

ভক্তিতে উপাস্য কি ছিল নির্ণয় করিয়া আমরা প্রাচীন ভক্তিতত্ত্বের আলোচনা সাক্ষ করিতেছি । এ বিষয়ের তত্ত্ব নিরূপণ করিতে হইলে সর্বপ্রথমে ভক্তির প্রধান প্রবর্তক শ্রীকৃষ্ণ উপাসকগণের উপাস্য কি স্থির করিয়াছেন আমাদের দেখা উচিত । তিনি যখন গোকূলে নন্দকে শত্রু-যজ্ঞ হইতে নিবৃত্ত করেন, তখন প্রাকৃতিক পদার্থসকলের অর্চনা উপদেশ করেন । আবার বসুদেব যখন তাঁহাকে ঈশ্বর বলিয়া নির্দেশ করেন, তখন তিনি বলেন ;

“অহং যুয়র্মসাবার্য্য ইমে চ দ্বারকৌকসঃ ।

সর্বেপোবং যদ্বশ্রেষ্ঠ বিমুগ্যাঃ সচরাচরম্ ॥ ”

হে আৰ্য্য ! হে যদ্বশ্রেষ্ঠ ! আমি, তোমরা, ইনি [ বলদেব ], এই সমুদায়

দ্বাবকাবাসী, এমন কি সমুদায় চরাচর এইরূপ ব্রহ্মদৃষ্টিতে চিন্তা করিতে হইবে। ভক্তিমৌমাংসাসূত্রকার শাণ্ডিল্য এই জন্যই গীতার অভিপ্রায়ানুসারে লিখিয়াছেন ;

”ভজনীয়েনাদ্বিতীয়মিদং কৃৎসস্য তৎস্বরূপস্থাৎ । ৮৬ ।

অদ্বিতীয় এই জগৎ ভজনীয়, কেন না সমুদায় জগৎ ঈশ্বরের স্বরূপ । সমুদায় জগৎ চিন্তার বিষয় হওয়া অসম্ভব একজন ঈশ্বরের প্রকাশের তারতম্যানুসারে জগতের কোন অংশকে উপাস্য বলিয়া শাস্ত্রে স্থির করা হইয়াছে । যথা ভাগবতে লিখিত হইয়াছে ;

“তেষেব ভগবান্ রাজ্ঞস্তারতম্যেন বর্ততে”।

তস্মাৎ পাত্রং হি পুরুষো যাবানাস্মা যথেষতে ॥”

৭ স্ক, ১৪ অ, ৩২ শ্লো ।

হে রাজন্ মনুষ্য, তির্য্যক্, ঋষি, দেবতাতে ভগবান্ তারতম্যে অবস্থিত । সূত্রাং যাহাতে জ্ঞানাংশ যত অধিক প্রকাশ পায় তাহাই তত অর্চনার বিষয় । মনুষ্য তিথ্যাগাদিতে ভগবানের প্রকাশ যত হউক না, যাহার নিকট যে তত্ত্বজ্ঞান লাভ করে, তিনি তাহার নিকট ভগবানের বিশেষ প্রকাশ স্থল । সূত্রাং গুরুকে ঈশ্বব বলিয়া পূজা করা সর্বোচ্চ বিষয় ।

‘যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ ।

মর্ত্যাসন্ধীঃ শ্রুতং তস্য সর্বং কুঞ্জরশৌচবৎ ॥”

৭ স্ক, ১৫ অ, ২০ শ্লো ।

সাক্ষাৎ ভগবান্ জ্ঞানদীপপ্রদ গুরুতে যাহার মনুষ্যবুদ্ধি, তাহার সমুদায় শাস্ত্রাভ্যাস কুঞ্জরশৌচবৎ বিফল । এই গুরুতে ভক্তি করিলেই কামাদি সমুদায় দোষ বিনষ্ট হয় ।

“এতৎসর্বং গুরৌ ভক্ত্যা পুরুষোহ্যঞ্জসা জয়েৎ । ১৯ ।”

গুরুকে ঈশ্বর বলা উপচার মাত্র নয়, কারণ পদের শ্রোকে বলা হইয়াছে ।

“এব বৈ ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ ।

যোগেশ্বরৈর্বিমৃগ্যাঞ্জিবুলোকো যৎ মন্যতে নরম্ ॥ ২১ ॥”

ইনিই সাক্ষাৎ ভগবান্ প্রকৃতি এবং জীবের ঈশ্বর । যোগেশ্বরেরা ইহারই চরণ অন্বেষণ করেন, অথচ লোকে ইহাকে মনুষ্য বলিয়া মনে করে ।

বিশেষ সময়ে যিনি সাধারণ লোকের আচার্য্য হইয়া জন্মগ্রহণ করেন, সমুদায় পৃথিবীকে নূতন ধর্ম্ম অর্পণ করেন, তিনি সর্বজনগুরু বলিয়া সাফাৎ ভগবানের অবতাররূপে গৃহীত হইয়েন। শ্রীকৃষ্ণ এই জন্য স্বয়ং ঈশ্বর বলিয়া গৃহীত হইয়াছেন, শ্রীমৈতন্যদেব আপনি ঈশ্বরত্ব অস্বীকার করিলেও প্রধান প্রধান শিষ্যগণ এই কারণেই তাঁহার ঈশ্বরত্ব সংস্থাপন করিয়াছেন। গুরুকে ঈশ্বরের অবতার বলিয়া পূজা করা ভক্তিশাস্ত্রের প্রধান বাপাব। তবে যে মূর্ত্তি গঠন করিয়া পূজা করা সে কেবল নিম্নাধিকারী জন্য। পূর্বে মূর্ত্তি গঠন করা ছিল না, লোকের পরস্পরের প্রতি অশ্রদ্ধাই মূর্ত্তিগঠনের মূল।

”দৃষ্ট্বা তেষাং মিথোন্যামবজ্ঞানাত্মতাং নৃপ।

ত্রৈতাদিবু হরেরচা ত্রিষায়ৈ কবিভিঃ কৃতাত” ॥

৭ স্ব, ১৪ অ, ৩৩ শ্লো, ১

হে নৃপ! পরস্পরের প্রতি অবজ্ঞা দর্শন করিয়া অর্চনা জন্য ত্রৈতাযুগ হইতে কবিগণ কর্তৃক পুস্তলিকা করা হইয়াছে। কিন্তু পুস্তলিকা অর্চনা করিয়া কিছু হয় না, যদি উপাসকের মনুষ্যাদিতে প্রকাশিত পুরুষের প্রতি বিদেষ থাকে।

“উপাসত উপাস্তাপি নার্দদা পুরুষদ্বিষাম্ ॥ ৩৪ ॥”

এই গুরুকে পূর্বে অষ্টভূজ বা চতুর্ভূজ রূপে দর্শন করিয়া পূজা করা হইত। পরিশেষে এই কালানিকাংশ পরিতাগ করিয়া দ্বিভূজরূপে গ্রহণ করা হইয়াছে।

“স্থূলমষ্টভূজং প্রোক্তং স্মৃক্ষকৈব চতুর্ভূজম্।

পরম্ব দ্বিভূজং প্রোক্তং তস্মাদেতল্লয়ং বজেৎ ॥”

অষ্টভূজ মূর্ত্তি স্থূল, কেন না ইহাতে সমুদায় জগৎকে এইরূপে কল্পনা করা হইয়াছে। চতুর্ভূজ স্মৃক্ষ, কেন না সেই চরাচরের অভ্যন্তরবর্ত্তী অন্তর্বাসী পুরুষকে স্মৃক্ষত্ব সহ এতদ্বারা গ্রহণ করা হইয়াছে। দ্বিভূজ সর্বশ্রেষ্ঠ কেন না বাহাতে ঈশ্বরের বিশেষ বিকাশ হয় কেবল তাঁহাকেই ইহাতে চিন্ময় ঈশ্বর বলিয়া গ্রহণ করা হয়। ঈশ্বরের অনন্ত মূর্ত্তি, যে তাঁহাকে যেরূপে চিন্তা করে তিনি তাহার নিকটে সেইরূপে প্রকাশিত হন প্রাচীন বৈক্যবগণের এই মত।

ভক্তি শাস্ত্রের অর্চনাতে ঈশ্বর একাকী পূজিত হন না, সপার্বদ তাঁহার পূজা হইয়া থাকে । সনক সনন্দ নারদ প্রভৃতি বিষ্ণুর পার্বদ, গোপ গোপিনী গোপবালক কৃষ্ণের পার্বদ । অর্চনাকালে ইহাদিগকে ঈশ্বরের সঙ্গে গ্রহণ করার গুঢ় উদ্দেশ্য আছে । ইহারা ভক্ত ; ইহাদিগকে চিন্তা করিয়া তন্ময় হইলে ভক্ত হওয়া যায়, এ জন্য ইহাদিগের আরাধনা । গোপালতাপনীতে “গোপাসোহমিতি ভাবয়েৎ” এ স্থলে চক্রবর্তী গোপালশব্দে ছিদাম সুদাম প্রভৃতি গোপবালক এবং [ লিঙ্গবিপর্যয়ে ] গোপীগণ সহ আমি এক এইরূপ চিন্তা করিবে ব্যাখ্যা করিয়াছেন । গোপালতাপনীর অহংগ্রহ উপন্যাসকে একরূপে ব্যাখ্যা করিয়া মহাত্মা চৈতন্য যে অকিঞ্চন ভক্তি প্রচার করিয়াছেন তাহার সঙ্গ গোপালতাপনীর মতকে এক করা হইয়াছে ।

#### মুত্তম ভক্তিবিধান ।

বহু দিন পরে এই ভক্তিপ্রধান ভারতে আর একটি নূতনবিধ ভক্তিবিধানের অভ্যুদয় দেখিয়া আমার আশা বিশ্বাস জীবিত হইয়া উঠিয়াছে । বঙ্গদেশের পরম সৌভাগ্য যে, এখানকার কতিপয় সুশিক্ষিত ভ্রম্ভুবক মুদঙ্গ করতাল সহ হরিসঙ্কীর্তন আরম্ভ করিয়াছেন, ভাগবতাদি বৈষ্ণবগ্রন্থ পাঠ করিতেছেন, ভক্তির সাধনপ্রণালী অবলম্বন করিয়াছেন । ইহারা যদিও ব্রাহ্মসমাজের লোক, কিন্তু ভক্তিপথের অমুরাগী হইয়া ইহারা মহাপ্রভুর জীবন পাঠ করিয়া থাকেন, এবং তাঁহাকে যথেষ্ট ভক্তি শ্রদ্ধা করেন । ইহাদের প্রচারিত ভক্তিবিষয়ক মত অতি উন্নত এবং বিশুদ্ধ তাহাতে সন্দেহ নাই, কিন্তু তেমন মত্ততা এ পর্য্যন্ত কাহারো জীবনে দেখিতে পাই নাই । বোধ হয় বর্তমান কালের সভ্যতাই তাহার কারণ । ইহারা এক অধিতীয় নিরাকার সচ্চিদানন্দ পরপুরুষকে অহেতুকী ভক্তি দ্বারা পূজা করিয়া থাকেন । নৃত্য, কীর্তন, মত্ততা, নামরূপ, সাধুসঙ্গ, গ্রন্থপাঠ, ব্রতাদি নিয়ম ও প্রেমসাধন ; শাস্ত দাস্য বাৎসল্য সখা মধুর্য্য ইত্যাদি সকল রসের ইহারা প্রয়োগী ; কিন্তু কোন বিগ্রহমূর্তির সেবা করেন না । ঘাটউক, কৈরাজি লেখা পড়া শিখিয়া সভ্য ভব্য হইয়া ভক্তিপথ অহুসরণ করা ইহা সামান্য কথা নহে । ভগবান্ করুন যেন ইহাদের হৃষ্টান্তে হরি-

ভক্তির শ্রোত বর্তমান কালের শুকজ্ঞানী বিলাসপরায়ণ ব্যক্তিদিগের মরুভূমি তুল্য হৃদয়কে অপিকার করে।

এ সকল শুভ চিহ্ন দেখিলে আমি গৌরাক্ষের একটি অঙ্গীকার বাক্য মনে পড়ে। যৎকালে তিনি গৃহত্যাগ করিয়া সন্ন্যাসী হইতে যান, তখন শিষ্যদিগকে এই আশা দিয়াছিলেন যে আমি আরও দুই বা ততো অধিক এবং এ দেশে আর দুই বা ততো অধিক সঙ্কীর্ণন হইবে। তিনি সশরীরে আসিবেন এমন মনে করিতে পারি না, সম্ভবও নহে, তাঁহার কথার তাৎপর্য্যও বোধ হয় সেরূপ ছিল না। যে অপার হরিভক্তির মত্ততা, নামসঙ্কীর্ণনের মধুরতা, সেই ধানেই আমার গৌরানুপ্রাণ আছেন। তাঁহার জীবন ভক্তি ও ভক্তের সংগে মিশিয়া গিয়াছে। ব্রাহ্মসমাজের মধ্যে সেই হরিভক্তি-স্বধা অবতীর্ণ হইয়াছে। ব্রাহ্মগণ যদি চৈতন্যদেবকে ভালবাসিতে ও শ্রদ্ধা করিতে শিখিয়া থাকেন; তবে তাঁহাদের মধ্যে সেই অল্পসংখ্যে গৌরানুপ্রাণ আসিয়া বসিয়া আছেন। এই জন্য বোধ হইতেছে, শ্রীমদ্ভক্তির বিনিয়োগ ছিলেন তাহা মিথ্যা হইবার নহে। শত সহস্র লোক যখন তাঁহার জীবনচরিত পাঠ করিয়া অশ্রুসিক্ত হইতেছে, তাঁহার প্রবর্তিত হরিসঙ্কীর্ণনপ্রণালী অবলম্বন করিয়া প্রেমভক্তির শ্রোত্রে ভাসিতেছে, নামরসপানে ও বিতরণে সুখী হইতেছে, শ্রদ্ধা ভক্তির সহিত ভক্তিশাস্ত্র আলোচনা করিতেছে, তখন আর কি গৌরের আসিবার বাকি আছে? আসিয়াছেনই বা কেন বলিতেছি? ভাবেতে কার্য্যেতে গৌরানুপ্রাণ চির কাল পৃথিবীতে বর্তমান আছেন এবং থাকিবেন।

একটি বিশেষ আশ্চর্য্যের বিষয় এই, শুকজ্ঞানীর মূর্ত্তিপূজা না মানিয়াও উপাসনা সঙ্কীর্ণন প্রার্থনাদিতে বিগলিত হন, অশ্রুপাত করেন, নামরসে ইহাদের আবেশ হয়, সময়ে সময়ে মত্ততাও জন্মে। ইহা দেখিলে বিশ্বাস হয় কিছু বস্তু ইহারা পাইয়াছেন, দ্বিরাকাবের পূজা অর্চনার এরূপ ভাবোচ্ছ্বাস ইহা একটি নূতন দৃশ্য। পূর্বেই নিরাকারবাদীদিগের বড় কঠোর ভাব ছিল, ভক্তিগণের লেশ মাত্র তাহাদের মধ্যে দেখা যাইত না। অধৈতবাদীরা ভগবানের লীলাবিহার মানিত না, কেবল তাঁহাকে অনন্ত নিরাকার নিষ্ক্রিয় অজ্ঞের ছদ্মবেশ বলিয়া নিজেদের হৃদয়কে নীরস করিয়া

ফেলিত । আধুনিক ব্রহ্মজ্ঞানীদিগের মধ্যেও অনেকেই বৌদ্ধভাববিশিষ্ট শুক নিরাকারবাদী, হরির মাধুর্য্যরসে বঞ্চিত, তর্ক বিতর্ক মতামতের বিবাদই তাঁহাদের সর্বস্ব । তবে ইদানীং কয়েক বৎসর হইতে গোস্বামিশিষ্য পরম বৈষ্ণব শ্রীযুক্ত রামকমল সেনের পৌত্র ব্রহ্মানন্দ শ্রীমান্ কেশবচন্দ্র সেন নীরস জ্ঞানকণ্ডের স্রোত ফিরাইয়া দিয়া নিরাকার চিন্ময় অনন্ত ব্রহ্মেতে ভক্তি প্রেম অর্পণ করিবার শিক্ষা প্রবর্তিত করিয়াছেন । তাঁহার ব্যবহার দৃষ্টান্ত ও শিক্ষা ভক্তিপথের অমুকুল বটে, তিনি কতক পরিমাণে এ বিষয়ে কৃতকার্য্যও হইয়াছেন । তাঁহা কর্তৃক প্রকাশ্য এবং গোপনে, জ্ঞাত ও অজ্ঞাতসারে সমাজের মধ্যে ভক্তির স্রোত প্রবাহিত হইতেছে, ইহা দ্বারা ব্রহ্মজ্ঞানীদের কঠোরতার ভাব অনেক দূর হইয়াছে ।

নিরাকারে ভক্তি প্রেম মত্ততা ইহা কোন কালে কেহ শুনে নাই, হিন্দুশাস্ত্রে এ প্রকার কোন উল্লেখ দেখা যায় না । সাকার মূর্ত্তি ভিন্ন ভক্তি চরিতার্থ হয় না এইটি সাধারণতঃ প্রাচীন সংস্কার । ভাধুকের ভাব নিরাকারে সম্যক্ চরিতার্থ লাভ করিবে ইহা একটী নূতন কথা । অবশ্য যাহা কখন হয় নাই কিম্বা আমরা শুনি নাই তাহা চিরকাল অসম্ভব থাকিবে, ইহা কোন কার্য্যের কথা নহে । প্রত্যক্ষ ঘটনায় অবিশ্বাসই বা কিরূপে করা যায় ? কেশবচন্দ্র সেন সেরূপ সরসভাবে পূজা স্তুতি প্রার্থনা করেন তাহা শুনিলে তাঁহার উপাস্য দেবতাকে সাকার বিগ্রহ অপেক্ষাও স্পর্শনীয় বোধ হয় । বাস্তবিক তিনি যে সকল উপদেশ দেন, যে প্রণালীতে ঈশ্বরকে সম্বোধন করেন তাহাতে মন গলে, চক্ষে জল আসে । নিরাকারে এত প্রেম ভক্তি অনুরাগ হইতে পারে ইহা পূর্বে কেহ জানিত না । আমি ঈহাদের উপাসনাদি শুনিয়াছি এবং তাহা শুনিয়া আমার অশ্রুপাতও হইয়াছে । কৃতবিদ্যা শিক্ষিত যুবাдиগকেও আমি উচ্চৈশ্বরে কাঁদিতে দেখিয়াছি । মূর্ত্তি নাই, কল্পনা এবং ভাবানুভূতি ও এখানে স্থান পায় না, অথচ মত্ততা, ক্রন্দন, কিরূপে এ সকল হয় সুরুজে বুঝিয়া উঠা কঠিন । কিন্তু বিশেষ অনুসন্ধান দ্বারা জানিয়াছি, ঐ সকল ব্যক্তি মূর্ত্তিপূজার বিরোধী হইলেও ভগবানের চিন্ময় আনন্দধন মূর্ত্তিকে এমন ভাবে ধ্যান ধারণা করেন, তাঁহাকে পিতা মাতা সখা জানিয়া দৈনিক কার্য্যের সঙ্গে



এত দূর নিকট করিয়া দেখেন, যাহাতে বিগ্রহমূর্তির আর আবশ্যিকতা থাকে না। ব্রহ্মানন্দজী ঈশ্বরদর্শন স্পর্শন শ্রবণ স্বপ্নে পরিষ্কার ভাষায় যে সকল উপদেশ দিয়াছেন তাহা হৃদ্বোধ হইলে তাঁহার দেবতা যে সাকার অপেক্ষাও জীবন্ত উজ্জল ইহাতে কিছু মাত্র সংশয় থাকে না। বিশ্বাসই সকলের মূল, চৈতন্যময় শক্তি অন্তর বা হরে সকল স্থানে বিরাজ করিতেছে ইহা হৃদয়ঙ্গম করিতে পারিলেই দেবদর্শনের আশা চরিতার্থ হয়, এ কথা অযুক্ত নহে। তবে এরূপ সূক্ষ্ম মত সাধারণে কত দূর ধরিতে সক্ষম হইবে বুঝিতে পারি না। যাহউক, ইনি যত দূর করিয়া তুলিয়াছেন তাহাতে ভক্তিপিপাসার্ত্ত মুমুকুদিগের হৃদয় বহু পরিমাণে পরিতৃপ্ত হইতেছে।

অনন্ত অসীম নিরাকার দেবতা, অর্থাৎ তিনি সাকার পুত্তলিকা হইতেও সুন্দর উজ্জল হইয়া ভক্তিকে চরিতার্থ করেন এ কথা শুনিলে হঠাৎ প্রহেলিকাবৎ মনে হয়, কিন্তু ইহার ব্যাখ্যান আনি যেরূপ শুলিয়াছি তাহা মনে লাগে। সাকারবাদীরাও ঈশ্বরকে অসীম অনন্ত চিন্ময় বলিয়া স্বীকার করেন। নিরাকারবাদী ভক্তদের সঙ্গে তাঁহাদের প্রভেদ এই যে, তাঁহারা অনন্ত সর্বব্যাপী ঈশ্বরকে অন্তবিশিষ্ট সীমাবদ্ধ বিগ্রহমূর্তিতে পরিণত করেন, অনন্তকে অন্তবৎ পদার্থের সঙ্গে এক করিয়া ফেলেন; শেযোক্তেরা সেরূপ ভাবে দেখেন না। তাঁহারা স্বরূপতঃ ঈশ্বরকে অনন্ত সর্বব্যাপী অপরিবর্তনীয় বলিয়া বিশ্বাস করেন, কিন্তু মানবের সঙ্কীর্ণ হৃদয়ত সে ভাব আয়ত্ত করিতে পারে না, এই জন্য ভক্তি প্রেমেতে তাঁহাকে ইইরা জীবন্ত ব্যক্তিরূপে নানা স্থানে দেখেন, সূচ্যগ্নের জ্বালায় এক ক্ষুদ্র বিন্দুমধ্যে ধারণা করেন। বিশ্বাসে অনন্ত অসীম সত্তা বর্তমান থাকে, তাহার কোন পরিবর্তন হয় না, কিন্তু প্রত্যক্ষ অনুভূতির জগত সেই চিৎস্বরূপ ব্রহ্ম ঘনচিদানন্দ হইয়া প্রেমময়নের সম্মুখে নানা ভাবে প্রকাশ পান। সাকারবাদীর ঘনচিদানন্দ রূপ জড় মূর্তির সহিত অভেদ, তাঁহারা ইন্দ্রিয়গ্রাহ্য মূর্তিকে প্রাকৃত দেহ না বলিয়া তাহাকে চিদঘন অপ্রাকৃত বলিয়া থাকেন; নিরাকারবাদী জড় একবারেই পরিত্যাগ করেন, কেবল চিন্ময় আনন্দঘন বিজ্ঞানঘনরূপে বিশ্বাসের চক্ষে তাঁহাকে দেখেন,—দেখার অর্থ অনুভব, সূত্রাং বিগ্রহমূর্তির অভাব ইহা দ্বারা মোচন হইয়া যায়। তাঁহাদের ভাবোদ্দীপনের বিবিধ উপায়

আছে। বিধাতার সৃজিত বিচিত্র শোভাশালী পদার্থনিচয় সমস্তই উদ্দীপন। এই উদ্দীপন এবং আলম্বন ঈশ্বর চুয়ের পৃথকত্ব কোন কালেই বিনষ্ট হয় না। সাকার ও নিরাকারগণের মধ্যে মূল প্রভেদ এই স্থানে অবস্থিতি করিতেছে। কিন্তু ঠিক বস্তু নিরবলম্বরূপে ধরিতে না পারিয়া নিরাকারব দীর্ঘাও অনেক সময় সাকারবাদীর নায় পূজা বন্দনা করিয়া থাকেন। এইজন্য হামার মতে সাধুতা ও মার্গ বিষয়ে উভয়ের তারতম্য কেবল বিশুদ্ধ বুদ্ধিসঙ্গত মত স্তীকারের উপর নির্ভর করে না, ভক্তি একাগ্রতা এবং নির্ভাব উপর নির্ভর করে। বিশেষতঃ ঈশ্বরের দয়া মাতৃস্নেহ পুত্রবাৎসল্য প্রেম পবিত্রতা মহিমা মৌন্দর্য্য প্রভৃতিকে ব্রাহ্ম ভক্তেরা এখন এরূপ ঘন করিয়া জীবনের প্রত্যেক কার্যের সঙ্গে তাহা গ্রথিত করেন যে, ইন্দ্রিয়গ্রাহ্য সাকার মূর্তিও তাঁহাদের নিকট দূরের দেবতা বলিয়া বোধ হয়। এ সকল বড় গভীর সূক্ষ্ম তত্ত্বের কথা, সাধক ভিন্ন ইহাতে কেহ দস্তশ্ফুট করিতে পারেন না। সে বাহউক, এক্ষণে ভক্তিসম্বন্ধে ব্রহ্মজ্ঞানীদের সাধ্যসাধন তত্ত্ব এই স্থলে কিছু কিছু উদ্ধৃত করিয়া দিলাম, প্রাচীন কালের ভক্তির সঙ্গে ইহার কোন্ কোন্ বিষয়ে ঐক্য অটনক্য আছে তাহা সকলে বুঝিয়া লইবেন।

১। ভক্তির লক্ষণ। সত্যং শিবং সুন্দরং এই তিন স্বরূপবিশিষ্ট পদার্থে জ্ঞানের কোমল অনুরাগের নাম ভক্তি। সত্যস্বরূপে বিশ্বাস ও শ্রদ্ধা, মঙ্গলস্বরূপে প্রেম ও ভালবাসা, সুন্দরে মোহিত হওয়া। তুমি আছ, আমি তোমাকে বিশ্বাস করি, তুমি মঙ্গল আমি তোমাকে ভালবাসি; তুমি সুন্দর আমি তোমাকে দেখিয়া মোহিত হই। সত্যং শিবং সুন্দরং ভক্তিশাস্ত্রের জপমন্ত্র। সুন্দর ঈশ্বরকে দেখিলে মন আকৃষ্ট হয়, সেই আকর্ষণের নাম অনুরাগ। বিশ্বাস বিহীন ভক্তি প্রকৃত নহে। এইজন্য উক্ত তিনটি স্বরূপে বিশ্বাস করিবে। যেখানে এই স্বরূপ দেখিবে তথায় ভক্তি অর্পণ করিবে।

২। ভক্তি ও যোগসাধনের মূলে সত্যস্বরূপের সাধন করিতে হইবে। তুমি নাই ইহাতে অবিশ্বাস, তুমি আছ ইহাতে বিশ্বাস। তুমি আছ বলি-  
বামাত্র আর এক জনের সত্তা উপলব্ধি হইবে। বাহাদের ভূতের ভয়

আছে তাহারা অন্ধকার রাত্রিতে শ্মশানে অথবা কোন ভয়ানক স্থানে যাইবামাত্র তাহাদের শরীর ছম্ ছম্ করে এবং মনে হয় যেন সেখানে কে আছে। যদিও এ দৃষ্টান্ত ভাল হইল না, তথাপি “তুমি আছ” বলিবামাত্র শরীর ছম্ ছম্ করিবে, কেহ কাছে আছে ইহা বোধ হইবে। সমস্ত আকাশে তুমি ব্যাপ্ত আছ এবং আমার আত্মাতে তুমি আছ এ দুইয়ের প্রভেদ আছে। একটি পরিব্যাপ্ত, অপরটি সঙ্কীর্ণ। তাঁহার মধ্যে আমি, আমার মধ্যে তিনি। “তুমি আছ” ইহা বারংবার উচ্চারণ করিতে হইবে। কোন একটি স্থান নির্দেশ করিয়া বলিতে হইবে, ঐ তুমি আছ! কখন উর্দ্ধে, কখন সম্মুখে, কখন পার্শ্বে। সত্যস্বরূপের সাধনার পূর্ণতাই দর্শন। সেই দর্শন ভিন্ন বিশ্বাস স্থায়ী হয় না। সত্যস্বরূপের সাধন নিগূর্ণ, ইহাতে কোন গুণ আরোপিত হইবে না। নিগূর্ণ সত্তার ধ্যান করিতে হইবে। ইহা সফল হইলে উহাতে মঙ্গলাদি স্বরূপ দর্শন সহজ হইবে।

৩। সাধনের সময় মন চঞ্চল কিংবা ইন্দ্রিয় প্রবল হইলে সাধন ভঙ্গ হয়। ইহাকে পোষণ না করিয়া “দূর হ” বালিয়া তাড়াইতে হইবে। মন স্থির না হইলে সংঘম হয় না। সাধনের সময় চারিটি বিষয় স্থির রাখিতে হইবে। ১ স্থান, ২ আসন, ৩ শরীর, ৪ মন। স্থান ও আসন নিদ্দিষ্ট চাই। শরীর পুনঃ পুনঃ সঞ্চালিত হইলে চিত্ত অস্থির হয়, এই জন্য একভাবে বসিতে হইবে। স্থান আসন শরীর স্থির হইলে মনও কতক পরিমাণে স্থির হয়। মনস্থির না হইলে সাধন হয় না।

৪। সংসার ও সামাজিক প্রতিবন্ধক সাধনের প্রধান শত্রু। সংসারের ঠিক বন্দোবস্ত অগ্রে না করিলে সাধনের ব্যাঘাত হয়। সামাজিক বাব-হারে কার্য ও বাক্যে নির্লিপ্ত থাকিতে হইবে।

৫। ভক্তি পাপ পুণ্যের অতীত। পাপ নষ্ট হইয়া পুণ্যের উৎপত্তি হইলে পরে সেই পুণ্যভূমিতে ভক্তির উৎপত্তি হয়। ভক্তি মত্তের উপর রং দেয়। মত্ততা প্রেমের ফল। ভক্তির হেতু ব্যাকুলতা। ব্যাকুলতার হেতু নাই, এই জন্য ভক্তিকে অহৈতুকী বলে। আমার কিছু ভাল লাগে না, এইভাবে ভক্তির আরম্ভ। আমার ভাল লাগে এই ভক্তির অবস্থা।

৬। ভক্তি পাপ পুণ্যের অতীত হইলেও ভক্তির আবার পাপ পুণ্য

আছে। শুদ্ধতা ভক্তির পাপ, প্রেম ও মত্ততা ভক্তির পুণ্য। হৃদয়প্রসঙ্গকে ব্যাকুলক্রন্দনে বিগলিত করিতে হইবে। ব্যাকুল ক্রন্দনের জলে হৃদয় উর্বরা হয় না, প্রেম ও আনন্দজলে হৃদয় উদ্যান উর্বরা হয়। সেই উদ্যানে বিবিধ পুষ্প প্রস্ফুটিত হইয়া থাকে। অহৈতুকী ভক্তির ক্রন্দনও অহৈতুকী। সাধনভক্তির উপায় সাধন।

৭। যোগের সাধন মৃত্তিকার উপর; ভক্তির সাধন জলের উপর। দৈব ও সাধন দুই উপায়ে ভক্তি লাভ হয়। দেবদত্ত যে ভক্তি তাহা সাধন দ্বারা রক্ষিত হয়। সাধনের উপর নির্ভর না করিয়া সাধন করিবে, দেবপ্রসাদেব উপর ফলের প্রত্যাশা রাখিবে। উভয় উপায় শিরোধার্য। দেবপ্রসাদ বায়ুর ন্যায় কখন কোন দিক হইতে আইনে তাহার স্মিততা নাই, কিন্তু সাধনের দ্বারা ঐ বায়ুকে সকল দিক হইতে প্রতীক্ষা করিতে হইবে।

৮। ভক্তি দেবপ্রসাদে হইলেও তাহার জন্য সাধন চাই, কিন্তু সাধনেব জন্য ঈশ্বরের নিকট দাওয়া করা উচিত নয়। সাধন কর, পরে যথাসময়ে তিনি ফল দিবেন। তিনি ফল না দিলেও সাধন করিতে হইবে। যখন ভক্তি আসিতেছে না, তখন জানিবে যে অত্যন্ত আসিবে। তাহার জগ্ন ব্যাকুলতা চেষ্টা চাই। এই জন্য ভক্তি পাইলেও লাভ, না পাইলেও লাভ।

৯। “সত্যং শিবং সুন্দরং” ভক্তির বীজ মন্ত্র। সত্যসাধন যোগ ও ভক্তির সাধারণ ভূমি, শিবং ও সুন্দরং ভক্তির বিশেষ সাধন। স্মৃতি ও দর্শন শাস্ত্রের কথা গুনিয়াছ। ঐ দুই শাস্ত্র শিবং অর্থাৎ মঙ্গল ভাবের সাধন। ঈশ্বরের দয়া দুই প্রকার, সাধারণ এবং বিশেষ। অন্ন পান জল বায়ু ঔষধ পথ্য প্রভৃতি সাধারণ। নিজের প্রতি বিশেষ দয়াকে বিশেষ বলে। এই দুই দয়া স্মরণপূর্বক কৃতজ্ঞতার সহিত ঈশ্বরকে ভালবাসার নাম স্মৃতিশাস্ত্র। প্রতিদিন জীবনের বিশেষ ঘটনা স্মরণ করিয়া ও লিখিয়া কৃতজ্ঞতা ও ভালবাসা সাধন করিতে হইবে। তুমি যদি কখন মানুষকে ভালবাসিয়া থাক, তাহা হইলে অবশ্য জান কিরূপে ভালবাসিতে হয়। যিনি উপকার করেন তাঁহাকে ভালবাসা যায়। তাঁহাকে দেখিলেই ভালবাসা হইবে। ঈশ্বরের দয়া স্মরণ করিয়া এবং তাঁহাকে

দেখিয়া ভালবাসিতে হইবে। প্রথমে স্মরণ করিয়া ভালবাসা, পরে দেখিয়া ভালবাসা। যখন তিনি দর্শন দেন তখন আর উপকার স্মরণ করিতে হয় না, দেখিবামাত্রই ভালবাসা উপস্থিত হয়। ইহাকেই দর্শন-শাস্ত্র বলে।

১০। প্রেমময়কে দর্শন করিয়া যে ভালবাসা জন্মে তাহার হেতু নাই। দর্শনের প্রেমের নিকট স্মরণের প্রেম নিকট, কারণ শেযোক্তটি হেতুমূলক। চক্ষুর উপকার স্মরণ করিয়া কেহ তাহাকে ভালবাসে না, তাহাকে দেখিলেই ভালবাসা উপস্থিত হয়। প্রথমে দর্শনপ্রেমে হৃদয় আর্জি হয়, পরে তাহা ঘন হইয়া মেঘের স্থায় হয়, আর একটু ঘন হইলে তাহা হইতে অশ্রুরূপে বারিবর্ষণ হয়। তাহাকে দেখিয়া যদি অশ্রুপাত না হয়, তবে তাহা সম ক্ দর্শন নহে। ভিতরে ভিতরে প্রেম যদি হইয়া থাকে তাহা ঘন প্রেম নহে। অশ্রুকে সামান্য মনে করিও না, একটুকু অশ্রু একটি মূল্য অপেক্ষাও মূল্যবান।

১১। চক্ষুর আকর্ষণে জোয়ার হয়। পূর্ণিমাতে কটালে বান ডাকে। জল নদী খালে প্রবেশ করে, শুকভূমি প্রাৰিত হয়। সেইরূপ হৃদয়াকাশে প্রেমচন্দ্র উদিত হইলে জোয়ার হয়, পূর্ণচন্দ্রোদয়ে বান ডাকে। তখন হৃদয় প্রাৰিত হয়, পাপরূপ বে ময়লা জমিয়াছিল তাহা ভাসিয়া যায়, কিন্তু ইহাতে খুব নীচেকার পাপ যায় না। ছোট ছোট খালে জল দেখিলে জানা যায় জোয়ার হইয়াছে, তেমনি অশ্রুপাত হইতে দেখিলে মনে হয় হৃদয়ের মধ্যে জোয়ার আসিয়াছে।

১২। প্রেমচন্দ্র যতই দেখিবে ততই হৃদয়ে জোয়ার হইবে ও বান ডাকিবে। এইরূপে ক্রমে হৃদয় নরম হইয়া উৰ্বরা হইবে। সেই উৰ্বরা ক্ষেত্রে নানাপ্রকার স্বর্গীয় পুষ্প ফুটিতে থাকে। ভক্তির উচ্ছ্বাসে হৃদয় আর্জি হইলে বিনয় দীর্ঘ ও দয়ালু এই তিনটি ফুল ফোটে। তখন হৃদয় উদ্যানের ন্যায় হয়। অহঙ্কার, স্বার্থপরতা, ও ধনগর্ভ ভক্তির শত্রু। অহং ভাবকে ত্যাগ করিয়া বিনয়ী হইতে হইবে। ঈশ্বরকে রাজসিংহাসন ছাড়িয়া দিয়া নিজে ফকিরী বেশে তাঁহার চরণ সেবা করিতে হইবে; তাহাকে সর্ব্বশ জানিয়া অকিঞ্চন হইতে হইবে। যখন প্রেমময় ঈশ্বর

অস্তরে প্রবেশ করেন, তাঁহার সঙ্গে তখন সমস্ত জগৎ প্রবেশ করে । ঈশ্বর দেন, ভক্ত গ্রহণ করেন, তাহা পুনরায় তিনি জগৎকে বিতরণ করেন ।

১৩। দূরবীক্ষণের চুইদিকের কাছে যেমন নিকট ও দূরের পদার্থ ছোট ও বড় দেখায়, তেমনি অহঙ্কার কাছে আপনাকে দেখিলে বড় দেখায়, বিনয়ের মধ্য দিয়া দেখিলে ছোট বোধ হয় । ঈশ্বর সমস্ত কাজ করেন, ভক্ত বসিয়া বসিয়া দেখেন । শিবঃ সাধনে মন মুগ্ধ হইলে ভক্তির তৃতীয় পরিচ্ছেদের আরম্ভ হয় ।

১৪। সূন্দরের সাধন স্বতন্ত্র নহে । ইহা শিব সাধনের ফল । প্রেম যত ঘন হইবে তত ঈশ্বরের সৌন্দর্য হৃদয়ঙ্গম হইবে । সে সৌন্দর্যে মন মুগ্ধ হয়, কিন্তু চেতনা থাকে । হাস্য ক্রন্দন নৃত্যাদি করিলেও ভক্তের জ্ঞানচক্ষু অনিমেবে প্রেমচন্দ্রকে দেখে । নর্তুকী যেমন মস্তকে কলসী ঠিক রাখে, ভক্তও তদ্রূপ । বাহ্য বস্ততে তাঁহার সৌন্দর্য্য প্রতিভাত হয় ।

১৫। ঈশ্ববদর্শনে অগ্রে মন মুগ্ধ হয়, পরে তাহা শরীরে প্রসারিত হয় । অজ্ঞানতা মত্ততা নহে, ভক্তের একটি নাম চৈতন্য । সেই সূন্দর পূকষকে দেখিয়া মুগ্ধ হইয়া জ্ঞানপূর্ব্বক তাঁহাকে দেখা প্রকৃত মত্ততা । প্রকৃত মত্ততা জীবনে মধুর ভাব ধারণ করত স্থায়ীভাবে অবস্থিতি করে । কখন কর্কশতা কখন মত্ততা ইহা ঠিক নহে ; জীবন মত্ত হইলে ভক্তের বাক্য ও ব্যবহার মধুময় হয় । বুকের শাখায় জল দিলে তাহা সজীব হয় না, মূলে জল দেওয়া প্রয়োজন ; তদ্রূপ হৃদয় মত্ত হইলে জীবন নরম হয় না । মাধক-সেবী যেমন ধোঁয়া গিলিয়া ফেলিয়া নেশার জুমাট করে, সেইরূপ জীবনকে মত্ত করিবার জন্য ভাব ভিতরে পোষণ করিতে হইবে ।

১৬ মত্ততা যেমন শরীরে কিম্বা ভাবে নহে, জীবনে ; তেমনি বাহ্যোপায়ে যে মত্ততা হয় তাহা দর্শনমূলক নহে, অমস্বামূলক । তাহা স্থায়ী হয় না । অতএব সজন মত্ততা অপেক্ষা নির্জন মত্ততাই প্রকৃত । নির্জনে প্রেমচন্দ্রকে দেখিলে মন মত্ত হয় । ইহা স্থায়ী এবং দর্শনমূলক । সূতরাং নির্জন প্রমত্ততাই ঠিক ।

১৭ মত্ততা ও মিষ্টতা এক। ঈশ্বর মিষ্ট কি না আশ্বাদন না করিলে তাহা জানা যায় না। মত্ততার সময় তাঁহার পানে চাহিলে মিষ্টতা হয়। এ বিষয়ে সাবধান, মিথ্যা কল্পনা যেন না আসে। মিষ্ট না লাগিলে “দয়াময় কি মধুর নাম” বলিবে না। জ্ঞানী চিনিকে মিষ্ট বলিতে পারেন, ভক্ত আশ্বাদন না করিয়া তাহা বলিতে পারে না। মিষ্টতা ভোগ করা আব জ্ঞানেতে ঈশ্বরকে মিষ্ট বলা ইহার মধ্যে স্বর্গ মর্ত্য প্রভেদ। মত্ততাবিষয়ে নিজের ষাছু বুঝিবে। কখন আসে এবং কখন তাহা ছাড়িয়া যায় বুঝিতে হইবে। অবিচ্ছেদে ব্রহ্মরস কোটির কোটি মধ্যে এক জন পান করে। যখন মিষ্টতা ভোগে বঞ্চিত হইবে, তখন দুঃখিত হইবে, ব্যাকুল হইবে। বলিবে, আমি পাথর থাকিব না জল হইব, প্রেমিক হইব। ক্রমে বিচ্ছেদ অন্ন হইয়া মত্ততা অধিককাল স্থায়ী হইবে। যথার্থ মত্ততার মিষ্টতা অনেক ক্ষণ থাকে। কখন মিষ্টতা এবং কখন তিক্ততা আসে তাহা অনুধাবন করিবে।

১৮। ভক্তি স্বাভাবিক, এইজন্য ইহা স্নলভ এবং দুর্লভ। স্নলভ এই জন্য যে, ভক্তিউত্তেজক ব্যাপারের মধ্যে হৃদয়কে রাখিলে ভক্তি হয়। দুর্লভ এই জন্য যে, ভক্তি এত কোমল যে, একটু আঘাত লাগিলেই উহা নষ্ট হয়। ভক্ত চটেন না, কিন্তু ভক্তি সহজে চটয়া যায়। চক্ষুতে সামান্য কুটা পড়িলে ব্যথিত হইতে হয়, ভক্তিও তেমনি। মত্ততাও এইরূপ শীঘ্র হয় এবং শীঘ্র যায়। ভক্তিকে সমগ্র হৃদয় দিতে হইবে। ভক্তি যখন বাড়ে খুব বাড়ে, কিন্তু একবার ভাঙ্গিলে শীঘ্র গড়ে না। ঠিক যেন কাচের মত, ঠিক যেন ছুখে গোচনা। অতএব ইহাকে কোনরূপ বাধা দিবে না। ঈশ্বরকে এবং তৎসম্বন্ধীয় সমস্ত ব্যক্তি ও বস্তুকে ভাল বাসিবে। এক শৃঙ্খলে সমস্ত বাঁধা থাকিবে। তখন তাঁহার নাম মিষ্ট হইয়া যাইবে; সকলই মধুময় ভাব ধারণ করিবে।

১৯। নাম অমূল্য ধন। বস্তুতে প্রেম হইলে, তাহার নামে প্রেম হয়। বস্তু ছাড়া নাম নহে, নামছাড়া বস্তু নহে। এইজন্য নামেতে মত্ততা হয়। বস্তুর যেমন গুণ নামের তেমনি আকর্ষণ। কেহ কেহ বলে, নিকৃষ্ট সাধক-দিগের জন্য আগে নাম সাধন আবশ্যিক। যে বস্তুর মহিমা বুঝিয়াছে, সেই নামের মহিমা বুঝিতে পারে। আগে বস্তুতে প্রেম হইলে পরে

তাহার নামে প্রেম হয় । ভক্তের পক্ষে নামনাথন ঈশ্বরদর্শন অপেক্ষা নূন নহে । পরিত্রাণের আশায় বিশ্বাস ও শ্রদ্ধার সহিত নাম গ্রহণ করা বিশ্বাসীর পক্ষে আবশ্যিক, কিন্তু ভক্তকে ভক্তির সহিত নাম উচ্চারণ করিতে হইবে । তোমার পক্ষে আগে দর্শন, পরে নামে মত্ততা । প্রেমোচ্ছাস নাই, অথচ জগদীশ্বর জগদীশ্বর বলিয়া ডাকিতেছি, ইহা ভক্তিশাস্ত্রের বিরুদ্ধ \* ।

২০। জীবে দয়া ভক্তিশাস্ত্রের একটা প্রধান আদেশ । শিবংএর প্রতি প্রেম হইলেই তাঁহার নামে ভক্তি এবং জীবে দয়া বর্দ্ধিত হয় । ব্রহ্মানুরাগের প্রতি ঘনানুরাগ হইলে তাঁহার নামে ভক্তি ও জীবে দয়া ঘন হয় । পরোপকারেতে অহঙ্কার আছে, অতএব তাহা করিবে না । পরোপকার যিনি করেন তাঁহার অন্যকে নীচ মনে হয়, এই জন্য ভক্তিশাস্ত্রে উহা নিষিদ্ধ । কিন্তু ইহাতে পরসেবা আছে । জীবে দয়া অর্থ পরসেবা । সেবিত উচ্চ সেবক নীচ হন । ভক্তের স্থান পরপদতলে । মনুষ্যের মধ্যে ব্রহ্মের গন্ধ আছে বলিয়া তাহার প্রতি প্রেম হয় ; কোন গুণের জন্য নয় । এক জনের অনেক দোষ থাকিতে পারে, কিন্তু তথাপি সে প্রেমাস্পদ । ঈশ্বরের সঙ্গে সঙ্কররূপ একটু চিনি তাহাতে আছেই আছে । চারিদিকে উচ্ছেদ ক্ষেত্র, মধ্যে একটু আশ, চারিদিকে তিল, মধ্যে একটু মিষ্টরস । ভক্তের প্রতি ভক্তের আরও অধিক প্রেম । জীবে দয়া বা প্রেম, ইহার

\* কবীর এ সম্বন্ধে যাহা বলিয়াছেন তাহা উপরোক্ত বাক্যের সহিত এক । “পণ্ডিতবা যে বাদানুবাদ করেন তাহা মিথ্যা । রাম বলিলেই যদি লোকে পরিত্রাণ পায়, তবে খাঁড় বলিলেও যুগ মিষ্ট হইতে পারে । যদি অগ্নি বলিলে পা দগ্ধ হয় ও জল বলিলে তৃষ্ণা নিবারণ হয়, আর যদি ভোজন বলিলে ক্ষুণ্ণ নিবৃত্ত হয়, তবে রাম বলিলেই লোক নিস্তার পাইবে । দর্শন ও স্পর্শন না করিয়া কেবল নামেচ্চারণ করিলে কি হয় ? ধন বলিলেই যদি ধনী হয়, তবে আর কেহ নির্ধন থাকেনা । মনুষ্যের সঙ্গে শুক-পক্ষী হরিনাম করে, কিন্তু সে হরির মহিমা জানে না । যদি কখন সে জঙ্গলে উড়িয়া যায়, তবে আর হরি স্মরণ করে না । বিষয়মায়ী সংযুক্ত কেহই সত্য, এই কথা বলা হরিভক্ত জনের পক্ষে হাস্যের বিষয় । কবীর কহে রামভজন না করিলে বাঁধা পড়িয়া যমপুরে যাইবি ।”



সাধারণ ভূমি সম্পর্কমূলক, গুণমূলক নহে। জীবে ঘন দয়া না হইলে নামেও ভক্তি হয় নাই জানিবে। জীব আমার প্রভু, তাঁহার সেবায় আমার পরিত্ৰাণ হইবে, ইহা একটি বিশ্বাসরাজ্যের কথা। পুণ্য হইবে বলিয়া পরসেবা করিবে। পিতা মাতা যেমন নিগুণ রুগ্ন সন্তানকে ভাল বাসেন, তন্মায় পরসেবা। প্রেমের কোন হেতু নাই। শুকতাসঙ্কেও যেমন বিশ্বাসের সহিত নামসাধন করিবে, তেমনি প্রেম না থাকিলেও বিশ্বাসের সহিত আপনাকে শূদ্র জানিয়া ব্রাহ্মণবোধে সকল মানবের সেবা করিবে।

২১। পরসেবার জন্য ছুই বল তোমার সহায়। এক আন্তরিক প্রেমের বেগ, অপব পরসেবায় পরিত্ৰাণ ইহাতে বিশ্বাস। সন্তানের প্রতি মাতার যেমন টান স্বাভাবিক, ঈশ্বরসন্তানের প্রতি তেমনি ভক্তের টান। যখন প্রেমের টান হইবে তখন তাহা দেখিয়া আশ্চর্য্য হইবে। সর্বত্র বাহাতে সেই প্রেমের বেগ হয় তাহা করিবে। এই যোগের সঙ্গে পরিত্ৰাণের আশা বিশ্বাসের যোগ হইলে প্রভূত বল বৃদ্ধি হইবে। পরিত্ৰাণ হইবে এই আশা থাকিলে মানুষ সকল কার্য্যই করিতে পারে। ভক্তি বিনয়ের সহিত পরসেবা না করিলে ধর্ম্ম হয় না। কাহারো কিছু সেবা করিয়া যদি শরীর মন না জুড়ায় তবে তাহা ঠিক নহে। পরিত্ৰাণ পাইব এইরূপ বিশ্বাসে যদি সামান্য কার্য্যও কর, তাহাতে পুণ্য হইবে। স্বাভাবিক স্নেহের অনুরাগ আবার বিশ্বাসমূলক অনুরাগ অপেক্ষা বেশী। কিন্তু তোমার নিকট ছুইটি বল আসিবে। সেবায় ছোট বড় নাই। সেবায় পরিত্ৰাণ, এই বিশ্বাসে জগতের লোকের সেবা করিবে। ভালবাসা একটি সাধারণ ভাব, পাত্রবিশেষে তাহার সঙ্গে শ্রদ্ধা ভক্তি স্নেহ মিশ্রিত হয়। সন্তানের কোন অভাব দেখিলে মাতার গুনে যেমন ছুগ্ন আসে, জীবের দুঃখে ভক্তের তেমনি দয়া হইবেই হইবে।

২২। চক্ষু (বিশ্বাস চক্ষু) ভক্তির যন্ত্র। বস্তু না দেখিলে ভক্তি হয় না। ভক্তিরাজ্যের দ্বার চক্ষু। চক্ষু দ্বারা ভক্ত ও যোগী ঈশ্বরকে দেখেন। যোগের দেখা কেবল “তুমি আছ”। কিন্তু সাদা চক্ষে ভক্তি হয় না। সজলনয়ন না হইলে ঈশ্বরের প্রেম পুণ্যের রং প্রতিবিম্বিত হয় না। ক্রমে সেই জলে সমস্ত ভাসিবে। রূপের ভিতর সৌন্দর্য্যমাধুবী না

দেখিলে ভক্তি হয় না । যতক্ষণ দর্শন না হয় কিছুতেই ক্ষান্ত হইবে না । শীঘ্র শীঘ্র যাহাতে প্রেমাশ্রম আসে তাহা কর । নিরীক্ষণ করিতে করিতে আঠার মত একটা বস্তু চক্ষের সঙ্গে রূপকে বন্ধ করিয়া ফেলিবে ।

২৩। ঈশ্বরদর্শন যোগীর লক্ষ্য ভক্তের উপলক্ষ । দর্শনের জন্য দর্শন ভক্তিশাস্ত্রে নিষিদ্ধ । প্রত্যেক বার দর্শনে ভক্তের অনুরাগ প্রেম উদ্বেলিত হইবে । উচ্চ ভক্ত যিনি তাঁহার দর্শনমাত্র ভক্তি উৎখলিত হয় । একবার দেখিবা মাত্র যদি তেমন ভাব না হয় তবে ভক্তচক্ষে দেখা হয় নাই । ভক্তিশাস্ত্রে দর্শন অপেক্ষা ভক্তি উৎকৃষ্ট । বলিতে পার, ভাবে মন মগ্ন হইলে কি দর্শন হয় না ? মত্ততার অবস্থায় দর্শনসূত্রটি ধরিয়া রাখিবে । কিন্তু তখন দর্শনের কথা ভাবিবে না । যেমন একটি যন্ত্রের দুইটি মুখ, এক দিক ব্রহ্মরূপে মগ্ন, অন্য দিকে যেন উৎস হইতে জল উঠিতেছে । দেখা বন্ধ হইলে জল উঠিবে না । কিন্তু দর্শনের দিকে খেয়াল রাখিবে না । এক বার দেখিয়াই ভাবসাগরে ডুবিবে । বস্তু এক দিকে ভাব এক দিকে । বস্তুর প্রতি অনেক দৃষ্টি যোগীর ধর্ম, ভাবের প্রতি অনেক দৃষ্টি ভক্তের ধর্ম । যোগ বস্তুপ্রধান ভক্তি ভাবপ্রধান । “এই তুমি” ইহা বলিতে বলিতে ভাবের প্রাবল্য । এই প্রাবল্য হির কি অস্থির, কিরূপ হাস বৃদ্ধি পরে বিবেচ্য ।

২৪। পুণ্যভূমিতে যোগ ভক্তি জ্ঞান সেবা প্রতিষ্ঠিত করিতে হইবে । পাপের লেশ মাত্র হৃদয়কে স্পর্শ করিতে পারিবে না । যাই পাপ প্রলোভন আসিবে অমনি প্রভূত তেজে “দূর হ” বলিয়া তাহাকে বিদায় করিয়া দিতে হইবে । পাপকার্য্য পাপকথা বিনাশ করিয়া চিন্তা হইতেও পাপকে তাড়াইতে হইবে । অতএব পুণ্যসঞ্চারণ কর, জিতেন্দ্রিয় হও । পুণ্যের দ্বারা জ্যোতিষ্মান হইয়া জীবন যাপন করিবে । ব্রতধারী পবিত্র চিন্তা বলিয়া অশ্রু হইতে লোকে তোমাদিগকে ভিন্ন করিয়া জানিতে পারিবে ।

২৫। সংসার-বাসনাশূন্য হইয়া ঈশ্বরস্পৃহাকে বৃদ্ধি করিবে । পার্থিব সুখবাসনা থাকিবে না । বাসনা বর্জিত ব্রতধারী বলিয়া সাধারণ হইতে তোমাদিগকে বিশেষ করিয়া বুঝিতে পারিবে । সংসারী ও ব্রতহীনদিগের সঙ্গে ব্রতধারীর বিশেষ পার্থক্য থাকিবে । যদি সে পার্থক্য বুঝা না যায়

তবে ব্রতপালন সৰ্ব্বকৈ সন্দেহ হইবে। সমস্ত বাসনা ত্যাগ, অল্পে সঙ্কল্পি, ও বৈরাগ্য, এই সকল ব্রতপালনের লক্ষণ। সংসারের ধন মান সুখের লোভ পরিত্যাগ করিয়া স্বর্গীয় ধনের লোভে প্রলুব্ধ হইতে হইবে। বাসনাকে নিশ্চল করিতে হইবে।

অধুনাতন উল্লিখিত ধর্মসম্প্রদায়ের মত বিশ্বাস কার্যপ্রণালী সাধারণতঃ ধর্মাত্মসঙ্কিন্ধ ব্যক্তিমাত্রেয়ই দৃষ্টিকে আকর্ষণ করিয়াছে, তাঁহাদের ভিতর যথেষ্ট উৎসাহ অন্দোলন জীবনীশক্তির চিহ্নও পরিলক্ষিত হয়; এই জগৎ আমার ইচ্ছা হইতেছে ভক্তিতেতত্ত্বচন্দ্রিকার পাঠকগণকে এ বিষয়ে যত দূর আমি অবগত হইয়াছি তাহা শুনাই। ভক্তিবিষয়ক ইতিহাসের শেষ পরিচ্ছেদরূপে উহা আমার নিকটে উপস্থিত হইয়াছে। ইহা আলোচনা ও অনুধাবনের বিষয়ও বটে। কারণ, পৃথিবীর সমুদায় ধর্মশাস্ত্র এবং সাধুগণ ইহার মধ্যে আসিয়া পড়িয়াছেন। ভবসা করি, এখানে ব্রহ্মসভার মত বিশ্বাস কর্মকাণ্ড ভজন সাধনপ্রণালী সংক্ষেপে বিবৃত করিলে কাহারো ক্লেশকর বোধ হইবে না।

প্রায় অর্ধ শতাব্দী গত হইল সুবিখ্যাত রাজা রামমোহন রায় কলিকাতা নগরে ব্রহ্মসভা স্থাপন করিয়া বেদান্তপ্রতিপাদ্য এক নিরাকার পরব্রহ্মের উপাসনা বিষয়ে উপদেশ দিতেন, হিন্দুশাস্ত্র পাঠ করিতেন। তাঁহার মৃত্যুর পর প্রসিদ্ধ পিরালী বংশীয় দ্বারকানাথ ঠাকুরের পুত্র শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঠাকুর এই সভার ভার গ্রহণ করেন এবং বৈদান্তিক ব্রহ্মবাদের সঙ্গে অপেক্ষাকৃত সরস উপাসনা আরাধনা প্রচলিত করেন। ইনি ভক্তিপথের বিরোধী, সুতরাং চৈতন্য মহাপ্রভুকে তেমন বড় লোক বলিয়া জানেন না, কিন্তু ইহার জীবন ঋষিদিগের জ্ঞান অতি মহৎ, দেখিলে প্রণাম করিতে ইচ্ছা হয়। রামমোহন রায়প্রতিষ্ঠিত শুদ্ধ ব্রহ্মজ্ঞানকে দেবেন্দ্র বাবু উপাসনাাদি দ্বারা অনেক পরিমাণে হৃদয়গ্রাহী করত তাঁহার প্রবর্তিত ধর্মকে কতক পরিমাণে উন্নত এবং বর্ধিত করিয়া কিছু দিন সভার কার্য চালাইলেন। এক্ষণে ইনি অতি প্রাচীন হইয়াছেন, ধর্মপ্রচারের বিষয়ে নিরুৎসাহী হইয়া একাকী পর্বতে অরণ্যে বসিয়া যোগ ধ্যান করেন। ইহার কতিপয় বেতনগ্রাহী ভৃত্য আছেন তাঁহাদের

দ্বারা সমাজের নিয়মিত কার্য সাধিত হয়। উপাসক বা সাধকপরিবার ইহার ভিতর নাই। ভক্তিবাহীন জ্ঞানযোগের ধর্ম জনসমাজকে পোষণ করিতে পারে না। দেবেন্দ্র বাবুর নিজজীবনের ধর্মভাব সেরূপ কঠোর না হইলেও সাধুচরিত্র, ভক্ত জীবন উৎপাদনের পক্ষে তাহা নিতান্ত অযোগ্য। তাঁহার অবর্তমানে একটি লোকও এমন থাকিবে না যে স্বীয় ধার্মিকতা দ্বারা তাঁহাকে জীবিত রাখিতে সক্ষম হইবে। এই মহাত্মার পর রামকমল সেনের পৌত্র এই ধর্ম এবং সতাকে বিধিপূর্বক সংস্কার এবং কার্যকর করিয়া তুলিয়াছেন। এক্ষণে ইহা একটি ধর্মসম্প্রদায়ের মধ্যে গণ্য হইয়াছে। কেশবচন্দ্র সেন যে সকল ধর্মমত এবং সাধনানুষ্ঠান প্রচলিত করিয়াছেন তাহার মধ্যে বিচিত্র অদ্ভুত ভাব দেখিতে পাওয়া যায়। যাহারা ভিতরকার সকল কথা শুনে নাই তাঁহাদের পক্ষে ইহা এক নূতনবিধ অদ্ভুত ধর্ম বলিয়া প্রতীত হইবে। বর্তমান সময়ে শেষোক্ত ব্যক্তিই পৃথিবীর মধ্যে গণ্য মাত্র এবং সর্বত্র পরিচিত; আমি যাহা কিছু লিখিতে প্রবৃত্ত হইতেছি সে সমস্ত প্রায় তাঁহারই প্রচারিত মত বিশ্বাস। নিম্নলিখিত নূতন শ্লোকটির দ্বারা এ ধর্মের সাধারণ ভাব অভিযুক্ত হইয়াছে।—

“সুবিশালমিদং বিশ্বং পবিত্রং ব্রহ্মমন্দিরং ।

চেতঃ সূনির্ম্মলস্তীর্থং সত্যং শাস্ত্রমনস্বরং ॥

বিশ্বাসো ধর্মমূলং হি প্রীতিঃ পরমসাধনং ।

স্বার্থনাশস্ত বৈরাগ্যং ব্রাহ্মৈরেবং প্রকীর্ত্যতে ॥”

এই সুবিশাল বিশ্বই ব্রহ্মের পবিত্র মন্দির, নির্ম্মল চিত্তই, তীর্থ সত্য অর্থাৎ মনস্বর শাস্ত্র, বিশ্বাস ধর্মের মূল, প্রীতি পরম সাধন, স্বার্থনাশই বৈরাগ্য, ইহা ব্রাহ্মগণ বলিয়া থাকেন।

নিম্নলিখিত মতগুলি ইহাদের সাধারণ মূল, মত, ইহাতে বিশ্বাসী না হইলে ব্রাহ্ম নামের যোগ্য হওয়া যায় না।

সাধারণ মূল মত। ঈশ্বর এক অদ্বিতীয় নিরাকার চিৎস্বরূপ, তিনি অনন্ত, মঙ্গলস্বরূপ এবং পবিত্র। আত্মা অমর, মৃত্যু কেবল শরীরের বিরোগ, পুনর্জন্ম নাই, পরলোকে ইহ জীবনেরই উন্নতি হয় এবং

কর্ম্মানুশারে ফল ভোগ করিতে হয়। ধর্ম্মশাস্ত্র বাহিরের জগৎ এবং আত্মানিহিত সহজ্ঞান। বাহিরে ঈশ্বরের জ্ঞান শক্তি দয়া, এবং অন্তরে স্বভাবতঃ তাঁহার অস্তিত্ব, পরকাল, নীতিবিষয়ক সমুদায় মূল সত্য শিক্ষা করা যায়। স্বাভাবিক স্বতঃসিদ্ধ জ্ঞান এ ধর্ম্মের মূল। ঈশ্বর কখন অবতাররূপে মানবদেহ ধারণ করেন না। তাঁহার দেবতাব সকে-  
লেতে আছে, ব্যক্তিবিশেষে উহা উজ্জলরূপে প্রকাশ পায়। ঈশা মুসা মহম্মদ নানক চৈতন্য এইরূপ বিশেষ ব্যক্তি। তাঁহারা অল্লাহ নিষ্পান নহেন, কিন্তু সাধু এটু জন্ম তাঁহারা সুলেলের ভক্তি ও কৃতজ্ঞতাভাজন। পাপ করিলে তাহার দণ্ড হয়। ঈশ্বব পাপীর হৃদয়ে প্রায়শ্চিত্তরূপ এক প্রকার যন্ত্রণা প্রেবণ করেন, তাহা ভোগ করিয়া জীব তাঁহাব নিকট ব্যাকুল হৃদয়ে প্রার্থনা করে, তদনন্তর উভয়ের সম্মিলন হয়, ইহাকেই প্রায়শ্চিত্ত বলে। পাপচিন্তা, পাপকার্যের শৃঙ্খল হইতে মুক্ত হইয়া পুণ্য-পথে গমনের নাম মুক্তি, ইহার উন্নতি অনন্তকাল। যিনি অসীম আনন্দ ও পুণ্যের আকর জীব তাঁহাতে শান্তি লাভ করিবে, তাঁহার সহ-বাসই স্বর্গভোগ। আন্তরিক প্রেম ভক্তি বিনয় চিত্তসংযম ইহাই ইষ্টপূজার উপকরণ। এই পূজা চারি অঙ্গে বিভক্ত। ঈশ্বরের অনন্ত মহিমা ও গুণের আরাধনা, তাঁহাকে সজ্ঞপে ধ্যান, তাঁহার দয়ার জন্য কৃতজ্ঞতা, এবং পাপ হইতে মুক্তি লাভের জন্য প্রতি দিন প্রার্থনা। নিত্য পূজার দ্বারা আত্মার সহিত পরমাত্মাব যোগসন্ধান হয়। এইরূপ উপাসনা, সাধুসঙ্গ সদগ্রন্থ পাঠ, সৃষ্টির শোভা ও কৌশল দর্শন, নির্জ্জনে ঈশ্বরচিন্তা, ইন্দ্রিয়দমন, পাপের জন্য অনুশোচনা,—ঈশ্বরের করুণার সহিত এই গুলি মিলিত হইলে ধর্ম্মসাধন হয়। এ ধর্ম্মে জাতিভেদ নাই, সকলেরই ইহাতে অধিকার আছে। বিশ্বাস ভক্তি পবিত্রতা যাহার আছে সেই ঈশ্বর কর্তৃক গৃহীত হয়। জাতিভেদ বিনাশ করিয়া সকলকে এক পরিবারে বদ্ধ করা এ ধর্ম্মের লক্ষ্য। অন্যান্য সকল ধর্ম্ম হইতে ইহা ভিন্ন, কিন্তু সম্পূর্ণরূপে কাহারো বিবোধী নহে। অপর সকল ধর্ম্মের যে অংশ সত্য তাহা ইহার সম্পত্তি। এ ধর্ম্ম নিত্যকালের, মাহুযের সঙ্গে সঙ্গে জন্মিয়াকে এবং বিশ্ব-ব্যাপী। কর্তব্য চতুর্বিধ (১) একমাত্র সত্য ঈশ্বরকে বিশ্বাস প্রীতি উপাসনা

ও সেবা করা । (২) নিজের শরীর রক্ষা, বিদ্যা শিক্ষা, আত্মশুদ্ধি । (৩) অপরের প্রতি সত্য কথন, অঙ্গীকার পালন, কৃতজ্ঞতা, নায়নাবহার, পিতা মাতা ভাই ভগিনী স্ত্রী পুত্র কন্যা আত্মীয়দিগকে প্রীতি, এবং জগতের সকল নরনারীকে ভাই ভগিনীনির্কিংশেষে ভালবাসিয়া সাধা।নুসারে তাহাদের অভাব মোচন ও হিতসাধন । (৪) পশু পক্ষীদিগের প্রতি দয়া ।

বিশেষ মত । ঈশ্বরকে আধ্যাত্মিকভাবে বিশ্বাসের চক্ষে দেখা যায়, তাঁহার আদেশ অন্তবে শুনা যায়, হৃদয়ে তাঁহাকে জ্বালিঙ্গন করা যায় । যেমন তিনি সৃষ্টিকর্তা অনন্ত সর্বব্যাপী, তেমন তিনি বিধাতা, প্রজ্যেকের পিতা মাতা অভিভাবক, সকলের সঙ্গে তাঁহার প্রত্যক্ষ সম্বন্ধ, তাঁহার রূপা এবং দৈবশক্তি ব্যতীত কোন কার্য হয় না । যুগে যুগে তিনি ধর্ম-বিধান প্রেরণ করিয়া জীব উদ্ধার করেন । সাধু মহাত্মাগণের জীবনে তান বিশেষরূপে প্রকাশিত । তাঁহারা পরিত্রাণের সহায় হইয়া জন্মগ্রহণ করেন । ধর্মবিধান তাঁহার পরিত্রাণপ্রদ মঙ্গলসঙ্কল্পের অন্তর্গত এক একটি বিশেষ ক্রিয়া । এই ধর্মকে ইহঁারা “নববিধান” আখ্যা প্রদান করিয়াছেন । ইহা দ্বারা ভগবান্ বর্তমান কালে ভারতে ও বঙ্গদেশে বিবিধ নীলা করিতেছেন এইরূপ ইহঁাদের বিশ্বাস । এজন্য ব্রহ্মানন্দজী এবং তাঁহার পারিষদ ভক্তবৃন্দ বিশেষরূপে চিহ্নিত এবং আহৃত হইয়া নববিধি প্রচার করিতেছেন । স্বর্গবাসী মহাত্মাদিগের সাধুতার অংশাবতাররূপেও ইহঁারা অভিহিত হইয়া থাকেন । ঈশা মুসা মহম্মদ চৈতন্য শাক্য সক্রৈটিশ যাজ্ঞবল্ক্য প্রভৃতি প্রাচীন ঋষিবৃন্দ এবং বৈজ্ঞানিক পণ্ডিতদিগের মহাজীবন-রূপ পবিত্র তীর্থে গমন করিয়া ঐ সকল মহাত্মাগণের সাধুতা উপা-র্জনের জন্য ইহঁারা ভগবানের নিকট প্রার্থনা করেন এবং তৎসঙ্গে অমরাস্ত্রা মহাজনদিগের বিশেষ বিশেষ সদগুণের অহুকরণপ্রয়াসী হন । হিন্দুদিগের শ্রায় পুনর্জন্মে ইহঁাদের বিশ্বাস নাই । তবে সত্য মঙ্গলভাব সাধুতাকে অনন্ত ঈশ্বরের অনন্ত কালের গুণ বলিয়া মানেন, স্মরণে ভক্ত মহাপুরুষদিগের সাধুতা ভক্তি বিশ্বাস বৈরাগ্য প্রেম চিরকালই সেই এক অখণ্ড বস্তু বলিতে বাধ্য হন । যুগে যুগে ধার্মিক মনুষ্য পৃথিবীতে

জন্মে, কিন্তু তাহাদের সাধুভাব সকল মূলতঃ ঈশ্বর হইতে উৎপন্ন, স্মৃতরাং স্মৃতিয়া ফিরিয়া পুনঃ পুনঃ সেই সমস্ত নিত্য কালের ধর্মভাবই পৃথিবীতে গতায়ত্ত করে, তাহা মূলেতে নূতন নহে, যোগাযোগের দ্বারা নবীভূত হয়, এবং সে স্বর্গীয় বস্তু মরণশীল বা পরিবর্তনশীলও নহে। এই অর্থে ইহঁারা আধ্যাত্মিক পুনর্জন্ম এক প্রকার স্বীকার করেন বলিতে হইবে। কিন্তু ইহা আংশিক পুনর্জন্ম, সর্বাঙ্গীণ নহে। এ সকল নিগূঢ় তত্ত্ব “বিধান ভারত” নামক যুগধর্মপ্রতিপাদক হরিলীলা মহাকাব্যে বিবিধ ছন্দোবন্ধে বিবৃত আছে।

এ সম্প্রদায়ের মধ্যে যাঁহারা সাধক তাঁহারা পৃথিবীর যত ভাল মত ও কার্য আছে সকলই আপনায় বলিয়া লয়েন, কিন্তু প্রাচীন হিন্দু সাধক-দিগের ন্যায় ইহঁাদের অনেক আচার ব্যবহার আছে। প্রাচীনান নামগান, স্মৃতির্জন, ধ্যান, উপাসনা, যোগসাধন, ইন্দ্রিয়দমন, নিত্য উপাসনা, পরসেবা, জীবে দয়া, স্বপাকভোজন, বেদ পূরণ ভাগবত বাইবেল্ কোরণ ও অন্যান্য গ্রন্থ পাঠ, ভক্তোৎসব, সাধুসঙ্গ, মানসে ভক্তযোগ, সংসারপালন সমস্তই আছে। গৃহস্থ্যশ্রমে থাকিয়া নির্লিপ্তভাবে ধর্মসাধন করা, পরিবার প্রতিপালন করা এ ধর্মের প্রধান লক্ষণ। এই নিমিত্ত একদিকে যেমন যোগ ভক্তি সাধন কর্তব্য, তেমনি যথা নিয়মে সংসারযাত্রা নির্বাহ করাও বিধেয়। দান, উপবাস, জাগরণ, দরিদ্র ও সাধুসেবার বিধি প্রবর্তিত আছে।

সাধারণ ব্যবহার। এ ধর্মের কোন বাহ্য বৈশিষ্ট্য নাই। মাদক-সেবন, ছাত্তক্রীড়া, আলস্যে বৃথা সময় ব্যয় নিষেধ। এই নব্য সম্প্রদায়ের সভ্যেরা বালা এবং বহুবিবাহকে পাপ মনে করেন, বিধবা ও শঙ্করবিবাহ দেন, আহারাদি সপ্তঙ্গে কোন জাতি বিচার নাই, পরিষ্কার, পুষ্টিকারক হয়, অথচ ইন্দ্রিয়কে উত্তেজিত, চিত্তকে অতিমাত্র প্রলুব্ধ না করে এইরূপ ব্যবস্থা দিয়া থাকেন। সাধক শ্রেণীর মধ্যে অনেকে মৎস্য মাংস পলাণ্ডু ব্যবহার করেন না। তীর্থভ্রমণ নাই, কিন্তু গিরি নদী কানন উপবন সুরমা স্থান সকল পর্যটনের ফলবত্তা ইহঁারা স্বীকার করেন। জ্ঞানিকা দান বিধি, অরোধপ্রণালী প্রচলিত আছে অথচ নাই। পূজার অগ্রে আহারসম্বন্ধে কোন বিধি নিষেধ নাই। ইন্দ্রিয়সংযম, বৈরাগ্য

সাধনবিষয়ে কোন অস্বাভাবিক সাধন দেখা যায় না। “যুক্তাহার বিহারস্য” ইত্যাদি শ্লোকের ইহারা পক্ষপাতী। সাধারণ লোকের ন্যায় আহার পান নিদ্রা সংসারপালন করেন, কিন্তু গৃহাশ্রমকে ধর্মসাধনের স্থান বলেন, ধর্মাস্ত্রাসারে সকল কার্য্য করিতে চেষ্টা করেন, সত্য ব্যবহারের প্রতি বিশেষ দৃষ্টি রাখেন। আহার পানের জন্য ভাবিবে না, কিন্তু যথা-সাধ্য পরিশ্রম করিবে, বৈরাগ্যবিষয়ে এইরূপ বিধি। স্বজাতীয় ভাব রক্ষা করিয়া সকল বিষয়ের উন্নতি সাধন এবং রাজভক্তি পোষণ ধর্মনিয়মের অন্তর্গত। ইহাঁদের কয়েক জন ধর্মজাজক আছেন। তাঁহাদের প্রতি উপদেশ যে কেহ কল্যাকার জন্য ভাবিবে না, কিন্তু অটল পৈর্য্য সহিষ্ণুতার সহিত প্রভুর সেবা করিবে। ইহাঁরা পুস্তক পত্রিকা প্রণয়ন, উপদেশ দান, বক্তৃতা, শাস্ত্রপাঠ, কথকতা, নামগান করিয়া ধর্মপ্রচার করেন। ব্রহ্মানন্দজীর সম্প্রদায়মধ্যে চরিত্রের উপর বড় কঠোর শাসন। মাদকসেবন দূরের কথা, তামাকু সেবনও সহজে সম্পন্ন হয় না। অনেকে মৎস্য মাংস-ভ্যাগী। বিধবাবিবাহ বয়ঃপ্রাপ্তা কন্যার বিবাহ প্রচলিত আছে, কিন্তু দুষ্চরিত্রা স্ত্রীরা তাহার ভিতর প্রশ্রয় পায় না। দৈনিক সাধন ভজন পূজা অর্চনাবিহীন লোকেরা এ সম্প্রদায়ের মধ্যে প্রাপ্তি স্থাপন করিতে পারে না। ধ্যান যোগ বৈরাগ্য ইন্দ্রিয়নিগ্রহ ক্ষমা প্রেম ন্যায়পরতা উদারতা সত্যপ্রিয়তা ভক্তিপ্রমত্ততা উৎসাহশীলতা পরসেবা দেশহিতৈষণা পবিত্রতা ইত্যাদি বিষয়ে বড় শাসন। এই কারণে এখানে যে সকল লোক সাধন ভজনবিহীন হইয়া যথেষ্ট পান ভোজন ও ব্যাভিচার মদ্যপান করিত তাহারা একে একে সরিয়া পড়িয়াছে। ব্রাহ্ম-নাম লইয়া যাহারা কেবল স্ত্রীলোক লইয়া ঘাঁটা ঘাটি করিত, বেশ্যাকে বিবাহ করিত এবং দিত, ভিতরে ভিতরে রাজবিদ্বেহিতা পোষণ করিত, মহাপুরুষ গুরু গোসাঁঞী দেবরূপা যুগধর্ম, লীলাবিধান, যোগ বৈরাগ্য মানিত না, পূজা উপাসনা ছাড়িয়া কেবল জ্ঞান ধন ধর্মান্ধিমানে স্কীত ও অহঙ্কৃত হইত, অধর্মকে ধর্ম বলিত, দেববাণী দেবদর্শনের সম্ভবনীয়তা স্বীকার করিত না, তাহারা কালক্রমে নানা দিকে প্রশ্রয় করিতে বাধ্য হইল। ভক্তবর ব্রহ্মানন্দের সূচরিত্র ধর্মভাব এ সকল লোকের পক্ষে



যমদণ্ডস্বরূপ হইয়াছিল। এই কারণে জীজিত ইন্দিয়াসক্ত অবিখ্যাসী সংসারী বিদ্যাভিমানী সুরাপায়ী নাস্তিকেরা ইহাঁর নামে জলিয়া উঠে।

এধর্মে সামাজিক অনুষ্ঠানের মধ্যে জাতকর্ম, নামকরণ, ধর্মদীক্ষা, বিবাহ শ্রাদ্ধ এবং সম্প্রদায় স্থাপন দিবসে বার্ষিক উৎসব, প্রতি দিন আহারের সময় ঈশ্বরস্মরণ। এতদ্ভিন্ন গৃহপ্রবেশ ও অন্যান্য শুভকর্মে ও গৃহকার্যে ইষ্ট দেবতার উপাসনা হইয়া থাকে। এই সম্প্রদায়ের বিস্তারিত বিবরণ জানিতে হইলে “ব্রাহ্মসমাজেরইতিবৃত্ত” নামক পুস্তক পাঠ করা আবশ্যিক। কলিযুগে ইহা একট বিধাতার অত্যাশ্চর্য্য ধর্মবিধান। ইহাতে জ্ঞান ভক্তি কর্ম ত্রিবিধ যোগ একত্রীভূত হইয়াছে।







